

উপদেশনা দেবীপদ ভট্টাচার্য সম্পাদনা শিশির মজুমদার

এস, ব্যানার্লী এণ্ড কোং কলকাডা-৭০০০১ প্রকাশক। এস, ব্যানাঞ্জী এস, ব্যানাজী এণ্ড কোং ৬ রমানাথ মজনুমদার স্ট্রীট কলাকাতা-৭০০০০৯

মুদ্রক । মনীন্দ্রমোহন বসাক সারদা প্রেস ১০ ডাঃ কাতি<sup>ক</sup> বোস স্ট্রীট কলকাতা-৭০০০০৯

বাঁধাই করেছেন এম, শর্মা ব্ক বাইণ্ডাস ৪০ শ্রীগোপাল মল্লিক লেন কলিকাতা-৭০০০১২

প্রচ্ছদ। প্রণবেশ মাইতি

প্রথম প্রকাশ । ৩১ ভাদ্র ১৩৬৭, ১৭ সেপ্টেম্বর ১৯৬০



একই সতে গাঁথা বিভিন্ন স্বাদ ও গদেধর ফ্লের সমাহার।

লেখক সুধীব্দের অকুণ্ঠ সহযোগিতায় ঐ ফ্ল হইতে পরিসমাপ্তি ছটিয়াছে সুস্বাদু ফলে—এই উত্তরকাল ও শরৎচন্দ্র ।

ফলের নানা স্বাদ, রং এবং আকার। পছন্দও যার যার অভির**্**চি অনুযায়ী—তাই বিচারভার দিলাম সহদয় পাঠকবর্গের উপর।

এই ফ্লে আহরণ করিতে অমান্যিক পরিশ্রম করিয়াছেন প্রীতিভাজন অধ্যাপক শ্রীশিশির মজ্মদার, তাঁহাকে ধন্যবাদ জানাইয়া আর ঋণ-মৃত্ত হইতে চাইনা।

সবোপরি যে উংসাহ এবং পরামশ পাইয়াছি শ্রুদেধয় ডঃ দেবীপদ ভট্টাচার্য মহোদয়ের নিকট তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য—

শ্রীমুধীরচন্দ্র বন্দ্যোপাধ্যায়



'উত্তরকাল ও শরংচন্দ্র' গ্রন্থটি শরংচন্দ্রের ১০৬তম জন্মবাধিকী উপলক্ষে প্রকাশিত হলো বটে কিন্তু এই গ্রন্থের মলে পরিকল্পনা আজ থেকে ছ'বছর আগো—শরং জন্মশতবাধিকী সময়ে। বলাই বাহলা, তথন কলকাতাসহ ভারতংধের নানা শহরে শরংচন্দ্রকে নিয়ে বহু আলোচনা ও বিতকের ঝড় বয়ে গেছে। নানা পর্য-পরিকায় এবং সংকলিত গ্রন্থে শরংচন্দ্রের প্রনম্প্রায়ন বিশেষভাবে নজরে পড়েছে। সে সময়ে ছাপা হয়েছে পণ্ডাশ হাজার শরং-রচনাবলীর ন্তন সংক্ষরণ। বংতুতঃ রবীন্দ্র জন্মশতবাধিকীর পরে সাহিত্য-সংকৃতি ক্ষেত্রে এমন উত্তাল তেউ আর দেখা যায়িন। তথন দমবন্ধ রাজনৈতিক পরিবেশে আছেয় সাংকৃতিক মানস শরং শতবাধিকীর প্রা লগেন মুক্তির নিঃশ্বাস ফেলতে চেয়েছিল হয়তো।

পশ্চিমবঙ্গের জেলায় জেলায়ও সে সময়ে শরং-শতবার্ষিকী উৎসব পালিত হচ্ছে। পশ্চিম দিনাজপার জেলাও পিছিয়ে ছিল না। সেই জেলার উৎসব কর্ম সাচির অন্যতম আকর্ষণ ছিল একটি আলোচনাচক্র — সাম্প্রতিককাল ও শরংচন্দের উত্তর্যাধিকার।

বশ্তুত এই সংকলনের উৎস ওই আলোচনাচক। এই বিষয় ও আলোচক নির্বাচনে সেদিন যিনি পশ্চিম দিনাজপরে শরং-শতবার্ষিকী সমিতিকে পরামশ দিয়েছিলেন, বলা বাহ্লা, বর্তমান সংকলনের রচনা ও লেখক নির্বাচন তাঁরই উপদেশনায় পরিকলিপত।

প্রসঙ্গত উল্লেখ করা ষেতে পারে, এই সংকলনে মন্মথ রায়, পশ্বপতি চটোপাধ্যায়, ডঃ হরপ্রসাদ মিন্ন, নারায়ণ চৌধ্রনী, ডঃ শ্যামস্বন্দর বন্দ্যোপাধ্যায়, ডঃ স্বশীল রায়, মানিক ম্থোপাধ্যায়, ও ডঃ শ্বভংকর চক্রবর্তীর প্রবন্ধ পশ্চিম দিনাজ্পর জেলা শরৎ শতবার্ষিকী সমিতি আয়োজিত আলোচনাচক্র উপলক্ষে লিখিত। ডঃ দেবীপদ ভটাচার্য-এর নিবন্ধ য্গান্তর পরিকায়, সন্তোষকুমার ঘোষ, তপন সিংহ ও নবনীতা দেবসেনের নিবন্ধ আনন্দবাজার পরিকায় শরৎ শতবার্ষিকী উপলক্ষে প্রকাশিত। কাজী আবদ্বল ওদ্বদ সাহেবের সংকলনভৃত্ত রচনাটি তাঁর শর্রংচন্দ্র ও তাঁর পর' গ্রন্থ থেকে সংগ্রেছীত। এ বিষয়ে শ্রন্থের গ্রন্থের চিত্তরঞ্জন

বন্দ্যোপাধ্যায়ের পরামশ শমরণীয়। গোপাল হালদারের নিবন্ধটি তাঁর 'বাংলা সাহিত্য ও মানব স্বীকৃতি' গ্রন্থটি থেকে গৃহীত। এই নিবন্ধটি আজ থেকে ৩৭ বছর আগে লিখিত হলেও এখনও এর মূল্য অন্দান। 'শরং সম্পূট ' সংকলন গ্রন্থ থেকে ডঃ নিম্ল দাশের নিবন্ধটি গৃহীত হলেও বর্তমান সংকলনে এর অনেকাংশ পরিবধি'ত ও পরিমাজি'ত। তারাপদ লাহিড়ী, ডঃ স্ভাষ বন্দ্যোপাধ্যায়, প্রদীপ চৌধ্রৌ এবং তর্ণ অধ্যাপক ডঃ হীরেন চট্টোপাধ্যাঝের প্রবন্ধ এই সংকলনের জন্যই বিশেষভাবে লেখা।

এতদসত্ত্বেও একথা দীনতার সঙ্গে শ্বীকার্য যে শরং-উত্তরকালীন প্র্ণাঙ্গ ম্লায়ন এই সংকলনে সন্ভব হরনি। তব্বও এই পরিকল্পনা একটি শ্বভ স্কোন বলে মনে করি। আমি সর্বোপরি শ্রন্থাবনত ডঃ দেবীপদ ভট্টাচার্যের কাছে। তাঁরই জন্য আমি এমন একটি গ্রন্থ সংকলন সন্পাদনার স্ব্যোগ পেথে ধনা। আজ থেকে ছ' বছর আগে যাদবপ্র বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যক্ষ থাকাকালীন যেমন প্রামশ তাঁর কাছে পেথেছি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়ভার থাকা সত্ত্বেও এই সংকলন গ্রন্থ প্রকাশ করার ব্যাপারেও তেমনি উপদেশ লাভে আমি বাধিত। আমি কৃতক্ত এই সংকলনের সুধী লেখকদের কাছে। তাঁদের ঋণ অপরিশোধ্য।

শরংচন্দ্রের ১০৬তম জন্মদিনে এই গ্রন্থটি প্রকাশের প্রাণ্ড গ্রের্দারিছ যিনি বহন করেছেন, বলাই বাহ্বলা, তিনি প্রবীণ ও শ্রন্থের প্রকাশক স্ব্ধীরচন্দ্র বন্দ্যোপাধ্যার। তাঁকে আমার নমকার জানাই। তাঁর প্রে বন্ধ্বর স্কৃতাষ বন্দ্যোপাধ্যারও এই গ্রন্থ প্রকাশনার-ও আমাকে যথেন্ট সহযোগিতা করেছেন। স্মুন্দ্রণী, সারদা প্রেস ও জাগরণী প্রেসের সকল কর্মচারীক্ষকতেও এই স্ক্রোগে ধন্যবাদ জানাই—তাঁরা সকলেই এই গ্রন্থ-মূদ্রণ বিষয়ে পরিশ্রমাকরেছেন। ইন্প্রেস হাউসের রবিধন দত্তকেও ধন্যবাদ জানাই অলপ সমরের মধ্যে গ্রন্থটির প্রচ্ছদ ছেপে দেওয়ার জন্য। এই গ্রন্থের প্রচ্ছদ ও অলম্করণের জন্য বন্ধ্বর প্রণবেশ মাইতিকে প্রসঙ্গতঃ ধন্যবাদ জানাই। এ ছাড়াও অনেকের প্রামশ্রণ ও সহযোগিতা পেয়েছি যা এই ম্বন্থ পরিস্করে উল্লেখ করা গেল না বলে দঃগিত।

শরং-উত্তরকালের পাঠকের কাছে এই গ্রন্থ সমাদৃত হলে, বৃষ্ণব আমার শ্রম সাথাক।

## সূচীপত্র \_\_\_\_\_\_

শরংচন্দ্র ঐতিহ্য ও উত্তরকাল ॥ ড: দেবীপদ ভট্টাচার্য ১ শরং-সাহিত্যে সাক্ষ্য ় গোপাল হালদার ৬ শরংচন্দের উত্তর্গাধকার নাটকে ॥ নাটাকার মন্মথ রায় ১৪ শবংদদের উত্তরাধিকার : চলচ্চিত্রে । পশ্বপতি চট্টোপাধ্যায় ২০ নতন করে পেতে হলে তপন সিংহ ২৭ শরংচন্দ্র বনাম উত্তরকাল 🖟 ডঃ হরপ্রসাদ মিত্র 💩 আধানিক কাল ও শরংচন্দ্রের উত্তরাধিকার ৷ ডঃ শ্যামস্ক্রন্দর ২ন্দ্যোপাধ্যায় ৫৩ শরংচন্দ্র ও তাঁর পর ॥ কাজী আবদ্যল ওদ্যুদ ৬৯ সাম্প্রতিককাল ও শরংচন্দ্রের উত্তর্যাধকার া নারায়ণ চৌধারী ৮৯ সাম্পতিককাল ও শরংচন্দ্রের উত্তরাধিকার । মানিক মুখোপাধ্যায় ৯৮ শরংচন্দ্রের উত্তরাধিকার 🖟 ডঃ শুভেঙ্কর চক্রবতী ১০৬ ভালবেসে যদি । সন্তোষকুমার ঘোষ ১১৫ শতেক বরষ পরে 🛚 নবনীতা দেবসেন 🗦২০ শরং-সাহিত্যে সামীয়কতা ও দেশকালনিরপেক্ষতা । তারাপদ লাহিড়ী ১২৭ শরংচন্দ্র ও আমরা ॥ ডঃ সংশীল রায় ১৫২ রমণীরত্নের সন্ধানে । অমিয়ভূষণ মজ্মদার ১৬০ বাংলা উপন্যাসের ভাষা শরংচন্দ্র ও উত্তরকাল ॥ ডঃ নিম'ল দাশ ১৮০ শরংচন্দ্র ও লোকসংক্ষতি ॥ ডঃ স,ভাষ বন্দ্যোপাধ্যায় ১৮৯ শরংচন্দ্র ও পানবাঁক্ষণ ॥ ডঃ হীরেন চট্টোপাধ্যায় ২০৪ শরং সাহিত্যের ও অনুবাদপঞ্জি । প্রদীপ চৌধুরী ২১৩



শরংচন্দ্র চট্টোপাধ্যায় এমন একজন লেখক যাঁকে প্রথম দর্শনেই বাঙালী পাঠক ভালোবেসেছিল এবং সে ভালোবাসা অদ্যাবধি ন্তিমিত হয়নি; বরং তা বিধিত হয়েছে। শাধ্য বাঙালী পাঠক বললে ঠিক বলা হয় না, কেননা ভারতবর্ষের সব কটি প্রধান ভাষায় তাঁর উপন্যাস অন্দিত হয়েছে এবং এখনও হছে। এ সৌভাগ্য অন্য কোনো ভারতীয় কথাসাহিত্যিকের লাভ হয়নি। বিভিন্ন ভারতীয় ভাষায় যাঁরা উপন্যাস রচনা করে খ্যাতি অজনে করেছেন তাঁরা প্রায় প্রত্যেকেই অকু-ঠন্বরে ন্বীকার করেছেন শরংচন্দ্রের কাছে তাঁদের অপ্রিশোল্য খণ্। শরংচন্দ্র ছাড়া দ্বিতীয় কোনো উপন্যাসিকের সম্পর্কে এই মন্তব্য খাটে না।

শরংচন্দ্র একজন থাঁটি বাঙালী লেখক এবং তাঁর লেখক জীবন প্রকৃতপক্ষে
পাঁচিশ বছরের মধ্যেই সীমাবদ্ধ। 'যম্না'ও 'সাহিত্য' পরিকায় তাঁর কয়েকটি ছোটগলপ প্রকাশিত হয়েছিল ১৯১২-১৩ সালে। তার আগে 'বড়দিদি' প্রকাশিত হয় 'ভারতী' পরিকায় ১৯০৭ সালে। গলপগালি বের হবার সাঙ্গে সঙ্গে শরংচন্দ্রের আসন পাতা হয়ে গেল বাঙালী পাঠকের হুদয়ে। শরংচন্দের আগমন আকম্মিক কিব্ বিজয়ীর বেশে। শুধ্ সাহিত্যসেবার দ্বারা জীবনে যশ ও অর্থ তিনিই প্রথম লাভ করেন—একথা তিনি নিজেই ঘোষণা করে গেছেন।

কিব্দু শরংচনদ্র কিসের জোরে জিতে নিলেন অগণিত পাঠক-হাদয়? তাঁর নিজের ব্যক্তি-জীবনের পরিপাশ্বের অন্তুত বিচিত্র অভিজ্ঞতার সঞ্চয় ছিল। তাঁর জীবনের বিক্রম পথযাতায় ডোম বেদে সাপ্তে চাষী সন্মাসী কুলত্যাগিনী নারী—সবাই এসেছে। এত বিচিত্র অভিজ্ঞতার ফসল সমকালীন কোনো বাঙালী শিলপী জীবনের ঝাঁপিতে তুলতে পারেন নি। বিক্রমচন্দ্র দীনবন্ধ্ব সম্পর্কে বলতে গিয়ে লিখেছিলেন 'অভিজ্ঞতা ব্যতীত স্থিট নাই'। এই

অভিজ্ঞতা অবশ্যই শিল্পী সাহিত্যিকের জীবনগত। শরংচার নিজের ভবল্বরে জীবনে গাঢ় অন্ধকারের খনিতেও নেমেছেন, সহসা-লখ হীরকখন্ড কুড়িয়ে নিয়ে বালিতে পারেছেন।

শিলপীর এই অভিজ্ঞতার জোরেই প্রধানত চরিত, ঘটনা ইত্যাদি প্রাণ পায় এবং পাঠক তাকে সাগ্রহে ধ্বীকার করে নেয়। কিন্তু নদীতে নেমে অবগাহন না করলে পূর্ণ তৃপ্তি নেই। শরংচন্দ্র ডাব দিয়েছিলেন বাঙালী সমাজের নরনারীর দবছে ও পান্ধল জীবন-তটিনীতে, ভরেছিলেন নিজের শিলপীমনের ঘট। এত সাদা-কালো মেশানো অভিজ্ঞতা ভাঁর সময়ে অন্য কোনো উপন্যা-সিকের জীবনে ছিল না।

এই বিষ্মারকর অভিজ্ঞতার সঙ্গে মিশেছিল শরংচণ্টের উদার সহান্ত্রতি-পূর্ণ হারর। ব্যক্ষিচন্দ্র নিজ্পী দীনবন্ধার স্বব্যাপী সহানাভাতির উল্লেখ করেছেন। শরংচন্দের মধ্যেও অভিজ্ঞতা ও সহান্ত্রিত দুটিই মিলেছিল। দ্বভাবংমে তিনি ছিলেন ভাবপ্রবণ পরদঃখকাতর। এইজন্য প্রদয়ের গভীর ন্তর থেকে স্বতোৎসারিত এই সহান্তর্তি, এই সম্প্রীতি কোনো একটি বিশেষ কেন্দ্রে আবন্দ্র হয়ে নেই। তাঁর বহরু সকর্ব দীর্ঘাস উপন্যাসের প্রতীয় প্রতায় ছড়।নো রয়েছে। মানুষের প্রতি—বিশেষ করে দুঃখকণ্ট-লাঞ্ছিত. পথভাত, আশারিক্ত মানুষের প্রতি যে সাশ্রু দরদ তার লেখায় অধিক মাটায় রয়েছে, তার জনোই তিনি এত বেশি সংখ্যক পঠকের কাছে প্রিয় শিল্পী। রবীন্দ্রনাথের 'সাধারণ মেয়ে' কবিতার মেয়েটি শরংচন্দ্রের অলিখিত গলপ 'বাসি ফালের মালা'র এলোকেশীকে জিতিয়ে দেওয়ায় তাঁকে 'মহদাশয়' বলেছে এবং তাকে নিয়েই একটি গল্প লিখতে অনুরোধ করেছে। এটা আসলে রবী দুনাথের নিজেরই কথা। সাম্প্রতিক-পর্ব যুগে প্রথিবীর শ্রেষ্ঠ কথাসাহিত্যিকদের লেখায় দুঃখের মাল্যে অজিত অভিজ্ঞতার রৌদ্রে ন্ধাত সহম্মিতার নিটোল অপ্রাবিদ্য অমূল্য মাস্তাফলে পরিণত হয়েছে। ভাবাবেগপ্রবণতা ও নয়নের জন সত্তেত্ত শরৎচন্দের সাহিত্যকর্ম সেই সংসাহিতা গোঠীরই ধারক।

অভিজ্ঞতা ও সহান্ত্তি ব্যতীত স্থি নেই ঠিকই, কিন্তু স্থির ভাষা, প্রকাশ নাধাম, চরিত্রস্জনো দ্লভি যাদ্ধ সহসা কারো করায়ত হয় না। পার্বতন মহং শিলপীদের শোণিতধারা অন্জদের ধ্যনীতে বহ্মান—এই ঐতিহ্যবাদের সাক্ষ্য শ্রংচশ্রে বিদ্যমান। যে সম্মানের উচ্চপদে শ্রংচণ্ড দ্বত

আরোহণ করেছেন, তার পিছনে ছিল তার অধ্যয়ন ও স্বীকরণশক্তি। 'সাহিত্যে গ্রুর্বাদ আমি মানি'—একথা তিনি ঘোষণা করেছিলেন। এই গ্রুর্—বিভক্ষচন্দ্র, রবীন্দ্রনাথ। বিভক্ষচন্দ্রের উপন্যাস পড়ে ভার মনে হয়েছিল—

উপন্যাসে সাহিত্যে এর পরেও যে কিছ্ আছে তা তৎন ভাবতে পারতাম না। পড়ে পড়ে বইগ্রেলা যেন মৃথস্থ হয়ে গেল। বোধহয় এ আমার একটা দোষ। অন্ধ অন্-করণের চেণ্টা না করেছি এমন নয়।

বৃত্তিক্ষান্ত উপন্যাসের পর পড়লেন রবীন্দ্রনাথের 'চোখের বালি'। এই বই প্রকাশিত হয় ১৩০৯ সালে। বইটি শরংচন্দ্রকে আগুলা করে ফেলেছিল—

ব্যবহৃদের কির্ণম্যীর মধ্যে যেন বিজ্কাচন্দ্রের রোহিণী-হীরা শৈবলিনী এসে মিশেছে। এই কির্ণম্য়ীর মধ্যে বিনোদিনী এবং উপেশ্রের মধ্যে বেহারীর ছায়াও স্কুপত। উপেশ্রের কির্ণম্য়ীকে উপেক্ষা ও দিবাবরকে নিয়ে কির্ণম্যীর আরাকানে পলায়ন, 'চোথের বালি'রই অন্করণ। 'গৃহদাহ' (১৯২০) অবশ্যই রবীশ্রনাথের 'ঘরে বাইরে' মনে পড়ায় যদিও দুটি প্রক জাতের রচনা।

রবী-দ্রনাথের 'গলপগাড়ে' সাধারণ মান্থের কালাহাসি প্রথম প্রতিবিদ্বিত এবং ছোটগলেপর শিলপর্প রবী-দ্রনাথই গড়েছেন। পরবতী কালের সকলেই 'গলপগাড়ে' থেকে রস ও রাপ গ্রহণ করেছেন। তবে শর্পচন্দ্র—বিশ্বমান্দর্য—রবীন্দ্রনাথ থেকে প্রথম পথে গিয়েছিলেন, বেননা ভার মান্দিকতা ছিল ভিন্ন গোনের।

'মনুষ্য' প্রবন্ধে রবীণ্দ্রনাথ জানিয়েছিলেন, স্থেণর আলো যেমন পাহাড়ের চ্ড়োর পড়ে ক্রম মাটিতে এসে পেণছির, আমাদের সাহিত্যও সেই নিয়মে আজ মহাভারতের নায়ক থেকে মাটির সামান্য দরিদ্র মানুথে এসে পেণাচৈছে। সে কাজ রবীণ্দ্রনাথই করেছেন ভাঁর বহু ছোট গলেপ— সেই যারাকে বহন করার কৃতিছ বহুলাংশে শরংচণ্টের প্রাপ্ত। আবার তিনিই অনুপ্রাণিত করেছেন প্রথম মহায**়**জোন্তরকালের কথাসাহিত্যিকদের। 'কল্লোল', 'কালি কলম'-এর শৈলজানন্দ মুখোপাধ্যায় বলেছেনঃ

'আমার প্রথম জীবনের গলপগ্লি সবই কথ্য ভাষায় লেখা। আর ঠিক সেই সময়ে পড়লাম শরংচন্দের গলপ। দ্বর্দমিনীয় সে ভাষার আকর্ষণ। শ্ব্ব ভাষা নর, যেমন অপর্পে তাঁর দ্ভিউজ্লী, তেমনি অনন্যসাধারণ তাঁর রস-বোধ। আরম্ভ করলাম শরংচন্দ্রের অন্যুসরণ।'

তারাশৃশ্বরের প্রথমকালের রচনা 'ইচতালী 'ঘ্ণি' কিংবা 'নীলকণ্ঠ'-এ রাঢ়ের চাষীর যে বিশ্বস্ত চিত্র ফুটেছে, যে-চাষী জমি থেকে বিতাড়িত হয়ে ভূমিহীন চাষীতে রুপান্তরিত, তারই প্রণিভাস অবশ্যই শরংচণ্টের 'মহেশ' গলেপ। অথবা, প্রেমেণ্ট মিত্রের 'সাগর সংগমে' গলেপ পতিতাকন্যা বাতাসীর প্রতি রক্ষণশীল হিন্দ্র্বরের নিন্ঠাবতী বিধবা দাক্ষায়ণীর যে মমতা, সংক্ষারের উধের্ব ওঠার যে প্রবিতা, তা কি শরংচণ্টেকে মনে পড়ায় না? তারাশশ্বরের 'রাইকমল' কিংবা বিভ্তিভ্র্মণের 'দ্ণিটপ্রদীপ' কি শরংচণ্টের 'শ্রীকাল্ড' উপন্যাসের চতুর্থ পর্বকে চোথের সামনে ধরে দেয় না? মানিক বন্দ্যোপাধ্যায়ের মতো শিল্পী স্বীকার করেছেন যে তিনি শরংচণ্টের 'চরিত্রহীন' উপন্যাস থেকে পেয়েছিলেন ভার জোর। উন্মাদিনী কিরণম্যীর মধ্যে মনোবিকলনের স্কৃতি তিনি বোধকরি খ্রুজে পেয়েছিলেন। প্রবোধকুমার সাম্যালের 'মহাপ্রন্থানের পথে' কি সম্ভব হতো যদি 'শ্রীকান্ত' রচিত না হতো? সম্ভব হতো কি 'কালকট্ট'-এর রচনা? 'শংকর'-এর 'স্লেল্খা' বা পর্লিপ বিশোয়াস' কি শরংচণ্ডের নায়িকাদের সম্মণ করিয়ে দিচ্ছে না?

শিবতীর মহাবাদ্ধ, মন্বন্তর, মহামারী, সাম্প্রদায়িক হানাহানি, দেশবিভাগ, শ্রাণাথীদের মিছিল ও ক্ষমতা হস্তান্তরের দুখোগা-রাফি শরংচন্দ্র দেখে যান নি। স্ক্রীবধাবাদী রাজনৈতিক কার্যকলাপ এবং অথ'নৈতিক সঙ্কটে বাঙালী মধ্যবিত্তের ম্লাবোধের হ্যাস ও অবনমন তাঁর অভিজ্ঞতার বাইরে ছিল। সাম্প্রতিককালের উপন্যাসিকদের ব্রদংশের অবক্ষয়ী দ্ভিট এবং নৈতিক ম্লামান নিয়ে চে:রাকারবারও তাঁর ক্ষপনার অতীত ছিল।

দেশ-কাল পার হয়ে চলাই সাহিত্যের ধর্ম। শরংসাহিত্য গ্ব-কালকে স্বদেশকে অতিক্রম করতে পেরেছে মানুষের প্রতি ভালোবাসায়।

বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক স্তাদাল লিখেছিলেন তিনি তাঁর প্তেঠ বহন করেছেন সেই দপ্রণ যার বৃকে ছায়া ফেলে আকাশের নীল আর প্থের কর্ণম। শরংচন্দ্রের ক্ষেত্রেও তাই ঘটেছে, কি জীবনে কি সাহিত্যে। তাই প্রেমচাঁদের মতো স্মরণীয় শিলপী শরৎচন্দ্রের সাহিত্য থেকে লাভ করেন তাঁর প্রেরণা—
দৃষ্টি ফেরান অত্যাচারিত মানুষের দিকে। আজ শর চন্দ্রকে স্মরণ করবার সাথকিতা সেখানেই।

## শরৎসাহিত্যের সাক্ষ্য গোপাল হালদার

সাহিত্যে আকৃষ্মিক ব্যাপার অনেক সময়ে ঘটে। বাঙলা সাহিত্যে একটা বভ আক্ৰিমক ৰ্যাপার বোংহয় শরংচন্দ্রের আবিভ'াব। হঠাৎ কোথা হইতে যে তিনি উদিত হইলেন তাহা যেন কেহই ভাবিয়া পাইল না। অবশ্য অনেকে আজ বলিতে চেণ্টা করেন—শরংচদের আবিভাব তেমন আক্ষিমক নয়। 'করলীন প্রেফ্কারের' প্রতিষদ্ধিতার ভিনি আগেই স্থান করিয়া লইয়াছিলেন, তাঁহার কোন কোন গল্প ও উপন্যাস্থ তিনি আবিভ'বের আগেই বসিয়া লিথিতে ছিলেন। এ সবই হয়ত সতা কথা। কিন্ত তাহার এই সত্যটা অপ্রমাণিত হয় না যে, শরংচন্দ্র যেদিন বাঙলা সাহিত্যক্ষেত্রে আবিভূতি হইলেন, সেদিন সাহিত্যিক সমাজে কেহই তাঁহার আবিভ'াবের জন্য প্রণত্ত ছিলেন না। মনে হইয়াছিল, আঁহার উদর অপ্রত্যাশিত ও আক্ষিক। সতা কথা বলিতে গেলে মানিতে হয়, শরংচাদ্রকে সাহিত্যিক সমাজ প্রথম সংবর্ধনা জানান নাই. ভাঁহাকে প্রথম গ্রহণ করির। ছিল বাঙালী পাঠক-সমাজ। তখনকার দিনের সাহিত্যিকরা প্রথম নিকটার ভাবিরা পান নাই—শরৎচন্ত্রকে লইয়াকি করা যার। ততক্ষপ পাঠক-সাধারণ তাঁহাকে সমস্ত প্রাণ দিয়া স্বাগত করিতে অলুমর হইয়া গিয়াছে। তাহার পরে সাহিত্যিকদের আর করিবার ছিল কি ১ শরচেম্বকে প্রীকার করিয়া লইতে হইরাছে। তারপরে তাঁহাকে লইয়া গৌরব করিতেও সাহিত্যিক সমাজের দিধা রহিল না। কিন্তু তবু কথাটা সত্য— শরংচদের আবিভাবে হিল তাহাদের নিকট অপ্রত্যাশিত, এবং সকলের নিকট আকী সমক।

শরংচন্দ্রকে যে বাঙালী পাঠক-সমাজ এত সহজে গ্রহণ করিতে পারিল—
আর বাঙালী সাহিত্যিক সমাজ তাঁহাকে লইয়া প্রথমে বিপদে পাড়লেন, ইহার
পিছনেও কারণ ছিল। আর তাহা ব্বিবার মত। শরংচন্দ্র উপস্থিত হইলেন
তাঁহার আশ্চর্য স্ভিশক্তির প্রমাণ লইয়া। এই প্রমাণকে অগ্রাহ্য করা
অসম্ভব। ইহা একেবারেই স্বীকৃতি আদার করিয়া লয়! পাঠক এক
মন্ত্রেত মানেন—এইতো মানুষ, আমালের মত মানুষ, হাসিকালা, সবলতা-

দ্বে'লতা, সত্য মিথাা, সব লইয়া আমাদেরই আত্মীয়, আমাদেরই বন্ধ্ব, 'জারা প্রু পরিবার,'—তাহারাই সকলে শরংচদের গ্রন্থের পাতা হইতে কথা কহিয়া উঠিল। এমন জীবন্ত চিত্রকে স্বীকার না করিয়া উপায় আছে ?

কিন্তু পাঠক-সাধারণ যত সহজে শরৎচন্দ্রকে প্রবীকার করিয়া লাইল সাহিত্যিক সমাজ তত সহজে তাঁহাকে প্রবীকার করিতে পারিলেন না কেন? স্থিতীর অমোঘ প্রাক্ষর তাঁহারাও নিশ্চয় দেখিতে পাইতেছিলেন। কিন্তু বাধা পাইতেছিলেন কোথার? সেই কথাটিই ব্রিঝনার মত।

যে কারণে তথনকার বাঙালী সাহিত্যিক-সমাজের পক্ষে শরংচ দুকে প্রথমেই অক্রন্ঠিত চিত্তে গ্রহণ সম্ভব হয় নাই, সেই কারণেই আবার তখনকার বাঙালী পাঠক-সাধারণের পক্ষে শরংচন্দ্রকে সমস্ত প্রাণ দিয়া গ্রহণ সম্ভব হইয়াছে। এই কথাটা হইতেই পরিন্কার—তখনকার বাঙালী পাঠক-সমাজ ও তথনকার বাঙালী সাহিত্যিক সমাজের মধ্যে একটা ছেদ পডিয়া গিয়াছিল। সাধারণ পাঠক বাঙালী মধ্যবিত্ত সমাজের লোক—তথনো তাহাই ছিলেন, তাজন ভাহাই আছেন। বলিতে পারি, সাধারণ পাঠক আসলে বাঙলার নিমা মধ্যবিত্ত সমাজের লোক। উভয়েই কম বেশি ইংরেজ শাসনের ও ইংরেজি শিক্ষাদীক্ষার ফল। কিন্তু বাঙালী পাঠক-সাধারণ পরেতেন সমাজ ও প্রোতন জীবন-যাত্রাকে অনেকটা মোহ ও মায়ার দ্যুণ্টিতে দেখিতেন। কার্যক্ষেত্রে তাঁহারাও অবশ্য ইংরেজি আমল ও একালের ধনতন্ত্রের আদর্শকে মানিয়াই চলিতেন। কিন্তু প্রোতন সমাজকে নিজেরা ভাঙিয়া গাড়বার সুযোগ আমরা দ্বাভাবিকভাবে পাই নাই। আমাদের প্রাচীন সমাজ ও জীবন্যান্ত্রকে প্রবল আঘাতে ভাণিনা ফেলিতেছিল বহিরাগত পাশ্যান্ত্য জীবন-যাত্রা:—উহা ধনিকতনত ও সাহাজাবাদেরই প্রকাশ। তাই, আমরা নতেন জীবন্যাতাকে মোটেই দ্বচ্ছাদ্চিত্তে দ্বীকার করিতে প্রদত্ত ছিলাম না। বরং এই কারণে পারাতন জীব' জীবন্যানাকেই অনেক মিথ্যা মোহ দিয়া বড় করিয়া দেখিতে চাহিতাম। সামাজাবাদের অপ্বাভাবিক আবহাওয়ায় এমনিতর ভুল ঘটনা স্বাভাবিক। অথচ আমরা ইংরেজি শাসন ও ইংরেজি শিক্ষাদীক্ষার মারফতে ধনিকতশের বাপকতর আদর্শ ও গভীরতর সতাের সম্বশ্থে সচেতন হইতেছিলাম। না হইয়া উপায় ছিল না-মিল্ পড়িয়াছি, কোঁৎ পড়িয়াছি; ফরাসী বিপ্লবের মুক্তিবাণীও আমাদের হৃদহকে স্পর্শ করিয়াছে। এ<del>র্পেছলে</del> 'মানুষের অধিকার',—প্রাদেশিকতা, গণতন্ত, ব্যক্তি-স্বাধীনতা,—এইসব

সতোরও মূল্য ব্রুঝিতেছিলাম। কিন্তু তথাপি আমাদের প্রোতন সমাজের টানও কাটাইয়া উঠিতে পারিতেছিলাম না। এমন কি, আমাদের ন্তন প্রাদেশিকতা ও জাতীয় মর্য'দোবোধও সেই পুরাতনকেই সময়ে সময়ে এমাহের আবরণে ঘিরিয়া মোহন ও বড করিয়া তলিতে চাহিতেছিল। বাঙলা দেশের স্বদেশী আন্দোলনও উহার দৃষ্টান্ত। সে আন্দোলনের একটা দিকে ছিল যেমন স্বদেশী শিল্প গড়া; অর্থাৎ দেশীয় ধনতন্তের গঠনের চেণ্টা; আর একটা দিকে ছিল তেমনি পারাতনের পানঃ প্রবর্তন, 'হিন্দা জাতীয়তা' গড়া, অর্থাৎ প্রোতন সামস্ততশ্বের জীবনাদর্শকে টিকাইয়া রাখা। পাঠকও এই দোটানার মধ্যে পড়িয়াছিলেন—তাঁহার মনের একটা অংশে অনেক মোহ জমিয়া ছিল তাঁহার প্রোতন সমাজের জন্য। কিণ্তু তখনকার বাঙালী সাহিত্যিকবৃন্দ এই পাুরাতনের মোহ হইতে অনেকটা মাক্ত ছিলেন। তাহারা ছিলেন নৃত্তন জীবনযাত্রার পক্ষপাতী—ব্যক্তিন্বাতন্ত্রের প্রধান উদগাতা। সমস্ত লেখকই আসলে এই পক্ষে থাকিবার কথা—ইহাই ছিল 'উন্নতির পথ'। গত শত। ব্দীতে এই প্রগতির ধারার নাম ছিল 'উল্লতির', 'সংস্কারের'বা 'রিফমে'র' আন্দোলন। কিন্তু এই 'সংস্কার' চেণ্টাটা সামাজ্যবাদের আব-হাওয়ার স্বাভাবিকভাবে আসে নাই : আসিলে উহা আসিত সমাজ-বিপ্লবের চেন্টা রূপে। এখন আসিয়াছিল সামাজ্যবাদের ছাড়-পত্র লইয়া একটা 'সংস্কার আন্দোলন' বা 'রিফম' মাুভামেন্ট' রাপে। এই জনাই উহা শিক্ষিত-সাধারণের দিকটেও অনেক সময়ে ঠেকিয়াছিল 'বিলাতিয়ানা'বলিয়া। ভাই. ব্যুত্তিকম এই 'সংস্কার' আন্দোলনকে ব্যক্ত করিতেছেন, বিবেকানন্দও তাহাকে বছ বিশ্বাস করেন নাই। কিন্তু কথাটা এই—মন্দর্গতি হইলেও উহার মুখ ছিল জীবন্ত কালের দিকে। রবীন্দ্রনাথের মত বিরাট প্রতিভার সমস্ত সূতি এই জীবন্ত কালের দৈকেই বাঙালী পাঠককে আগাইয়া দিতে চাহিয়াছিল। পাঠক-সাধারণ অবশ্য ভাহাতে অগ্রসর হইতে বাধ্য হইতেছিল ; কারণ, স্ঞির তাগিদ সেদিকে, কালের গতি সেদিকে। কিন্তু প্রোতনের মোহও তাহাদের রহিয়া গিয়াছে। বরং রবীন্দ্রনাথের সার্থকতা এবং তখনকার সংস্কারক দলের এই সক্রিয়তা ও প্রাধান্য পাঠকের মনের একটি কোণে এক বিক্ষোভ ও বিরোধিতারই সূতি করিতেছিল। সেই বিরোধের আবেগটুকুকে প্রকাশ করিবার চেন্টা অবশা রক্ষণশীল কেহ কেহ সাহিত্যক্ষেত্রেও করিতেছিলেন। কিন্তু রক্ষণশীলেরা একে চাহিয়াছিলেন মূলত স্থিতি-গতির বিপক্ষে যাইতে ;

দ্বিতীয়ত, তাঁহাদের সাহিত্য স্থিতিরও তেমন শক্তি ছিল না। কাজেই বাঙালী পাঠক-সাধারণের, মানে বাঙলার নিমা-মংগাঁবিত্ত ভদ্যলোকদের মনের একটি কোণে যে এক ন্যায্য-অন্যায্য বেদনা ও বিক্ষোভ জমিয়া উঠিতেছিল, তাহা কোথাও রূপ পাইতেছিল না। বরং রবীন্দ্রনাথের অনুগত সাহিত্যিক-সমাজ ষতটা প্রোতন সমাজকে 'সংস্কার' করিবার জন্য উদাত ততটা সাহিত্য স্থিতিত সক্ষম ছিলেন না। সে সমাজকে রবীন্দ্রনাথও যতটা আপনার বলিয়া জানিতেন তত্যুকু আপনার বলিয়া মানিতেও তাঁহারা প্রস্তুত ছিলেন না। সে দিনে তাঁহারাই ছিলেন 'হাই-রো।' অর্থাৎ মোটামন্টি বলিতে পারি—বাঙলা সাহিত্যক্ষেত্রে তথন সংস্কারবাদীর প্রাধান্য, অথচ সেই সংস্কারবাদীরা ততটা স্থিতিত সার্থক নন,—আর বাঙালী পাঠক-সমাজে তথনো প্রোতন সমাজের জন্য মোহ ও মমতা রহিয়া গিয়াছে।

শরংচদের উদয় হইল এমনিতর বাঙালী সমাজে। তাহার প্রথম দান— 'বিন্দুর ছেলে', 'রামের সুমতি', 'বিরাজ বউ', 'বড় দিদি'র মত স্কৃতি। এক নিমেয়ে বাঙালী পাঠক-সমাজ দেখিলেন—এই স্ভিতিত মানুষই শুধু জীবন্ত হয় নাই, একেবারে তাঁহাদেরই আপনার মান্য জীবন্ত হইয়া উঠিয়াছে। প্রোতন সমাজেরও পিছনে তো একটা কর্ব মানবীয় সত্য ছিল, সাধারণ বাঙালীরা তাহ। প্রদয়ে অনুভব করিতেছিলেন, অথচ প্রকাশ করিতে পারিতেছিলেন না :—শরংচন্দ্র যেন সেই সত্যটিকেই একেবারে সকলের সম্মাথে তুলিয়া ধরিলেন। এই তো বিন্দ্র—তাহার আপন সন্তান নাই। আধুনিক কালের ব্যক্তি-ম্বাতন্তার হিসাব লইলে তাহার মাতৃত্বের পরিতৃপ্তির পথ কোথায় ? বড় জোর কোনো 'অনাথাশ্রমে', কোনো 'সি-এস-পি-সি-এ'র প্রতিষ্ঠানে। কিন্তু আমাদের অতি-পচা সামন্ত-সমাজের সেই অতি-পচা একান্নবর্তী পরিবারে তো তাহার মাতৃ-স্থদয়ের পরিতৃপ্তির একটা পথ ছিল। আর শুধু কি পরিতৃপ্তির পথ ছিল? সেখানে সম্ভানহীনা বিন্দুরও মা হিসাবে দাবী আছে, দায়িত্ব আছে: এমন কি মা হিসাবেই অধিকারও পর্যান্ত আছে। ব্যান্ত-স্বাতশ্যের অর্থ তো ধনিকতন্ত্রের রাজত্ব : অর্থাৎ ধনিকের ব্যক্তি-স্বাতন্ত্র্য, শতকরা পণ্টানন্ব্রই জনের ব্যক্তিছের খবভা,— এই কথা হয়ত তথনো আমরা ব कि নাই। কিন্তু তথনো ব কিতে-ছিলাম প্রেতন সামন্ত-সমাজে, একালবতী আমাদের নিমুমধ্যবিত্ত পরিবারে. ৰাহা আছে সবই কেবল ভূল আর অন্যায় নয়—সেই জীবনের স্বপক্ষেও দুই-

একটি কথা বলিবার আছে। যে সেই সমাজ সতাই দেখিয়াছে, সে তাহাও মমে মমে জানে। যে সেই সমাজেরই একজন—আমাদেরই একজন—সে-ই তাহা প্রকাশও করিতে পারিবে।

শরৎচদ্রের উদয় হইল। আমরা নিয়-মধ্যবিত্ত বাঙালী,—বাঙালী 'পাঠক-সাধারণ'', Common Reader,—এক নিমিষে আমরা বারিলাম—নতন প্রভার আবিভাবে হইয়াছে, আর সেই নতেন প্রভা আমাদেরই আপনার লোক। তৎকালীন বাঙালী সাহিত্যিকবৃদ্দের হয়ত ললাটে প্রকৃটি দেখা দিয়াছিল—সংস্কারের বিরুদ্ধে রক্ষণশীলতা প্রভি হইতেছে। নতেন স্থির এই অভান্ত পরিচরে তাঁহাদের প্রণেও আনন্দ সন্থারের কথা। তাহা সন্থার হইয়া থাকিলেও সেই ভাকুটিকে তথন উহা মাছিয়া দেয় নাই, সেই ললাটকে তথন উদভাসিত করিতে পারে নাই।

শরংচন্দের প্রথম আবিভাবে এই জনাই বাঙালী সাধারণ পাঠক এতটা উল্লাসিত হইয়া উঠেন। যে কথাটি বলিবার ছিল, সে কথাটি বলা হইল। শরংচন্দ্র প্রথম উপস্থিত হইলেন এই কথাটি বলিয়া—না, এ পচ ধরা বাঙালী সমাজেও মান্স আছে; সা্থ আছে, দা্ঃথ আছে, ক্তি আছে, বেদনা আছে, কিন্তু মান্সও তব্ এইখানে ঠাই পায়, ফুটিয়া উঠিতে পারে। 'হালদার গোড়্ঠীর' সামন্ত জীবনের কাঠামো ভাঙিয়া না বাহির হইলে বনোয়ারীলাল ফুটিতেই পারে না। কিন্তু 'নিজ্জতির' মা্থ্ডেজ পরিবারের মান্সগ্লি সকলকে জড়াইয়া থাকিয়াও মান্য হইয়া উঠে—ইহা কি কম সতা?

অথচ ইহাও অর্থসভা। আর তাহা আমরাও জানিতাম, শরংচদ্রও জানিতেন। যেই কথাটি আমাদের প্রাচীন সমাজের স্বপক্ষে বলিবার ছিল, তাহা বলা শেষ হইতে না-হইতেই শরংচদেরে ঘোষণাবাণী তাই জন্মন্ত অক্ষরে বাহির হইরা আসিল। কিংতু তথনো 'সংস্কারকের' বাঁধা-বালিতে প্রাচীন সমাজকে তিনি আঘাত করিলেন না-বিপ্রবীর মতই তিনি দ্বর্ণার শক্তিতে আঘাত করিলেন। 'পঙ্লীসমাজ', 'অরক্ষণীয়া', 'চরিত্রহীন', 'দেবদাস', 'গ্রীকান্ত' হইতে একেবারে 'গৃহদাহ' পর্যন্ত বলিতে পারি শরংচদেরে এই সপদ্ধিত বিদ্যোহের ধারাই পরিস্ফুট হইরা উঠিল। এই সময়ের মধ্যেই রবীন্দ্রনাথও তাঁহার নতেন গলেপ ('সব্জপতের' পাতার), লেখার, ও শ্রীবৃত্ত প্রমণ্ড চোধ্রী তাঁহার 'সব্জপতে' বাঙালী-জীবনে ব্যক্তি-স্বাত্তের স্বপক্ষে চরম প্রচার চালাইতেছিলেন। (ভাই সমাজ্ব ও সাহিত্যেরও ইতিহাসে বিক্রমের

'বঙ্গনশনি' ও শ্রীয**ুক্ত প্রমথ চৌধ**ুরীর 'সন্কুলপত্র' ছাড়া অন্য কোনো পত্রিকার নামে যুগ-চিহ্নিত করা যায় না— 'কল্লোলে'র নামে ত না-ই', 'পরিচয়ে'র নামেও সম্ভবত না —প্রসঙ্গরুমে তা সমরণীয়)। কিন্তু 'সব্যজপতের' সেই মন্ত্র আমাদের সাধারণ পাঠকদের যতটুকু দপর্শ করাক না করাক শরংচদেরে স্থিতিকে আমরা সম্পূর্ণ অভিনন্দন করিতেছিলাম। তাহার কারণ কি? প্রধান কারণ, উহা স্যাণ্টি: মান্যাের স্বাকৃতি উহা আদায় করিবেই—সেই জীবন্ত নর-নারীকে আমরা ঠেকাইয়া রাখিব কি করিয়া ? দ্বিতীয় ৰারণ, সতাই আমরা যতই প্রোতন সমাজের প্রতি মমতা পোংণ করি না কেন, আমরাই বেশি করিয়া জানি উহা কত পচ্-ধরা, কত ঘ্ণধরা, কত মিথ্যা। আধুনিক-কালকে আমরাও কার্যত বা চিন্তায় একেবারে দুরে ঠেকাইরা রাখিতে চাহি নাই। আমরাও বাঝিতেছিলাম—তাহা অচলায়তন : আমরাও চাহিতেছিলাম 'মানুষের অধিকার', মানুষের মানুষ হিসাবে মহ'াদা লাভ। অথ'াং, নিল্ল-মধাবিত্ত সমাজও আসলে পরোতন সমাজের অসামঞ্জস্য বাঝিয়াছিল—যতই সে বলিকে ভাহাক যে, 'সে-পারাতন সমাজেও মানুষের বিকাশের অবকাশ ছিল।' সেই কথাটি বলা হইলেই ভাহার আপত্তি চুকিয়া গেল। ভাহার পরেই সেই দাবী করে—'কিন্তু এই প্রাচীন সমাজের অসামগ্রস্যে আমার যে দম বন্ধ হইরা আসিতেছে, তাহ: কি বলিবে না? ইহ।ই তো মূল সতা।' শরংচন্দ্র ভাহা বলিতে অগ্রসর হইলে সাধারণ পাঠক যেন আরও নিঃশ্বাস ফেলিয়া বাচিল। পরোতন সমাজের যেরপে নীতি আর বিন্যাস তাহাতে মানুষ টিবিবে কি করিয়া? তাহার ছাঁচে-ঢালা সমাজে ছাঁচের মতই গড়িয়া উঠিতে হইবে। কিজনী কোথাকার নতকী, সে আবার বদলাইবে কি করিয়া? চাদ্মেন্থী পতিতা, সে পতিতাই থাকিবে। পিয়ারী সে আবার রাজলক্ষ্মী হইবে কোন অবিকারে ? সাবিত্রী মেসের ঝি. সে-ও আবার ভালোবাসিবার দাবী করে নাকি ? অভয়ার দ্বামী বেদমশের শক্তিকে অগ্রাহ্য করিল বলিয়াই কি অভয়ার পক্ষেও সেই পবিত্র বিবাহ-বন্ধন শিথিল হইয়া যাইবে ? পরুরুষকে অবশ্ব এই সমাজ কার্য'ত খানিকটা দ্বাধীনতা দেয়। কিন্তু তব, তাহার সনাতনী আদুশে দেবদাস, শ্রীকান্ত, সতীশ, দিবাকর—ইহারা কে উৎরাইতে পারে?

কথা এই—সেই প্রাচীন জীবনযাতা ও জীবনাদর্শের উপর শরংচন্দ্রের মত এমন অমোঘ আঘাত, 'সংফার-পন্থীরা'ও করিতে পারেন নাই, অথচ নিম্ন-মধ্যবিত্ত সমাজ তাহাদের সহ্য করিতে চাহে নাই। তাহা হইলে শরংচন্দ্রের এই বিদেন্তকে সেই সমাজ স্বাগত করিল কি করিয়া? ইহার দুইটি কারণ প্রের্বে বলিয়াছি –এক শরংচন্দেরে স্থিটাকি: দুই মূলত নিম্নমব্যবিত্তেরও এই বিদ্যোহেচ্ছা, ব্যক্তি-স্বাতন্ত্রের প্রয়োজনবোধ, ব্যক্তির মর্যাদাবোধ। কিণ্ড আরও কারণ ছিল—তাহারও ইঞ্চিত পূর্বে করা হইয়াছে—উহা শরংচন্দ্রের সাহত এই নিম্ন-মধ্যবিত্ত সমাজের বা সাধারণ পাঠকের সম্বন্ধের কথা : আয় উহাই শরংচন্দ্রের নিজের দ্রণ্টিক্ষেত্রের কথা, তাঁহার দ্রণ্টি-বৈশিষ্ট্যের কথা। শরংস্পের উপভিতিমার আমাদের মনে হইল—আমরা আত্মীয়ের মুখ দেখিলাম, ইনি 'হাই-রে।' বা 'সংস্কারক' জাতীয় সাহিত্যিক নন। যাঁহারা পাদিদের কথায় আমাদের সমাজকে নিজের বলিতে লম্জা পান, ইনি তাহাদের কেহ নন। এই সমাজেরই তিনি একজন, তিনি তাহা প্রাণ দিয়া স্বীকার করেন, প্রাণ মিশাইয়া আমাদের ভালোবাসেন : আর আমাদের প্রাণও তাই জয় করিয়া লন। মানুষের হৃদয় জয় করিবার এই অন্ত লইয়া শরংচন্দ্র উদিত হইয়াছিলেন, আর তাই তাঁহার এই সমাজকে ভাঙিবার অধিকার,—আপন সমাজের বিরুদ্ধে বিদ্যোহের অধিকার—অস্বীকার করিবে কে? অধ্বীকার যাহারা করিতে চাহিল, আমরা—সাধারণ পাঠকেরা—তাহাদেরই অদ্বীকার করিয়া ফেলিলাম। এই সব পতিতা দ্বীলোক আর চরিত্রহীন পরেম্ব লইয়া সাহিত্যক্ষেত্রে শরংবাবরে বাড়াবাড়ি যে সন্নীতির পরিচায়ক নয়. স্বর্চিরও পরিচায়ক নয়—ইহা বলিবার লোকের অভাব হয় নাই। এ বিষয়ে 'রক্ষণশীল' কর্তৃপক্ষ, আর 'সংস্কারপন্থী' কর্তৃপক্ষ দুইই ছিলেন এক্মত— সকল দলের কর্তৃপক্ষের চক্ষেই বিদ্যোহ একটা অশূভ, তাই অশোভন ব্যাপার। কিন্ত আর্মরা তাহাদের কথায় কান দিলাম না। শরৎচন্দ্র বলিতেছিলেন— এই পতিতা আর চরিত্রহীন, ইহারা সাহিত্যক্ষেত্রে অম্প্রাণ্ড হইবে কেন ? ইহাদের সাহিত্যে প্রবেশের অধিকার আছে, কারণ ইহারা সমাজের মানুষ, জীবনপ্রবাহে সন্তরণশীল 'চরিত', জীবন-সংগ্রামে আহত, রক্তাক্ত ক্ষতবিক্ষত মানুষ, কু.শবদ্ধ মানুষ, আর সবার উপরে 'মানুষ'--সত্য-মিথ্যা, ভুল-দ্রান্তি, বেদনা-আনন্দ ভরা মানুষ। 'মানুষ'—হুদরের সমস্ত প্রেম দিয়া শরংচন্দ্র যেন এই কথাটাই প্রীকার করিতে চাহিলেন—'ইহারা মানুষ'। বালতে চাহিলেন সেই অতি পরোতন কথা---

> 'শ্নহ মান্য ভাই, সবার উপরে মান্য সতা ভাহার উপরে নাই।'

এইটিই শরংচন্দেরে দ্ভিকৈট—এবং তাঁহার এই প্রেমময় দ্ভিকৈই বালিতে পারি তাঁহার দ্ভির বৈশিন্টা। 'মান্ধের অধিকার' তিনিও ঘোষণা করিলেন, কিন্তু তাহা প্রিথ পড়িয়া নয়, ব্রিদ্ধি দিয়া হিচার করিয়াও নয়। 'ব্যক্তি-সন্তার' স্বপক্ষে তিনিও বিদ্যোহ ঘোষণা করিলেন ; কারণ তিনি হৃদয় দিয়া মান্যকে চিনিয়াছিলেন, ব্রিয়াছিলেন তাহার মান্য হিসাবে মহিমা, ব্রিয়াছিলেন তাহার মান্য হিসাবে বেদনা। শরংচন্দ্র যে প্র্থিথ পড়িয়াও ইহা না জানিতে পারিতেন তাহা নয়,—'নারীর ম্লোর' কথা মনে রাখিলেই ব্রিষে সেদিক দিয়াও তাঁহার বিচার-সামর্থ্য ছিল। কিন্তু তিনি আপনার স্বাভাবিক প্রেমের বলে মানবতা-বোধের বিকাশেই মান্থের এই রূপ উপলব্ধি করিয়া হিসাবেল,—এই কথা বলাই বোধহয় আরও ঠিক হইবে।



জনপ্রিয়তার শরংচন্দ্র বন্ধ রন্ধমণে বোধকরি আজও অপরাজের। সাজা-সালি নাটক লিথব বলে তিনি কোনও নাটক লেখেননি। নিজের তিনখানি উপন্যাসের নাট্যরপে তিনি দিয়েছিলেন, কিল্তু ঐ শেয। তাঁর বহু জনপ্রিয় উপন্যাসের নাট্যরপে বাংলা রন্ধ্যণে পরম সাঘল্যের সংগে অভিনতি হারছে। মাত্র তিনখানি উপন্যাসের নাট্যরপ দিয়ে তিনি থেমে গেলেন কেন এবং ক্ষমতা থাকা সত্ত্বেও সরাসরি নাটকই বা লিখলেন না কেন, সে কথাও তিনি নিজেই প্রকাশ করে গেছেন। বিষয়টির গা্রভি বিবেচনা করে শ্রীপশা্পতি চট্টোপাধাায়কে তাঁর লেখা একটি চিঠি থেকে দীঘ্ উদ্ধৃতি অনিবার্য মনে বরছিঃ

"আমি নাটক লিখিনা, তার কারণ হচ্ছে আমার অক্ষমতা। দিতীয়, এই অক্ষমতাকে অন্বীকার করে যদিই বা নাটক লিখি, তাহলেও, আমার মজ্বির পোষাবে না। মনে কোরো না কথাটা টাকার দিক থেকেই শুনু বলছে। সংসারে ওটার প্রয়োজন, কিল্তু একমাত্র প্রয়োজন নয়। এ সত্য একদিনও ছুলিনে। উপন্যাস লিখলে মাসিক পত্রের সম্পাদক সাগ্রহে তা নিয়ে যাবেন, উপন্যাস ছাপার জন্য পাবলিসারের অভাব হবে না, অন্তত হয়নি এতদিন এবং সেই উপন্যাস পড়বার লোকও পেয়ে এসেছি। গলপ লেখার ধারাটা সামি জানি। অন্তত, শিখিয়ে দিন বলে কারও দারস্থ হবার দ্বুগতি আমার আজও ঘটেনি। কিল্তু নাটক ? রক্ষমণ্ডের কর্তুপদাই হচ্ছেন এর চর্ন্না হাইকোট। মাথা মেড়ে যদি বলেন, এই জারগাটার অ্যাকশন বম, দশকি নেবে না, কিংবা এই বই অচল, ও তাকে সচল করার কোন উপায় নেই। তাদের রারই এ-সম্বদ্ধে শেষ কথা। কারণ তারা বিশেষজ্ঞ। টাকা দেনেওয়ালা দশবিদের নাড়ী নক্ষত্র তাদের জানা। স্ত্রাং এ বিপদের মধ্যে খামোকা চুকে পড়তে মনে আমার দ্বিধাব্যের করে।'

নাটক লেখার ব্যাপারে শরৎচাদ্রকে তৎকালে যে সব সমস্যার সম্মুখীন হতে হয়েছিল, সে সব সমস্যা পরবতাকালেও বিদ্যামান ছিল এবং আজও আছে। স্মত্ব্য, শিশিরকুমারের সময়েই নাট্যাভিনয়ে নাট্য প্রয়েজক অথবা প্রয়োগকতা নাট্যকারের গ্রেত্ব অর্জন করেন। তৎপ্রের্ব নাট্য শিক্ষক থাকতেন বটে কিন্তু নাট্যকারের গ্রেত্বত্ব তাঁকেও মানতে হত। তারও প্রের্ব নাট্য শিক্ষক পরিচিত ছিলেন, মোশান মাণ্টার নামে। এক কথায় বলা যায়, প্রাক্ শিশির যুগের নাট্যকারের প্রভাবই ছিল সম্মিক। শিশিরকুমারের সময় থেকেই বলা চলে শ্রেত্ব হয় নাট্য প্রয়োজনায় প্রয়োগকতার সামগ্রিক আধিপত্য। শরংচন্দ্রের মত অসাধারণ প্রতিভাসম্পন্ন লেংকের পক্ষে এই আধিপত্য দ্বংসহ হলেও শিশিরকুমারের অসাধারণ অভিনয় প্রতিভা সম্বন্ধে তাঁর বিম্বেধ আন্থাছিল বলে তিনি তা মেনে নিয়েছিলেন, কিন্তু হন্ট মনে নয়। এ সম্বন্ধে আর একটি উদ্ধৃতি দিন্তি। অক্তরঙ্গ বন্ধ্ব অবিনাশ ঘোষাল একদিন দেখা করতে এলে তিনি বলে উঠলেন—

'কাল শিশির এমনি মেজাজটা বিগড়ে দিয়েছে যে, রাতে ভাল ঘ্যাই হল না। ওর মাথার চুকেছে জীবানাদকে শেষ দুশো মেরে না ফেললে ডু.মাটিক এফেক্ট হবে না। কিছুতেই বোঝাতে পারলুম না যে জীবানাদকে মারার কোন সার্থাকতা নেই। কত বোঝালাম বইয়ের যেটা 'মেসেজ' সেটা জীবানাদর বে'চে থাকাতে যেমন পরিষ্টুট হয় মরলে তা হয় না। ও প্রায় আমার হাত ধরে ওর এই ক্যারোধটা রাখতে বলেছে।.... কি মুদিকলেই যে পড়েছি সে আর কি বলব।... যে সংসারে কিছুই পেলে না, বা ষার পাবার সব আশা ফুরিয়ে গেছে, এমন লোক বাঁচল কি মরল, উপন্যাস বা নাটকে তা নিয়ে মাথা ঘামাবার কিছু নেই। কিছু শেষ জীবনে জীবানাদ যা পেয়েছে তা তার এতদিনের বিশ্বত জীবনকে শা্ধা ভরিয়েই তুলেছে তা নয়—তা তাকে মানুহের মত বাঁচবার একটা প্রেরণা দিয়েছে তবে সে মরবেই বা কেন, আর তাকে মেরে ফেলার সাথাকতাই বা কি? ড্রামাটিক এফেক্টের জন্য একটা উণ্ভট কিছু করলেই তো হবে না—থিয়েটারের লোকগ্লো স্বাই স্মান। এরা শা্ধা বাঝে সন্তার জামাটিক এফেক্ট।'

কিশ্তু পরিচালনা বা প্রযোজনা এক জিনিষ আর নাটক লেখা বা কোন উপন্যাসকে নাট্যাহিত করা আর এক জিনিষ! প্রয়োগকতা শিশিরকুমার শরৎচদেরর সব'শ্রেণ্ঠ 'মনস্তদ্বমূলক উপন্যাস 'গৃহদাহ' অভিনয় বরতে ইচ্ছাক হয়ে শরৎচদ্রকেই নাট্যর্প দিতে সংমত বরেন। শরৎচদ্র মাত্র দ্বিট অঙক লিখে বিশেষ অসম্ভূতা নিবন্ধন যখন আর অল্লসর হতে পারছেন না, তথন শিশিরকুমারই নাছোড়বান্দা হয়ে বাকী নাট্যর পটা তিনি নিজেই দেবেন এই প্রস্তাব করায় শরংচন্দ্র তাঁকে বলেন, এর ফল ভাল হবে না, এ বড় শক্ত বই। শিশিরকুমার তা মানলেন না, শরংচন্দ্রের দেওয়া দাটি অঙক নিয়ে তিনি চলে যান এবং অসদপ্র্ণ নাট্যর পকে সম্প্রণ করে নিয়ে নবনাট্য মন্দিরে 'অচলা' নাম দিয়ে গ্রুদাহ-এর নাট্যর প মঞ্চ করেন। বিজ্ঞাপনে আমন্ত্রণ জানানো হয়েছিল—'শরংচন্দের অচলা শিশির প্রতিভায় সচলা দেখে যান।'

অবিনাশ ঘোষাল এরপর শরংচণ্টের কাছে গিয়ে বললেন—'অচলা' আপনার কেমন লাগল ?

শরংচন্দ্র বললেনঃ ও আমি দেখিনি, আর দেখবও না।

অবিনাশ বললেনঃ কেন?

শরংচনদ্র বললেন ঃ আমার অচলার শেষের আকার লোপ করে দিয়েছে।

অবিনাশ বললেনঃ কে বলেছে?

শরংচনদ্র বললেনঃ এমন সব লোক বলেছে যাদের মতের উপর আমার বিশ্বাস আছে। শিশিরকে তথন আমি বারবার বলেছিলাম, দ্ব'অঙক নিয়ে যেও না—ও তোমরা করতে পারবে না। আমার কথা শ্বনলো না। আমার চেনা লোক যারা দেখতে গিয়েছিল তারা স্বাই একবাক্যে এর নিশ্বা করেছে।

অবিনাশ বললেনঃ নাটক তো শন্নলাম চার অংকর হয়েছে। এটা করলে কে ?

শরংচন্দ্র বললেনঃ তা আমি জানি না।

অবিনাশ বললেনঃ আমার খবর হচ্ছে; শিশিরবাব্র অন্রোধে 'বাঙলা' সাপ্তাহিক পত্রিকার যতীন রায় বাকী দ্ব অংক করেছে।

হায়রে, শিশিরকুমার দ্ই অঙকের পরবর্তী অংশটা শরংচ দকে একবার দেখিয়ে নিলে বোধহয় এমন একটা বিপর্যায় ঘটত না।

আমি মনে করি পরিচালকের কাজ হচ্ছে—রাঁধ্নির কাজ ! মাছ বা মাংস, আনাজ তেল ঘি ন্নমসলা সবই না হয় ভালো মিলল। কিন্তু তব্ দেখা বায় ভালো বাজন হয় না। রাঁধ্নি সব কিছ্ব বেছে নিয়ে পরিমাণ মত মিলিয়ে মিশিয়ে মাপ মত ঝাল দিয়ে নামিয়ে নিলে তবেই না বাজনটি রসাল হবে। 'অচলা' নাটকটির ক্লেৱে ম্ল মাংসটাই ছিল—ভেজাল। আর তার জন্য দায়ীছিলেন স্বয়ং রাঁধ্নি, আর তাই বাজনটি উৎরোয় নি। কিন্তু 'অচলা' অচল হলেও শিশির-কুমারের যাদ্বস্পশেই ষোড়শী, রমা, বিরাজ বৌ, বিপ্রদাস,

বিষ্ণার ছেলে প্রভাতি নাটকগালি অসামান্য জনপ্রিয়তা অজনি করে। শিশির-ক্মারের পরেও শরংচন্দ্রের বিভিন্ন উপন্যাসের নাটারপে বাংলা রঙ্গমণে প্রভত জনপ্রিয়তা অর্জন করেছে। শ্রংচশ্রের 'বিরাজ বৌ' নাট্যকার ভূপেন্দ্রনাথ বদেন্যাপাধ্যায় কর্তাক নাটারপোয়িত হয়ে ১৯১৮ সালের ১৫ই আগণ্ট ণ্টার পিষেটারে প্রথম মণ্ডস্ক হয়। যদিও এই নাটারপে শরংচঞ্চের প্রতিপ্রদ হয় নি। কিলত সেই থেকেই বাংলা রক্ষমণের সিংহলারটি শর্প কাহিনীর জন্য উল্মাক্ত হয়ে যায়। ১৯৫৬ এর ১লা আগস্ট তারিখে 'অমৃত' পত্তিকার শরৎ শতবাখি কী বিশেষ সংখ্যার প্রকাশিত শ্রীকালীশ মাথোপাধ্যার রচিত "শরং কাহিনী মঞ্চে ও পর্লায়'' নামক তথ্যপূর্ণ একটি মালাবান প্রবন্ধে গ্রার রঙ্গমণে অভিনীত শরংচদের নাটাায়িত কাহিনীগালির একটি বিস্তারিত ইতিবাল্ত এই প্রসঞ্চে দুর্ভবা। প্রথাত নাট্যকার শচীন্দ্রনাথ সেনগ্রপ্ত শর্ভচন্দ্রের 'দেবদাস' ও 'পথের দাবী' উপন্যাস দুইটির যে নাটারূপ দেন তা মণ্ড সাফল্য লাভ করলেও বহ বিতকের সাহি করেছিল। কারণ শরং কাহিনীকে তিনি নাটা প্রয়োজনার অক্সহেতে পরিবর্তন করেছিলেন। মূল কাহিনীকে নাটার প দিতে গিয়ে পরিবর্তান করা পরলোকগত ভ্রুটার প্রতি অবিচার রূপে অনেকেই গুণ্য করে-ছিলেন। শচীনদা আমার প্রম শক্ষেয় বন্ধ; ছিলেন, তা সত্তেও আমিও এটাকে অবিচারই মনে করি। নাটারূপ দিতে গেলে কিছুটা রদবদল অবশাই আবশাক হয়। কিন্তু তাই বলে কাহিনীর মূল কাঠামোকে বদলানো অনেকটা খোদার **উপর থোদকারীমনে হয়—বিশেষতঃ, স্রুন্টা যদি পরলোকগত থাকেন।** কাহি নীকার নিজে যদি এই পরিবর্তনের অনুমতি দেন সেখানে কিছা বলার থাকে না। একথা শরংচন্দ্রের সম্বন্ধে আরও বেশী খাটে এই জন্য যে, তিনি অন্যোর হাতে ভার রচনার অদল বদল সম্পকে বিশেষ স্পর্শকাতর ছিলেন। অবিনাশ **ঘোষালের লে**থা শরং**চদের টুকরো কথা বই থেকে** আবার একটু উদ্ধৃত কর্নছি—

বলল্ম: তা বটে; তবে আপনি যদি নাটক করেন ভাহলে তা নিয়ে শিশিরবাব্র সঙ্গে কথা কওয়া যেতে পারে।

তিনি বললেনঃ শিশিরের সঙ্গে আমার যথেণ্ট আলাপ আছে। কিণ্ডু ওর সম্বশ্ধে যা কিছা শানি, তা যদি সতিঃ হয়, তাহলে আমি তো তা বরদাস্ত করব না। অনেকের কাছে আমি শানেছি, শিশির যে নাটক অভিনয় করে তার সব কিছা ছে'টে ফেলে নিজের পাটকৈ বড় করে তোলে।

বললমে: আপনার নাটক সন্বন্ধে কি আর তিনি তা করতে সাহস

## পাবেন ?

এর উত্তরে তিনি যা মন্তব্য করলেন আমি আর তা এথানে উল্লেখ করতে চাই না, কারণ শিশিরবাব; আজ স্বর্গতে।

তবে অবশ্য একথাও বলব, শরংচন্দ্র এক হিসাবে এ-বিষয়ে সোভাগ্য-বানই ছিলেন। কারণ তাঁর কাহিনী মণ্ডাভিনয়ের জন্য যাঁরা নাট্যায়ত করেছেন, তাঁরা প্রায় সকলেই স্থ্যাত নাট্যকার ছিলেন। চরিত্রহীন-এর নাট্যর্প দিয়েছিলেন যোগেশ চৌধ্রী। পথের দাবী আর দেবদাস-এর নাট্যর্পদাতা শচীন সেনগাপ্তর কথা প্রেই বলেছি। বিপ্রদাস-এর নাট্যর্পদাতা ছিলেন বিধায়ক ভট্টাচার্য, চন্দ্রনাথ-এর নাট্যর্পদাতা ছিলেন বিধায়ক ভট্টাচার্য, চন্দ্রনাথ-এর নাট্যর্পদাতা ছিলেন বিধায়ক ভট্টাচার্য, চন্দ্রনাথ-এর নাট্যর্প দিয়েছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র আর বিন্দরে ছেলে, রামের স্মৃতি, নিন্দ্রিত, শ্রীকাষ্ণ, পরিণীতা প্রভৃতি বহু শরং কাহিনী নাট্যায়ত করে দেবনায়ায়ণ গাপ্ত প্রভৃতি খ্যাতি লাভ করেছেন। তিনি বলে থাকেন, 'রঙ্গমঞ্চের তাস খেলায় শরং কাহিনী তুর্পের তাস'। আমি বলব শরং কাহিনী এইসব সাথাক নাট্যায়নের জন্যেই সমগ্র দেশে ছড়িয়ে পড়ে এবং ঘরের জিনিস হয়ে দাঁড়ায়,—শাধ্র মান্দ্রত প্রস্তবের মাধ্যমে শরংচন্দ্রের এত বিশাল জনপ্রিয়তা অর্জন সম্ভব ছিল না।

কিন্তু তব্ প্রশ্ন থেকেই যায় শরংচন্দ্রের মত বিরাট প্রতিভা সরাসরি কোন নাটক লেখেননি কেন ? কেন লেখেন নি তা আমি এই প্রশ্রুষ্থে তাঁর নিজের কথাতেই তুলে ধরেছি। ব্যাপারটা সতাই দেশের পক্ষে, জাতির সাহিত্যের পক্ষে একটি চরম দ'ভোগ্য।


শরংচন্দ্র সরাসরি নাট্রুক না লেখাতে নাট্যক্ষেত্রে আমরা যা পেয়েছি তা হচ্ছে, তাঁরই দেওয়া তিনটি বিখ্যাত উপন্যাসের নাট্যর্প। যথা, বিজয়া ('দত্তা'র নাট্যর্প), রমা ('পল্লীসমাজে'র নাট্যর্প) এবং ষোড়শী ('দেনা-পাওনা'র নাট্যর্প)। আর এ ছাড়া পেয়েছি বহু খ্যাতনামা নাট্যকারদের দেওয়া তাঁর বহু জনপ্রিয় উপন্যাসের নাট্যর্প। বাংলা রক্ষমণ্ডে এই কয়েকটি নাট্যর্পই শরং প্রতিভার নিদর্শন, এবং একমাত্র এই নাট্যসম্পদই আমরা তাঁর নাট্য-উত্তরাধিকার স্ত্রে পেয়েছি।

শরৎ উপন্যাসে নাটকীয়তা একটি বৈশিট্য। কিন্তু এই বৈশিট্য দীর্ঘ বিশ্লেষণের মধ্য দিয়ে আবিভূতি হয়েছে। স্বল্পায়তন নাটকে এই দীর্ঘ বিশ্লেষণের সময় ও সুযোগ মেলে না। উপন্যাসকে নাটকায়িত করতে গেলে এই বিপদ। শরৎ কাহিনীর অনবদ্য সংলাপ নাটকের সংক্ষেপিত অঙ্গে পূর্ণ

মর্যাদা পার না। শরংচশের কাহিনীবিন্যাস বিলম্বিত লয়ে বাঁধা থাকে। নাটকে এই বিলম্বিত লয়ের স্থান নেই। জীবন সংঘাতের দ্রুতগাতি বিন্যাসই নাটকের প্রাণশক্তি। উপন্যাসের বি**ভ**ৃত প্রটভূমিতে ঐ জীবন-সংঘাত রূপায়িত করার যে প্রদৃত্তি আবশাক তিন ঘণ্টার নাটকে তার দ্বান হওয়া দঃরুহ। শরংচন্দ্র নিজেও স্বীকার করে গেছেন যে. 'উপন্যাসের মত নাটকের elasticity নাই।' বলাবাহ্যলা শরংচন্দ্রের উপন্যাসের নাট্যরপুপার্যলি এইসব সাংগঠনিক অসূবিধা ভোগ করেছে। কিন্তু এ কথাও অস্বীকার করবার উপার নেই যে, শরংচদের উপন্যাসের নাট্যরূপ তথাপি জনপ্রিয়তায় অভিষিক্ত হয়েছে: আগেও হয়েছে এখনও হয়ে থাকে। এর প্রধান কারণই হচ্চে শরং-চন্দের সেইসব কাহিনীরই নাটারপে দেওয়া হয়েছে যা বহা পঠিত এবং বহাল স্মাদ্ত । দশকের মনে পূর্ব থেকেই কাহিনীর স্মগ্রতা অধিষ্ঠিত থাকায় নাট্যরপের মার্টিবিচ্চাতি রসোপলব্দিতে বিশেষ অন্তরায় হয় না। যদিও সুবিখ্যাত শরং সাহিত্য সমালোচক ডঃ অজিতকুমার ঘোষ বলেছেন, 'শরংচন্দ্র নাট্য প্রব্যক্ষনার দিকে লক্ষ্য রাখিয়া উপন্যাদের কাহিনীকে নতেনভাবে সলি-বেশিত করেন নাই। সেজন্য তাঁহার নাটকের দৃশ্যগ**ুলি উপন্যা**সের পরিচ্ছেদ-গুলর সংলাপাশ্রিত রূপ হইয়াছে মাত্র:নাটকের রসঘন অবিচ্ছেদ্য অংশ হইতে পারে নাই। একমার ষোডশী বাতীত তাঁহার অপর কোনো নাটকে উচ্চাঙ্গের কলাকোশলের পরিচয় পাওয়া যায় নাই।' শিশির অভিনয়দীপ্র ষোড়শী আমাদের নাট্য সাহিত্যে একটি শ্রেণ্ঠ নিদর্শন সন্দেহ নাই।

শরং কাহিনীগ্রলি যে যুগের, সে যুগ আজ আর নেই। সে পল্লী-সমাজ নেই, সে জমিদার ও জমিদারী নেই, পারিবারিক ও সামাজিক নারী নির্যাতন, বিধবা ও পতিতা নারী নিগ্রহ আজ আর সে চরম স্তরে নেই। জাতীর পরাধীনতাও আজ নেই।

বর্তান যাতে যে প্রগতি পরিলক্ষিত হয়, তার মালে শরং সাহিত্যের প্রভাব অনন্দীকার্য। আজও আমরা শরং কাহিনীর নাট্যরাপ দেখতে অনাগ্রহী নই, কারণ ঐসব নাট্যরাপের একটা ঐতিহাসিক মাল্য দাঁড়িয়ে গেছে। জাতীয় প্রগতি এবং সামাজিক বিবর্তান ধাপে ধাপে অগ্রসর হয়। শরং নাটকের ভাব-বিপ্রবের মধ্যে তারই কয়েকটি ধাপ অবশাই আছে এবং সার্থাকভাবেই আছে, যা অভিক্রম করে আমরা বর্তামানের দা্রারে এসে পেণাচোছ। যাগ্রহুটা শরংচন্দ্র আমানের চির নমস্য।



যাদবপরে বিশ্ববিদ্যালয়ের জনৈক ছাত্র কোন একটি বাঙলা ছবি সম্পর্কে তাঁর যৌবনদীপ্ত, অনুক্ল অভিমত দিতে গিয়ে বর্তমানের বাঙলা চলচ্চিত্র সম্বদ্ধে বলেছেন, "বাংলা চলচ্চিত্রে আর যাই কিছু থাকুক, যৌবন নেই। এখানে যৌবন মৃত। পণ্ডাশোর্ধ বুড়ো খোকা খুকুরা নেচে কংদে প্রেমের নামে ন্যাকামি করে। আর যৌবন বাংলা ছবিতে হয় জু ক্চকে হাবিজাবি ভারি ভারি মিথো কথা বলবে কিংবা হিন্দির অনুক্রণে 'বা-বা' ক'রে কোমর দুর্লিয়ে ভুল ছন্দে নাচবে।"

ঠিক জানিনা, আমাদের যাবক ছাত্রটি পণ্ডাশোর্ধ বাড়ো খোকা খাকু বলতে বাংলা ছবির কোনা কোনা নায়ক নায়িকাকে ইন্সিত করেছেন; বারণ, আমি তো জানি. আমাদের সবচেয়ে বয়ুক্ক এবং সবচেয়ে জনপ্রিয় অভিনেতা এখনও প্রান্ত পণ্ডাশে পেণছোননি। কিন্তু ও-কথা থাক। আমাদের যাবক ছাত্রটির যে মন্তব্য আমাকে সচ্কিত করেছে, সেটি হচ্ছে আমাদের বাঙলা চলচ্চিত্রে যৌবন নেই। এখানে নাকি, যৌবন মাত !

আমি নিজে যৌবন প্রাপ্তির বেশ কয়েক বছর আগে থাকতেই চলচ্চিত্রের দশক। তথনও বাঙলা চলচ্চিত্রের জন্মই হয়নি এবং কল্কাতার বায়োগেকাপ গর্নালতে হিন্দি ছবিরও আবিভ'াব ঘটোন। এমন কি বিদেশী ছবিগালিও—কাহিনী চিত্র হ'লেও—দৈঘে' ৮,০০০ ফুটের বেশী ছিল না। সেই ১৯১৪ থেকে শ্রুর ক'রে আজ পর্যন্ত আমি এক নাগাড়ে চলচ্চিত্রের দশক। ছবি দেখার ব্যাপারে আমার কোন কান্তি নেই। আপনারা নিশ্চয়ই বিশ্বাস করবেন, আমিও এককালে যুবক ছিল্ম ; বলতে পায়েন, বেশ দ্রের যুবকই ছিল্ম। কিন্তু আমি বহু চেন্টা করেও মনে করতে পারছিনা, আমি কানো দিন কোনো লহিনী চিত্র বিক্রের মনে করতে পারছিনা, আমি কানো দিন কোনো কিন্তু কিবার চেন্টা করেছিল আমি বরাবরই চেয়েছি ছবিতে ভালো গলপকে কিবার চেন্টা করেছে, ভালো অভিনয় দেখতে।

ধর্ন, Romeo Juliet এ Romeo র ভ্রিকায় প্রোঢ় Leslie Howard কেও দেখে মাণ্য হয়েছি তাঁর অভিনরগানে। কাজেই যৌবন খোঁজবার জন্য চলচ্চিত্র দেখা আমার কাছে একটা খাবই নতুন জিনিস। এতকাল Generation gap বলে একটা কথা শানতুম বটে, কিণ্তু ঠিক বাঝাতুম না। এবার যেন বাঝাতে পারছি কথাটার অন্তনিধিত অর্থ।

কিল্ডু মজা এই, যাদবপার বিশ্ববিদ্যালয়ের যাবক ছার্টের বাঙলা ছবি সম্পর্কে যৌবনহীনতার অপবাদকে যেন প্রচন্ড উপেক্ষা প্রদর্শন করেই বাঙালী দর্শকরা সম্প্রতি ভীড জমিয়েছিলেন শরংচম্দ্র লিখিত ''দত্তা'' উপন্যাসের তৃতীয় বাঙলা চলচ্চিত্রায়ন্টি দেখবার জন্যে। অবশ্য এই ভীড় করার জন্য বেচারা দশ'করা কয়েকজন অতি বাজিমান, চলচ্চিত্র শিলপ সম্পকে অতিরিক্ত সমালোচক দ্বারা নিশ্দিত ও তিরম্কত হয়েছেন। বেচারাদের অপরাধ, তাঁদের মতে, এতদিন ধরে এত চলচ্চিত্র দেখবার পরেও চলচ্চিত্র জিনিসটা ঠিক কি, তা' তাঁরা বোঝেন না কেন ? "দত্ত।" ছবিটি যে শাস্ত্রমতে আদৌ চলচ্চিত্রই নয়. এ বাহ্নি গোনের গ্রন্থানি কেন ? অবশা এরও ওপর আরও গরেতের অভিযোগ ঐ অতিবিক্ত স্মালোচকদের আছে। শরৎচন্দ্র লিখিত ''দত্তা'' কাহিনীটি'কে এবং ঐ সঙ্গে তাঁর লিখিত সকল গলপ উপন্যাসকে আজকের দর্শক তথা পাঠকরা সহ্য কনেন কি বরে ? "দত্তা"র প্রেমকাহিনী তো তিনি লিখেছেন মাত্র কোমলকান্ত রোমাণিটক মধ্যে রসস্পিটর জন্যে। বেচারা শরৎচন্দ্র! তিনি কেন ''দত্তা'য় প্রেমকে সমাজ ও ব্যক্তির সম্পর্ক নির্ণায়ের সার্থক প্রেক্ষাপট ও মানদণ্ড হিসাবে গ্রহণ করেননি, তার জন্য তাঁকে অভিযাক্ত করেছেন। ১৯১৮ সালে "দত্তা" প্রকাশিত হবার সময়ে তিনি নাকি পাঠক ক খাশী করার জনা তাঁদেরই পছণদমই চরিত্র বানাচ্ছিলেন। লোবরঞ্জনকর চলতি কালের সেণ্টিমেণ্ট মিশ্রিত কাহিনী নির্মাণে ক্লান্তিবোধ করেন নি : কারণ ফরমাসের গড়া জিনিস বানাবার মাল-মশলা হাতে ছিল তাঁর প্রচুর।

কবি বলেছেনঃ অরসিকেয় রসস্য নিবেদনও শির্সি মা লিখ মা লিখ ! এর এই রস নিবেদনের ঠাইটি যে মানুষের হৃদয় । তার মান্তিকমাত নয়, এই তথ্যটি সুভবত উপরি-লিখিত ব্দ্ধিজীবী সমালোচক প্রবরদের জানা নেই । তাদের হয়ত এ তথ্যও জানা নেই যে, শরংচন্দ্র হচ্ছেন প্থিবীর সেই বিরক্ষ লেখক গোড়িবীর অন্যতম, যিনি তার প্রথম প্রেক প্রকাশের দিনটি থেকেই যে জনপ্রিয়তা লাভ করেছেন, সেই জনপ্রিয়তা তার জীবিতকালে উত্তরোত্তর

বিধিত হয়ে তাঁর মৃত্যুর ৩৭ বছর পরে —তার জন্মের শতবর্ষ পরে একেবারে আকাশন্পশাঁ হয়ে উঠেছে এবং এই জনপ্রিরতা মার বাঙালীদের মধ্যেই সীমাবদ্ধ নয়, ভারতের প্রায় প্রতিটি রাজ্যের শিক্ষিত সমাজ তাঁর মতো সাহিত্যিক জন্মগ্রহন করেছেন ব'লে ভারতীয় হিসেবে গর্ব অন্ভব করেন। তাঁর হিন্দী জীবনীকার শ্রদ্ধেয় বিষ্ণুপ্রভাকর তাঁকে "আওয়ারা মসীহা" অর্থাৎ ভবঘ্রে পরিরাতা নামে অভিহিত করেছেন এবং বলেছেন, "শরংচন্দ্র ভারতকে সব্সে বড়া উপন্যাসকার থে, জিন্কা সাহিত্য ভাষাকী সভী সীমাএ লাংঘকর সজে মানোমে অথিল ভারতীয় সাহিত্য হো গয়া। উন্তে বঙালমে জীত্নী খ্যাতি ওর লোকপ্রিয়তা মিলী, উতনী হি হিন্দীমে তথা গালুজরাতী, মলয়ালম্ তথা অন্য ভাষাও'মে মিলী। উন্কী রচনাএ তথা রচনাও'কে পার দেশ ভরকী জনতাকে মনোজীবনকে অঙ্গ বন গয়ে।" আমার জিজ্ঞাস্য, এই ধরণের পরিচিতি আজ প্রাপ্ত ক'জন সাহিত্যকের অদন্টে জন্টেছে ?

াহিত্যের সাময়িক জনপ্রিয়তা হয়ত তাঁর ভালোত্বের মাপকাঠি নাও হ'তে পারে। কিন্তু যদি কোন রচনা একাদিকমে অন্তত পণ্ডাশ বছর ধ'রে তার জনপ্রিয়তাকে শা্ধা অক্ষারই রাখেনা, ক্রমবিধিত করে, তা হ'লে সে ক্ষেট্রে কি ব্যতে হবে ? শরৎ জন্মশত-বার্ষিকী উপলক্ষে প্রকাশত পণ্ডাশ হাজার শারৎ রচনাবলীর গ্রাহকের অভাব তো হয়নি, বরং প্রকাশকরা পরে চাহিদার প্রতি লক্ষ্য রেখে আরও পণ্ডাশ হাজার কপি ছাপাবার ব্যবস্থা করেছেন।

শরং সাহিত্য অবলাবনে গঠিত চলচ্চিত্রগালির অভাবনীয় জনপ্রিরতার কথা সমরণ করান। নির্বাক যাগের কথা এখানে তুলব না। কিংতু
১৯৩১ সালে স্থাপিত নিউ থিয়েটার্সের প্রথম ছবি "দেনা পাওনা" থেকে
শারা করে ১৯৫৬ সালে তোলা "দত্তা" পর্যন্ত প্রায় যে পঞ্চাশ খানি ছবি
উঠেছে বাঙলা ভাষার, তাদের মধ্যে খাব অলপ কয়েকখানিই আথিক সাফল্যলাভে অর্থাৎ জনপ্রিরতালাভে অসমর্থ হয়েছে। এবং এই অসাফল্যের জনো,
আমি বলব, শরং সাহিত্য আদৌ দায়ী নয়, দায়ী হচ্ছেন ঐ অসফল ছবির
নির্মাতারা। কয়েকটি বালারচনা ছাড়া শরংচন্দ্র লিখিত প্রতিটি কাহিনীই
কি চরিত্র-চিত্রণে, কি পরিস্থিতি-রচনায়, কি সংলাপগঠনে এমনই অনবদ্য যে,
কাহিনীগালিকে যদি যথাযথভাবে চলচ্চিত্রে প্রতিফলিত করা যায়, তাহলেই
তাদের সাথকিতা সন্বন্ধে স্থিরনিশ্চয় হওয়া সন্ভব হয়। কিন্তু এই যে
বললাম যথাযথভাবে প্রতিফলিত করা' এই কাজটি সামানা নয়। আমার

প্রয়োজিত ও পরিচালিত "প্রামী" ছবি দেখে বাঙলা চলচ্চিত্র জগতের একজন খ্যাতনাশ্নী অভিনেশ্ৰী আমাকে বলেছিলেন, বাজে কিছা ঢোকাবার চেণ্টো না ক'রে শরংচন্দ্রকে পাতার পর পাতা সাজিয়ে গেছেন—ভালো হবে না ? আমি মনে মনে হের্সেছিল্ম বুঝেছিল্ম ভদুমহিলা 'দ্বামী' গলপটি ভালো ক'রে মন দিয়ে পড়েনওনি। নইলে তিনি নিশ্চয়ই ধরতে পারতেন শরৎচন্দ্রের সৌদামিনী যেখানে প্রামীর প্রদর্গীনতায় বীতশ্রদ্ধ হয়ে গভীর রাত্তে প্রেচ্ছায় নরেনের সঙ্গে বাড়ী ছেড়ে চলে এসেছিল নরেন কোথায় নিয়ে যাবে তা না জেনেই, আমি সেথানে ঐ বীতশ্রদ্ধ সোদামিনীর স্বামীগৃহে ত্যাগের একটা যুক্তিসঙ্গত কারণ খাড়া করেছিল ম। সৌদামিনী তার মায়ের বাড়ী পুড়ে যাবার খবর সংবলিত পোণ্টকাডটি যথাসময়ে তার হাতে না দেবার জ্ঞানো দ্বামীর ওপর বীতশ্রন হয়েছিল। তাই মধারাতে নরেনের সঙ্গে দ্বামীগহে ত্যাগ করবার সময়ে তার দৃঢ় বিশ্বাস ছিল, নরেন তাকে তার মায়ের সেই পোড়া বাড়ীতে পেণছে দেবে। এই পরিবর্ত্তন আমি করেছিলমে পাছে সাধারণ দর্শক দেবচ্ছায় কুলত্যাগিনী সোদামিনীকৈ ক্ষমা করতে না চায়্ যদিও সদার উদারটেতা স্বামী ঘনশ্যাম তার সব অপরাধ ক্ষমা করে তাকে আবার ফিরিয়ে নিয়েছিলেন।

ঠিক এই গরণেরই ভ্লে করেছিলেন আরও দ্ব'জন বিখ্যাত শিল্পী আমার পরিচালিত 'অরক্ষণীয়া' ছবিতে অভিনয় করবার সময়ে। আমার পরিচালিত অপরাপর ছবির মতো এই ছবিটিতেও আমার নিজের তৈরী সংলাপ অনেক ছিল। কিন্তু ঐ রকম একটি সংলাপ বলবার সময়ে একজন সম্খ্যাতা অভিনেতী বারে বারে ভ্লে করিছিলেন বলে তাঁর সহাভিনেতা—একজন প্রস্থা নামকরা অভিনেতা তাঁকে সাবধান করে দিয়ে বলেছিলেন, ''উহ' ! ভ্লে করলে চলবেনা, এ যার তার ডায়ালগ নয়, স্বয়ং শরংচন্দের।'' এবং ঐ বিখ্যাতা অভিনেতীটি তাঁর এই অমোঘ বাণী সম্রদ্ধতিতে মেনেও নিয়েছিলেন। বলা বাহ্নো, আমি তাঁদের দক্তনের এ ভ্লে ভেঙে দিইনি।

এই দ্ব'টি ঘটনার কথা উল্লেখ করল্বে মাত্র এইটুকুই বোঝাবার জন্যে যে, শরংচন্দ্রের কাহিনীকে যথাযথ চিত্রিত করবার অর্থ হচ্ছে, তাঁর রচনার মূলে ভাব, সারমম'টিকৈ—যাকে ইংরেজীতে বলা হয় spirit—ছবির মধ্যে এমন করে বজায় রাখতে হবে, যাতে প্রতিটি লোকেরই মনে হয়; হগা, এটি শরংচন্দ্রের রচনাই বটে, শরংচন্দ্রের চরিত্রগৃলি ও বজ্বা ঠিক ঠিক ফুটে উঠেছে ছবিটির

মাধ্যমে। অবশ্য সঙ্গে সঞ্জে চলচ্চিত্র-স্থির মূল নীতিগুরিলও মেনে চলতে হবে : যেমন, কাহিনীকে দুশোর পর দুশোর মাধামে এমন ভাবে তুলে ধরতে হবে যাতে কাহিনীটিকে গতিশীল মনে হয় এবং কাহিনী অন্তর্গত নাটকটিকে এমন ভাবে সাজাতে হবে, যাতে দর্শকচিত্তে জাগ্রত উৎকঠা উত্তরোত্তর বার্ধিত হয়ে ছবির শেষের দিকে একটা তকে উঠতে পায়। বেখানে তা হবেনা সেখানে ছবি ব্যর্থ হতে বাধা। ধরুন, আমারই পরিচালিত ছবি—মামলার ফল। এখানে শরংচন্দের কাহিনীর সারমর্মাটকৈ বজায় রাথবার চেন্টা করা হয়নি। কারণ, আমার তৈরী চিত্রনাট্য শানে বহা অভিজ্ঞ সপার্ষদ প্রযোজক বললেন, পদ্মপতিবাব, কাহিনীটাকে Two mothers and a son এর গলপ ক'রে তুলান, দেখবেন কি রকম Success হয়। জ্বাবে আমি বললাম, এই কাহিনীটা যদি Two mothers and a son এর Story হত, তাহ'লে শরংচ·দ্রই তা করতেন: কিল্ডু তিনি তা করেন নি. তিনি দেখিয়েছেন. একজন সংমা যেখানে সপত্নীপুত্রকে নিজের ক'রে নিতে পারল না সেখানে নিঃসন্তান জেঠাইমার অপত্যান্নেহ মতে জায়ের সন্তানের প্রতি অজ্জ্র ধারায় বর্ষিত হচ্ছে। খোদার ওপর খোদকারী করতে গিয়ে ''মামলার ফল'' অর্থফলপ্রস্ হ'তে পেলনা।

বারে বারে, ফিরে ফিরে শরংচন্দ্র রচিত কাহিনীগ্রাল চলচিতে র্পান্ধরিত হচ্ছে; শা্ধা বাঙলাতেই নয়, হিন্দী, মায়াঠি, গা্লয়াতী, তামিল, তেলেগ্র, গালয়লম প্রভাতি ভারতের বহা ভাষাতেই। পশ্চমবলের বাইরে শরংকাহিনী নিভর্ব চলচিতের অসামান্য কনপ্রিয়তার একটি বিশেষ নিদশনের কথা আমাদের কানে এসেছে। বছর দা্ইয়েরও কিছা আলে অন্ধারাজ্যের হায়-দ্রাবাদের একটি চিএগ্রেহ তেলেগ্র ভাষায় তোলা "দেবদাস"- ছবিটির পা্নঃ প্রদর্শনী সাধারণত দা্ভিনটে রবিবারের বেশী চলেনা। কিন্তু এই বিশেষ ক্ষেত্র তেলেগ্র "দেবদাস"-এর পা্নঃ প্রদর্শনী চলেছিল পা্রো একটি বছর—বাহায় সপ্তাহের বাহায় রবিবার। পা্নঃ প্রদর্শনীর সা্বর্ণ জয়াছী অনা্ন্তান একটি অননা রেকডের সা্ভিট করেছে।

শরৎচদেরর রচনাগালির মধ্যে, মনে হয়, বিপ্রদাস, চরিত্রহানি, শেষপ্রশ্ন এবং মহেশ ছাড়া আর কোনও উল্লেখযোগ্য রচনাই সবাক চলচ্চিত্রে রুপা-ন্তরিত হ'তে বাকী নেই। বিপ্রদাস রুপান্তরিত হতে পার্য়নি সুদ্ধি দিন ধরে বইটির চিত্রস্বত্ব নিয়ে মামলা চলার ফলে, চরিত্রহীনেরও চিত্রস্বত্ব কোনও প্রযোজকের কাছে নাকি আটক আছে। মহেশকে চলচ্চিত্রে রুপান্তরিত করার প্রতি অনেকের লোভ থাকলেও গর্কে দিয়ে অভিনয় করানো বেশ কিছুটা কসরৎ সাপেক্ষ ব'লে সহসা কেউ ওদিকে এগ্ছেন না। এবং 'শেষপ্রশ্ন'-এর কমল চরিত্রকে পর্দায় প্রতিফলিত করা রীতিমত দ্বংসাহসিক ব্যাপার—তাই নয় কি?

সতিটে 'কমল'-এর মতো চরিত্র বাঙলা সাহিত্যে বিরল। 'একদিন যাকে ভালোবেসেছি কোনদিন কোন কারণেই আর তার পরিবতনি হবার যো নেই, মনের এই অচল অনড় জড়গর্ম স্মৃত্ত নয়, স্ফুলরও নয়'—একথা যে নারীর মুখ দিয়ে বেরোয়, তাকে অনেকেই দুরে রাখতে চেণ্টা করবেন। কমল জোর গলায় বলে, ''আমার দেহ-মনে যৌবন পরিপূণ', আমার মনের প্রাণ আছে। যৌদন জানব প্রয়োজনেও এর আর পরিবত্তনের শক্তি নেই, সেদিন ব্যব এর শেষ হয়েচে এ মরেচে।''—এমন বলা যে মেরে বলতে পারে, তার অগ্নাহুজন্ল চেহারার দিকে তাকাতে আমাদের ভয় হওয়াই স্বাভাবিক।

আশ্চর হয়ে ভাবি, শরংচন্দ্র তো লিখেছিলেন যথাওভাবে আমাদের এই বিংশ শতাব্দীর প্রথম পংয়হিশ কি ছহিশটা বছর। এবং তাঁর জীবনের অভিজ্ঞতা তো হয়েছে হয়েলী জেলার দেবানন্দপরে গ্রামের চারপাশ, বিহারের ভাগলপরে, মজঃফরপরে ও তাদের সন্মিহিত অওল এবং বর্মামর্ল্যকের প্রধানত রেজ্বলশহর থেকে। এবং তিনি তো নিজেই বলেছেন ঃ এত বেশী আত্মকথা ও অভিজ্ঞতার কথা আর কারো লেখায় পাবে না। বানানো গলপ লিখতে আমার মন ওঠে না। জীবনে যা দেখেছি, যা দেখে থাকি,—আমি তাই সাহিত্যে ফুটিয়ে তুলতে চাই। —তাই, আশ্চর্ম হয়ে ভাবি, কমলকে তিনি পোলন কোথায় ? এয়ে একেবারেই অনন্যা! আমাদের বাঙালীর ঘরের কথাছেড়েই দি; প্থিবীতে এমন কোন্সমাজ আছে, মেখানে বমলের মতো মেয়ে মাথা তুলে শ্রু ঘুনেই বেড়ায় না, পদন্থ বাজিদের দ্বারা সসন্মানে প্রজিত হয়?

জানি, শরংচন্দ্র যে-সমাজের বিরুদ্ধে তার শানিত লেখনী ধারণ করে-ছিলেন, সে-সমাজ আজ প্রায়শ অন্তহিত। তিনি অভয়ার মুখ দিয়ে যে-কথা বলিয়েছিলেন সে-কথা অক্ষরে অক্ষরে সত্য প্রতিপন্ন হয়েছে। আজ সেই সমাজ কোথায়, যে-সমাজ নারীর পান থেকে সামান্য চ্ব খসাও সহা করতনা, তার কঠিন শান্তি বিধান করত। বাঙালী হিন্দ্ সমাজের বহুই বিধানের বিরুদ্ধেই তিনি তীর প্রতিবাদ জানিয়েছেন ; এমন কি—বাল্যবৈধব্যের বিরুদ্ধেও। তিনি বলেছেন ঃ "যে লোকটা মারা গেছে, তারই গ্মৃতি বুকেরেথে সংসারের দিক থেকে মুখ ফিরিয়ে নিয়ে বাররত, তপজপ ইত্যাদি জ্যাঠামির আগনুনে জীবনের রস-কষ, সমস্ত মধুকে পর্টুদ্রে ভত্ম ক'রে ফেলার মধ্যে যে কি বাহদর্রি আছে, তা' আমি কিছ্বতেই ব্রুতে পারি না। একটা মরে যাওয়া লোকের জন্য প্রচুর সন্ভাবনাপর্গ জীবনকে মর্ভ্মি, নিংফলা করতে হবে, এ-বিধানের কোনই অর্থ হয় না।" চোথের সামনে তিনি দেখেছেন, তাঁর বংধ্ব বিভ্তিভ্রেণ ভট্টের বাল্যবিধবা ভন্নী নিরুপমা দেবীকে কঠোর বাররত, তপজপের মধ্যে ভ্রেব থেকে সংসারের সহজ আনন্দের প্রতি মুখ ফিরিয়ে থাকতে। কত বিরুদ্ধ সমালোচনার মধ্যেও তিনি তাঁকে অন্ব্রাণিত করেছিলেন সাহিত্যের কমলবনে প্রবেশ ক'রে উত্তরকালে একজন লখ-প্রতিষ্ঠ লেখিকা হিসেবে খ্যাতিলাভ করতে।

শরংচন্দ্র গত হয়েছেন ১৯৩৮ সালের ১৬ জানুয়ারী তারিখে অর্থাৎ দ্বিতীয় বিশ্বযুদ্ধ শরে; হবার এক বছর আট-নয় মাস আগেই। তিনি ভাগাবান যে হিরো-শিমা নাগাসাকিতে অ্যাটম বোম ফেলার মন্যা সভ্যতাবিরোধী কাল দেখেননি, দেখেননি মনুষ্য সূত্ত কাঁৱম দু:ভিক্ষের ফলে ৫০ লক্ষ বাঙালীর অপমৃত্যু. দেথেননি ১৯৪৬ এ ভারতে অনুষ্ঠিত হিশ্দু মুসলমান হত্যালীলা, দেখেননি তার ভারত মাতভমির অঙ্গচ্ছেদ এবং দেখেননি দেশবিভাগের ফলে উবাংতু হয়ে কোটী কোটী মানুষের মনুষ্যত্বীন হওয়ার চরম দুর্গতি। কিন্তু অপর দিকে দুঃখ রয়ে পেল যে, তিনি দেখে যেতে পারলেন না ভারত শাসনের ব্যাপারে যে ইংরাজের বিরুদ্ধে তার অভিযোগের অন্ত ছিলনা. মনে ছিল অনিব'াণ জনালা. সেই ইংরাজকে শেষ পর্যন্ত ভারত ছেড়ে চ'লে যেতে হরেছে. আর দেখে যেতে পেলেননা, যে বাঙালী হিন্দু সমাজের শত শত অনুশাসনের বিরুদ্ধে তার অকার লেখনী নিতা গরল উদ্গিরণ করেছে, স্মার্ত রঘুন দনের কঠিন শ্ৰথলা-বদ্ধ সেই বল্লালী সমাজ আৰু কি শহরে, কি গ্রামে ভেকে চুরমার হয়ে গিরেছে, তার পরিবত্তে সেখানে স্থান ক'রে নিতে চলেছে শাশ্বত মন্যা সমাজ, যা সকল বাধানিষেধের গণ্ডী পেরিয়ে অদরে ভবিষ্যতে একটি উদার আন্তর্জাতিক র প নিতে চলেছে। অতি ব্রন্ধিমান মান্ত কসব'স্ব সাহিত্য সমালোচকদের বিচক্ষণ মতকে অগ্রাহ্য ক'রে সেই আন্তর্জাতিক সমাজসৌধের চড়োর বাঙালী, তথা ভারতীর জনসাধারণ যে পতাকাকে উন্ডীন করবে. ভাতে স্বর্ণাক্ষরে সেখা থাকবে শরৎচন্দ ।

# নতুন করে পেতে হলে তপন সিংহ

প্রায় বিশ বছর আগে একটি ছবি দেখেছিলাম। নাইটস অব ক্যাবিরিয়া।
পরিচালনা করেছিলেন ফেড্রিকো ফেলিনি। এব টি বারবনিতার জীবন।
ছবির শেষ দৃশ্য দেখতে দেখতে চমকে উঠেছিলাম। এ যে শরংচণ্ডের কথা!
বারবনিতাটি চলেছেন হাজার হাজার তীর্থায়ারীর সজে দৃঃখে দৃঃসহ বেদনা
বিধ্রে হৃদয়ে শান্তি-জল স্পশের জন্যে। হাজার হাজার মোমবাতি—দ্রে
পাহাড়ে আধাে আলায় গীজ'।—মৃদ্ ঘণ্টাধ্রনি স্ব'ত সকাতর সকর্ণ
ব্যাপ্তি—শরংচণ্ডের সমাজে অনাদৃত, উপেজিত বহু চরিত্রের সমাপ্তি ষেমন
কাশী বা বৃশ্দাবনের পথে।

বাংলা ছবিতে শরংচারের অনুপ্রবেশ একটি ঐতিহাসিক ঘটনা। শা্ধ্য অনুপ্রবেশ বললে ভাল হবে, বলা যায় আবিভাবি। তার আগের যাংগ বেশীর ভাগ ছবিতে দেখা যেত নারদ বেশে ইন্দ্রালা আকাশ পথে উড়ে চলেছেন আর বীণাগাঞ্জিত মঞ্জা ভজনে দশক হাদয় রঞ্জিত হয়েছে। কিংবা চড়চড় করে ধরণী শ্বিধা হলেন এবং সীতা অন্ধ্কারের অন্তরেতে অন্তহিত হলেন।

শরৎ সাহিত্য বাংলা ছবির মোড় ঘ্ররিয়ে দিল । আর এমনভাবে বাংলা ছবির বুকের ওপর চেপে বসলো যে অর্থ শতান্দী গতান্তেও তার প্রভাব থেকে আজো আমরা মুক্ত হতে পারিনি। আজ লড়াই তক্রারের যুগ। এক-দিকে সাহিত্যাশ্রয়ী চলচ্ছবি অনা দিকে সমান্তরাল সিনেমা। বাংলা ছবি শুধু সাহিত্যাশ্রয়ীই নয় একেবারে শরৎ-সাহিত্যশ্রয়ী। বাংগালী পাঠক এবং দর্শক এমনভাবে তাঁকে অন্তর দিয়ে গ্রহণ করেছে যার নজির প্রথিবীতে কোথাও আছে বলে শুনিনি। প্রথিবীর কোন সাহিত্যিকের মোট একাছটিলেখার মধ্যে সাতচল্লিশটি চলচ্চিত্রে রুপায়িত হয়েছে এমন কথাও শুনিনি। একবার একজন প্রবীণ অভিনেতা একজন চিত্রপরিচালককে বলেন—'এই গরমে আর দাড়ি-টাড়ে পরিয়ে কেন কণ্ট দিছে ভাই। দাড়ি ছাড়াও তো রাসবিহারী হতে পারে। তাছাড়া রাসবিহারীর দাড়ি থাক বা না থাক ছবি তোমার

চলবেই। এমনকি তুমি যদি ক্যামেরার সামনে দাঁড়িয়ে গড়গড় করে শরৎ-চণ্ডের গলপটি দর্শকদের পড়ে শোনাও তাতেও চলবে।' বেশীর ভাগ শরৎ সাহিত্য দিয়ে তৈরী ছবিগন্লি উ'চুমানের হর্মন। প্রযোজক ভেবেছেন হাতে যখন শরংচন্দ্র তখন খরচ বাড়িয়ে লাভ কি? পরিচালক ভেবেছেন বেশী পরিপ্রমের প্রয়োজন কি, যখন শরংচন্দ্রের গলপ মানে গলপ এবং চিনোটা দ্বইই। কিন্তু মজা হলো এই নিচুমানের ছবি দেখার জন্যে নগরে গ্রামে হাটে গজে হাজার হাজার দর্শক ঝাপিয়ে পড়েছেন। একটিই নাম—শরংচন্দ্র। এই নাম মাহাত্মো আজকের বার বার তিন বারের 'দত্তা' সগোরবে চলেছে দ্বর্ণার গতিতে।

এই অসাধারণ সাফল্যের পিছনে আছে শরংচণের চরিত্র স্থি । চরিত্র-গর্লি কভটা রক্তমাংসের তা হয়তো তক' সাপেক্ষ এবং তিনি হয়তো খ্ব কাছে থেকে অন্বীক্ষণ দৃণ্টি নিক্ষেপ করেননি । একট্র দ্রের থেকে মমতা ভরা দ্বপ্ল ঘেরা কাব্যিক স্ম্মামন্ডিত একটি মন অপার কর্ণা নিয়ে দেখেছেন, আঘাত করেছেন, ভালবেসেছেন, ক্ষমা করেছেন । বিহ্নল দর্শক সেই চরিত্র-গর্লিকে অন্তরের অন্তরতম কোণে গ্রহণ করে শতধারায় অশ্রবর্ষণশেষে নিজেকে গ্রানিম্ভ করেছেন ।

প্রেমের গলেপ দত্তা, পরিণীতা, অনুরাধা, গৃহদাহ, স্বামী প্রভৃতির চিরন্তন গ্রিভুজের তিনটি বাহু বাংলা ছবিকে তিন দিক থেকে বেংধে রেখেছে। স্বভাবতই 'সমান্তরাল' এতে কুপিত। কিম্তু চিরন্তন গ্রিভুজের দাপটের কাছে সমান্তরাল এখনও স্থিমিত।

শরংচন্দ্র তুর্পের তাসের মত কিছ্ চরিত্রের মিছিল দিয়ে গেছেন যা ভাঙ্গিয়ে বা যা নকল করে বাংলা ছবি বেংচে আছে। যেমন কোনও আপনভোলা সংপ্রাণ চরিত্র—বড়দিদির স্বরেন্দ্রনাথ, বাম্বনের মেয়ের প্রিয়বাব্ব্, বিশ্বর ছেলের যাদব প্রভৃতি। এই ধরনের চরিত্রের কত শত নকল যে বেরিয়েছে—শ্বধ্ব চলচ্চিত্রেই নয়, সাহিত্যেও তার হিসেব নেই। দেবদাস নিজেই তো একটা ইনন্টিটিউশান। একটি মের্দেড্হীন মদ্যপ য্বকের মাত্যুতে একদিন আসম্দ্র হিমাচল বেদনায় বিমৃত্ হয়ে কেণ্দেছে। এমন নজিরও আছে যে বহু বঙ্গেল্ক নিষ্ম্পল্লীতে গেছেন চণ্দ্রম্থীর থোঁজে। চিরকালের প্রাতন ভৃত্য ধর্মদাস, রতন, বেহারী, আর একটি সংযোজন। নিরাস্ত উদাসী নায়ক যাকে চট করে নায়কার চোথে পড়ে এগরা তো সবাই

শ্রীকান্তের অবোগ্য শিষ্য। নারী চরিত্রের কথা বলতে গেলে পিতামহ ব্রহ্মার মত পাঁচটি মুখের দরকার। যদি বলি আজ প্রযন্ত কোন অতি আধ্নিক পরিচালকও কোন চরিত্রই তৈরী করতে পারেননি যা রাজলক্ষ্মী, বিজয়া, বিশ্দু, মেজাদিদ, অচলা, ভারতী, চল্রমুখী, সবিতা, পিয়ারী বাঈজী, কমল, সাবিত্রী, কির্ণময়ী প্রভৃতি আরো অজ্ঞ চরিত্রের একটা না একটার সঙ্গে মিল আছে। এই নানামুখী চরিত্রের মিছিলের আবেদন বাঙ্গালী ছাড়াও সর্বভারতীয়দের মধ্যেও সমান। একজন ভারতীয় হিসেবে স্বাই বোধহয় কোথায় যেন একটা একাত্মতা পান; তাই দেবদাস, পরিণীতা, রামের সমুমতি, মেজদিদি, প্রদাহা হিল্রের বাজারে সমান ভাবে আদৃত এবং কত শত যে নিল্ভিজ অনুকরণ হয়েছে বা এখনো হচ্ছে তার হিসেব নেই।

এবার একটি কথা সবিনয় নিবেদন করতে চাই পাঠক নিজগণে ক্ষম। করবেন। শরং সাহিত্য কি সতি।ই বিশ্নতে ? তাহলে ভার জন্মের শতব্যের্থ প্রকাশিত গ্রন্থাবলী সব নিঃশেষ কেন? কেনই বা শরৎচল্টের বই-এর চলচ্চিত্র-স্বত্বর দাম আজও সব চেয়ে বেশী ? এর একটিই যুক্তি—শরৎ-সাহিত্য বিস্মৃত নয়। কিন্তু এটাও ঠিক, শরৎ-সাহিত্য নিয়ে ভাল চলচ্চিত্র তৈরী হয়নি, অন্তঃ কিছু, বুণিধজীবী ঘাঁরা সিনেমাকে নতুন মিডিয়াম নিয়ে ভাবেন তাঁরা তপ্ত হতে পারেননি। আমার মনে হয় নতুন আম্গিকে শরৎ-সাহিত্য নিয়ে নতুনভাবে কাজ করার অবকাশ আছে। ধ**্**ন দেবদাস যদি আবার নতুন করে করা যায় যেখানে পার্ব'তী থাকবে না—দেবদাসের আত্মীয় পরিজন-বর্গ থাকবে না সমাজের কোন বাধাও থাকবে না শুখু থাকবে একটি সেট— চন্দ্রমূখীর বারোয়ারী ঘর। বহু মানুযের আনাগোনা— হঠাৎ একটি দুর্ব ল চরিত্রের ছেলে একদিন এলো। চন্দ্রমাখী নিজেকে নিঃশেষ করে তাকে সব কিছু, দিল যদিও ছেলেটি আর একজনকে ভালবাসে—তারপর ছেলেটি একদিন চলে গেল। ধর্ন আর একটি চরিতের কথা যাঁর নাম ব্রজবাব, রেণার বাবা। একজন প্রেয়ত্বহীন স্বামী। স্ত্রী স্বিতা পরপ্রের্মের স্থেগ গৃহত্যাগিনী হয়েছেন। রজবাব কিন্তু সবিতাকে ভালতে পারেনি। অর্থাৎ রেণার বাবা রেণ্বর কুলত্যাগিনী মার প্রতি শ্রম্থাশীল। এ কি স্তিাকারের শ্রম্থা না নিজের অক্ষমতাকে ঢাকবার অকু•ঠ প্রয়াস। ব্রজবাবকে নায়ক করে যদি একটি ছবি করা যায় ? জানিনা একটি পারাযুত্তীন মানাযুকে নিয়ে, তার দিবধা দ্বন্দ্ৰ, তার অন্তর্ণদূল্যি দিয়ে এদেশে কোন ছবি হয়েছে কিনা। আমার ইচ্ছে

'রামের স্মতি' নিয়ে একটি শিশ্বদের জন্যে ছবি করি। বেথানে রামের বদলে তার ভাইপো শিশ্ব গোবিন্দ হবে নায়ক। বাড়িতে রামকে নিয়ে বড় তুফান অশান্তি স্বটাই কিন্তু গোবিন্দের কাছে মজার ব্যাপার, শ্বাম্ম যথন ভার দেওর রামের প্রতি বেশী দেনহ দেখান তথন খ্ব হিংসে হয় খ্ব রাগ হয়—তথন সে শত্বপক্ষের সেনাপতি দিদিমার দিকে যোগ দেয়। চরিহেইনির কির্ণময়ীকে নায়িকা করে ছবি করলে কি রবম হয়? সতীশ, সাবিহী, উপেনের অতি নাটকীয়তা হজনি করে দিভেজাল কিরণময়ীর দ্ভিউভংগী নিয়ে অন্তর্গাকের সমীক্ষায় নতুন দরজা খ্বলে দেওয়া যেতে পারে।

হাটেমাঠে ঘাটে ক্যামের। ঘ্রিংয়, আধো নীরব আধো নীরস শাণ্দ্যোজনা করে, আধা তথ্যচিতের নামে নতুন হরনের ছবির দিন শেষ হয়ে এসেছে। প্রথিব বীতে অতি আধ্বনিক ছবি হল চরিত্র সমীক্ষা—ভাও নেগেটিভ ইনভেণ্টিগেশন। জীবন শা্ধ্ব সচেতনতার মধ্যেই সীমাবন্ধ নয় বলে অবচেতন মনের সমীক্ষা নিয়েও কাজ চলেছে। এখন চলচ্চিত্রের মাধ্যমে শরৎ সাহিত্যের চরিগ্রেলির নতুন সমীক্ষা করলে কেমন হয়। ঝড় উঠবে, লড়াই তক্রার শা্রু হবে, সে তো ভালই! এটা তো তক'-বিতল্ডার যাগ।



শরংচদের সহজ, দ্বাভাবিক, বিদ্ময়কর, প্রয়াসবিদ্ধিত রীতি এবং তাঁর হাদয়ের পরমাশ্চর্য অকৃত্রিমতা,—বোধ হয়, তাঁর গলপ-উপন্যাসের সজে তাঁর সমকাল ও উত্তরকালের বাংলা কথাসাহিত্যের কথা ভাবতে গেলে পাঠকের মনে এই দুটি বৈশিন্টাই সর্বাধিক মনে পড়ে। রবীন্দ্রনাথের আয়্বালের মধ্যে এবং রবীন্দ্র-প্রতিভার পূর্ণ গোরবের মধ্যে বাস করে তিনি নিজদ্ব যে দ্বাক্ষর রেখে যেতে পেরেছেন, তার তুলনা মেলে না। একথা ঠিকই যে, রবীন্দ্রশরতের সমকালে আরো অনেক শক্তিধর গলপকার ও উপন্যাসিক এসেছেন, কিন্তু শরংচন্দ্রের জ্বড়ি মেলে না। কথাসাহিত্যের ক্ষেত্রে "শরংচন্দ্রের উত্তরকাল" কথাটা আজাে একট্ 'অনিদিন্ট মনে হয়, কারণ, জগদীশ গ্রন্থ বিভ্তিভ্যণ, তারাশন্দর, শর্দিন্দ্র, মানিক বন্দ্যোপাধ্যায়, বনফ্ল, প্রমেন্দ্র মিয়, লীলা মত্মদার, ব্লেদেব, অল্লদাশন্কর, প্রবাধকুমার সান্যাল ইত্যাদি অনেকেই রবীন্দ্র-শরংচন্দের সমকালীন। তাঁরা উত্তরকালীন নন। আরো উত্তরবতী জাতক যাঁরা, তাঁরাও শরং-উদ্দীপিত—বিচিত্রভাবে,—কেউ আন্ব্রগত্যে, কেউ বা প্রতিবাদে।

সতীনাথ ভাদ্ড়ৌ, বিমল মিত্র, সমরেশ বস্, সন্তোষ কুমার ঘোষ, জ্যোতিরন্দ্র নন্দী, নরেন্দ্রনাথ মিত্র, নবেন্দ্র ঘোষ, নারায়ণ গজোপাধ্যায়, বিমল কর, রমাপদ চৌধ্রী, মহাশ্বেতা ভট্টাচার্য এবং আরো সব প্রিয় লেখক-লেখিকারাই বরং শরৎ-পরবতী । শ্রীমতী আশাপ্রণা দেবীকেও শরৎ-পরবতী বলতে হয়, কিন্তু মনে-প্রাণে তিনিও তা নন। এইরকম আরো অনেক লেখক লেখিকার নাম মনে উন্জর্ল হয়ে আছে, কিন্তু এই নিবন্ধের দায়িছ অন্য রকম। শরৎচন্দ্রের পরবতী লেখকদের নামের তালিকা সরবরাহ করা এই রচনার অভিপ্রায় নয়। শরৎচন্দ্রের বিশ্বাস, সংস্কার, আশ্রয়বোধ বা নিরাশ্রয়তা, — তার নারীর জগৎ, তার প্রশ্বিষ্ঠতি থেকে নতুনতর পরিস্থিতির ব্যবধানের

দিকটিই বিবেচ্য—এবং সে-সবও এথানে যথাসাধ্য বীজাকারে প্রদেয়। এথানে সেই প্রয়াসই আসল কথা।

শরংচন্দের জীবনীর ব্যাপারে বিতকের অন্ত নেই। নাট্যকার শ্রীষ্ট মন্মথ রায় তাঁর একাবিক নাটিকায় শরং-জীবন রুপারিত করেছেন। হেমেন্দ্রকুমার রায়, স্বেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, অবিনাশ চন্দ্র ঘোঘাল, সোরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, নরেন্দ্র দেব, ইন্দ্র মিত্র, রাধারাণী দেবী প্রমুখ অনেকেই তাঁর জীবনের বিভিন্ন ঘটনা জানিয়েছেন—তুলসীচরণ গোন্বামী, স্বেন্দ্রনাথ মৈত্র এবাও তাঁর গুনুপ্রাহী ভক্ত ছিলেন, তবে এবদের শরং-প্রাসন্ধিক খুব বিন্তৃত রচন। বিশেষ কিছ্ব নেই। সুভাষ্ম-চন্দ্রের প্রতি অশেষ লেহ ছিল তাঁর এবং চিত্তরঞ্জন দাশের গুনুবামুক্ধ ছিলেন তিনি।

অধ্যাপক সন্বোধ্চন্দ্র সেনগাপ্ত যে শরং-সমালোচনায় প্রথম ও বিশেষ অধিকারী পথিকং, সে বিষয়ে সন্দেহ নেই। কিংতু শরংচন্দ্রের জীবনের স্থালে সাক্ষ্যে সব ঘটনা শরংচন্দ্রের অঞ্জ্ঞর বন্ধ্রোও জানতেন না। তিনি একজন প্রতিভাধর, বহুপ্রিচিত অনতি গ্রাত-অন্তজীবিনের মান্ধ !

শ্রীয<sup>ু</sup>ক্ত গোপাল চন্দ্র রায় অনেকদিন থেকে শরংচন্দ্রের জীবনের ঘটনা খ্রাজ খ্যাজ দেখছেন। জনমশতবামিকি সংস্করণের শর্প-রচনাবলীর প্রথম খন্ড বইখানির শেষদিকে শরংচণ্রের সংক্ষিপ্ত জীবনী ছাপা হয়েছে— যাতে ১৮৭৬ খ্রীণ্টান্দে ১৫ই সেপ্টেম্বর (৩১শে ভাদ্র, ১২৮৩) তারিখে তাঁর জন্ম থেকে শুরু করে তাঁর জীবনের কথাই বলা হয়েছে। পাঁচ বছর বয়সে দেবানন্দপার গ্রামে প্যারীপন্ডিতের (বল্দ্যো-পাধ্যায় ) পাঠশালায় দ্র-তিন বছর অধ্যয়ন, তারপর দেবানন্দপ্রেই সিদ্ধেশ্বর ভটাচার্য'-এর ইন্কলে প্রবেশ অর্থাৎ আন্মানিক আট বছর বয়সে ঐ দ্বিতীয় ইম্কুলে প্রবেশ ও সেখানে—কে ট বলেন "বছর তিনেক" কেউবা আরো একট বেশি অর্থাৎ আনুমানিক চৌন্দ বছর পর্যন্ত, সেখান থেকে পিতা মতিলাল চট্টোপাধ্যায়-এর নতুন কর্মস্থলে বিহারের ডিহিরির অদ্বের শরংচন্দের মাতৃলালয় ভাগলপুরের গাঙ্গুলী-বাড়ীতে অবস্থান এবং সেথানকার "দুর্গাচরণ বালক বিদ্যালয়ের ছাত্রবৃত্তি ক্লাসে" ভতি হওয়া, অতঃপর—১৮৮৭ খানিটাকে ছার্ব্র-ভিতে উত্ত্রীণ শরংচন্দ্র ভাগলপারের জেলা ম্কুলে সেকালের সপ্তম শ্রেণীতে (একালের ক্লাস ফোর) ভতি হন বলা হয়েছে। একালের 'ক্লাস

'ফোর' কথাটি ঠিক নর । একালে মানে কোন্ কালে ? একালে ফাকে 'ক্লাস ফোর' বলা হয়, সে কি প্রাথমিক শেন্নীর ইস্কুলে বিদ্যমান ? জেলা ইস্কুলে হয়তো তা ছিল এবং প্রাথমিক-শেন্নীতে যাই থাক, সেকালের হাই-স্কুলের স্বর্ণনিম্ম ক্লাস ছিল সাধারণতঃ অন্টম শেন্নী—এখন যার নাম 'ক্লাস গ্রী'। উত্তরোত্তর সপ্তম, ষন্ট, পশুম, চতুর্থ', তৃতীয়, বিতীয়, প্রথম শেন্নীক্রমে উত্তীর্ণ হয়ে পরিশেষে প্রবেশকা দিতে হোতো সে-সময়ে।

শরংচনদ্র ১৮৮৮ খ্রীণ্টাব্দে 'সেভেনথ্কাস থেকে' ডবল প্রমোশন পেরে 'ফিফ্র্কাসে' উঠেছিলেন—এ খবর ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় নিশ্চয় জানতেন না, কারণ বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্ডক প্রকাশিত

তাঁর সংক্ষিপ্ত জীবনীতে এসব কথা নেই। ব্রেক্টেনাথ লিখেছিলেন—"তিনি ১৮৮৭ খ্রীণ্টাব্দে ভাগলপ্রে ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইরা প্রবাসী বাঙালীদের প্রতিণ্ঠিত স্থানীয় দ্বর্গচিরণ এম, ই, ম্কুলে প্রবিষ্ট হন। ইহার কিছ্,দিন পরে শরৎচদ্রের পিতা সপরিবারে দেবানন্দপ্রে ফিরিয়া আসেন। এই সময়ে শরৎচদ্র হ্বগলী ত্রাণ্ড ম্কুলে বিদ্যাশিক্ষা করিতেন। কিছ্কাল পরে ভাগলপ্রে আবার তাঁহার পিতার ডাক পড়িল। শরৎচন্দ্র ভাগলপ্রে টি; এন, জ্বিলী কলেজিয়েট ম্কুলে ভতি ইলেন। এখান হইতে ১৮৯৪ খ্রীণ্টাব্দে আঠার বৎসর বয়সে প্রবেশিকা পরীক্ষা দিয়া তিনি দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। তবে বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে পরীক্ষা-দানকালে তাঁহার বয়স ১৫ বংদর ৩ মাস ছিল বলিয়া উল্লেখ পাওয়া যায়। ম্কুলে পড়িবার সময় ১৭ বংসর বয়স হইতেই তিনি গল্প-উপন্যাসাদি লিখিতে আরশ্ভ করেন। তাঁহার নেতৃত্বাধীনে একটি ক্ষুদ্র সাহিত্যসভাও পরিচালিত হইত। সভার মুখপাত্র ছিল 'ছায়া' নামে একখানি হাতে লেখা কাগজ।"

না, ভাগলপ্রের স্কুলে ডবল প্রমোশনের কাহিনীটি গোপালবাব্ কোন্
স্তে পেয়েছেন জানা যায় নি। শরংচন্দ্র সন্বশেষ কিংবদক্তীবজিও জীবনী
নেই। ১৮৯৪ খ্রীন্টান্দের পরীক্ষা-প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে তার
১৫ বছর ৩ মাস বয়সের কথাও এই সংক্ষিপ্ত জীবনীতে অনুল্লেখিত। শরংচণ্টের ছোট মামা বিপ্রদাস ভাগলপ্রের মহাজন গ্লেজারীলালের কাছ থেকে
টাকা ধার করে নাকি ইস্কুলের বেতন ও পরীক্ষার ফী-এর টাকা দিয়েছিলেন,
এই খ্বরটুকুও পাওয়া গেল। ব্রজেন্ট্রনাথ এসব দেন নি। শরংচন্ট্রের ছেলেবেলার অর্থাকন্ট একটি স্ক্রিচিত সংবাদ। এই প্রসঞ্চে প্রথমনে

নিশ্পরোজন । পিতা মতিলাল 'বরজামাই' বলে নিশ্দত হতেন, এ খবরও সন্পরিচিত লোকশ্রতি । অতএব নানা প্রতিকূলতার মধ্যেই তাঁকে ভাগলপ্রের কলেজে ভতি হতে হয়েছিল এবং অনেক কণ্টে সেই স্বল্পস্থায়ী কলেজ-জীবন পেরিয়ে দন্' বছর পরে এফ, এ, পরীক্ষার ফী জমা দেওয়া গেল না বলেই তিনি স্কুল কলেজ ছেড়ে, মান্ষের পরিণততর বৃহৎ জীবনের বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেন । কলেজ ছাড়ার আসল কারণ কী শন্ধন্ অর্থাভাব ? অন্য কিংবদ্ধীও শোনা যায় ।

ভাগলপ্রের আদমপ্র ক্লাবের কুমারবাহাদ্রের প্রসঙ্গ তাঁর জীবনীর একটি বিশেষ স্মরণীয় তথ্য বলে মনে হোতো। উপেন্দ্রনাথ প্রমাধ্যের বইয়ে এ-প্রসঙ্গের গ্রেছ স্বীকৃত ব'লে মনে হয়েছিল। কিন্তু প্রেণিক্ত সংক্ষিপ্ত জীবনীতে তিনিও জায়গা পান নি। তবে, সে ভাগলপ্রের আডডার উৎসাহী সদস্য রাজেন মজ্মদারের নাম আছে, কারণ রাজেন-ই যে 'শ্রীকান্ত' উপন্যাসে ইন্দ্রনাপের ভূমিকায় এসেছিলেন, সেকথা কি ভোলা যায় ? শরংচন্দ্রের ছেলেবলা থেকেই লেখক-শরংচন্দ্রের মধ্যে এক ধরনের নিরাশ্রয়বোধ কাজ করেছে। আথিক কন্ট, স্লেহের অভাব—প্রতিভার বিষাদ সবই ছিল। এসবের প্রণ্ বিবরণ কি সন্তব ? উত্তরকালের বাংলা কথাকারদল অলপবিস্তর অন্তর্ম অভিজ্ঞতার ফসল। কল্লোল-কালিকলম-প্রগতির সঙ্গে শরংচন্দ্রের ভাব-জীবনের এ-মিল অবশাই ধর্তব্য। তবে কল্লোলের ব্রুদ্ধেব-অচিন্তা অবশাই মস্পতর জীবনের স্থোগ পেয়েছিলেন।

১৮৯৫ খ্রীন্টান্দে শরৎচদের জননী ভূবনমোহিনী দেবী লোকান্তরিতা হন। মাজিলাল অতঃপর তাঁর ছেলেমেয়েদের নিয়ে সেই ভাগলপ্রেরই ২ঞ্জরপরে এলাকার একটি মাটির বাজিতে উঠে যান। হাওড়া জেলার বাগনান অঞ্চলে শরৎচদের বড়ো বোন অনিলা দেবীর বিয়ে হয়েছিল তার আগেই। এই পরিস্থিতিতে শরৎচদে তাঁর জীবনের নতুন অংগ্রের জন্যে প্রতুত হাছিলেন এবং ইতিমধ্যে ভাগলপ্রেই শরৎচদের বিছ্ কৈশোরক আকর্যণ ঘটেছিল বৈভূতিভূষণ ভট্টর বালবিধবা বোন নির্পমা সম্বদেশ। কিল্পু এই অতিপ্রচারিত ঘটনাটিও বিতকাতীত নয়। নির্পমা তাঁকে কতোটা আকর্ষণ করেছিলেন, শরৎচদের আয়ুক্লালের মধ্যেও সে বিষয়ে যেমন কিছু কিছু লোকশ্রতি ছিল, পরেও তেমনি ঘটেছে—তবে তাঁর জাম শতব্যের আলোচনায় সেপ্রস্ক একট্র বোশ জ্যার দিয়ের বলা হয়েছে। রাধারাণী দেবী অনেক কথা

বলেছেন, যদিও অন্র্পা তার জীবনের শেষদিকে এ-সবের প্রতিবাদ করেছিলেন।

নির্পমার 'আনপ্রণার মশ্দির' শরংচন্দ্র সংশোধন করেছিলেন। তবে
নির্পমা আমাদের লেখিকাদের মধ্যে নিঃসন্দেহে একজন বিশেষ শক্তিমরী
লেখিকা ছিলেন। তাঁর উত্তরজীবনের রচনাগ্রনিই তার প্রমাণ। শরংচন্দ্রের
সঙ্গে তাঁর নৈকট্য সেকালে অসম্ভব ছিল। উত্তরকালে সে ঘটনা তো ইতিহাসের অতিক্রান্ত প্রসঙ্গ। শরং-নির্পমা রোমান্স উর্বর অলস মন্তিক্রের
কম্পনা বলেই আমার বিশ্বাস—যদিও রাধারাণী দেবীর মতামত সম্বন্ধে আমার
কৌত্রল অন্স্বীকার্য।

শরৎচন্দ্র 'শ্রীকান্ত' প্রথম পর্বের শ্রের্তেই লেখেন—'আমার এই 'ভবঘ্রের' জীবনের অপরাহ্ম বেলায় দাঁড়াইয়া ইহারই একটা অধ্যায় বলিতে বসিয়া আজ কত কথাই না মনে পড়িতেছে।' শরৎচন্দ্রের উপর তব্ নৈভ'র করা যায়—কারণ, নিজের জীবনের সব ঘটনাই তিনি জানতেন। নির্পমাতেই তাঁর প্রথম সমরণীয় নারী-প্রজা ঘটোছিল, নাকি আরো আগে আরো দৃটোন্ত ছিল, সে সবই প্রেক প্রথক ব্যক্তির কলপনা-অনুমান-কিংবদন্তীর ব্যাপার। তাঁর গভীর ভাবজীবনের চেউগর্লি তিনি নিজে নিশ্চয় ভোলেন নি।

মজঃফরপ্র থেকে তাঁর পিত্বিয়ে।গের খবর পেয়ে ভাগলপ্রে ফিরে অকদ্মাৎ একদিন তিনি কলকাতায় চলে আসেন। তারপর ১৯০৩ খ্রীন্টান্দেবর্মায় চলে যান।

তথন পর্যন্ত জীবনের যে অভিজ্ঞতা তিনি পেয়েছিলেন, তাতে বংতুদ্দিট তীক্ষা হবার সুযোগ কম ছিম না, মমতার তৃষ্ণাও ছিল, নারীর মাধ্যুর্য এবং রিক্ততা দুই-ই তাঁর অনুভবে এসে থাকা স্বাভাবিক এবং ভাগলপ্রের আদমপ্রের ক্লাব আর কুমার-বাহাদ্র তাঁর সোখীন শিল্পী-মনের অবিস্মরণীয় স্মৃতি।

এই দ্মৃতি আর অভিজ্ঞতা নিয়ে, যথার্থ কোনো তীর নারীসঙ্গের আশ্রয় না পেয়ে শরংচন্দ্র তার শিল্পী-মনেরই আশ্রয় সন্ধানে এবং জীবিকা ও সমাজসঙ্গের অনুসন্ধানে বর্মায় গিয়েছিলেন বলে আমাদের বিশ্বাস হওয়া অসংগত নর এবং 'আশ্রয়' মানে যে গৃহসুখ নয়, 'ভবঘুরে' শরংচন্দের সে-বিষয়ে প্রেপংকার আরো স্দৃত্ হয়। তার সাহিতাের যে দিকটাতে 'আধ্নিকতা', সে দিকটা এই নিঃসঙ্গতার গভীর ও অনিবার্ষণ তাড়না।

কণ্ট,—গৃহস্থবিম্থতা, নারী-হৃদেয়ের প্রতি আকর্ষণ ও সংসারের বশ্বনের প্রতি অনীহা,—সামাজিক ও ব্যক্তিক ক্ষেত্রে অপ্রীতিকর বিভিন্ন বৈষম্যের বোধ—এইসব দিক তার অনুক্ষ বাঙালী কথাসাহিত্যিকদের মধ্যে তার প্রতিকৃতি বা 'ইমেক্স'-এর কাজ করেছে। কী ভাষায়, কী লিখনভাঙ্গতে তার জীবন-নিরীক্ষার অকৃত্রিম সরসতা যে পরমাশ্চর্য প্রসাদগ্রেণ চিহ্নিত, তার অভিবাক্তি যতোটা বিভ্তিভ্ষণ বশ্দ্যোপাধ্যায়ের রচনাদীপ্তিতে এবং যতোটা তারাশক্ষরের মধ্যেও ততোটা মোটেই 'কল্লোল'-গোষ্ঠীর রীতিতে ঘটে নি। কল্লোলের খ্যাতনামাদের মধ্যে শ্রীষ্ক্ত প্রেমেন্দ্র মিত্র ও শ্রীষ্ক্ত প্রবোধ-কুমার সান্যালই ভাষাভাঙ্গর দিক থেকে অনেক ক্ষেত্রে তাঁর অলপবিস্তর সামিহিক্ত ছিলেন। এই মন্তব্য আপ্রবাক্য নয়।

# দূই

১৮৭৬ থেকে ১৯০৮ এই বাষটি বছরের আয়ু নিয়ে এসেছিলেন শরংচন্দ্র চট্টোপাধ্যায়। তিনি যখন জন্মগ্রহণ করেন, তখন বিভিন্নচন্দ্র আমাদের প্রবল প্রতাপাশ্বিত সাহিত্যসমটে। তাঁর 'বিষব্ক্ল', 'চন্দ্রশেখর' পর্যন্ত বেরিয়ে গেছে, 'কৃষকান্তের উইল' তখন প্রকাশ-আসয়। 'কমলাকান্ত', 'লোকরহস্য' প্রভৃতি রচনায় দেশের দ্রবক্ষার কথা তিনি নানাভাবে বলেছেন। ১৮৭৫-৮০র মধ্যেই রবীন্দ্রনাথের প্রথম দিকের লেখাগালি বেরাতে আরন্ভ করে। শরংচন্দ্রের জন্মের বছর যোলো আগেই দীনবন্ধার 'নীলদপণি' বেরিয়ে গেছে। বিধবাবিহাহ সম্পর্কিত তর্ক'-বিতকৃ', আইন-কানান ইত্যাদি আরো আগেকার ঘটনা। দেশে ব্যাপক শিক্ষার অভাব, শিক্ষাপ্রসারের ক্ষেত্রে উদ্যমহীনতা, স্ত্রীশিক্ষা ও স্ত্রীম্বাধীনতার দৈন্য ইত্যাদি পরিস্থিতির বিরাধে লড়াই চলছিলই। রামমোহন, বিদ্যাসাগর, ভাদেব, বিভন্ম এবং আরো অনেকে দ্বঃখের চেহারা দেখেছেন এবং সে দ্বেখ দ্বের করার উপায় ভেবেছেন, লিখেছেনও। দারিদ্রা, কুসংস্কার, জাতিভেদ, মাতৃভাষার প্রতি অবহেলা এবং সর্বাধিক দ্বঃখ প্রাধীনতার প্রানি—এই সবের মধ্য দিয়েই এগাতে হয়েছে তখনকার প্রতিভাধর লেখক, কবি, দিলপীকেও।

তার অনেকদিন পর ১৯২২ খনীন্টাব্দে যখন 'শ্রীকাস্তের' ইংরেজী অন্-বাদ প্রকাশিত হয়, সে-বইয়ের ভ্রমিকায় টমসন সাহেব শরংচন্দ্রের এক আত্ম-পরিচয়মলেক বিবৃতি ছাপেন—যার বঙ্গান্বাদ বেরিয়েছিল ১৩৪৪ সালের

'বাতায়ন' পুত্রিকার শরং-দ্মূতি সংখ্যায়। সেই লেখাটির প্রথম তিনটি বাক্যেই শরংচন্দের শৈশব ও যৌবনের দৃদুর্শার উল্লেখ ছিল—''আমার শৈশব ও যৌবন ঘোর দারিদেরে মধ্য দিয়ে অতিবাহিত হয়েছে। অথের অভাবেই আমার শিক্ষালাভের সোভাগা ঘটেনি। পিতার নিকট হতে অন্তির স্বভাব ও গভীর সাহিত্যানুরাগ ব্যতীত আমি উত্তরাধিকার সূত্রে আরু কিছুইে পাই নি।'' তাঁর গল্প-উপন্যাসের মধ্যে তো বটেই, দেশের দ্যুখের কথা এবং দেশগঠনের নানা চিন্তা তাঁর 'নারীর মূল্য' (১৩৩০), 'তর্বের বিদ্রোহ' (১৯২৯), 'স্বদেশ ও সাহিত্য' (১৩৯), প্রভৃতি সন্দর্ভ'গুলিতে ছডিয়ে আছে। 'পথের দাবী' (১৯২৬) উপন্যাসে বিশেষভাবে দেশের স্বাধীনতা-সংগ্রামী সংগ্রাসবাদীদের কথাও সঃপরিচিত। 'পল্লীসমাজ' (১৯১৬), 'অরক্ষণীয়া' (১৯১৬) ইত্যাদি কাহিনীতে ির্তান দেশ, সমাজ, বাজি জীবন—তিন ক্ষেত্রেই দুঃখের খুবেই বাস্তব প্রন্থিত্রাল দেখিয়ে গেছেন। তাঁর 'মহেশ', 'অভাগীর স্বর্গ', 'রামের স্মৃতি' কে না জানেন ? 'পল্লীসমাজ' সম্বশ্বে কথাসূতে তিনি লেখেন—''রমার মত নারী ও রমেশের মত পারাষ কোনো সমাজেই দলে দলে ঝাঁকে ঝাঁকে জনমগ্রহণ করে ন। উভয়েইর সাঁমলিত পবিত্র জীবনের মহিমা কল্পনা করা কঠিন নয়। কিল্তু হিন্দুসমাজে এ সমাধানের স্থান ছিল না। তার পরিণাম হল এই যে, এত বড় দুটি ম্রপ্রাণ নর-নারী এ জীবনে বিফল, স্থদয়ম্বারে বেদনার এই বার্তাটুকুই যদি পেণছে দিতে পেরে থাকি, ত তার বেশি আর কিছু; করবার আমার নেই ।"

'শ্রীকান্ত' চতুর্থ' পর্বে কমললতা আর গহরের কথা প্রসঙ্গে এই সংলাপটুকু মনে পড়েঃ

"কহিলাম, গহরকে দেখলাম সে উঠোনে বসে। তাকে **কি তোমরা** ভেতরে যেতে দাও না।"

रेवस्वी कींश्न, "ना।"

এবং তারপর কমললতার উদ্দেশ্যে শ্রীকান্তর এই উক্তিটি :

"কিন্তু তোমাদের ঠাকুরের সঙ্গে তোমরাও বড় কম তামাসা করচ না।''

একই সূত্রে মনে দেখা দেয় তাঁর 'দেনা-পাওনা'র (১৯২৩) এককড়ি, মগের-সর্বার, শিরোমণি, তারাদাস ঠাকুর, জীবানন্দ, ষোড়শী, জনাদনি রায়, নির্মাল, হৈম এবং পারের চন্ডীগড় গ্রামখানি। এবং সেই শেষ প্রহরের সংলাপঃ

"জ্বীবানন্দ তাহার মাথের প্রতি চাহিয়া কহিল, কিন্তু আমার প্র**ারা** ?

তাদের কাছে আমাদের পরে ্যানকেমে জমা করা ঋণ ?"

` যোড়শী তাহার দৃণ্টি এড়াইয়া চুপি চুপি বলিল; "প্র ্যানকেমে

আমাদের তা শোধ দিতে হবে।"

## তিন

তাঁর 'বালাস্মৃতি'র গদাধর ঠাকুরকে দেখতে পাই। সেজদাদা পণ্টাশযাট টাকা দামের একটা ল্যাম্প কিনে এনেছিলেন। কৌত্তলবশে সেটি
নাড়াচাড়া করতে গিরে সেই সেজদাদার ছোটভাই সেটার কাঁচের চির্মান ভেলে
ফেলে; কিন্তু সমস্ত অপরাধের দায়ী হতে হয় গদাধর ঠাকুরকে। মেজদাদা,
সেজদাদা সকলেই বিমুখ হয়ে নিরীহ গদাধরকে বরখান্ত করে দেন। শরংচদেরর
সেই স্মৃতির শেষ কথাগ্রিল এই ছিল ঃ "কত বংসর কাটিয়া গিয়াছে। আজও
সেই গরীব গদাধর ঠাকুর আমার ব্বকের আধ্যানা জ্বিড়য়া বসিয়াছে।"

অচিন্তাকুমার দ্ব'একটি ক্ষেত্রে এই দরদের প্রতিধর্বনি ঘটিয়েছেন তাঁর রচনায়,—বিভূতিভূমণ ও তারাশঞ্কর বন্দ্যোপাধ্যায় অনেক ক্ষেত্রেই, মানিক বন্দ্যোপাধ্যায়ও কোনো কোনো ক্ষেত্রে, কিন্তু শরং-পরবর্তীদের অধিকাংশ কথা-সাহিত্যিকই ঠিক এরকম সরল দরদের শিল্পী নন। তাঁদের সমবেদনা আন্তরিক. কিণ্ড অন্যায়ের প্রতিবাদের দ্বীতি আরো শিল্পিত বিদ্রুপ-বিব্রক্তি-চিহ্নিত। শরৎচদ্রের বাকের শাধ্য আধ্থানাই নয়, তাঁর সমস্ত বাক জাডে বিদামান ছিন্স তাঁর স্বদেশ ও সাহিত্য। ১৩২২ সালে 'নারায়ণ' পৃত্রিকায় দেশবন্ধ: চিত্তরঞ্জনের অশেষ গালগ্রাহী এই শরৎচন্দ্রই মহাত্মা গান্ধীর চৌরি-চৌরার পরবত<sup>া</sup> আম্দোলন প্রত্যাহার প্রসঙ্গে লেখেন—"সিম্ধ**ু হইতে আসাম** ও হিমাচল হইতে দাক্ষিণাতোর শেষ প্রান্ত পর্যন্ত সমস্ত অসহযোগপন্থীদের মাধ হতাশ্বাস ও নিজ্ফল ক্রোধে কালো হইয়া উঠিল এবং অনতিকালবিলদেব দিল্লীর নিখিল ভারতীয় কংগ্রেস কার্যকিরী সভায় তাঁহার মাথার উপর দিয়া গ্রপ্ত ও বা**ন্ত** লাঞ্ছনার যেন একটা ঝড় বহিয়া গোল। কিম্তু তাহাকে টলাইতে পারিল না। একদিন যে তিনি সবিনয়ে ও অত্যন্ত সংক্ষেপে বলিয়াছিলেন, ''I have lost all fear of man"—জগদীশ্বর ব্যতীত মান্ত্র্যকে আমি ভয় করি না —এ সত্য কেবল প্রতিক্ল রাজশব্তির কাছে নয়, একান্ত অনুক্ল সহযোগী ও ভক্ত অন্ট্রেদিগের কাছেও সপ্রমাণ করিয়া দিলেন।'' দেশের নেতাকে দেশের দৃঃখ দ্র করার তপস্যায় মগ্ন থাকতে হয়—এবং দেশগঠনের যথার্থ উদাম কাজে, বাবহারে, পরিণামে সর্বনিয়োগ উত্তীর্ণ হয়ে তবেই সার্থক হয়। তাঁর এই বিশ্বাসই তিনি তাঁর 'মহাত্মাঞ্চা' নামে সেই নিবন্ধে লেখেন। চালাফির দ্বারা কোনা মহৎ কর্ম হয় না—বিবেকানন্দের এই উদ্ভিরই উদাহরণ দেখেছিলেন তিনি গান্ধীঞ্জীর মধ্যে। তাঁর এই মন্তব্যটি তাই সমরণীয়ঃ

"কোন দেশ যথন স্বাধীন সম্ভ ও স্বাভাবিক অবস্থায় থাকে, তথন দেশাপ্সবোধের সমস্যাও খ্ব কটিল হয় না, স্বদেশপ্রেমের পরীক্ষাও একেবারে নিরতিশয় কঠোর করিয়া দিতে হয় না। দেশের নেতৃস্থানীয়গণকে তথন পরম যত্নে বাছাই করিয়া না লইলেও হয়তো চলে। কিন্তু সেই দেশ যদি কথনও পীড়িত, রয় ও মরণাপয় হইয়া উঠে তথম ঢিলাঢালা কর্তব্যের আর অবকাশ থাকে না। তথন এই দয়দিন য়াঁয়ারা পার করিয়া লইয়া য়াইবার ভার গ্রহণ করেন সকল দেশের সমস্ত চক্ষের সম্মুখে তাঁহাদিগকে পরার্থপিরতায় অগ্নি-পরীক্ষা দিতে হয়। বাক্যে নয়,—কাজে, চলাকির মারপাগঁচে নয়—সরল সোজা পথে, স্বাথের বোঝা বহিয়া য়য়,—সকল চিন্তা, সকল উদ্বেগ, সকল স্বার্থ জন্মভূমির পদপ্রান্তে নিঃশেষে বলি দিতে হয়।"

রাজনীতি, সমাজসেবা, পল্লী উন্নয়ন, ইত্যাদি বিভিন্ন ধারায় তাঁর আগ্রহ প্রবাহিত হয়েছিল। সংস্কার ও প্রগতির দায়িত্ব তিনি মননগানে মেনেছেন এবং তাঁর সা্ভিক্তিক্তনতার সে-সাম অভিন্ততা স্বাদা রচনায় পরিণতও হয়েছে। তবে গঠনের জনাই বৈঘাদরকার, যুগান্তরে পেণছোবার জনোই সহিষ্ণুতা চাই —এ বিশ্বাসও তাঁর বিভিন্ন রচনায় বাক্ত হয়েছে।

সনাজে সান্ত্ৰকে তিন বকন শাসন-পাশ মেনে চলতে হয়, একথা তাঁরই কথা, "প্রথম রাজ শাসন, বিতীর নৈতিক শাসন এবং তৃতীয় যাহাকে দেশাচার কহে তাহারই শাসন।" তিনি এই তিন পাশকেই মেনেছেন, মানতে বলেছেন। তবে তার কথার, "রাজার আইন রাজা দেখিবেন সে আমার বক্তবা নর।" কিন্তু সামাজিক আইনে ভুলচুক সংশোধন করার, গঠনমূলক কর্তবা তিনি সর্বদাই মেনেছেন। এবং বারবার যথোচিত থৈবের প্রয়োজনীয়তা সম্বদ্ধে উল্লেখ করতে ভোলেন নি। মানুষের প্রতি অসীম মমতাই তাঁর পাথেয় ছিল এবং মানব-সম্পর্কের সম্ভিত বোঝাপড়ার দিকে কোনো রক্ম আলস্য বা ক্লান্তি তিনি বরদাস্ত করতে নারাজ ছিলেন। দেশের দুঃখ এবং

ভবিষাতের প্রগতি সম্বন্ধে তাঁর বিশেষ এই চিন্তাটুকু এথানে এই সাহে ত**্তা** দেখা-যায়—

"সেই সময়ের বাঙলা দেশের সহস্য প্রকার অসক্ষত অম্লক ও অবোধ্য দেশাচারে বিভক্ত হইয়া কয়েকজন মহৎপ্রাণ মহাত্মা এই অন্যায়রাশির ( অর্থাৎ উনিশ শতকের গোঁড়া হিন্দ্রসমাজের কোনো কোনো আচারের ) আম্ল সংস্কারের তীব্র আকাশ্কায়, প্রতিষ্ঠিত সমাজের বিরুদ্ধে বিদ্রোহ করিয়া বাক্ষধর্ম প্রবিতিত করিয়া নিজেদের এর্প বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন যে, তাহা নিজেদের যদি বা কাজে লাগিয়া থাকে, দেশের কোনো কাজেই লাগিল না। দেশ তাহাদের বিদ্রোহী ফ্লেছ বলিয়া ফ্লেছ খ্রীণ্টান মনে করিতে লাগিল।"

না, শরংচন্দ্রকে যতে।টা রাহ্মবিষেষী মনে করা হয়, তিনি তাও ছিলেন না। তাঁকে যতে। বিপ্লবী-ঘে'ষা মনে কর। হয়, তাও তিনি ছিলেন না। তিনি চেয়েছিলেন সংকার, চেয়েছিলেন গঠন, চেয়েছিলেন প্রগতি। এবং রসসাহিত্যের বাহনে সেই প্রাক্ষরই তিনি রেখে গেছেন। উগ্রতা তাঁর সাহিত্যিক চরিত্রে ছিল মনে করাটাই কণ্টকলপনা। উত্তরকালে বা তাঁরই সমকালে যাঁরা উগ্রপাথী হন, শরংচন্দ্রকে তাঁদের সবৈধি নেতা মনে করাও কণ্ট-কন্পনা। তিনি তাঁর অন্তজনীবনে কথনোই কোনো কুটনীতির সেবক ছিলেন না।

#### চার

মৃত্যুর বছর চারেক আগে,—'শেষ প্রশ্ন' বই হয়ে বেরিয়ে যাবার পরে— ২৮এ পোষ, ১৩৩৮ অর্থ'। ১৯৩২ খ্রীণ্টাশের জান্মারির মাঝামাঝি সময়ের এক চিঠিতে অমল হোমকে শরংচন্দ্র লেখেন যে রবীন্দ্রনাথের উপন্যাস ও কবিতা দ্বই ই তিনি পড়েছেন অনেকবার,—পড়ে খ্রিশ হয়েছেন—এবং— "আমার চাইতে কেন্ট বেশি মানেনি গ্রন্থলে, আমার চাইতে কেন্ট বেশি মক্সো করেনি তাঁর লেখা।"

আবার আরো বছর চারেক পরে ৩রা মাঘ ১৩৪২ তারিখে শ্রীদিলীপ কুমার রায়কে তিনি লেখেন—রবীদ্দনাথ যে তাঁর চেয়ে বড়ো ঔপন্যাসিক, সে বিষয়ে তার নিজের মন ছিল সংশয়হীন—"নিজের মন ত জানে এ সত্যা, পরম সত্যা।" এবং একথাও জানান যে, রবীশ্বনাথের বিরুদ্ধে তিনি নিজে যৌবনে

ষে দ্ব'একটি মন্তব্য করেছিলেন, সে তাঁরই দ্রান্তি মাত্র—"যৌবনে এক আধটা রবী'দুনাথের বিরুদ্ধে (আজ্মণ) করেছিলাম বটে কি'ত্ব সে আমার প্রকৃতি নয়, বিকৃতি। নানা হৈত্ব থাকার জনেই হয়ত ভুল করে করেছিলাম।"

এই চিঠির প্রায় এক বছর আগে ৩রা মাঘ ১৩৪১ তারিখে শ্রীষ্মৃক্ত দিলীপ কুমার রায়কেই তিনি আর এক চিঠিতে লেখেন—"ভাঁর (রবীন্দ্রনাথের) খণ আমি কোন কালে শোধ করতে পারবো না, মনে মনে তাঁকে এমনি ভক্তি-শক্ষাই করি।"

এই সব চিঠিতে রবী দুনাথের প্রতি উপন্যাসিক হিসেবে তাঁর আন্ত্রণতা এবং অভিমান দ্বইই প্রকাশিত হয়। অভিমানের অংশগ্রিল অপ্রাসন্ধিকবোধে উদ্ধৃতিগ্রিল থেকে এখানে বাদ দেওয়া হোলো। ১৯১৩ খ্রীণ্টব্দে এবং তার কাছাকাছি সময়ে প্রমথনাথ ভট্টাচার্যকে লেখা চিঠিপত্রে তাঁর নিজের 'চরিত্রহীন' উপন্যাসের স্ত্রে রবীন্দুনাথের উপন্যাসের কথাও তিনি উল্লেখ করেন—যেমন লেখেন,—"চোখের বালি (সম্বন্ধে) তাঁর নিন্দার কারণ বিনোদিনী ঘরের বউ। তাঁকে নিয়ে এতখানি করা ঠিক হয় নাই।" এ চিঠির এই অংশ থেকে মনে হতে পারে—এ তাঁরই নিজের ধারণা, কিন্তু পাঠককে জানিয়ে দেওয়া দরকার যে, মোটেই তা নয়, শরৎচন্দ্র তখনকার সম্ভাব্য লোকধারণার কথাই অনুমান করেছিলেন।

# পাঁচ

বিষয়বস্তা, বা জ্বীবনাভিজ্ঞতার ক্ষেত্রে সততা (honesty) পালন করার দায়িছ যে অনন্ধীকার্য, সেকথা শরংচন্দ্র বারবার জানিয়ে গেছেন। কিন্তু, উপন্যাসের বিষয়বস্তা, এবং শিলপরীতি, এ- দ্বটি ব্যাপার আলাদা প্রসঙ্গরপে বিভাজ্য নয়। ধরা যাক্, 'শেষ প্রশ্নের চন্দ্রিশের অধ্যায়ে কমল যেভাবে, যেসব হাস্বদীর্ঘ কথোপকথনের ধারায় আশা্বাব্রেক বলে বসে—"শা্ব্র ভূলই যে ভাজে তা নয়, আশা্বাব্র, সাত্যকার ভালবাসাতে সংসার এমনি ভেঙে পড়ে। তাই অধিকাংশ ভালবাসার বিবাহই হয়ে যায় দ্বন্তায়ী,''—সেই প্রেরা পারিছিতিতে সম্ভাব্যতা বজায় রেখে ঘটানো হয়েছে কিনা,—বস্তান্সতা ও প্রকাশকলা সম্পর্কিত যে অভিক্রতা কমল প্রকাশ করেছে, তা কবির ভূয়োদ্রির মতোই মাননীয়, কিন্তুর্ বাস্তব জ্বীবনের দেশকালগত সম্ভাব্যতা ও-জেত্রে কি সমাচিত হয়েছে ? সতা হলেও এরকম কথা কি কোনো সাধারণ

শিক্ষিত রুচিশীলা বাঙালী মেয়ের পক্ষে বলা সম্ভব ছিল ? বাহবা আর বাস্তবতা কি সমার্থক ? রবী দুনাথের 'গ্রীর পর' উপন্যাস নয়, সেটি এক সন্পরিচিত, চমকপ্রদ গল্প ; কিন্তু শরংচল্রের 'শেষ প্রশ্ন' উপন্যাসে কমলের মন্থ দিয়ে যেসব পরিস্থিতিতে যেসব কথা বলানো হয়েছে তার মর্মবাণী যা,— 'গ্রীর পরে'র স্থীজাতির বেদনার সঙ্গে তার কি খ্ব একটা পার্থক্য আছে ? এবং 'গ্রীর পরে' সম্পূর্ণ সম্ভাব্যতা অনুসারী, 'শেষ প্রশ্ন' ঠিক সম অনুপাতে তা নয়, – এ অভিমতেও সন্ধী সমাজের নিশ্চয় আপত্তি হবে না ?

এই রকম আরো অনেক নিদর্শন ব্যবহার করা যায়। এসব প্রসঞ্চে অলপবিজ্ঞর তর্ক-বিতর্কও ঘটা স্বাভাবিক। ঠিক কোন্ চরিত্র বা কোন্ পরিস্থিতি
কতোটুকু এবং কোথায় কোথায় অবাজ্ঞব হয়েছে, সেরকম বিশ্লেষণের প্রয়াস
দ্বঃসাধ্য নয়, কিন্তু শরংচদেন্রর শিলপরীতি সন্বন্ধে আলোচনা আরো সংক্রেপে
আরো বীজাকারে পরিবেশিত হলে সাধারণ পাঠকের স্ক্রবিধা হয়। সেই স্কুটি
কী? শরংচদের সঙ্গে বিভক্ষচদের ও রবীন্দ্রনাথের শিলপরীতির বাবধান বা
অন্য কোনো লেখকের সঙ্গে অন্য কোনো লেখকের ব্যবধান ঠিক কোনো
বিশেষ ছাঁচে ফেলে দেখানো কি সন্ভব? তা যদি না হয়, তাহলে শরংচদের
কথাশিলেপর রীতিগত বিশেষত্ব কোন্দিক থেকে কোন্ কোন্ স্টে নির্ণয়ন্ধেবা)? উত্তরকালের সঙ্গে শরং-সাহিত্যের ব্যবধানের দিক থেকেও তা
বিবেচ্য।

ধরা যাক্ আধ্নিকতার কথা। শরংচদেন্তর বিষয়বস্তার মতো শরংচদেন্তর শিলপরীতিও কি ইতিমধ্যে প্রোনো হয়ে গেছে? আমরাজানি, আমাদের সমাজশ্বদলে গেছে। কিন্তু এরকম প্রশ্নের উত্তর দেওয়া সহজ নয়, তবে প্রশ্ন যথন জাগে, উত্তরও তথন দেখা দেয়। টমাস মানে যে-রীতিতে তাঁর উপন্যাস লিখেছেন, জেম্স্ জয়েস সে-রীতিতে লেখেন নি। কিন্তু উভয়েই অন্রাগী পাঠকের উপন্যাসিক। একজন সমালোচক বলেছেন, জেম্স্ জয়েসের 'ইউলিসিস' পড়লেই বোঝা যায় যে, চেতনাস্যোতের আভব্যক্তি ব্যাপারটি তাঁর ক্ষেত্রে মোটেই ফটাইলঘটিত কায়দা নয়। — "It is itself the formative principle governing the narrative pattern and the presentation of character."

এই মন্তব্যের ইক্ষিত ধরে শরংচণদ্র সম্বন্ধেও তার বিষয়বস্তান্ত পিলপ-রীতির অবিচ্ছেদ্য ঐক্যের দিকটি ভাষতে ইচ্ছা করে। যাঁরা তাঁকে বিষয়বস্তান্ত ও রীতিতেও অনাধানিক অথবা এই দাইয়ের যে কোনো একটিতে,— (বলা বাহ্নল্য, প্রথমটিতেই ) অনাধ্বনিক মনে করেন, তাঁরা অধ্যাপক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্যটি দেখলে খ্রাশ হবেন—শ্রীকুমারবাব্যর কথায় —

"শরংচন্দ্রকে বিচার করিতে হইবে শ্বন্ধ্র চরিত্রপরিকল্পনার অবান্তবতার মানদন্তে নয়, তিনি যে উপলক্ষ্য থানিকটা কৃত্রিমভাবে স্থিত করিয়াছেন তাহার কতটা সদ্বাবহার করিয়াছেন শেষ পর্যন্ত তাহারই পরিস্থানিক। ভাববিলাস, অতিকথন-প্রবণতা ও সয়য় সয়য় হাদয়সংঘাতের অপরিমিত বিস্তার প্রভৃতি চর্টি শরং-সাহিত্যে আবিক্লার করা দ্বর্হ হইবে না। ইহা বাঙালী চরিত্রেরই বৈশিটো ও বাঙালী উপন্যাসিকও কতকটা এই জাতীয় প্রবণতার দ্বারা প্রভাবিত না হইয়া পারেন না।"

শ্রীকুমারবাব্রে এই আলোচনাটি বিশেষ গ্রেত্বপূর্ণ এবং এই কারণেই এদিকে অন্সিন্ধিংস্ পাঠকের দ্থিট আকর্ষণ করা দরকার। আবেগ আমাদের জাতীয় প্রকৃতি। অলপবিস্তর সব বাঙালী ঔপন্যাসিকের দ্বভাবেই তা আছে। কিন্তু শবংচন্দ্রের মধ্যে একটু বেশি ছিল। তার সমকালীন নবতর যাগের আবেগ-প্রকৃতি একটু অন্য ধরনের মাত্র।

#### চয়

১৩৬৯ সালের 'সাহিত্যের খবর' পাত্রকায় শরংচণ্টের ঔপন্যাসিক পরি-চিতির প্রনির্বচারস্ত্রে অধ্যাপক অর্বনকুমার ম্বোপাধাার জানিয়েছিলেন— (১) তাঁর উপন্যাসে জীবনসত্যের অভাব দেখা যায়। (২) অতিরিক্ত ভাবালন্তাই তাঁর প্রকৃতি, (৩) শ্বী-প্রন্থের যথার্থ চিরন্তন জীবনসমস্যার প্রতি তাঁর নাকি মনোযোগ ছিল না ইত্যাদি।

শরংচদের দত্তা, শ্বহদাহ, শ্রীকান্ত, চরিগ্রহীন প্রভৃতি উপন্যাসের অনুরাগী পাঠক যাঁরা, তাঁরা আগেও এরকম ধারণা প্রকাশিত হতে যে না দেখেছেন, তা নয়। শরংচদেরর দেশ-কাল আজ আর নেই, সেকথাও মানতে হয়। তব্ এরকম মন্তব্য সম্বদ্ধে শরংচদেরর প্রতি অতিশয় অনুরাগী পাঠকের মন হয়তো প্রস্তৃত্ত থাকে না। সেজন্যে এসব ধারণার প্রতিবাদ অথবা এরকম মন্তব্য কেন্দ্র করে বাদান্বাদ ঘটাও স্বাভাবিক। অর্ণবাব্র মন্তব্য নিয়েও প্রেশ্ব সময়ে তাই ঘটে।

অধ্যাপক প্রীকুমার বন্দ্যোপাধ্যায় শরং-সাহিত্যের সমালোচনাস্ত্রে অনেক

প্রশংসার কথা লিখেছিলেন। অর্ববাব্র এই প্রবন্ধ প্রকাশিত হ্বার পরের ঐ বছরের শারদীয়া 'গল্পভারতী'তে শ্রীকুমারবাব্ একটি জ্বাব দেন। তার সেই প্রবর্ধটির নাম ছিল—'উপন্যাসের প্রনির্বাচার'। অর্বকুমারের বন্ধব্য বিশ্লেষণ করে তিনি দেখান যে অর্বকুমার—''মানবসন্তার সমাজবন্ধনাতীত, ব্যক্তি-অভিজ্ঞতার সমাতিসারী এক অতীন্দ্রিয় র্পকল্পনাই ঔপন্যাসিকের নিকট প্রত্যাশা করিয়াছেন।'' তিনি তার অদ্রান্ত প্রত্যায়যোগে জানান—''চিন্তা কর্ম ও আচরণের মধ্যে আভাসিত, পারস্পরিক সংঘাতের দ্বারা বিশেষত যে চরিত্র-পরিচয় আমরা ঔপন্যাসিকের নিকট পাইতে অভ্যন্ত ডাঃ অর্বকুমার তাহাতে তৃপ্ত নহেন''—এবং—''রবীন্দ্রনাথ প্রম্ব শ্রেণ্ঠ কবির কাব্যে যেমন মানবআত্মার শ্রুছ নিরঞ্জন চৈতনাস্বর্প পরিচর্য়াট মাঝে মধ্যে উদঘাটিত হয়, তাহারই প্রতির্প যদি উপন্যাসে আক্যাজ্কিত হয়, তবে উপন্যাসিকের সংখ্যা নিতান্তই সীমাবদ্ধ হইতে বাধ্য। কবি ও ঔপন্যাসিকের বংত্ব-উপাদান ও রপ্রায়ন-প্রণালী পথেক।"

কবি ও ঔপন্যাসিকের রীতি ও আদশের পার্থক্য ব্যাখ্যা করে অধ্যাপক বন্দ্যোপাধ্যায় লেখেন—

''কবি জীবনের ধারাবাহিক পরিচয় না দিয়া উহার কয়েকটি ভাস্বর বিন্দ্রতেই নিজ দ্ভিট সংহত করেন। উপন্যাসিককে প্রাতাহিক তুদ্ভেতার আবরণ ভেদ করিয়াই অন্তর-রহস্য উদঘাটন করিতে হয়। কবিস্ভ চরিত্র আমাদের কলপনা সমর্থনের স্বারাই স্প্রতিষ্ঠিত। উপন্যাসস্ভ চরিত্র আমাদের ব্যাপক বাস্তব অভিস্তৃতার সমর্থন না পাইলে সার্থকতা-বিশ্বত হয়। মাঝে মাঝে উভয়ের মিলন সম্ভব। কিন্তু উভয়ের সর্বকালীন অভিয়ত্ব প্রত্যাশা করিলে আর্টের বিচিত্র পদ্ধতি হইতে যে রসবৈচিত্র্য আম্বাদন করা যায় তাহা দ্লেভ হইয়া পড়েও বিভিন্ন কলায়্পের মধ্যে চিরপ্রতিষ্ঠিত সীমারেখাটি অস্প্রতিহয়।''

প্রসঞ্চতঃ চৈতন্যস্মোত, মনোবিশ্লেষণভঙ্গি ইত্যাদি আধ্বনিক উপন্যাস-রীতির প্রবণতাগ**্ব**াল উল্লেখ করে তিনি লেখেন—

> ''অতি আধ্বনিক যুগে ব্যক্তিত্ব-রহস্যের আসল উৎস লইয়াই আমাদের মোলিক ধারণা বিপর্যন্ত হইতে চলিয়াছে। ফুয়েডের যৌনবাদতত্ত্ব, ভাজিনিয়া উল্ফের চেতনা-প্রবাহতত্ত্ব ও জয়েসের অসংবন্ধ, বিভিন্ন

স্তরবিনাস্ত মানসন্ধিয়ার সমকালীন স্ফুরণতত্ত্ব চরিত্রপরিচিতির ম্ল ভিত্তিকেই নাড়া দিয়াছে। বিজ্ঞানের আধ্বনিক্তম তত্ত্ববদূণ্টিতে কোন বহত্বরই স্বতন্ত্র উপাদান গঠিত অস্তিত্ব নাই, আছে শক্তিবিস্নায়। অবশ্য আমাদের ব্যবহারিক ধারণায় এই উপাদানভেদবিলোপী তত্ত্বের প্রভাব এখনও পড়ে নাই। সেইর্পু মানবপ্রকৃতি সম্পর্কিত চিন্তার ফলে এখন সত্তারহস্যের কেন্দ্রবিন্দ্রই স্থিরতা হারাইয়াছে।"

#### সাত

'আধ্বিক্তা' জ্ঞান একটি শব্দ, এইদিক থেকেই যার যাথার্থা ধরা দরকার। বিক্রমচন্দ্র, রবীন্দ্রনাথ, শরংচন্দ্র—বাংলা উপন্যাসের ধারায় এই তিন প্রথিতযশা লেথকের শিলপরীতিতে তথাকথিত 'আধ্বিনকতা' কোন্ অর্থে ধর্তব্য, এখানে সে বিষয়ে সত্যিই সহায়ক সংকেত পাওয়া যায়। শ্রীক্রমারবাব্ জানিয়ে গেছেন যে, রিচার্ডসন, ফিল্ডিং, স্কট, জেন অস্টেন, ডিকেন্স, জর্জ এলিয়ট, এমিলি ও শালটি রুটে প্রভৃতি লেথকরা—ইংরেজি উপন্যাসের যাঁরা ভিত্তি স্থাপন করে গেছেন, তারা—'মান্মকে সমাজ-প্রতিবেশে ও ব্যক্তি-জীবনের নিভৃত অন্তঃপ্রে স্থাপন করিয়া উহার জীবন-ইতিহাস রচনা করিয়াছেল।'' এবং—লক্ষ্য রাখিতে হইবে যে আময়া জীবন সম্বধ্যে কোন নব-আবিন্কৃত থিয়োরীকেই আমাদের বিচারের ম্লস্ত্র করিয়া না বিস। উপন্যাসিকের পক্ষে কোন ন্তন জীবনতত্ত্ব জানা বিশেষ প্রয়োজন নাই। যে কোন বিশিষ্ট সমাজবিধ্ত ও নীতিনিয়ন্তিত জীবনকাহিনীর মধ্য হইতেই উহার গম্ভীরতম তংৎপর্যটি নিন্কাশিত করিতে পারেন।''

যেমন 'আধ্নিকত।'র প্রসঙ্গ, তেমনি বহুপ্রচলিত 'জীবনবোধ' কথাটিও ভেবে দেখা দরকার। শ্রীকুমারবাব্ সেদিকেও আমাদের দ্ভি সজাগ করে দিয়ে গেছেন। শরংচদের 'ষোড়শী' সম্পর্কে তিনি লেখেন—''এর্প ক্ষেত্রে রবীন্দ্রনাথ কেন ষোড়শীকে গাঁটি ভৈরবীর্পে দেখিবার প্রত্যাশা করিয়াছিলেন তাহা আশ্চর্য লাগে।'' ষোড়শীর চরিত্র ভৈরবীর বৃত্তি-অন্সারী হর্য়ান, একথা উপন্যাসিকের বিরুদ্ধে ব্যবহারযোগ্য কোনো অভিযোগ হিসেবে মানা যায় না। রবীন্দ্রনাথের লাবণ্য (শিক্ষয়িত্রী), যোগমায়া (অভিভাবিকা), মতির মা (আশিক্ষতা গৃহস্থবধ্), হলা মালী (বাগানের মালী মাত্র) ধেমন,—ষোড়শীও তেমনি বিশেষ এক বৃত্তির জীব, এবং সেও মোটেই অসকত

## চরিত্র নয়।

উপন্যাসিক হিসেবে শরংচন্দ্র সমাজ ও পরিবারজীবনের প্রাধান্যে অবস্থিত সেকালের বাঙালীর ব্যক্তিজীবন ও ব্যক্তিমনের সার্থক নিরীক্ষায় নিযুক্ত ছিলেন। শিল্পীর শিল্পের প্রয়োজনেই তাঁকে 'থানিকটা কৃত্রিমভাবে' উপলক্ষ্য স্থিতি করতে হয়েছে। 'পরিবার ও সমাজে সদা-সংলগ্ন' তাঁর দৃষ্টি। এবং তাঁর পাত্রপাত্রী প্রধানতঃ বাঙালী বলেই—''ইহাদিগকে বাঙালী-জীবন-সংসক্ত করিয়া না দেখাইলে ইহাদের বাস্তবতা ও অন্তর্থান্ধের তীব্রতা ক্ষ্মান হইত।''

শরংচদের শিল্পরীতির আলোচনায় এই সতর্কবাণী কি উপেক্ষা করা যায়? এবং উত্তরকালে আমাদের সমাজ, পরিবার, ব্যক্তিজীবন ইত্যাদি অবিশ্বাস্যভাবে বদলে গেছে বলেই বোধহয় খুব সাম্প্রতিককালের যুবক-যুবতীর চোখে শরংচন্দ্রকে বড়ো বেশী দ্রবতী মনে হয়।

#### আট

শরংচ দ্র আমাদের সাহিত্যে কতো যে জনপ্রিয় মহৎ শিল্পী ছিলেন, সে কথা ব্যাখ্যা করতে গিয়ে কেউ কেউ তাঁর সঙ্গে ইংরেজী উপন্যাসের বিশ্ববিখ্যাত लाथक ठाल म ডिक्टरम् नारमाकातन करत थारकन । ১৯১২-১৩ **या को य** থেকে শরে করে ১৯৩৮ খ্রীণ্টাব্দের মধ্যেই তাঁর লেখকজীবনের প্রতিষ্ঠাকাল শেষ হয়ে গেছে,—সেই সঙ্গে তাঁর মরজীবনেরও পূর্ণচ্ছেদ পড়েছে। ১৯১২-২০ হিসেবটা কল্পিত নয়। কারণ, ঐতিহাসিকেরা তো বটেই, এমন কি সেকালের তরুণ পাঠক কবি মোহিতলাল মজুমদারও লিখে গেছেন যে, ঐ সময়ে রবীন্দ্রনাথ ও প্রভাতকুমার মুখোপাধ্যায় ছাড়া একনিঃশ্বাসে পূর্বোক্ত দুজনের সঙ্গে সমভাবে উল্লেখযোগ্য তৃতীয় কোনো প্রসিদ্ধ কথাসাহিত্যিক ছিলেন না। অন্ততঃ তর্মণ-সাহিত্যিক-সমাজে শরৎচন্দ্রের নাম তথনো প্রায় অজ্ঞাত ছিল। 'ধমুনা' পাঁত্রকার সম্পাদক ফণীন্দ্রনাথ পাল তরুণ-সাহিত্যিকদের শরংচন্দ্রের লেখা পড়ে দেখতে অনুরোধ করতেন। মোহিত-বাব, লিখেছেন—"তখন বোধহয় ১৯১৩ খ্রীন্টাব্দ—শরংচন্দ্রের নাম তখন আমাদের তরুণ সাহিত্যিক-সমাজে অজ্ঞাত, যদিও ইতিমধ্যে তাঁর কয়েকটি গম্প একাধিক পারিকায় প্রকাশিত হইয়াছে।"-এবং-"লেখকের নাম যেমন অপরিচিত, গলেপর নামও তেননি সূসভা বা সূখী নয়—''রামের সূমতী' ও

'বিশ্দরে ছেলে' শর্নালে কিছ্মান্ত ভব্তির উদ্রেক হয় না।'' পাঠকমনের এই প্র'ক্ম্বির চিত্রপটে তাঁর 'কুস্কলাঁন'-প্রক্লার-চিহ্নিত 'র্মাণ্দর' গল্পটি উদিত হয়। এবং শরংচশ্দের 'বিরাজ্ঞ বোঁ' গল্পটি 'ভারতবর্ষ' পিকোয় প্রকাশিত হতে দেখে মোহিতলালের পাঠক-মন সেটিও সাগ্রহে গ্রহণ করেছিল।

বস্তুতঃ 'বিরাজ বৌ' ধরেই মোহিতলাল শরৎসাহিত্যে প্রথম প্রবেশ করে-ছিলেন। উত্তরোত্তর শরৎচন্দ্রের অন্যান্য বইও বেরোয়, মোহিতলালও তাঁর সম্বন্ধে আরুণ্ট হতে থাকেন। শরৎচন্দ্রের জীবনের ঘটনাগ্র্লি জানতে চেণ্টা করেন তিনি। শরৎচন্দ্র তখন রেক্সনে চাকরি করেন।

লোকমুথে শন্নে এবং চিঠিপত্তে বংখাদের কাছ থেকে শরংচণ্টের বিষয়ে যা যা খবর জানা যায় তাতে এইটুকু মোহিতলালের গোচরে আসে যে—
"শরংচন্দ্র একটু অন্তুত প্রকৃতির লোক, সাধারণ গাহস্থ লোক নহেন—পশন্পক্ষী
লইয়াই তাঁহার সংসার—একদা তাঁহার একটা পোষা পাখি যখন মরিয়া যায়,
তখন তাঁহার এমনই শোক হইয়াছিল যে তাহার পায়ে যে সোনার শিকলি ছিল,
অল্পেনিকালে তাহা তিনি খালিয়া লইতে পারেন নাই।"

প্রত্যেক মানুষই পৃথক ও বিচিত্র। লেখকরা তো অভ্নৃত ধরনের মানুষ, ঠিকই। কিন্তু পদ্প্রীতিতেই হোক, আলস্যেই হোক—অথবা অতিমান্তার কলপনা-প্রবণতাতেই হোক্, শরংচদের অভ্নৃত মন-মেজাজের মধ্যেই-অসাধারণ লেখক-সামর্থ্য বিদ্যান ছিল। সেকালে শরংচদের বিঠকে বসতেন 'ভারতী'র আভায়। মোহিতলাল সেখানে তাঁকে দেখেছেন। সেন্মায়ে 'সবৃদ্ধ পত্রে' প্রকাশিত রবীন্দ্রনাথের 'শেযের রাত্রি' গলপটি নিয়ে 'ভারতী'র মণিলাল গঙ্গোপাধ্যায়ের সঙ্গে শরংচদের তর্ক শ্নুনছেন তিনি। মোহিতলালের কথাতেই পাওয়া যায়—''তিনি এই গলেপর নায়িকার চরিত্র কৈছুতেই স্বাভাবিক বলিয়া স্বীকার করিলেন না। বাঙালীর মেয়ে ঐ বয়সেও ঐর্প হানুহহীনা হইতে পারে না, ইহা তিনি জ্যাের করিয়া বলিলেন—উহাতে বিশান্দ্ধ ভাব-কলপনার আটে যতই থাকুক, জীবনের সত্য নাই।'' এই 'সত্য'-সম্পর্কি'ত সমস্যাটি বহুতলস্পশাঁ সমস্যা! শরংচদ্বের প্রতি তাঁর উত্তরকালের দৃণ্টি এই দিক থেকে সমৃন্চত জাগ্রত হওয়া আবশ্যক। উত্তর-কাল কি তা ভেবেছেন?

স্থানর সম্বন্ধে শরংচদের বিশ্বাস ছিল। এবং 'ভারতী'র নানা সাহিত্য-আলাপে শরংচদ্দের বিচিত্র আলোচনা শ্বনে মোহিতলাল ব্বঞ্ছিলেন— ''তিনি যাহা বলিতেন, তাহা পংথিগত বিদ্যার নিযাস নয়, প্রভাক্ষদশনের নিঃসংশয় ধারণা।''

মোহিতলাল শরংচশ্রের অব্যবহিত অগ্রক্ক কথাসাহিত্যিকদের মধ্যে রবীন্দ্রনাথ ও প্রভাতকুমারের নাম করেছেন, কিন্তু থারা সাহিত্যের ঐতিহাসিক, নামের ন্মতি এবং তারিখের হিসেব তাদের মনে আর-এক ভাবে অটুট থাকে,—যেমন স্কুমার সেন মশাই 'প্রভাবে'র দিকে চোখ রেখে জানিরেছেন থে, ১০০৮ সালের শ্রাবণ মাসের রচনা, যা বেরিরেছিল ১০২০ সালের মাঘ মাসের 'যম্না'তে, শরংচশ্রের সেই 'ক্ষ্রেরে গোরব' এবং ঐ সালেরই ফাল্গ্রেনের 'যম্না'তে প্রকাশিত 'গ্রের্শিষ্য সংবাদ', দ্বটিই শরংচন্দ্র বাজিম-রীতির দ্বারা প্রভাবিত হয়ে লিখেছিলেন। ১০২২ সালের মাঘ মাসের 'ভারতবর্ষে' প্রকাশিত 'শ্রীকান্তের ভ্রমণ-কাহিনী'র অংশ-বিশেষও নাকি বাজিম-প্রভাবিত। তাছাড়া, স্কুমারবাব্র জলধর সেনের (১৮৬০-১৯৩৯) কথাও ভোলেন নি। তিনি বলেছেন—''পতিত নারীর পক্ষ নেওয়াতে জলধরকে আমরা শরংচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রের্গামী মনে করিলে ভ্রল করিব না।'

কিন্তু এসব বিষয়গত বা উপলব্ধিগত সাদ্শোর কালক্রম ধরে ষেসব মন চলতে অভান্ত, তাঁরা তাঁদের প্রয়োজনবোধে রসের আবেদন হয়তো উহা রেখে চলেন। জলধর সেন বা ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ (১৮৬৩-১৯২৭) পতিতার প্রতি সমবেদনা যতোই জানিয়ে থাকুন, তাঁদের কোনো রচনাই শরংচদের মতন নয়। অতএব সেকথা থাক্।

ลข

ডিকেন্স কি সতি।ই শরংচন্দের মতন মান্য ? তাঁরই মতন মনের অধিকারী? এই সব প্রশ্নও দেখা দেয়। উত্তরকাল টলন্টয়ের কথাও ভাবে, গোকির কথাও, ডিকেন্সের কথাও।

স্কুমারবাবনু শরংচন্দ্রের রচনায় রবীন্দ্রনাথের 'প্রভাব' অনেক দেখিয়েছেন। তংস্ত্বেও শরংচন্দ্রকে তিনি সত্যিই এই মর্যাদা দিয়েছেন যে—"রবীন্দ্রনাথের কথা বাদ দিলে আর কোন বড় গলপলেথকের চারিত্রানীতিবাধ সাধারণ গতাননু-গতিকের অতিরিক্ত ছিল না।" তিনি বলেছেন, এদিকেও রবীন্দ্রনাথই পথ-প্রদর্শক,—শরংচন্দ্র তাঁর 'নারীর ম্লা', 'স্বদেশ ও সাহিত্য' প্রভৃতি আলোচনায় 'সতীত্ব' সন্বন্ধে বেশ জোর দিয়ে তাঁর নিজের ধারণা প্রকাশ করেছেন।

এবং তথাসন্ধানে শরণচন্দ্র যে বিশেষ আগ্রহী ছিলেন, তাতেও সন্দেহ নেই।
'নারীর মূলা' বইখানিতে তিনি যে হিসেব দিয়েছেন, তা থেকে দেখা যায়,
বাংলার কুলত্যাগিনী রমণীদের শতকরা সত্তর জন সধবা, বাকি তিরিশটি
বিধবা! আমাদের কারও মনে এ-সন্দেহ জাগতে পারে যে, অনাথা অ-নিপাড়িত
বেশ কয়েকটি কুমারীও কি এ'দের মধ্যে ছিলেন না? উত্তরকালের চোখ এই
দিকেও।

কিন্তু সে অন্য তক'। সেকথাও থাক্। ডিকেন্সের সঙ্গে তুলনায় তাঁকে পাশাপাশি রাথবার চেডটাটাই যদি কারও মনে তীক্ষা হয়ে থাকে, তাহলে সন্কুমার সেন মহাশয়ের কাছে তার জবাব পাওয়া যায় না। তিনি শুধু চাল'স গার্ভিলের 'Leola Dale's Fortune' নামে এক উপন্যাসের সঙ্গে শরৎচন্টের 'দত্তার' কাহিনীগত মিলের উল্লেখ করেছেন। মোহিতলালের 'শরৎ-পরিচয়' (কৈন্টে ১৩৪৭) প্রধান্ধি পড়বার সময়ে পাঠকের মন উৎসন্ক হয়ে থাকে এই বা্ঝি ডিকেন্সের কথা উঠলো! কিন্তু না,—তিনিও তা বলেন নি। তিনি যা বলেছেন,—অন্ততঃ যে বাক্যটি ডিকেন্সের সঙ্গে শরৎচন্টের সমর্যাম'তার ভাবনা জাগাতে পারে, সেটি হোলো এই ঃ "গত যুগের বাঙালীসমাজের একটি প্রাণগত পরিচয় শরৎ-সাহিত্যে ফুটিয়া উঠিয়াছে, শরৎচন্দ্র প্রাণে-মনে সেই গত্যাগেরই বংশধর, তাঁহার রচিত সাহিত্যে আমরা একটি বিলীয়মান যুগের বাঙালী-সভ্যতা, বাঙালী-সমাজ এবং সেই সমাজের শক্তি ও অশক্তির যে মর্মান্তিক লিপিচিত্র পাইয়াছি, তাহাই বাংলা-সাহিত্যে অমর হইয়া থাকিবে।"

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ইছে। করলেই বিছন্ন চার্ট বা তুলনাম্লক তালিকা দেখিয়ে ডিকেন্স-শরংচন্দ্র সামীপ্য-দ্রম্ব বর্নিয়ে দিতে পারতেন। কিন্তু তিনিও তা করেন নি। তার প্রাসিদ্ধ 'বল্পসাহিত্যে উপন্যাসের ধারা' বইখানির নবম অধ্যায়ে শরংচন্দ্র-সম্পর্কিত আলোচনার প্রারম্ভেই তিনি শ্বর্ ব্যাপকভাবে এই আলোকপাত ঘটিয়েছেন যে—''নিষিদ্ধ, সমাজ-বিগহিত প্রেমের বিশ্লেষণে, আমাদের সামাজিক রীতিনীতি ও চিরাগত সংক্রারগ্রালর তীক্ষ্ম তীর সমালোচনায়, স্ত্রী-পর্র্বের পরস্পর সম্পর্কের নিভাক প্রনির্বিচারে তিনি যে সাহাসকতার, যে অকুন্ঠিত সহান্ভূতি ও উদার মনোব্ত্তির পরিচয় দিয়েছেন, তাহাতে তিনি বাঙালীর মনের সংকীর্ণ গল্ডি বহু দ্রে ছাড়াইয়া অতি-আধ্রনিক ইউরোপীয় সাহিত্যের সহিত আত্মীয়তা স্থাপন করিয়াছেন।"

এই উদ্ধৃতিতে ব্যবস্থত 'অতি-আধ্বৃনিক' শব্দটি নিশ্চয় ডিকেন্সের

কালকেও ধারণ করবে না ? ডিকেন্স কি অতি-আধ্নিক ? তাঁর আর্ফ্কাল গেছে ১৮১২ খৃন্টাব্দ থেকে ১৮৭০ পর্যন্ত। শরৎচন্দ্র জন্মগ্রহণ করেন তাঁর তিরোধানের বছর ছয়েক পরে। সে অন্য কাল।

তবে, জনপ্রিয়তার দিক থেকে শরংচন্দ্রের সঙ্গে ডিকেন্সের সাদ্শোর ভাবনা অমূলক নয়। কেন্বিক্র-ইংরেজি সাহিত্যের ইতিহাসে লেখা আছে—

"Except Shakespeare and Scott, there is probably, no other English writer who can match him in this respect."

বাংলায় যে যাই বলন্ন, বিভক্ষচন্দ্র অনেকের রুচিতেই চিরপ্রিয় এবং আমাদের স্বাধীনতার তারিথ থেকে অদ্যাবিধ যতো উপন্যাস বেরিয়েছে, সে সবের চেয়ে শরৎচন্দ্র এখনো অনেক বেশি জনপ্রিয়। 'জনপ্রিয়তা' কথাটা কোনো রকম নাসিকা-কুণ্ডনের বাচক নয় মোটেই, এখানে কোনোমতেই তা নয়। প্রেণিক্ত সাহিত্য-ইতিহাসেই বলা হয়েছে—

"In fact, neither the uncritical nor the critical lover of Dickens ever tires of him, as both often do of some writers whom they have admired."

শরংচন্দের নিজের দেশ, নিজের কাল এখন আর নেই। বড়ো তাড়াতাড়ি বদলে যায় এই প্থিবী! "এদেশে যেমন তেমন করেও ঠাকুরের নাম নিতে পারলে ভিক্ষার অভাব হয় না। "চলো না গোঁসাই বেরিয়ে পড়া যাক্"— এরকম কথা এখন কি আর এদেশে শোনবার খ্ব একটা সম্ভাবনা আছে? তারাশুকর বা সরোজকুমারের লেখাতেও এরকম আবহাওয়া কতকটা টি'কে ছিল—সে তো মাত্র এই সেদিনের কথা। কিন্তু ১৯১৭ খ্রীণ্টান্দের পর থেকে গত প্রায় তিরিশ বছরের মধ্যে শরংচন্দের 'শ্রীকান্ত' চতুর্থ' পবের সে-আবহাওয়া কি আছে আর?—পাশ্চম-বাংলার কোথাও আছে এসব? কমললতা, গহর, —রাজলক্ষ্মী, নির্দিদি, অন্নাদিদি—ওরা কেউ নেই আর! 'ভবানীপ্রের চাটুযোরা একান্রবর্তী পরিবার'—'নিন্কৃতি' গলেপর এই প্রথম বাক্যটিই তো প্রাবৃত্ত এখন। হাওড়া জেলার গ্রাম ছোট বিফুপ্র এখন আর সেরকম নেই নিশ্চয়। কোনো ভদ্রলোকের স্থা তাঁর একমাত্র পত্র পটলকে আর সপত্নীপ্ত কানাইলালকে বড় জার হাতে রেখে মৃত্যু শয্যাশায়ী পিতাকে দেখতে চলে গেলেন কৃষ্ণনগরে—এরকম পরিন্থিতি এখনকার বাংলার বাস্তব পরিস্থিতি নয়।

সংরক্ষিতা। এবং স্মৃতির চেয়ে বর্তমানের দাবি অনেক, অনেক তীর!
শরংচন্দের যুগ তিরোহিত—যেমন টল্স্টায়ের,—যেমন ডিকেন্সেরও।

তব্ ডিকেন্সের মত শরৎচন্দ্রও আমাদের প্রিয় লেখক এখনো। হাম্ছে হাউস তাঁর ডিকেন্স-সম্পর্কিও আলোচনার মুখবন্ধে বলেছেন যে, ডিকেন্সের উপন্যাসগ্লি এখন ঐতিহাসিক দলিল। তিনি দেখিয়েছেন যে, কেউ কেউ ইতিহাসের বই লিখতে গিয়েও ডিকেন্সেকে অবিশ্বাসারকম খাতির করেন। শিশ্বদের মজ্বরিতে নিয়োগ—গ্যাস-সমস্যা, লন্ডনের যান-চলাচল ও কুয়াশা,— নতুন পর্বালশ বাহিনী,—সরাইখানা,—রেলপথ,—পালামেন্টের নির্বাচন ইত্যাদি কতো যে ইতিহাসের প্রসঙ্গ বোঝাতে গিয়ে ডিকেন্সের উল্লেখ করতে হয়। ডিকেন্স ছিলেন মস্তো সমাজ-সংস্কারক—এই ধারণাটা চলছেই! শরৎচন্দ্রের বিষয়েও অধ্না আমরা কি সেইরকম কিছ্ব ভাবছি এখনো? এই গতিশীল অধ্যায়ে মান্বের সমাজ প্রহরে প্রহরে বদলায়। আবার চিরন্তন মানবমনও তো আছে একরকম। শরৎচন্দ্র বনাম আধ্বনিকতা প্রসঙ্গে সেটাও বিবেচ্য।

নারীর নারীদ, প্রেবের প্রেব্দর, দ্ইয়েরই অভিন্নতা অবশা—মন্ধাদে
—এবং মন্ধাদ কি দেহ-মন-ধর্ম-সমাজ-অর্থানীতি-রাজনীতি সব নিয়ে এক
আবিমিশ্র সমগ্রতা ও স্বাতদেশ্রর গোরবেই আশ্রিত নয়? শরংচদের গলপউপন্যাসের স্থান-কাল পরিচিতির দিকে কি আমাদের গবেষকরা সম্চিতভাবে
উৎসক্ত হয়েছেন? স্থান-পরিচিতি, যাকে বলে, 'টোপোগ্রাফি'—শরংচদ্র
সম্বদ্ধে সে কাজ' সম্চিতভাবে হয়নি, যদিও ডিকেন্স সম্বদ্ধে অনেক হয়েছে।
শরংচদের নিজস্ব সময়ের রঙ্বরেখা, আলো-ছায়া,—সত্যিকার বাস্তব হাটবাজার কি দেখা যায়? জ্যোতিরিল্র নন্দী, বিমল কর, সময়েশ বস্থ মোটেই
সে রাজ্যে বাস করেন না। স্ববোধ ঘোষও করেননি। তাঁরা প্রত্যেকেই
শ্রদ্ধের, শক্তিমান, কিন্তু কেউই ঠিক কিন্তু শরং-বংশীয় নন।

শাধ্য তাই নয়, 'শরংচন্দের নারীচরিত', 'শরংচন্দের দেশপ্রেম', 'শরং-সাহিত্যে আহার', 'শরংচন্দের পশ্রপ্রীতি' ইত্যাদি গবেষণার বিষয় দেখতে দেখতে আজকাল চোখ জন্মলা করে।

শরৎ-সমালোচনার হাওয়া অনাদিকে প্রবাহিত হবার সময় অনেকক্ষণ শর্র হয়েছে, কিন্তু আমরা কি আমাদের দায়িত্ব ও প্রয়োজনীয়তা, অন্তত ডিকেন্সের সঙ্গে শরংচন্দ্রকে পাশাপাশি রেখে, খানিকটা ব্রেথে দেখবার চেন্টা করতে পারি

না ? ঝণ শোধ করতে না পেরে কারাবাসের ব্যাপারটা ডিকেন্সের একটা স্থায়ী ভাবনা ছিল—যা তাঁর নানা রচনায় দেখা দেয়। টাকার অভ্যত ক্ষমতা সম্বদেধ ডিকেন্সের নিশ্চয় একটা গভীর ক্ষতবোধ ছিল। বিবাহে অশান্তি এবং পতি-পদ্নীর অসম্ভাব তেমনি শরংচন্দ্রের অভিজ্ঞতালব্ধ একরকম অসুখ বলা ধুন্টতা হবে না। তব; একথাও মানতে হবে যে, কেবল বিষ্কমের ভ্রমর বা সূর্যমাখীর মতন নারী সমস্যাতেই তিনি আবদ্ধ থাকেননি। রবীন্দ্রনাথের বিমলা, দামিনী ইত্যাদি তাঁকে দঃনিয়া-বদলে যাবার অভিজ্ঞতা দিয়ে গিয়েছিল একে একে—যখন তিনি নিজেও তাঁর ব্যক্তিমনের অধিকারিণীদের দেখেছেন, চিনেছেন—স্ভিট করেছেন। শ্রীকুমারবাব, সে প্রসঙ্গটি চমংকারভাবে দেখিয়েছেনও বটে। কিল্ড শরংচন্দ্র কি সভাই আমাদের দেশের সামাজিক-অর্থনৈতিক ইভিহাসে সমর্ণযোগ্য তেমন কোনো চিরস্থায়ী সাহিত্যিক দলিল রেখে গেছেন ? তাঁর 'দেনা-পাওনা' বা 'পথের দাবী' কি ইতিমধ্যে বাঙালীর এবং ভারতবাসীর বহতা অভিজ্ঞতার আলোতে রঙ্বদলায়নি ? এক-একটা খণ্ডকালের সীমানা পেরিয়ে যাওয়া সেণ্টিমেণ্টের স্বাদ যেমন স্বীকার্য, চিরন্তনী মানব-জীবন-জিজ্ঞাসাও তেমনি দ্বীকার্য'। ডিকেন্সের 'মিকবার' আজকের বিচ্ছিন্নতাবিন্ধ. নৈরাশাজজ'র নগর-সভাতার এখনো হয়তো কোনো কোনো মনে কোথাও-না-কোথাও অমান আছে। শরৎচণের কোন্ কোন্ নরনারী সম্বদেধ সে কথা বলতে পারি? সারেশ, কিরণময়ী, অচলা মিথো নয়। কিণ্ডু শ্রীকান্ত কি বিচ্ছিল মান্য—নাকি দায়িত্বভীরা একজন সাখী ভবঘারে ?

সন্থ-দর্গথ নিয়েই জ্ঞীবন। কিন্তু সন্থ-দ্বংথেরও মানে বদলে যায়।
শরৎচন্দের সময় থেকে 'কলোল'-এর লেখকদের সন্থ-দ্বংখ-বোধ বদলে গিয়েছিল
তো বটেই। তা যদি ঘটে থাকে, তাহলে কতোটা বদলেছে—কোন্কোন্
ধারায়? বিভ্তিভ্ষণ বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়,—তারপর
জ্যোতিরিন্দ্র নন্দী, বিমল কর, সমরেশ বসন্ এবং আরো সব শক্তিশালী বাঙালী
কথাসাহিত্যিক- শরৎচন্দ্রকে কে কতোটা ছঃয়ে আছেন ?

উত্তরকালের সামনে এখন এইসব জর্বী প্রশ্ন।



# ডঃ শ্যামসুন্দর বন্দ্যোপাধ্যায়

রবী-দুনাথের 'নোবেল প্রের-কার' পাওয়ার প্রায় সঙ্গে সঙ্গেই শরংচন্দ্রের 'বর্ডাদিদি' গ্রন্থরূপে প্রকাশিত হয়েছে। নোবেল পরুরুদ্ধার পাওয়ার পর রবীন্দ্রনাথ প্রাভাবিকভাবেই বাংলা সাহিতোর আকাশে মধ্যাহ্ন সূর্যের মত উল্জাল হয়ে উঠলেন, 'বড়াদিদি', 'পণ্ডিত মুশাই', 'পরিণীতা', 'মেজুদিদি', 'বিরাজবৌ', 'বিন্দুরে ছেলে', 'আঁধারে আলো', 'পল্লীসমান্ত', 'শ্লীকান্ত' (১ম পর'), 'নিষ্কৃতি', 'বৈকুন্ঠের উইল', 'অরফণীয়া', 'চরিত্রহীন', 'কাশীনাথ', 'দত্তা'-র মত পরপর অনেকগ**ুলি উপন্যাস ও গল্প প্রকাশিত হয়ে** মাত্র ৫ বংসরের মধোই শরৎচন্দ্রকে বাংলা সাহিত্যে স**্প্রতিণ্ঠিত করে তললো**। ইতিমধ্যে ১৯১৬ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসে শরৎচন্দ্র রেঙ্গনের বাস উঠিয়ে স্থায়ীভাবে কলকাতায় চলে এসেছেন। রবী-দুনাথ ও শরংচন্দ্র একই সহরে কাছাকাছি (জে:ড়াসাঁকোয় ও শিবপ:রে) বিরাজ করতে লাগলেন, বিশ্বকবির প্রতিভা-জ্যোতিতে কিল্ত শরংচন্দ্র আচ্চন্ন হয়ে যাননি। কৈশোর থেকে মধাযোবন পর্যন্ত শরংচন্দ্র দরিদ্র, ভবঘুরে, ছলছাড়া জীবন যাপন করেছেন, রবীন্দ্রনাথের সাংস্কৃতিক পরিমন্ডলে মানুষ হবার সুযোগ তিনি পাননি। লেখাপডাও তাঁর বেশীদরে এগোয়নি, মাত্র আই. এ. পর্যন্ত পড়েছিলেন। মোটের উপর, শরংচদের সাহিত্য-জীবনের প্রুত্তিপর্ব মোটেই আশাপ্রদ হর্মান। তব, যে তিনি জগংজোড়া খ্যাতিসম্পন্ন রবী-দ্রনাথের পাশে একই সহরে মর্যাদার সঙ্গে সহ-অবস্থান করতে পেরেছেন, এ তাঁর পক্ষে মহা কৃতিত্বের ও গৌরবের কথা। রবী-দুনাথের সমকালে শরংচন্দ্রের স্ক্রবিপ্লল জনপ্রিয়তায় বিস্মিত হতে হয়।

শরংচন্দ্র আমৃত্যু যশ ভোগ করে গেছেন, এখনও তিনি যে বাংলা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় কথাসাহিত্যিক, তা তাঁর বইয়ের কাটতি এবং বিশেষ করে তাঁর জন্ম-শতবাষি কীর উৎসব-অনুষ্ঠানের দেশব্যাপী আড়ন্বরের মধ্যেই প্রকাশ পেয়েছে। শরংচন্দ্রের বহু লেখা নানা ভারতীয় ভাষায়, এমনকি বিদেশী ভাষায় অন্দিত হয়েছে, সেসব পড়ে ম**্প হয়েছেন অসংখ্য** লোক।

শরংচন্দের মৃত্যুর চার দশক পরেও তাঁর এই বিপাল জনপ্রিয়তা লক্ষ্য করলে একটা আশ্বাস অন্তত পাওয়া যায় যে, শরংচন্দের প্রতিষ্ঠা নিতান্ত সামারিক ব্যাপার নয়, লেখার গানের জন্যই তিনি জীবিতকালে রবীন্দ্র-দীপ্তিতে মান হননি এবং সেই গানের জন্য মরণে।তার দীর্ঘজীবন লাভও হয়তো তাঁর পক্ষে অসম্ভব হবে না।

তবে, অমরত্ব না হোক, সতাই যদি শরৎসাহিত্যের স্কুদীর্ঘ সম্মানিত জীবন নিশ্চিত করতে হয় তাহলে তাঁর রচনাবলীর পানমল্ল্যায়ন অবশাই করতে হবে। যুগ পালুটে যাচ্ছে, দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজ-নৈতিক রুপাশ্বরের ফলে নানা নতেন সমস্যার উদ্ভব হচ্ছে, মানু<mark>যের চিন্তা</mark>-জগতে এবং সাহিত্যর চিতেও গরেত্র পরিবর্তন ঘটছে। একথা অনস্বীকার্য যে, শরংচদেরর যে সব লেখা ঘরোয়া ও হাদয়ভাব বা সিদ্ধরস কেন্দ্রিক, সেগ, লির সঙ্গে এদেশবাসীর নরম মনের একান্ত ঘনিষ্ঠতা শরৎচন্দ্রের ব্যাপক জনপ্রিয়তার প্রধান কারণ। যাগ-পরিবর্তানের স**ঙ্গে পাঠকদের এই মানসিক**-তাও পালটে যাচ্ছে। প্রথম মহাযুদ্ধের বিধরংসী আলোড়নের পর সারা প্রাথবীর সঙ্গে আবাদের দেশেও ভাব-সংঘাত দেখা দিয়েছিল, তবে দ্বিতীয় মহায্দ্র পর্যন্ত তা বিশেষ দানা বাঁধেনি এবং এখনও পরেনো দিনের ধারণা-ভাবনার প্রভাব এদেশে পাঠক মানসে কিছুটা বর্তমান। পুরোনো বিচার-বোধে শরংচন্দ্রের প্রতিষ্ঠার নিরাপত্তা সম্পকের্ণ প্রশ্ন ওঠে না, কিন্তু দিনকাল পাল্টে যাক্তে বলে আর বেশিদিন আমাদের দেশের পাঠকদেরও প্রোনো মূল্যবোধে আটকে রাখা সম্ভব হবে না বলে অনেকে মনে করছেন। এ°দের মতে বাংল। কাবাজগতে এই বিপ্লব ইতিমধ্যেই প্রবল শক্তি সঞ্চয় করেছে, কথাস হিত্যের ক্ষেত্রে পরিবর্তনের একটা গভীর আগ্রহ ইতিমধ্যেই স্পণ্টত ম্পান্ত হচ্ছে। এ অবস্থায় শরংচন্দ্রে অনুরাগী চিন্তাশীলদের অপরিহার্য কত'ন্য শরংচন্দ্রের লেখার প্রচলিত বিচার পদ্ধতির প্রসার ঘটিয়ে মননশীলতার ও ক্রান্তর্দার্শতার দিক থেকে শরংচন্দ্রের অধিকার সমকালীন জনমানসে মুদ্রিত করা। এতে সমস্যা সম্বশ্বে জনসাধারণ অধিকতর আগ্রহবোধ করবে, যে সমস্যাগ্রাল অভ্যাসবশে মেনে নেওয়া হয়েছে এবং যেসব সমস্যা আগামী দিনে অশিবার্যভাবে বড় হয়ে উঠবে, সেগঃলি সম্পকেও শরংচনদ্র কতটা

সচৈতনতার পরিচয় দিয়েছেন বা তাঁর লেখায় সেগ্নলি প্রত্যক্ষ অথবা পরোক্ষণতাবে কতথানি স্থান পেয়েছে, তার উপরও ষত্ম করে আলোচনা করা হবে। শরংচন্দ্রের জন্ম-শতবামিকীতে শরংচন্দ্রের আকর্ষণ অনেক বেড়ে গেছে, এই সময় থাদ নিভারেষাগ্য স্তে পাঠক-সমাজ শরংসাহিত্যের প্রন্মর্ব্যাগ্য করে পাঠক-সমাজ শরংসাহিত্যের প্রন্মর্ব্যাগ্যিত পরিচিতি অনুধাবন করে, তাহলে আপন নিহিত গোরবেই শরংচন্দ্র দীর্ঘাজিব বিনে। আধ্বনিক কালের দাবীর সজে শরংসাহিত্যের যোগ আছে, আধ্বনিক কালের বিচিত্র সমস্যাপীড়িত মানুষের কাছেও শরংচন্দ্র বাতিঘরের মত, একালের মানুষও শরং-চেতনার সংশ্লেষে উন্নত্তর জীবনের পথ খাজে পেতে পারে,—এই ধারণা ন্তন ধারায় শরংসাহিত্য আলোচনার মধ্যে প্রত্য়েত হলে তা বাংলা সাহিত্যের তো বটেই, শরং-অনুরাগী বিপ্রল পাঠক-সমাজের পরম কল্যাণবাহী হবে। শ্বেধ্ব সমকালই শরংসাহিত্যের রসপ্র্ট হর্মান, দ্বিতীয় মহাযুদ্ধান্তর আধ্বনিক কালও শরংচন্দ্রের উত্তরাধিকার লাভে সমৃদ্ধাহতে পারে,—শরংসাহিত্যের বিচার এই প্রত্যয়ভিত্তিক হওয়া দ্রকার।

শিলেপর জন্য শিলপ.—কথাটা ম:খে যতই বলা হোক, প্রকৃতপক্ষে সাহিত্য শেষপর্যান্ত হিতের সঙ্গে সংখ্রিল্ট হয়েই থাকে। সামাজিক গলপ উপন্যাসের ক্ষেত্রে কথাটা আরও সত্য এইজন্য যে, সমাজ ও সমাজবদ্ধ মান্যুধের পারম্পরিক সম্পর্ক এবং সংঘর্ষের উপর অধিকাংশক্ষেত্রে কথাসাহিত্য দাঁডিয়ে থাকে। একেতে সমস্যার ছবি না ফুটিয়ে উপায় নেই এবং ছবি ফোটালেই সমস্যা-বিশেষ সম্পর্কে লেখকের ভাবদ্রণ্টির ছাপ তাতে পড়বেই I বিৎক্ষচন্দ্র সমস্যা এ°কেছেন এবং তাঁর যুক্তি ও বুদ্ধিমত সমস্যার সমাধান চেয়েছেন। শরংচন্দের শিল্পরীতি ভিন্নরূপ ছিল, তিনি মনে করতেন সমস্যার জীবস্ত র**্পাঙ্কনই কথাসাহিত্যিকের কাজ, সমাধান করা তাঁর** কাজ নয়। (দ**্রুটব্য**— অবিনাশ চন্দ্র ঘোষাল, 'শরৎচন্দ্রের গ্রন্থবিবরণী', ১ম সংস্করণ, প্রন্ঠা ১০৮।) 'কৃষ্ণকাম্বের উইল'-এ রোহিণীর এবং 'বিষব্দুণ'-এ কুন্দর্নান্দরীর কর্ব পরিণতিতে তিনি আপত্তি জানিয়েছেন। কিন্ত এ সতেত্বও একথা নিশ্চিত যে শরৎচন্দ্র মোটেই কলাকৈবল্যবাদণ ছিলেন না । তিনিও চেয়েছেন তাঁর ভাবদূর্ণিট যেন পাঠকমনে সণ্যারিত হয়। এজন্য কাঠিন্য, জটিলতা বা ভয়াবহতা সহ সমস্যাকে স্বরূপে এণকে সমাজশক্তির দারা নিপাঁড়িত মান্ব্যের ব্যথাবেদনা তিনি যত্ন করে ফুটিয়েছেন। বাংলাসাহিত্যে তার পূর্বে যেটুকু কথাসাহিত্য স্ভিট হয়েছিল, তা ছিল সমাজবিধান-নিয়শিতত সামাজিক মানুষের মানসিকতার

লীলাভূমি, শরংচন্দ্রই প্রথম সমাজের ছবি স্বর্পে এ'কে সমাজকে সহায়কের ভূমিক।য় ঠেলে দিয়েছেন, মান্যকে মূল চরিত্র করে মানবতাম্লক সাহিত্যস্থি করেছেন। কথাসাহিত্যকে আধ্নিক ও গণতাশ্ত্রিক সাহিত্য বলা হয়, বাংলা সাহিত্যে এই সংজ্ঞা শ্রংচন্দ্রের গণপ-উপন্যাসেরই প্রথম প্রাপ্য।

সমাজের বিধিবিধান মূলত সমাজভুক্ত মানুষের প্রয়োজনের দিকে তাকিয়ে তার মঙ্গলের জন্য রচিত হরেছে, মানুষের প্রয়োজন ফরিয়ে যাবার পরও এগারিল চলতে থাকলে অধিকাংশ ক্ষেত্রেই তা অনাবশ্যক ভার হয়ে কল্যাণের পরিবতে প্রতিক্রিয়াশীল প্রভাব বিস্তার করবে এবং সমাজের অগ্রগতির পরিবর্তে ক্ষতির কারণ হবে। এই সঙ্গে কায়েমী স্বার্থের চাপের কথাও মনে রাখতে হবে । সমাজের নেতৃত<sup>্ব</sup> যাঁদের হাতে, প্রচা**লত সামাজিক বি**র্যাবিধান পরিবর্তানে যদি তাদের আগ্রহ না থাকে, সেরকম চেন্টা হলে তাদের দিক থেকে নানাভাবে বাধা আসবেই। এ°দের হাতে সমাঞ্চ-বিধি পরিচালনার ভার থাকলে প্রচলিত বাবস্থার জোরে এবং নিপাঁড়িত দূর্বল সামাজিক মানুষের অভ্যাসজনিত হানমন্যতার সূ্যোগে এংরা অন্যায়ভাবে অধিক্তর শক্তি সঞ্য করেন. ফলে সমাজশক্তির কাছে সংশ্লিষ্ট সামাজিক মানুষ অসহায়ভাবে পরাজিত ও নি<sup>থ্</sup>পন্ট হয়। শরংচাদ্র অপরিসীম মানবিক সহান**ুভূতি দিয়ে সমাজের** পরাক্রম ও সমাজবদ্ধ দূর্ব'ল মানুষের আতি জীবন্ত করে ফুটিয়েছেন। তাঁর বিশাল সাহিত্যে নৈষ্ঠিক রূপায়ণের মধ্যেই, সে করুণ ছবি সীমায়িত হলেও, তার মর্মবাণী যথন পাঠক-হাদয় প্রাবিত করে, ছবির সামানা স্বতঃই প্রসারিত হয়, পাঠক-মানস উদ্বেল হয়ে ওঠে সমাধানের আবেগে। ১৩৪২ সালের ১১ই মাঘ শ্রীমতী জাহানারা চৌধুরীকে লেখা একখানি চিঠিতে শরংচন্দের এই অভিমত স্পন্ট প্রকাশিত হয়েছেঃ— "সাহিত্য রসের মধ্য দিয়ে পাঠকের চিত্তে যেমন সাবিমল আনন্দের সাণি করে, তেমনি করতে পারে বহা অন্ত-নির্ণিহত কুসংক্ষারের মূলে আঘাত। এর ফলে মানুষ হয় বড়, ভার দুল্টি হর উদার।"

এইখানে শরংচণেরর বৈশিষ্টা। বিশ্বিমচণর সমাজকে এবং সমাজের বিধিবিধানকে এক করে দেখেছেন বহুক্ষেরে। 'ধর্ম'তত্ব' এ তিনি খোলাখ্নিলই বলেছেন ঃ—"সমাজকে ভব্তি করিবে। ইহা সমরণ রাখিবে যে, মন্ব্যের যত গুণ আছে, সবই সমাজে আছে। সমাজ আমাদের শিক্ষাদাতা, দশ্ভপ্রণেতা.

ভারণ পোষ্ট এবং রক্ষাকত'। সমাজই রাজা, সমাজই শিক্ষা।'' ইংরেজ শাসনের প্রথম যাগে বৃত্তিমের সময়ে এদেশবাসীর মধ্যে ইউরোপীঃ জীবন-চর্যার বহিরক আকর্ষণের বিপদ লক্ষ্য করে বঙ্কিমচ্দ হয়তো তাঁর শিল্পী-মানসকে ইচ্ছা করেই সম্পুচিত করেছিলেন। সে ধাই হোক, এ হিসাবে কিত্ বাঁণকমচন্দ্রের সঙ্গে শরৎচন্দ্রের যে মৌলিক পার্থক্য নিঃসন্দেহে তা শরৎচন্দ্রক কালের গণ্ডী অতিক্রম করবার অধিকার দিয়েছে। শরংচণদ্রও সমাজকে ভালবাসতেন, ধরংসবাদী বা ইংরেজিতে যাকে বলে Iconoclast, তা তিনি **ছিলেন না। কিন্ত: শরংচন্দ্র বঙ্কিমচন্দ্রের মত সমাজ ও সমাজের** বিধানকে এক করে দেখেননি, সবসময় তিনি মনে করেছেন সত্তব্দ সমাজ তার বিধানের চেয়ে বড়, বিধানের চেয়ে মানুষের সঙ্গে সমাজের সম্পর্ক অনেক বেশী নিবিড। এই জন্য শরংচন্দেরে সাহিত্যের ভাবরূপ হ'ল-সামাজিক বিধান মানুষের প্রয়োজনে অবশাই পরিবর্তন, এমন কি পরিবর্জনযোগ্য। যে যাবে আমাদের শাসনতান্তিক সংবিধান পর্যন্ত নাগরিক কল্যাণের আবেগে বারবার সংশোধিত হচ্ছে, সে যুগো শরংচদেরে এই দুণ্টি তাঁর সমকালীন সংক্রান্তর কাঠিনোর পরিপ্রেক্ষিতে অবশাই পাঠকসমাজের গভীর মনোযোগ দাবী করতে পারে।

শরংচন্দ্রের এই উদার মানসিকতার আর এক প্রসারিত র প—তিনি পাপী এবং পাপকে পৃথক করে দেখেছেন। মান্য তার পাপের চেয়ে বড়, পাপ মান্যের জন্মগত হীনতার পরিচায়ক নম। পরিবেশের প্রভাবে, শিক্ষার অভাবে, অন্যায়ের সঙ্গে বাধ্যতাম্লক ঘনিষ্ঠতার অভ্যাসের চাপে, অসহায়তার বা দ্বর্লতার বলি হিসাবে মান্য পাপ করে। শরংচন্দ্র আন্তরিক বিশ্বাস করতেন, পৃথিবীতে এমন কোন পাপী নেই ষে পাপের জন্য পাপ করে এবং আরোগ্যাতীত মনের অস্থে অস্ফু ছাড়া এমন কোন পাপী নেই যার ভবিষ্য়ং নেই। পাপী স্থোগ পেলে ভালো নিশ্চয়ই হবে, এই প্রতায়ে শরংচন্দ্র পাপীর পাপের ছবি একছেন এবং অন্কুল পরিবেশ সেই পাপীর নিহিত সম্ভাবনা উৎসারিত করলে তিনি পাপের উধের্ব তার উত্তরণের সাথকি ইঞ্চিতও করেছেন। শরংচন্দের বিখ্যাত দ্খানি উপন্যাস দেনাপাওনা'ও 'গৃহদাহ'-এর দৃটো বড় চরিত্র জীবানন্দ ও স্রেশের চরিত্রায়ন থেকে এই ভাবদ্ভির চমংকার দৃটোন্ত মিলবে। শরংচন্দ্র দেখিয়েছেন জীবানন্দ যখন নন্ট হয়ে যাচ্ছিল তথন কোনখামেই তার সত্যকার কোন বন্ধ্য ছিল না। তার হারানো প্রী

অলকা যেদিন শান্তিকঞ্জের নরকে ভালবাসার কল্যাণ-প্রদীপ জেবলে যোড়শী র্পে তার সামনে এসে দাঁড়াল প্রেমের আলোয় জ্বীবানদের অধ্ধকার পথ আলোকিত হ'ল, জীবানন্দ সহজেই আত্মদীপ হয়ে উঠলো। উপন্যাসের প্রথম দিকের লম্পট, নিষ্ঠর, শোষক জমিদার জীবানন্দের ছবি তার প্রতি পাঠকের ঘুণারই সন্তার করে, কিন্তু উপন্যাসের শেষদিকে গায়ে জবর নিয়ে জীবানন্দ যথন মেঘলা অপরাকে দরিদ্র প্রজাদের ধান বাঁচাতে মাঠের জল নিকাশের জন্য ব্যগ্রভাবে সাঁকো তৈরী করাতে থাকে, তখন তার সেই পরিবর্তিত রূপে পাঠক মুশ্ধ হয়। যোড়শীর ভালবাসাই এই পরিবর্তনের পটভূমি। সম্পরে শরংচন্দ্র অলিখিত ঘোষণা করেছেন যে, সুরেশ প্রকৃতপক্ষে পাপী সামানাই, বড কথা সে ভল করেছিল, পাপী-না হয়েও দ্রান্ত ধারণার বশে পরস্ত্রী অচলাকে দ্বামী মহিমের কাছ থেকে বিছিও করে সে পাপ করেছিল। বড়ের রাতে সারেশ অচলাকে বংধ ঘরে কাছে পেয়েও যথন বাঝলো অচলাকে সে নণ্ট করেছে মাত্র, অচলা প্রকৃতই তার নয়, মহিমের, তার স্বামীর, মহুহার্ডের বিদ্যাৎ চমকে সারেশ নিজেকে খাজে পেল। তারপরই পথদ্রুতার অনানোচনায় কাতর সুরেশের মাঝুলিতে আত্মত্যাগের নামে আত্মহত্যার ভিতর দিয়ে মনুষ্যতেত্বর পাদপীঠে প্রভ্যাবর্তন। 'চরিত্রহীন'-এর আগনেপারা কিরণময়ীর উন্মাদ হয়ে যাওয়াও এই দুভিকোণ থেকে বিচার করা যায়। কিরণময়ী পাপকে পাপ বলে যথন ব;বালো তথন অনেক দেরী হয়ে গেছে। ঝোঁকের মাথায় বহন্ধি-হংশকে প্রশ্রয় দিয়ে সে নিজের সর্থনাশ নিজে করেছে, ভালবাসার অহমিকায় প্রতিশোধের নামে দিব।করকে আর।ক।নে টেনে নিয়ে গিয়ে ভালবাসার ধন উপেনের মন ভেডে চুরমার করে তাকে সে মরণের পথে ঠেলে দিয়েছে.—ভাল বোঝবার সঙ্গে সঙ্গে কিরণময়ীর পায়ের তলার মাটি সরে গেল, উদ্দান্ত কিরণমরী জ্ঞান হারিয়ে হয়ে গেল উন্মাদ। কিরণময়ী উন্মাদ হ'ল ঠিকই. কিন্তু মান্য হিসাবে সে নিজের জায়গায় অনেকটা ফিরে এল, আন্তিক্য-প্রতায়ী লেখক তাকে অনেকটা প্রচ্ছ করলেন, যে কিরণময়ী একদিন কঠোর ছিল, সে-ই মা কালীর প্রসাদ খাইয়ে মরণোন্ম ্থ উপেন্দ্রকে ভাল করবার স্বপ্ন দেখল।

বাস্তবিক চিন্তার আধ্বনিকতার হিসাবে পাপ এবং পাপীকে এই ভাবে পৃথক দ্ভিটতে দেখা নিঃসন্দেহে বাংলা কথাসাহিত্যে ন্তন সংযোজন। পাপীকে এভাবে পাপমবৃত্তির দিকে নিয়ে যাওয়া শিল্পী শরৎচন্দের মানবতা-বোধের জন্যই সম্ভব হয়েছে। এই ম:নবতাবোধের স্পশে তার সাহিত্যে প্রভট নন্ধ মান্থের মিছিলে ন্তন স্থে।দেয়ের প্রত্যাশা সণ্গারিত হয়েছে।
সমালোচক জন ক্যার্থারস্ বলেছেন, উপন্যাসিক যদি আত্মপরিচয়ের অধিকার
হারাতে না চান, তাহলে অবশ্যই পরিচিত জীবনকে সামনে রেখে তাঁকে
জীবনের ছবি আঁকতে হবে। (John Carruthers, Shehanazade,
P. 28) শরংচন্দ্র সমস্যাক্রিন্ট মান্থের অধঃপতনের কর্ণ চিত্রান্ধনে কুঠা
দেখানিন, কিন্তু দেবদাসের মত সম্ভাবনাপূর্ণ চরিত্রের ব্যর্থতা লক্ষ্য করলে
অনবধানী পাঠকও সমাজনীতির অন্দারতাজনিত মানবশক্তির অবাঞ্ছিত
অপচয়ে গভীর বেদনাবোধ করবেন। তার এই ব্যথা বা ক্ষ্যুখতার ফলে
সমাজের কল্যাণমুখী পরিবর্তন সম্পর্কে শরংচন্দেরে একান্ত আশা ছিল।

বঙ্কিম-সাহিত্যের প্রধান চরিত্রে লেখকের আপন যুগের অভিজাত শ্রেণীর আধিপত্য আছে এবং সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার প্রচলিত রূপের দ্বিধাহীন প্রতিফলন সেখানে দেখা যায়। ববীন্দ্রনাথের উপন্যাসেও অভিজাত শ্রেণীর এই আধিপত্য বর্তমান, তবে তাঁর ছোটগলপগর্বলতে সাধারণ মানুষের সম্ভাবনা ও অধিকারের দিকে লেখকের স্নিগ্ধ দুটি পড়েছে। বিভক্ষচন্দ্রের মত রব্দির্দ্রনাথ সমাজ-সংরক্ষণের দায়িত্ব নিজের স্কন্থে নের্দান। ভাল করে হ্রদয়ের কথা বলার দিকে এবং সাস্থ সান্দর জীবনধর্মের রূপায়নে তাঁর আগ্রহ প্রচলিত সমাজ-বিধান নিরপেক্ষভাবে তার উপন্যাসে বোন কোন জায়গায় চমৎকার ফুটেছে। ত্রটিপূর্ণ সমাজব্যবস্থার বিকুদ্ধে রবী-দুনাথের প্রতিবাদের কথাও এইসূত্রে উল্লেখ করা যায়। এ হিসাবে দুর্ভান্ত মিলবে 'চোখের বালি'র বিনোদিনী চরিতের, 'চতুরঙ্গ'-এর দামিনী চরিতের এবং 'গোরা'য় গোরা চরিত্রের অগ্রগতিতে। শর্জনন্দ্র যদিও রবীন্দ্রনাথের মত মাজিত জীবনায়ন বা সাংস্কৃতিক সচেতনতার দিকে উল্লেখযোগ্য ঝোঁক দেখাননি, তব্ব নরনারীর হুদয়রহস্যের রূপকার হিসাবে তিনি রবীন্দ্রনাথকেই মোটাম**্টি অন্সরণ করেছেন।** শরৎচন্দ্র লেখার জোরেই পাঠকের মন সমস্যাম্থী করে তুলতে পেরেছেন। শরৎচন্দ্র আশা করেছেন পাঠকের সচেতনতা অদুরে ভবিষাতে সমাজের দৈন্য ঘোচাবার সংগ্রামে সক্রিয় ত্রিকা নেবে। আধ্রনিক কালে শরংচন্দ্রের এই লেখক-মানসই পারান্তরস্থ হয়ে আরও গতিলাভের জন্য এবং আরও পরিণামমুখী হওয়ার জন্য ছট্ফট্ করছে। আধ**্রানক লেথকরা এলোমেলো ঘো**রার ভিতরেও অন্ধকারে অস্পর্ট প্**থরে**খার সঠিক নির্ণয়ে আক্রলতা দেখাচ্ছেন। তাঁদের প্রয়াস বা পথচলার ভঙ্গী

নি<sup>ব</sup>ভূল না হ**লে**ও এই মনোভাবে রবীন্দ্রনা**থ** ও **শরৎচন্দ্রের উত্তরাধিকার্ন** রয়েছে।

ণিল্পী লিওনাদেন দা ভিণ্ডি জন্মেছিলেন অবৈধ সন্তানরূপে. আপন প্রতিভাগাণে তিনি সারাবিশ্বের শ্রন্ধা অর্জন করেছেন। ইউরোপে জ্ঞােছলেন বলে তাঁর উন্নতির পথে সমাজ দারতিক্রমা বাধা সাজি করোন। শরংচনের সমর আমাদের দেশের সমাজের অবস্থা ছিল বিপরীত। এখানে মানুষের পরিচয় মানুষ হিসাবে হ'ত না, তার কাজ বা সহজাত প্রতিভার হিসাবে হ'ত না, হ'ত সামাজিক বিধি-নিদিক্ট তার পারিবারিক পরিচয়ের ভিত্তিতে। শরৎচন্দ্র মানবতার এই লাঞ্ছনার ছবি ফুটিয়েছেন 'বাম:নের মেয়ে'র প্রিয়ন।থ ডাক্তারের কথা বলতে গিয়ে। যত দিন যাচ্ছে আমাদের দেশেও এই চিন্তার দৈন্য কমে আসছে। প্রিয়নাথ ডাক্তারের ক্ষেত্রে করুণ রসের ভিতর দিয়ে শরংচন্দ্র পাঠককে এই গা্রন্তর বিষয়ে ভাবতে অনুপ্রাণিত করেছেন। ত র অগাধ সহান ভূতির জনাই কলেটা মায়ের মেয়ে 'দেনাপাওনা'র ষোড়শী বা 'চন্দ্রনাথ'-এর সরয় আপন গাণে মানবিক মর্যাদার ভরে উঠতে পেরেছে। কমলের জন্ম ব্রুত্তান্ত সামাজিক হিসাবে গৌরবের নয়, তার একাধিক বিবাহের কাহিনীও সমার্জাবধির সমার্থত নয়, তবু মানবতাবাদী শরংচদের হাতে পড়েছে বলেই কমল নিজের ভাব-ভাবনার ঔল্জ্বলো ও অধিকারে শাধা আশা-বাব্রে মত মহৎ ব্যক্তির শ্রদ্ধা অর্জন করেনি, একটু অত্যগ্র ও অবিনাস্ত হলেও নতেন যুগ্রথমের প্রবন্ধনীরূপে কমল আধুনিক কালের চিন্তাজগতে আপন স্থান করে নিয়েছে। মানুষের প্রকৃত ঐশ্বর্য মনের ঐশ্বর্য, মানুষকে মানুষ হিসাবে দেখতে শেখাই সবচেয়ে মহং শিক্ষা,—এই সত্যের উপর আপন সাহিত্যবোধকৈ দাঁড করিয়ে শরৎচণ্দ্র নিঃসংশ্বেহে তাঁর নিজের কালকে অতিক্রম ক'রে শুধু আমাদের এ যুগের কেন্ আগামী যুগেরও পরিমন্ডলে পেণছৈ গেছেন। ধর্ম মুখী অথবা প্রচলিত সমাজবিধানমুখী সাহিত্যবৃত্তি থেকে বাংলাসাহিত্যকে উদ্ধার করে শরৎচণ্দ্র মৃত্ত মানবতামুখী সাহিত্যচিন্তার যে স্রোতপথ খুলে দিয়েছেন সেই পথে চলাইতো আধুনিক কালের সাহিত্য-ধর্ম।

এই মৃক্ত মানবতাম্লক মনোভঙ্গীতেই শরৎচন্দ্র মেয়েদের দেখেছেন। মেয়েরা জনসংখ্যার শতকরা প্রায় ৫০ ভাগ, অথচ সমসংখ্যক প্রুষ্দের ইচ্ছার উপর তাদের বে'চে থাকা কার্যত নিভ'র করে। বিবাহের যে সিংহদ্বার পার হয়ে মেয়েদের সংসারক্ষীবনে প্রবেশ করতে হয়, সেই বিবাহপ্রথায় প্রকৃতপক্ষে

মেয়েদের সারাজীবনের পরাধীনতার দলিল পাকাপাকিভাবেই যেন সই করিছে নেওরা হর, বিবাহমশ্রের বাচ্যার্থ ঘাই হোক না কেন। শরংচন্দ্র প্রভাকে না হলেও পরোক্ষে মেরেদের আত্মংবাতদেরার অধিকারকে অগ্রাহিকার দিয়েছেন। প্রত্যক্ষেও এই আবেগ প্রকাশে তাঁর আপত্তি নিশ্চয় হতো না, কিন্তু আমাদের যে সমাজের কথা তিনি বলেছেন সেই সমাজের প্রচলিত खीवनत्रात्र এই आधान्वाज्यात्रात नावी स्मरायत्र मनत्क विरामय नाषा प्रमान. ম্বির আলোর সঙ্গে পরিচয় না থাকায় মেয়েদের অভ্যাসের দাসত্ব চিন্তার দাসত্তে পর্যবসিত হয়েছিল, নিজেদের ন্যায্য মুক্তির দাবী তাদের নিজেদের দ্ধারা সোটেই উপস্থাপিত হচ্ছিল না। একেতে জীবনধর্মী সাহিত্যিক শরংচন্দ্র **জীবনের বাস্তবর**ূপকে উপেক্ষা না করে মেয়েদের অসহায়তাজনিত দ**ু**ব'লতা দেখিয়েছেন এবং পরেমেনিভাতার অভ্যাসের কেল্রে তাদের অন্ধকারে আত্ম-গোপনের মান ছবি ফুটিয়ে সাম।জিক শক্তির করুণ অপচয়ের দিকে পাঠকের দৃ**ণ্টি আকর্ষণ করেছেন।** নানা প্রথার চাপে নিষ্পিণ্ট নারীজাতির প**ল**্র ঘোচাতে শরংচন্দ্র সাবিধা পেলেই তাদের আত্মনাতন্তাদীপ্র করে তোলার প্রয়োজনের উপর জোর দিয়েছেন। বিবাহ প্রথার বর্জন নয়, মানুষের কল্যাণ-মুখী পরিবর্তন তিনি কামনা করেছেন। বাংলাদেশের সমাজজীবনের প্রতি সতক'তায় বাংলাদেশের পটভূমিতে একথা তিনি স্পণ্ট করে বলতে পারেননি বটে, কিন্তু বাংলার বাইরে অণ্কিত 'শ্রীকান্ত' দ্বিতীয় পরে' রেঙ্গানে স্বামীগৃহ থেকে বিতাড়িতা অভয়ার রোহিনীবাবরে সঙ্গে মিলিত জীবন-যাপনের দুঢ়-সংকলেপ এবং 'শেষপ্রশ্ন' উপন্যাসে ভালবাসার উপর অজিতের সঙ্গে স্থায়ী ঘর বাঁধবার প্রতিশ্রতি দিয়ে অজিতের সনিব'ন্ধ অনুরোধ সত্তেও বমলের অজিতকে বৈধ বিবাহে অসম্মতিতে শরংচদের মনোভঙ্গীর প্রাক্ষর আছে। বাট্রান্ড রাসেল ও বার্নার্ড শ.—আধুনিক প্রথিবীর যুগন্ধর দুই মনীধীর সঙ্গেই শরংচদের বিবাহ-প্রথা সম্পৃতিত দ্রভির মৌলিক সামঞ্জস্য চিন্তাশীল ব্যক্তিদের সহজেই চোথে পডে।

বাঙ্গালী সমাজে মেয়েদের মর্যাদ। তাদের অর্থনৈতিক দ্বাতন্তার সঙ্গে জড়িত বলে শরংচন্দ্র মনে করতেন। অর্থনৈতিক নিভরতা কিভাবে মেয়েদের আত্মহারা করে, 'গৃহদাহ'-এ স্বরেশের বিপরীতে অচলার জীবনর্পে তা দ্পন্ট প্রতিফলিত হয়েছে। অচলা ঝড়ের রাতে স্বরেশের সঙ্গে একঘরে শ্তেবাধ্য হয়ে সর্বনাশকে আর ঠেকাতে পারল না, পরিদিন প্রভাতে রামবাব্

অবাক হয়ে দেখলেন অচলার মুখ মড়ার মুখের মত রক্তশ্না ফ্যাকাশে।
এই অচলা কিণ্তু অতঃপর স্বেশকেই অবলন্দন করে রইল, স্বেশেরে দেওয়া
অলংকারে স্মৃণিজ্জতা হয়ে সেযে আবার রামবাব্র বাড়ী যেতে পারল তা
মুখ্যত সন্তব হয়েছে অর্থনৈতিক চাপের জন্য, স্বেশের উপর ভালবাসার
চাপ এক্ষেত্রে সামান্য কথা। অচলার চরিত্রাংকনের বিপরীতে 'শ্রীকান্ত'-এর
রাজলক্ষ্মীর চরিত্র লক্ষ্য করলে কথাটা পরিংকার হবে। রাজলক্ষ্মী শ্রীকান্তকে
গভীরভাবে ভালবেসেছিল, প্রেমিকার ভূমিকায় যখন সে সক্রিয় তখন শ্রীকান্তকে
সেবা করবার প্রবণতা পাঠকের নজরে পড়ে, কিন্তু সমগ্রভাবে অর্থনৈতিক
স্বাত্তেরর অধিকারিণী ছিল বলে যে রাজলক্ষ্মী প্রেমের ক্ষেত্রে শ্রীকান্তে
অনুগত, জীবনায়নের অন্য সব ক্ষেত্রে শ্রীকান্ত-নিরপেক্ষ তার আত্মনাতন্ত্রা
পাঠক লক্ষ্য না করে পারেন না।

এ পর্যন্ত বাংলাসাহিত্যে অর্থনৈতিক চেতনার স্থান নগণা, অথচ আধানিক যাগচিষ্কার এই অর্থনৈতিক অবস্থার সঙ্গে মানসিকতার ঘনিষ্ঠ সম্পর্ক ব্যাপক স্বীকৃতিলাভ করেছে। বিষ্কাচন্দের বা রবীন্দ্রনাথের সাহিত্যে নারী চরিত্রের গতি প্রকৃতিতে অর্থনৈতিক প্রভাবের প্রশ্ন একরকম উপস্থাপিতই হয়নি, যথেণ্ট না হ'লেও শরংচন্দ্রই প্রথম বড় সাহিত্যিক হিসাবে এই গ্রুর্ম্বপূর্ণ বিষয়টি আপন সাহিত্যকৃতিতে সংযুক্ত করলেন। আমাদের দেশের আধানিক সাহিত্য তাঁর এই উত্তরাধিকারকে সাফলোর সঙ্গে কাজে লাগাতে পারলে যুগনচেতনা সমৃদ্ধ হবে সন্দেহ নেই।

শরংচণের অর্থনৈতিক চেতনার অবদান বাংলা সাহিত্যের অগ্রগতিতে সাহায্য করেছে। এ বিষয়ে, তাঁর 'অরক্ষণীয়া' এবং 'স্বামী' গলপ থেকে উল্লেথযোগ্য দ্টি দৃষ্টান্ত রাখা যায়। 'অরক্ষণীয়া'য় জ্ঞানদার সঙ্গে মৃত্যুর জন্য অপেক্ষমান এক লোলচর্ম বৃদ্ধের বিবাহের কথা হয়েছে। এ বিবাহের আশ্ব ফল যে বৈধব্য তা জ্ঞানদা জানে। তার জন্য হিন্দ্র মেয়ের দ্বংখময় দীর্ঘ বিধবা জীবন পড়ে থাকবে। এ বিবাহে কোন তর্বণী কুমারীই খ্শী হয় না। অন্তরে জ্ঞানদাও হয়ত আপেন অদৃষ্টকে ধিক্কার জানিয়েছিল, কিন্তু ঘটনাটিকে সে যেরকম শাস্তভাবে গ্রহণ করেছে তাতে তার মাধ্যমে শরংচন্দ্রের অর্থনৈতিক চেতনার পরিচয় পাওয়া যায়। বৃদ্ধ পাত্র যথন জ্ঞানদাকে দেখতে এলেন, যাতে তাঁকে দেখে তাঁর পছন্দ হয় সেজনা জ্ঞানদা সম্ভা পাউডার, নারকোল তেল ইত্যাদি নিয়ে সাজতে বসলো। তাকে কেউ

্গ্রাহ্য করে না, সাজিয়ে দিতে কেউ এগিয়ে এল না। উপকরণ নেই, ভাঙ্গা আর্মান, গরম কাল, প্রাণপণ চেন্টা করেও জ্ঞানদা শেষ পর্যন্ত এমন স জলো যে জ্যাঠততো ভাইরের শিশ্বপুরও অবাক হয়ে মন্তব্য করলো 'পিতি সঙ্ সেক্সেছে।' জ্ঞানদা ভবিষাতের একটু সংস্থানের আশায়, মায়ের মাতার পর অনিচ্ছাক আত্মীরদের গলগ্রহ হবার যন্ত্রণা থেকে অব্যাহতির জন্য কোনরক্ষে **ওই বাদ্ধ পাত্রের চোখেই নিজেকে পছন্দ**যোগ্য করে তলতে চেয়েছে। সফল হলে বৈধব্য সত্ত্বে ভবিষ্যতে তাকে ভিক্ষা করতে বা ভয়ৎকর জীবন যাপন করতে হবে না, এই আশাই তার একমাত্র সাত্ত্বনা। এই কর্ণ বাস্তব অর্থ-নৈতিক চেতনার ছবিটি বাংলাসাহিতো ন্তন কালের চিন্তার পারবের দ্যোতক। 'প্রামী' গলেপ সোদামিনীকে নিয়ে তার মা বড় ভাইয়ের আগ্রয়ে থাকেন। সোদামিনীকে মামা খুবই ভালবাসেন, যত্ন করে তিনি তাকে **লেখাপড়া শিখিয়েছেন। এমন ভাগ্নীর সত্যকার ভাল** ছেলের স**ঙ্গে** বিয়ে হবে, এ বিষয়ে মামা নিঃসদেহ। সৌদামিনীর মা কিল্তু দাদার আশা-আকাৎক্ষার অংশ নেন না নিজের চেণ্টায় তিনি অলপবয়সে বিপত্নীক ম্যাণ্টিক পাশ কিঃসন্তান চাকুরে যাবক ঘনশ্যামের সজে সৌদামিনীর বিবাহ ঠিক করেন। দাদা প্রচন্ড বাধা দেন, প্রতিশ্রতি দেন তিনি সৌদামিনীর ভাল বিয়ে নিশ্চংই দেবেন, এমন মেয়ের বিয়ে ঘনশ্যামের মত বাজে ছেলের সঙ্গে তিনি হ'তে দিতে পারেন না। অথ'নেতিক চেতনাজাত বাস্তব জীবনবোধে শরৎচন্দ্র সোদামিনীর মাকেই এক্ষেত্রে জিতিয়ে দিলেন। সৌদামিনীর মা দাদার পায়ে মাথা খংডে তাঁকে বিবাহের প্রতিবন্ধকতা থেকে নিবাত করলেন। মা হয়েও তিনি শ্রন্ধেয় বিজ্ঞ দাদার প্রতিশ্রুতির উপর ভরসা না রেখে সাধারণ পারের সঙ্গেই সৌদামিনীর বিয়ের জিদ বজায় রাখলেন। তিনি জানেন, তাঁর দাদার আদশ থাকতে পারে, কিল্ড টাকা নেই, এ পার তব, মেয়েটাকে খেতে পরতে দিতে পারবে, নিঃসন্তান বলে বিপত্নীক হ'লেও সোদামিনীকে ছেলেটি হয়তো প্রামী হিসাবে সুখী করবে। এ বিয়ে ভেঙ্গে গেলে তাঁর নিজের আর দাদার অবত'মানে সৌদ:মিনীর আথিক ভবিষ্যংই সায়ের প্রধান ভাবনা হয়েছে।

বিখ্যাত 'মহেশ' গলেপ শরংচন্দ্রের অর্থনৈতিক চেতনার আর এক জোরালো অভিব্যক্তি ঘটেছে। আজ পর্যন্ত 'মহেশ' যে বিপলে জনপ্রিয়ত। লাভ করেছে, তার মূলে আছে শক্তিমান অর্থবানের শোহণ ও অন্যায় অত্যা-চারের প্রতি পাঠকের ঘৃণা উদ্দেকের প্রয়াস এবং শোষিত নিপীড়িত দরিদ্র

কৃষক গোফুর ও অসহায় গোর, মহেশের প্রতি পাঠকের সহানভূতি। কিন্তু এই কার্ণাটুকু ছাড়াও গলপটির মর্মালে আর একটি বড় তথ্য পাঠকদের দৃষ্টি এড়িয়ে অবস্থান করছে। ভারতের জাতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনার মূল ভূমিকায় স্ফেণ্টভাবে বলা হয়েছে, এদেশে অর্থনৈতিক সংগঠন-র**্পা**ন্তরের মৌ*লি*ক আকা**ণ্**কাই হবে পরিক**ল্প**না রপায়নের ভিত্তি। এর অর্থ'. পারাতন কৃষি-নির্ভার জাতীয় অর্থাব্যবস্থার রূপান্তর ঘটাতে হবে, প্রাচীন ভারগ্রস্ত কৃষির উপর বর্তমানের মত এত বেশী লোক নির্ভার করলে ভারতের ক্রমবর্ধ মান জনসংখ্যার দারিদ্র্য কোনকালেই ঘুচবে না এবং ফলে ভারতবাসী অগ্রগতিশীল প্রথিবীতে অনুষ্লত থেকে যাবে। এইজন্য কৃষি-নির্ভারতা কমিয়ে ভারতে শিল্প-বাণিজ্যের উন্নয়নে জ্যের দিতে হবে। নিয়োগ-সমস্যা এবং **ভোগাপণো**র সমস্যা দুইয়েরই এতে সুরাহা হবে। দেশ বড হয়ে উঠবে। ভারতের শান্ত সংযত আড়ুন্বরহীন জীবনরপের লিগ্ধতা জন্ফ্রীকার্য, গ্রামীণ কৃষকজীবনের মধ্যে ভারতের উদার সনাতন জীবনরপের স্পর্শ পাওয়া যায়। কুষককে আমরা ভালবাসি, কুষকের জমির প্রতি ভালবাসাকে আমরা প্রীতির চক্ষে দেখি। কিন্তু গোফুরের মত ভূমিহীন কৃষক যদি জমিদার বা তাঁর পুরোহিত তর্করত্নের কাছে সন্থদর ব্যবহার, এমন কি কিছু সাহায্য পেত, তাহলে কি নিয়তম প্রত্যাশিত জীবনমানের হিসাবে গোফুরের পক্ষে সপরিবারে বাঁচা সম্ভব হত ? নিশ্চয়ই তা হ'ত না। শরংচন্দ্র প্রথম বাঙ্গালী কথা-সাহিত্যিক যাঁর চেতনায় এই গ্রেড্বপূর্ণ চিন্তা স্থান পেয়েছে এবং যিনি আপন কথাসাহিত্যে তা রূপায়িত করেছেন। গোফ্ররের বাথায় একান্ত ব্যথিত হয়েও ভাল শল্য চিকিৎসকের পঢ়েতা নিয়ে শরৎচন্দ্র ভূমিহীন দরিদ্র ক্ষিজীবী গোফুরকে তার প্রাণপ্রিয় কৃষিজীবন থেকে বিচ্ছিন্ন করে গল্পের উপসংহারে তাকে ফুলবেড়ের চটকলে কাজ করতে পাঠিয়েছেন।

মানবতাম্লক দ্ণিউভিন্ধির জন্য শরংচন্দের ধর্মচেতনাও আশ্চর্য মাজিত হয়েছে। শরংচন্দ্র নিজে ধার্মিক মান্য ছিলেন, কিন্তু সে ধর্মবোধ ঈশবর সন্পকে পবিত্র অন্ভ্তিকেন্দ্রিক, আচার-অন্ত্ঠানের উপর নিভর্গাল নয়। এদিক থেকে শরংচন্দ্র রবীন্দ্রনাথের ভাবনিষ্য এবং আধ্বনিক কালের আলোকসক্ষারী শক্তি। ভারতবর্ষে ধর্মের প্রভাব ব্যাপক ও গভীর, ধর্মের ব্যভিচারও এখানে যথেন্ট চলে। ধর্মর্পকে মালিন্যমৃক্ত করার সাধনা আধ্বনিক কালেও প্রয়োজন, তা বলাই বাহ্লা। আবিলতাহীন ধর্মবাধ শরংচন্দ্র

মনেপ্রাণে ভালবাসতেন। তাঁর 'বিরাজ বৌ'-এর নায়ক নীলাম্বর দেনছের ছোট্ট বোন প্র্'টিকৈ পথচারী এক বৈশ্ব ভিখারীকে দেখিয়ে আবেগের সঙ্গেবলেছে, "বৌষ্ট্রেমর কিচ্ছা নেই, তাদের কিছ্ থাকতে নেই।" সাধারণভাবে কথাটা সাধারণ, কিন্তু গভীর ধর্মবোধের ব্যঞ্জনায় একথার দাম কষা যায় না। ধর্মের নামে যারা অধর্ম করে শরংচন্দ্র তাদের ঘৃণা করতেন। সত্যকার ধর্মপরায়ণদের তিনি অত্যন্ত শ্রুখা করতেন। 'শ্রীকান্ত' চতুর্থ' পর্বে ম্রোর্টিপ্রে আথড়ার এক দ্শ্যে শরংচন্দ্রের এই পবিত্র মনোভাবের স্কুদর নিদর্শন আছে। আথড়ায় তখন গানের আসর বসেছে, বাইরে থেকে আমন্ত্রিত হয়ে এসে এক নামকরা বৈশ্বে মৃদঙ্গ বাজাতে আরুভ করেছেন, আখড়ার প্রধান শ্রারিকাদাস বাবাজী চোখ ব্রুজে শ্রনছেন। ঠিক এমন সময় সালশ্বারা গায়িকা রাজলক্ষ্মী আসরে ত্বলো। রাজলক্ষ্মীর অপর্পে র্প,—বাদক বাবাজীর মৃদঙ্গের স্বর কেটে গেল, সাধ্য শ্বারিকাদাসের কিন্তু কোন ভাবান্তর হ'ল না, তিনি যেমন চোখ ব্রুজে ছিলেন, ঠিক তেমনি চোখ ব্রুজে রইলেন।

শরংচন্দ্রের সময় আমাদের দেশে সামশ্ততাশ্ত্রিক সমাজরূপ ক্ষয়িষ্ট্র হলেও টিকৈ ছিল। তবে অবক্ষয়ের ক্ষতিচিহ্ন তখন তার সর্বাঙ্গে। শিদ্পীস্কলভ নিষ্ঠায় শরৎচন্দ্র সমকালীন সমাজকে এ°কেছেন। মান্ধের প্রয়োজনে একদিন সমাজের স্ভিট হয়েছিল, মানুষের প্রয়োজনেই তার পর্নবিন্যাসের দা ী শরৎ-সাহিত্যে শোনা যায়। শরৎচন্দ্র নিজে এই সমাজ-ব্যবস্থায় অভ্যস্ত ছিলেন, তার ভালমন্দ দুদিকই তিনি দেখেছেন। তাই তাঁর সাহিত্যে সাম-ততান্ত্রিক সমাজের ভালম-দ দুই দিকই পাশাপাশি স্থান পেয়েছে। জমিদার বেণী ঘোষালের পাশে জমিদার রমেশকে আঁকতৈ তাই শরংচন্দ্র শ্বিধা করেননি। ন্তন যুগের পদধর্নন তিনি শুনেছিলেন, সেকথা একট অসংলগ্নতার মধ্যেও কমলের তীক্ষা মন্তব্যগালির মধ্যে প্রকাশ পেয়েছে। নবযুগ কি রকম হবে তা তিনি জানতেন না, তবু ন্তন কালের আবি'ভাব যে অনিবার্য, তাঁর আঁকা সমাজের ধর্নিধ্সের ছবিগর্নিই সে কথা বলে। রাবীন্দ্রিক প্রতায়ে শরংচন্দ্র আশা করেছেন স্বর্য স্বর্মায় ফিরে এ**লে** কুয়াশাও দীপ্তিলাভ করে স**্থালোকে মিশে যাবে। রমেশ জেল থেকে** ফিরে এল এবং বেণী রইল, পল্লীসমাজের এই উপসংহার অবশাই শুখু ভবিষাং সংঘর্ষে রই ইঙ্গিত দেয় না, সেই সংঘর্ষের সম্ভাবনা সত্ত্বেও শেষপর্যাত রমেশের সংগ্রামী মহত্ত্বের জ্বয়ের ইঙ্গিত দেয়। সামন্ততন্ত্র আবিলতার মধ্যে

আত্মবিলাপ্তির পথে চলেছে, 'দেনা-পাওনা'র জীবানন্দের উত্তরণ, কিংবা 'শেষপ্রশন'-এর আশ্বোব্রে বা 'শৃভদা'র নন্দী মশায়ের মহত্তের ঠেকা দিয়ে অবক্ষয়িত সামন্ততন্ত্রকে বাঁচান যাবে না, সমাজতশ্বের দিকেই সমাজ ঘ্রবে, – এই ধারণা শরংচন্দ্র 'পঙ্লীসমাজ'ও 'দেনাপাওনা' উপন্যাসে মোটামাটি বলিষ্ঠভাবেই রেখেছেন। আমাদের দেশে সমাজতদ্তের যে প<sup>\*</sup>্রথিগত ধারণা এখন বলবং হয়েছে. তা এসেছে প্রধানত সোভিয়েট বিপ্রবের সাফলোর ফলশ্রতিতে। 'পদ্লীসমাজ' (১৯১৬), 'দেনা-পাওনা'-র (১৯২৩) সময়তো বটেই, 'পথের দাবী' ১৯২৬) রচনাকালেও এই সমাজতব্রের ধারণা এদেশে শরংচন্দ্র আপন প্রতিভাব**লেই সমা**জতান্ত্রিক ধ্যান-ধারণার স্পণ্ট আভাস উল্লিখিত উপন্যাস দুখানিতে রেখেছেন। 'পল্লীসমার্ক্ক'-এ রুমেশের ও 'দেনা-পাওনা'য় যোড়শীর নেতুত্বে শোষিত দরিদ্র কুষক প্রজারা একত হয়ে কায়েমী সামন্ততান্ত্রিক গ্রাথের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রামে নেমেছে। কাহিনীর প্রকৃতি-পরিণতি অনুধাংন করলে অনায়াসে বলা যায় যে, সামস্ততান্ত্রিক পটভূমির উষ্ণ্রন্ত্রতা উভয় উপন্যাসেই শেষপর্যাত দ্বান হয়ে গেছে, সমাজ-তান্ত্রিক আবেগ সফল না হ'লেও লক্ষণীয় গতিলাভ করেছে। আধুনিক কালে এই সমাজতান্ত্রিক অনুভূতি সাধারণভাবে কথাসাহিত্যিকের মনোজগতে প্রতিষ্ঠালাভ করেছে, কিন্তু শরংচন্দ্রের সময় তলার শ্রেণীর মানুষের আত্ম-প্রাতন্ত্র্য বোধ একেবারে কম ছিল বলে শরংচন্দ্রের মনের আবেগের তুলনায় সে আবেগের প্রকাশ অতি সামান্যই হয়েছে। একথা বলা নিম্প্রয়োজন যে. শরংচন্দ্র যদি 'পংলীসমাজ', 'দেনা-পাওনা'র ক্ষকদের মুক্তি আন্দোলন না আঁকতেন, 'পথের দাবী'তে শিল্প-শ্রমিকদের মৃত্তি আন্দোলনের উপর জোর না দিতেন, এই আন্দোলনে রমেশ, ষোড়শী, সব্যসাচীর মত যোগ্য সেনাপতির পরিকল্পনা না করতেন, তাহলে এদেশে, অতত সাহিত্যক্ষেত্রে, সমাজতান্ত্রিক ভাব-ভাবনার বর্তমান প্রতিষ্ঠা নিংসম্পেহে বিলম্বিত হ'ত। পক্ষাম্তরে শক্তিমান কথাসাহিত্যিক শরংচন্দ্র সামানা সংযোগে এই কঠিন প্রয়াসে এগিয়ে এসেছিলেন বলেই আধুনিককালের বাংলাসাহিত্যে সেই মহৎ কীতির উত্তরাধিকার ক্রম-সাফলোর দিকে এগিয়ে চলেছে।

আজকাল মান,ষের রাজনৈতিক চেতনা বেড়েছে একথা ঠিক, কিন্তু সেইসঙ্গে দলগত রাজনৈতিক চেতনা বেড়েছে ংলে রাজনৈতিক কমা মনের দিক থেকে কেমন যেন সংকৃচিত হয়ে যাছে। শরংচন্দ্রকে অন,সরণ করে অকালের লেখকরা সমকালীন সাধারণ মান্বের এই মানসিক অবনমন রোখবার বলিষ্ঠ প্রচেণ্টা নিশ্চয়ই করতে পারেন। যারা রাজনৈতিক দলবাজি,
মারামারি কাটাকাটি করে, তাদের সামনে শরংচন্দের 'পথের দাবী'তে সশস্ত্র
বিপ্লবে বিশ্বাসী স্বাসাচীর পাশে গান্ধীবাদী অদ্রোহ অসহযোগ আন্দোলনের
সমর্থনকারিণী ভারতীর মর্যাদাপ্রণ সহ-অবস্থান দৃষ্টান্ত হিসাবে
নিঃসন্দেহে শিক্ষাপ্রদ, আধ্বনিককাল এই স্ব্যোগ গ্রহণ করলে জাতীয়
অগ্রগতি সংহতির মধ্য দিয়ে অবশ্যই স্বরান্বিত হবে।

আমাদের দেশে এখন জনসাধারণের পশ্চাংপদতার সবচেয়ে বড় কারণ শিক্ষার অভাব। শিক্ষা মান্যের মনে বল জোগায়, সে বল বাহ্বলের চেয়ে বড। শিক্ষার অভাবে মান্য আপন অধিকার সম্পর্কে সচেতন, সরব বা সক্রিয় হয় না, উন্নয়ন-পরিকল্পনার শরিক হয় না, জীবন যুদ্ধে পিছিয়ে পতে। অর্ধশতাব্দীরও আগে শরংচন্দ্র তাঁর গল্প-উপন্যাসে জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তারের উপর সবিশেষ জোর দিয়েছেন। 'পণ্ডিত মশাই' উপন্যাস্থানিতে হৃদয়ের গ্রেম্ব যথেন্ট, কিন্তু ব্নদাবন পশ্ডিত এবং তাঁর পাঠশালা এ গলেপর প্রাণ। একমাত্র পত্র চরণ সমাজপতিদের দৌরাজ্যে বিনা চিকিৎসায় মারা যাবার পর বুন্দাবন যখন গ্রাম থেকে বিদায় নিয়েছে তখনও তার প্রিয় পাঠশালাটি উঠে যায় নি, বুন্দাবনের আদশে অনুপ্রাণিত কলেজের অধ্যাপক কেশব চাকরী ছেড়ে বন্ধ্ব বৃন্দাবনের সাধনক্ষেত্র পাঠশালাটি পরিচালনার ভার নিয়েছে। পল্লীসমাজের রমেশের গঠনমলেক ক্রিয়াকমের ২ড় দিক হ'ল ক'ুয়াপাুর-পীরপাুরের স্কুল দাুটি ভালভাবে চালানো। 'শ্রীকান্ত'-এ সর্বাতাগী সম্ল্যাসী বজ্ঞানন্দ সাধন-ভজন ক তথানি করেছে শরংচন্দ্র সেকথা বলেননি, কিল্ড বজ্লানন্দ কুল-গঠনে সাগ্রহে এগিয়ে এসেছে এবং বৃত্তিতে বাইজী হ'লেও উপন্যাসের নায়িকা 'বিপ্রদাস' উপন্যাসের রাজলক্ষ্মী উদারভাবে তাকে সাহায্য করেছে। জমিদার বিপ্রদাস জবরদন্ত মানুষ, তিনি মহাজনী কারবারও চালান, কিন্তু শিক্ষার জন্য তাঁর উদারতা উপন্যাসে উল্লেখযোগ্য জায়গা নিয়েছে। বিপ্রদাস দকলে-মন্তবে অর্থ সাহায্য করেন, তাঁর কলকাতার বাড়ীতে অনেকগুলি ছাত্র বিনাখরচে থেকে কলেজে পড়ে। 'বিন্দার ছেলে' গলেপ বিন্দা অমলোকে উপলক্ষ করে বাড়ীর বাইরে পাঠশালা খুলে দিয়েছে। সত্যকার জাতীয় অগ্রগতিতে গণ-শিক্ষার প্রসার অপরিহার্য বলেই মানবতাবাদী শরংচন্দ্র শিলপাত প্রবল অস্কৃবিধা সত্ত্বেও তাঁর গলপ-উপন্যাসে শিক্ষার উপর এতটা জ্যার দিয়েছেন। শরংচন্দ্রের এই কল্যাণ কৃতির আদর্শ সর্বকালেই অন্করণ যোগ্য।

মোটের উপর, ম্লেকথা হ'ল শরংচন্দ্র সমগ্রহাবে সম্প্র সান্দর জীবন-ধর্মের জন্য এবং দেশের ও দশের সত্যকার মঙ্গল সাধনের জন্য শিলপকলা-হানির কিছাটা দায়িত্ব নিয়েও যে বিপ্লবাত্মক আবেগ দেখিয়েছেন, আধানিক কালে শরংচন্দ্রের উত্তরাধিকারের হিসাবে তার স্বীকৃতি ও অন্সাতির প্রয়োজন ফারোয় নি ।



শরংচন্দ্র বাংলার সাহিত্যিক সমাজে পরিচিত হন ১৯১৩ সালে। ১৯১৭ সাল পর্যাকত 'চরিত্রহীন' ও 'শ্রীকান্ত প্রথম পর্য' সমেত তাঁর অন্তত পনেরখানি উপন্যাস ও ছোট গলেপর বই বেরিয়ে যায়। তার কোনটি পাঠকসমাজে অনাদর পায় না, বরং সমাদর পায়। তাই বলা যেতে পারে, প্রথম পাঁচ বংসরেই শরংকন্দের সাহিত্যিক খ্যাতি-প্রতিপত্তি নিভারযোগ্য ভিত্তির উপর দাঁড়িয়েছিল
—তাঁর প্রভাবকাল আরন্ড হয়েছিল। অবশ্য সেই সঙ্গে এই বড় ব্যাপারটিও ক্ষরণীয় যে এটি বাংলার সাহিত্য-জগতের উপরে রবীন্দ্র-প্রভাবের মধ্যাহ্নকাল।
কিন্তু রবীন্দ্রনাথের ব্যাপক প্রভাবের সঙ্গে সঙ্গেই শরংচন্দ্রের বিশেষ প্রভাবও যে বাংলার সাহিত্য-জ্বের অন্তেত হয়েছিল তা যথার্থা। '

কিশ্তু শরংচন্দ্রের প্রভাব বলতে কোন্ বিশেষ ব্যাপার ব্রুত হবে ? চিশ্তা বা সাহিত্যাদর্শের কোন্ বিশেষ রূপ ? আমরা তাঁর সাহিত্যের সঙ্গেষ বতটা পরিচিত হয়েছি ভাতে দেখেছি, বাস্তব জীবন সম্বন্ধে যথেণ্ট সচেতন হয়েও শরংচন্দ্র মুখ্যত ছিলেন স্নুনীতি, সদাচার, পবিত্রতা, প্রেম ও প্রম্থার বন্ধনে বন্ধ দাম্পত্য জীবনের রূপকার। এই অভিযোগ ব্যাপক হথেছিল যে তাঁর লেখায় ঘোর অনাচার ও দ্বুনীতি প্রশ্রম পাচেছ—সে-সব মোহন রঙে রঞ্জিত হচেছ। শরংচন্দ্র নিজে বলেছেন ঃ

পরিপর্ন মন্যাত্র সতীত্বের চেয়ে বড় এই কথাটা আমি বলৈছিলাম। কথাটাকে যৎপরোনাস্তি নোংরা করে তুলে আমার বিরুদ্ধে গালি-গালাজের আর সীমা রইল না। মানুষ হঠাৎ যেন ক্ষেপে গেল।

এই উদ্ভিটি তিনি করেন ১৩৩১ সালে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের সাহিত্য-শাখার সভাপতির্পে তাঁর ভাষণে। কিল্তু তার বহুপ্রের্ব অনেক গণ্যমান্য ব্যক্তি যে তাঁর সাহিত্যের খোর িরোধী হয়ে ওঠেন তারও উল্লেখ রয়েছে, উক্ত ভাষণেই।

পাঠক সাধারণের এই ধরনের প্রতিক্রিয়া উপেক্ষা করা যেতেও পারে।

কিন্তু শরংচন্দের আবিভাবের কয়েক বংসরের মধ্যেই প্রতিগ্রন্থিসদপ্র নতুন লিখিয়েদের দলেও ষেসব অম্বান্তকর নতুন প্রবণতা দেখা দিল সে সব আর উপেক্ষা করবার মত অবস্থায় রইল না। অর্থাৎ, যাকে সাহিত্যে বান্তবাদ, Realism, বলা হয় তার বিভীষিকা আর আকর্ষণ দন্ই-ই নিযে বাংলা সাহিত্যে লক্ষণীয় হয়ে উঠল শরংচন্দের আবিভাবের অল্পকাল পরেই।—বাংলা সাহিত্যে বান্তবাদের গ্রন্থ শরংচন্দ্র অত বড় সম্মান বা দন্রমি যে সত্যই তাঁর প্রাপ্য নয়, এর সত্যকার গ্রন্থ বরং কাল—এ বিষয়ে আজ আমরা অনেকথানি নিঃসন্দেহ। কিন্তু ইচ্ছায় হোক আর অনিচ্ছায় হোক আমাদের দেশে বান্তবাদের ব্যাপক প্রচলনের ব্যাপারে কালের এক বড় বাহন হয়েছিলেন শরংচন্দ্র তা স্বীকার না করেও উপায় নেই।

শরংচশ্যের প্রভাবের কালের স্ট্রনা থেকে একাল পর্য ত অন্যান ঘাট-জন সাহিত্যিক ছোট গলপ ও উপন্যাস লিখে কম বা ঝেলি খ্যাতি-প্রতিপত্তির অধিকারী হয়েছেন । তাঁরা সবাই অবশ্য বাস্তব্বাদ বলতে যা বোঝায় সেই পথের পথিক নন । তবে শরং উত্তর যুগের প্রেরাপ্রির পরিচয় নিতে হলে এ দের প্রায় স্বারই পরিচয় নেওয়া দরকার । কিল্ডু সে কাজটি দ্বঃসাধ্য — এত শীগগির হয়ত অপ্রয়োজনীয়ও । আমরা চেণ্টা করব শরং-উত্তর কালের বাংলা কথাসাহিত্যের প্রধানত বাস্তব্বাদী অংশের যথাসম্ভব নির্ভার-যোগ্য একটা ধারণা দিতে ।

প্রভাতকুমার মুখোপাধ্যায় ঃ শরংচন্দ্রের অব্যবহিত পরের্ব বাংলা ছোট গলেপর ক্ষেত্রে খ্যাতিমান হন প্রভাতকুমার মুখোপাধ্যায়—শরংচন্দ্রের প্রভাবের কালেও তাঁর রচনা প্রকাশিত হতে থাকে। বাস্তববাদী রচনা বলতে যা বোঝায় তাঁর রচনা ঠিক তা নয়। তাঁর কোনো কোনো রচনায় অনুকল্ল দৈবযোগের প্রাচনুর্য দেখে ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর রচনাকে বলেছেন বয়ম্কদের রুপকার। কিন্তু আসলে মানব-চরিত্রের অভিজ্ঞতা তাঁর কমছিল না, আর চরিত্রাম্কনে তাঁর রেখাপাতও অনেক সময়ে স্কৃতীক্ষ্ম হয়েছে। তবে মোটের উপরে জীবনের বাস্তব দিকের কিছু কিছু ইংগিত দিয়ে তিনি পাঠকের হাসি-তামাসার প্রচার খোরাক জোগাতেই তংপর হয়েছিলেন।

তার অনেক ছোট গলপ আজো পাঠকদের প্রিয় । ভঃ নরেশচন্দ্র সেনগাঙ্কঃ প্রভাতকুমারকে বাস্তববাদী না বলা গেলেও শরংচন্দ্রের আবিভাবের কিছ্র পরেই উপন্যাস লিখে বিনি বাংলা সাহিত্যে খ্যাতির অধিকারী হলেন সেই ডঃ নরেশচন্দ্র সেনগর্প্ত সেদিনে বাস্তববাদী ঐপন্যাসিক রুপেই দাঁড়িয়েছিলেন। তাঁর 'অগ্নি-সংস্কার' 'শ্ভা' 'পাপের ছাপ' এবং আরো বহু উপন্যাস সে সময়ে পাঠকসমাজৈ গৃহীত হয়েছিল প্ররোপ্রির বাস্তববাদী উপন্যাস রূপে।

কিন্তু তাঁর খ্যাতি অলপদিনেই দ্বান হয়ে গেছে, তার কারণ মনে হয়, বাস্তবের সত্যকার ছবি তাঁর রচনায় কমই আঁকা হয়েছিল, আর তাঁর চরিত্র-স্ফির ক্ষমতা ছিল আরো কম। কিছু, নতুন চিন্তার পরিচয় তিনি অবশ্য দিয়েছিলেন। কিন্তু চিন্তা, শ্বা, নতেনত্ব বা বৈচিত্রোর গ্রেণে নয়, গভীর-ভাবে জীবনধ্মী হলে তবেই মানুষের সমাদর পায়।

কিন্তু তাঁর শেষ জীবনের একখানি বই 'আমি ছিলাম' তাঁর একটি সমরণীয় রচনা হয়েছে বলে আমাদের ধারণা। তাঁর 'রবীন মাণ্টার'ও কারো কারো শ্রুণা অজ'ন করেছে। কিন্তু রবীন মাণ্টারের চরিত্র শেষের দিকে ভাবালা হয়ে পড়েছে বেশি। 'আমি ছিলাম'-এ তাঁর রেখাপাত সে তুলনাম অনেক তীক্ষা। বইটির বৃন্ধ নায়ক তার পৌতের ভিতরে মান্যের জন্য দরদ আর বিপদের মধ্যে ঝাঁপিয়ে পড়বার সাহস প্রত্যক্ষ করে নিজের জরাজীর্ণ জীবনে তাঁর অতীত দিনের ব্যাপক মানবকল্যাণ-অভিমাখী চিন্তার উন্দীপনা নতুন করে অন্যুত্র করেছেন; পরিবর্তিত কাল সম্বন্ধে এবং সেই পরিবৃতিতিকালে নিজের করণীয় সম্বন্ধে বৃদ্ধের চেতনাও পাঠকদের মনে দাগ কাটে।

কলেল গোষ্ঠীঃ ডঃ নরেশচন্দ্র সেনগ্রন্থের প্রায় সঙ্গে সঙ্গে বাংলা সাহিত্যে যে বাস্তববাদী লিখিয়েদের আবি ভাব ঘটে, সেই সমযে তাঁদের সাহিত্য প্রচেণ্টার নামকরণ হয়েছিল অতি আধ্বনিক সাহিত্য । একালে এই দলের লেখকেরা সাধারণত 'কল্লোল-গোষ্ঠী'র সাহিত্যিক নামে পরিচিত, যদিও সেইদিনে 'কল্লোল'ই তাঁদের একমাত্র বা মুখ্য মুখপাত্র ছিল না । এই দলে অনেক লেখকই ভিড়েছিলেন ।

কিন্তু কালে কালে গলপ ও উপন্যাস লিখিয়ে হিসাবে এ'দের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হন প্রেমেন্দ্র মিন্ত, অচিন্ত্যকুমার সেনগর্প্ত আর বর্ণধদেব বসর। বাস্তববাদী সাহিত্যিক হিসাবে এ'রা, অথবা এ'দের শেষোক্ত দর্ইজন, বাংলা সাহিত্যের একালের ইতিহাসে প্রসিম্ধ হয়েছেন।

কিন্তু এ'দের সন্বন্ধে বিচার করে দেখতে চেন্টা করলে দেখা যায়, অলপ বয়সে অনেকটা তারুণাের উদ্দীপনায় আর ফ্রয়েড, ডি. এইচ্. লরেন্স প্রমুখ পাশ্চান্ত্য লেখকদের প্রভাবে এ'রা বাস্তববাদ সন্বন্ধে মুখর হয়েছিলেন। কিন্তু অপরিণত চিন্তশান্তি নিয়ে এ'রা যে বাস্তব-বাদের জগতে প্রবেশ করে-ছিলেন দীর্ঘকাল পর্যান্ত এ'দের সেই দুর্বলতার পরিচয়ই এ'দের সৃষ্ট সাহিত্য বহন করেছে।

প্রেমেন্দ্র মিত্র : প্রেমেন্দ্র মিত্রকে জ্ঞান করা যেতে পারে এই দলের Friend, Philosopher and Guide—বন্ধনু, দার্শনিক আর নেতা। তাঁর আগে এ রা নতুন পথের ইংগিত পেয়েছিলেন কবি মোহিতলাল মজনুমদারের কোনো কোনো কবিতা থেকে আর কবি নজরাল ইসলামের উদ্দাম ছন্দে। কিন্তু সেই ইংগিত কিছা বিশিষ্ট রাপ নের প্রেমেন্দ্র মিত্রের রচনার।

শ্রেমেন্দ্র মিরের নবযোবনের রচনা 'পাঁক' উপন্যাসখানিও 'ইতর জীবনে'র কিছু চিত্র এ'দের সামনে তুলে ধরে, কিম্তু 'ইতর জীবনে'র সঙ্গে এ'দের নিজেদের পরিচয় ছিল যংসামান্য, আর বিশেষ করে মহায়ুদেধর পরে পাশ্চান্ত্য সাহিত্যের ঝোড়ো হাওয়ার দোলাই এ'দের লেগেছিল বেশী। এ'দের অনেকের রচনা সেই দোলার শনায়ু-চাণ্ডল্যের হর্ষ যেন কাটিয়ে উঠতে চায়নি।

প্রেমেন্দ্র মিরকে পরবর্তাকালে রবীন্দ্রোত্তর আধর্নিক কবি-গোষ্ঠীর অন্তর্গাত ভাবা হয়নি। এক হিসাবে কাজটি সঙ্গতই হলেছে, কেননা, সমস্ত ন্তনত্ব সত্ত্বেও প্রেমেন্দ্র মিরের অন্তরঙ্গযোগ রবীন্দ্রনাথের সঙ্গে, আর রবীন্দ্রোত্তর যুগে আধ্যনিক কবি নামে ষারা পরিচিত তাঁদের চাইতে দেশের জীবন-ধারার সঙ্গে তাঁর পরিচয়ও অনেক গভাীর ও ব্যাপক।

কিন্তু তাঁর কবিতা ও উপন্যাস যথেণ্ট চিত্তাকর্যক হলেও তাঁর প্রতিভার শ্রেণ্ট বিকাশ ঘটেছে তাঁর ছোট গলপগ্লোয়, তাদের সংখ্যা অবশ্য বেশি নয়। তাঁর গভীর সৌন্দর্যবাধ ও জীবন-বোধ সে-সবে মাঝে মাঝে অপ্রের্থ ভাষা পেয়েছে—আমাদের একালের জীবনে সৌন্দর্য ও সার্থকতা কত রকমে ক্ষ্মে হচ্ছে তার ছবি বিচিত্র ভঙ্গিতে সে সবে ফ্রটেছে। রবীন্দ্রনাথ ও শারংচন্দ্রের পরে বাংলা ছোট গলেপর ক্ষেত্রে শ্রেণ্ট্র প্রেমেন্দ্র মিত্রের লাভ হয়েছে, বোধহয় অনেকেরই এই মত।

কেউ কেউ শরংচন্দের শ্রেষ্ঠ ছোট গলেপর চাইতেও প্রেমেন্দ্র মিরের শ্রেষ্ঠ

ছোট গলেপর মর্যাদা বেশি বেন। তাঁদের কথা উড়িরে দেবার মতো নয়। প্রেমেন্দ্র মিরের ভাষা মাঝে মাঝে অপ্রের্ব ইন্দ্রজাল স্থিতি করেছে। কিন্তু তাঁর কিছ্য-বেশি রোমাণ্টিক প্রবণতা তাঁর প্রতিভাকে সতাই কিছ্য ক্ষান্ন করেছে।

অভিন্তাকুমার দেনগান্তঃ কলেলাল-গোণ্ঠীর অন্যতম নেতা, অচিন্ত্য-কুমার সেনগান্ত সেদিন কিছ্ম কবিতা, ছোট গলপ ও উপন্যাস, বিশেষ করে' তাঁর 'বেদে' উপন্যাসখানি লিখে খ্যাতিমান হয়েছিলেন। তাঁর বান্তব-বোধ মনে হয়েছে অভ্যুত। প্রকৃতি-বর্ণনা মাঝে মাঝে তাঁর রচনায় চিত্তাকর্ষক হয়েছে – বিশেষ করে ভাঙনধরা নদীর বর্ণনা; কিল্টু মান্বের ছবি তিনি যা এ'কেছেন তা অথ'প্রণ হয়নি—সেগ্লোকে যদি stunt অথ'াৎ কসরত জাতীয় রচনা বলা যায় তবে নিন্দা করা হয় না।

রবীন্দ্রনাথ তাঁর 'বেদে' সম্বন্ধে কঠিন মন্তব্য অনেক করেছিলেন; কিন্তু ভাল যতটা বলেছিলেন তাও কম নয়। কিন্তু দৃভাগ্যক্তমে তেমন কিছ্ আশার সম্বল তাঁর এই লেখাটি নতুন করে' পড়ে আমরা পাইনি: জীবনের প্রতি যে দরদ ও দায়িস্ববোধ লেখাকে অর্থ'পূর্ণ করে, মনে হয়েছে, কেমন করে যেন তারই অভাব ঘটেছে তাঁর রচনায়। তাঁর সব চাইতে উল্লেখযোগ্য লেখা বোধহয় তাঁর 'যতনবিবি'। তাতে চরিত্রগ্র্লোকে খ্বব বাস্তব করতে চেণ্টা করা হয়েছে। কিন্তু আসলে তারা দ'াড়িয়েছে যেন বাস্তবের মুখোস পরে —তাদের অন্তরান্থার স্পর্শ পাওয়া যায় না।

বৃশ্ধদেব বস্ ঃ বৃশ্ধদেব বস অলপ বয়সেই সাহিত্য রচনায় ব্রতী হন। আর নবযোবনেই পদ্য গদ্য উভয় ক্ষেত্রেই কৃতিত্বের পরিচয় দেন। রবীন্দ্রনাথ থেকে প্রেরণা পেয়েই তিনি সাহিত্যিক জীবন আরুভ করেন, কিন্তু অচিরে ফুয়েড্ এবং ডি. এইচ. লরেন্সের প্রভাব তাঁর উপরে প্রবল হয়।

অলপ বয়সেই তিনি যেমন খ্যাতিমান হন তেমনি নিন্দার পাত্রও হন। আধ্ননিক সাহিত্যিকদের মধ্যে তাঁর মতো অত কড়া নিন্দা বোধ হয় আর কাউকে ভোগ করতে হয়নি। সেটি অবশ্য এক হিসাবে তাঁর সাহিত্যিক শক্তিরই পরিচায়ক।

তাঁর সাহিত্যিক প্রচেণ্টা অনেক ব'াক-বন্দর ঘ্রুরে এসেছে, অনেকর্পে আত্মপ্রকাশ করেছে। তাই,অল্প কথায় তাঁর পরিচয় দেওয়া কঠিন। তবে সংক্ষেপে বলা যেতে পারে, কবিতা রচনায়ই তিনি কৃতিত্ব দেখিয়েছেন বেশি। তাঁর প্রবম্প ও দ্রমণ-কাহিনীও অনেকের প্রিয়। কিন্তু ছোট গল্প ও উপন্যাস রচনায় তাঁর সাফল্যের পরিমাণ কম।

একালের বাংলা সাহিত্যে কল্লোল গোষ্ঠীর লেখকরাই বাস্তব্যদ নিম্নেবেশ উট্ট্র গলায় কথা বলেছিলেন—সেই বিতকের কোলাহল দেশের সাহিত্যের ক্ষেত্রে ছড়িয়েও পড়েছিল। কিন্তু আমরা এই গোষ্ঠীর নেতাদের যতটা পরিচয় পেলাম তা থেকে বোঝা গেল কল্লোল-গোষ্ঠীর বাস্তব্যদ ছিল খ্ব অবিকশিত—আমাদের সাহিত্যে তা থেকে ক্মরণীয় কিছ্ম পাওয়া সম্ভবপর ছিল না, পাওয়া যায়ওনি। এরপর মানিক বন্দ্যোপাধ্যাবের রচনায় বাস্তব-বোধের—অর্থণে রয় বাস্তব-বোধের—কিছ্ম উল্লেখযোগ্য পরিণতি আমরা দেখব। কল্লোল-গোষ্ঠীর ঐতিহাসিক ম্ল্য অবশ্য স্বীকার্ষণ

শৈলজানন্দ মুখোপাধ্যায় : শৈলজানন্দ মুখোপাধ্যায় কল্লোলে লিখতেন। কিন্তু তাঁকে কল্লোল-গোষ্ঠীর লেখক না বলাই সঙ্গত। কেন না, বাস্তবতা নিয়ে কোনোরপে বাড়াবাড়ী বা মাতামাতি তিনি কখনো করেননি যদিও তাঁর বাস্তবের বোধ গভীর। দেশের সঙ্গে তাঁর যোগও নিবিড়। তাঁর সম্বন্ধে রবীশ্রনাথের উদ্ভি এই :

শৈলজানন্দের গণপ আমি কিছ্ কিছ্ পড়েছি। দেখেছি, দরিদ্র জীবনের যথাথ অভিজ্ঞতা এবং সেই সঙ্গে লেখবার শক্তি তাঁর আছে বলেই তাঁর রচনায় দারিদ্রাঘোষণার কৃত্রিমতা নেই। · · · · তাঁর কলমে গ্রামের যে সব চিত্র দেখেছি তাতে তিনি সহজেই ঠিক কথাটি বলেছেন বলেই ঠিক কথা বলবার কারিপাউডারি ভঙ্গিটা তাঁর মধ্যে দেখা দেখনি।

শর্থনু দারিদ্র নয় গ্রামের বিচিত্র কদাচারের ছবি, আর বিশেষ করে নারীনির্যাতনের-ছবি, তাঁর সাহিত্যে অসাধারণ দক্ষতার সঙ্গে ফর্টিয়ে তোলা হয়েছে। এ ব্যাপারে তাঁকে জ্ঞান করা যেতে পারে শরংচন্দ্রের একজন সত্যকার উত্তর-সাধক। তাঁর বাস্তবতার চিত্রণে কৃত্রিমতা নেই একথা বলে রবীন্দ্রনাথ তাঁর সাহিত্যের উচ্চমর্যাদার ইংগিত করেছেন।

কিন্তু বাস্তব-বোধের সঙ্গে সঙ্গে তাঁতে রোমাণ্টিক চেতনাও বেশ আছে। তার পরিচয় ফুটেছে স'ওতাল জীবনের যে সব ছব্বি তিনি এ'কেছেন তাতে। ত'রে সেইসব গণপ খ্ব জনপ্রিয়তা অর্জন করেছে। এই শ্রেণীর লোকেদের জীবনের ছবি অ'কোর 'পরে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ও উল্লেখযোগ্য কৃতিত্ব দেখিয়েছেন ।

সাওতাল জীবন সাবশ্বে শৈলজানন্দ যে সব গলপ লিখেছেন সেগালো পড়ে আমাদের মনে হয়েছে রোমান্টিক প্রবণতা তার মধ্যে আর একট্র কম থাকলে বাংলা সাহিত্যে বাস্তবতা-বোধ হয়ত আরো উচ্চতর সাথাকতা লাভ করত।

বিজ্বতিভূষণ বেশ্যেপাধ্যায় ঃ রোমাণ্টিক প্রবণতা আমাদের একালের সাহিত্যিকদের মধ্যে প্রবল, তা বাস্তববাদের যতই ভক্ত তাঁরা হোন—তার পরিচয় পাওয়া গেছে। বিভূতিভূষণ বন্দ্যোপাধাায়কে বাস্তববাদী সাহিত্যিক বলা যায় না, কিন্তু তাঁর মধ্যে রোমান্টিক প্রবণতা একটা নতুন ফল ফলিয়েছে। তাঁর অতি প্রবল প্রকৃতি-প্রেমের তা হয়েছে অন্বতাঁ—পেছনে থেকে নানাভাবে সরসতা যাগিয়ের চলার ভূমিকা তা নিয়েছে, সামনে এসে অন্তৃত হয়নি। আমাদের একালের অনেক বাস্তববাদী রোমান্টিক চেতনার এই বৈধ ভূমিকা সন্বন্ধে সজাগ থাকতে পারেননি।

প্রকৃতি বিভূতিভূষণের চিন্তায় ও অন্ভবে এক অতিবড় সত্য। সাধারণত উপন্যাসে তেমন মনোভাবের সাক্ষাৎ পাওয়া যায় না; তার কারণ, উপন্যাসের মুখ্য বিষয় প্রতিদিনের জীবন—প্রকৃতি তার পটভূমিকা নিঃসন্দেহ, কিন্তু তার অতিরিক্ত নয়। বিভূতিভূষণের রচনায় প্রকৃতি পটভূমিকার চাইতে আরো অনেক বড় হযে উঠেছে। কিন্তু অনাড়ব্রে দৈনন্দিন জীবনের প্রতি বিভূতিভূষণের গভীর মমতাও তাঁর চেতনায় কখনো আব্ত হয়নি। শেষ প্রযানত উপন্যাসিক তিনি হতে পেরেছেন এরই গ্রেণ।

বিভূতিভূষণ কিছা ভাল ছোট গণপও লিথেছেন। তাঁর গভীর শ্নেহময় প্রকৃতি ও প্রকৃতি-প্রেম সে সবে খাব হাদ্য রূপে পেয়েছে।

তাঁর নিজ্ঞাব জগং নিয়ে বিভূতিভূষণের সাহিত্য শরং-উত্তর যুগের বাংলা সাহিত্যের একটি শ্রেণ্ঠ সম্পদ। তবে বিভূতিভ্যেণকে শরং-উত্তর না বলে রবীন্দ্রোত্তর বলাই ভাল।

অন্নদাশৎকর রায় ঃ অন্নদাশৎকরের জন্ম উড়িষ্যায়। সেখানে তাঁদের পরিবারের দীর্ঘাকালের বসতি। তাঁর বাল্য ও কৈশোর কাটে উড়িষ্যায়। তিনি ওড়িয়াতে সাহিত্য-চচ্চা আরশ্ভ করেন। কিন্তু অন্পবয়সেই তাঁর হাতে পড়ে 'সব্জ পশ্র' ও রবীন্দ্রনাথের রচনা; তার ফলে সাহিত্য সম্বন্ধে

তার অশ্তরে নতুন চেতনার সঞ্চার হয়। ওড়িয়া ছেড়ে তিনি বাংলায় মন দেন।

সাহিত্য সাধনা সংবশ্ধে তাঁর নতুন চেতনা লাভের কথা তাঁর 'বিনার বই' রচনাটিতে মনোরম করে বলা হয়েছে। তাতে দেখা যায় সাহিত্য ও জাঁবন সন্বশ্ধে অলপ বয়সেই বহা কথা তিনি ভেবেছিলেন। বোধহয় তার বড় কারণ, রবীশ্রনাথ, টলস্টয়, রোমা রোলা, মহান্মা গাম্ধী প্রমা্থ একালের শ্রেন্ট মনীষীদের রচনার সঙ্গে তিনি অলপ বয়সেই পরিচিত হয়েছিলেন। বলা যেতে পারে সাহিত্য সাধনা সন্বশ্ধে, একটি বড় স্বশ্ন নিয়ে অয়দাশুকর তাঁর সাহিত্যিক জাঁবন আরুভ করেছেন।

তাঁর অল্প বয়সের লেখা 'পথে প্রবাসে' তাঁকে ব্যাপক খ্যাতির অধিকারী করে।

অমদাশব্দর যেমন সচেতন একালের দাবি সন্বশ্বে তেমনি সচেতন ভারতের ঐতিহ্যের দাবি সন্বশ্বেও। তাঁর উড়িষ্যায় জন্ম ও লালন তাঁর এই প্রাচীন ঐতিহ্য চেতনার মলে হয়ত অনেকখানি।

কিন্তু সাহিত্যে, বিশেষ করে রস-সাহিত্যে সচেতনতাই একই সঙ্গে গন্ধের ও দোষের। অহ্নদাশ করের সাহিত্য-প্রচেণ্টায় সেই গন্ধ ও দোষ দনুইয়েরই সাক্ষাংকার আমরা পাই।

মানিক বন্দোপাধ্যায়ঃ অলপ বয়সেই মানিক বন্দ্যোপাধ্যায় যথেণ্ট প্রতিশ্রুতির পরিচয় দেন। তাঁর 'দিবারাত্তির কাব্য' পড়ে অনেকেই তাঁর সম্বশ্ধে খবে আশাশ্বিত হয়ে ওঠেন। কালে কালে তিনি অনেক উপন্যাস ও ছোট গলপ রচনা করেন, কিন্তু সে সবের মধ্যে অলপ কয়েকটি ছোট গলপ আর মাত্ত দ্বিটি উপন্যাস পাঠকদের সেই আশা কিছ্ব পরিমাণে পরেণ করেছে। তাঁর অবশিণ্ট রচনায়—তার পরিমাণ যে কম নয় তা বলা হয়েছে—তাঁর পর্যবেক্ষণ-শান্তর আর দেশের জীবনের সঙ্গে, বিশেষ করে, তার দ্বঃশ্ছ অংশের সঙ্গে, তাঁর অন্তরঙ্গ যোগের পরিচয় থাকলেও অর্থ প্রণ সাহিত্যিক স্থিটি হিসাবে সেসব কমই উৎরেছে।

কল্লোল-গোষ্ঠীর লেখকদের বাস্তর-বোধের অপরিণতি ও অম্ভৃতত্ত্বের কথা আমরা বলেছি। তাঁদের ধারার বাইরে শৈলজানন্দের রচনার সামাজিক বাস্তব-বোধের উল্লেখযোগ্য পরিচয় আমরা পাই, তারও উল্লেখ করা হয়েছে। কিম্তু সাহিত্যে বাস্তববাদ বলতে যে র, চু, সাধারণত সমাজ- ধর্ম বিরোধী, বাস্তবের রুপায়ণ বোঝায় তার সঙ্গে আমাদের সাক্ষাৎকার হয় মানিক বন্দ্যোপাধ্যাযের রচনায়ই। তাঁর যে দুর্টি সার্থক উপন্যাসের কথা আমরা বলেছি সে দুর্টি হচ্ছে 'পুতুলনাচের ইতিকথা' আর 'পুণমানদীর মাঝি'; আর তাঁর সার্থক গলপগর্লোর মধ্যে খুব উল্লেখযোগ্য হচ্ছে 'প্রাগৈতিহাসিক' ও 'সরীসূপ'।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় শরং উত্তর বাংলা সাহিত্যে একটি জনপ্রিয় নাম।

তাঁর লেখাগ্নলো তিনটি বড় বিভাগে সাজানো যেতে পারে। প্রথম বিভাগে, রাঢ়ের গ্রাম্য পরিবেশের চিত্র (তিনি বীরভূমের লোক) - সেই পরিবেশে নিশ্ন শ্রেণীর লোকদের জীবনযাত্রা, আমোদ-আহ্মাদ, তাঁর গভীর অনুরাগ আকর্ষণ করেছে। দিবতীর বিভাগে উচ্চবর্ণের লোকদের গোরবময় ঐতিহ্যের ক্ষয়শীল দশার চিত্র — সেজন্য তাঁর বেদনা স্ক্রভীর। তৃতীয়-বিভাগে, প্রাচীন জীবনধারার সঙ্গে আধ্বনিক জীবনধারার সংহর্বের চিত্র — দ্বুয়েরই মধ্যে যা ভাল তার প্রতি তিনি শ্রুণ্ধা নিবেদন করেছেন।

তারাশ কর প্রথম জীবনে কবিতা লিখতেন— তাঁর প্রথম স্তরের ক্ষেকটি বিশিষ্ট রচনায় গীতি-কবিতার সূরে পাওয়া যায়। তাঁর ন্বিতীয় স্তরের লেখা ('ধারীদেবতা', 'কালিন্দী' প্রভৃতি ) থেকেই তাঁর ব্যাপক জনপ্রিয়তার স্ট্রনা হয়। আা 'গণদেবতা', 'পঞ্জাম', 'হাঁস্লী বাঁকের উপকথা', তাঁর উপন্যাসিক যশ স্ত্রতিভিঠত ক্রেছে।

শৈলজানন্দের 'কয়লা কুঠি'তে আণ্টালক জীবনের প্রথম অনেকথানি সার্থ ক ছবি আমরা পাই—তারাশঙ্করের 'পণ্ডগ্রাম' ও 'হাঁস্বলী বাঁকের উপকথা'র সেই আণ্টালক চিত্র এক অনন্য সাধারণ সার্থকতা লাভ করেছে। এব্যাপারে ইংরেজ উপন্যাসিক টমাস হার্ডির সাফল্যের সঙ্গে তার সাফল্য তুলিত হতে পারে। তবে উপন্যাসিক হিসাবে তারাশঙ্করের দ্বর্বলতাও লক্ষণীয়।

শরংচদ্দের আমরা মাঝে মাঝে চরিত্র-স্থির অসাধারণ ক্ষমতা দেখেছি।
শরংচদ্দের পরে বড় সাথাক উপন্যাস ২চ্ছে বিভূতিভূষণের 'পথের-পাঁচালী'
আর অল্লদাশন্ধরের 'সত্যাসত্য। সত্যাসত্যে অপ্রধান চরিত্রগ্রলো বেশি সাথাক
হয়েছে আর 'পথের পাঁচালী'তে প্রায় সব চরিত্রই মোটের উপর সরল কিন্তু
অসাথাক তারা হয়নি পরিবেশের সঙ্গে তাদের গভীর সঙ্গতির ফলে।

প্রেমেন্দ্র মিত্র, গৈলজানন্দ মুখোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে আর ছোট গণপ্যলোয়ও কিছু চরিত্র সূথিট হয়েছে, অর্থাৎ প্রতিদিনের পরিচিত মানুষদের দেখা সে সবে আমরা পাই – কিম্ত প্রতিদিনের জীবন্যাত্রার উপরে প্রতিষ্ঠিত যে সত্যকার বাস্তবধর্মী চরিত্র - শরংচন্দের ভাষায়, concrete রচনা—তাদের সাক্ষাংকার আমরা পাই তারাশঙ্করের রচনার মধ্যেই. এই আমাদের একালের সাধারণ সাহিত্যিক ধারণা দাঁডিয়েছে। এ ধারণার সমর্থনে বলা যায়, অশ্তত তাঁর 'গণদেবতা', 'পণগুমাম' ও 'হাস্কুলী বাঁকের উপকথা'য় তারাশুকর ছিরুপাল, অনিরুখ, রহম, তিনকড়ি, বনোয়ারী, পরম ও করালীর মতো চরিত্র স্থিত করেছেন যাদের বাস্তব না ভেবে পারা যায় না। তা ছাড়া এ সমস্ত উপন্যাসে শুধু পার-পারী নয়, পরিবেশও অত্যন্ত জীবন্ত—নদী, মাঠ, গাছপালা, ঋতুর পরিবর্তন এসব আমাদের জানিয়ে দিয়ে যায় তারা সতাই আছে, শুধু বইয়ের বর্ণনা তারা নয়। কিল্ত এসব সত্ত্রেও তারাশঞ্চরের মক্ষাগত যে দূর্বলতা সে দিকেও তাকাবার আছে। যে জীবন তাঁর অঞ্চনের বিষয় হয়েছে তা চোখে দেখা জীবন যতখানি, শ্মৃতি-বাহিত জীবনও যেন ততখানি, আর সে সবের সক্তে তাঁর বিশিষ্ট চিন্তনেরও যোগ ঘটেছে ।

তারাশ কর বহু ছোট গলপও লিখেছেন। সেসবে তাঁর বহু ধরণের অভিজ্ঞতা—তাঁর জীবনের অভিজ্ঞতা বেশ ব্যাপক-প্রকাশ পেয়েছে; তাঁর ছোটগলপ সাধারণত কাহিনী প্রধান। স্থপাঠ্য ছোটগলপ তিনি অনেক লিখেছেন। কিল্ডু শ্রেণ্ট ছোট গলপ বলতে যা বোঝায় তার সংখ্যা তাঁর রচনায় শ্বভাবতই কম।

তারাশঙ্করের ভিতরে মরমী প্রবণতা আছে, তার ইংগিত করা হয়েছে। কিন্তু সোটি বিভূতিভূষণের মতো সহজ নয়, অনেকটা প্রাচীন ঐতিহ্য-প্রীতি থেকে জাত। তা হলেও তা দ্বর্ণল ও গতান্বগতিক নয়।

তারাশ করের হাদয়িট বিশাল, কিশ্তু তাঁর দ্বিট সেতুলনায় কম পরিচ্ছয়।
প্রবাধকুমার সান্যালঃ কিশ্রেল-গোড়িটার অচিশত্যকুমার সেনগর্প্ত ও
ব্শধদেব বসর্র মধ্যে একধরণের বাস্তববোধ ও কিছর অতিরিক্ত রোমাণ্টিক
প্রবণতার পরিচয় আমরা পেয়েছি। তাঁদের পরে প্রবোধকুমার সান্যালের
মধ্যেও প্রায় তেমনি ধরনের বাস্তববোধ ও রোমাণ্টিক প্রবণতা আমরা দেখি।
তবে অচিশত্যকুমার ও ব্শধদেবের বাস্তববোধের চাইতে প্রবোধ সান্যালের

বাস্তববোধ অনেক স্থলে তীক্ষাতর। ঔপন্যাসিক হিসাবে তিনি ব্যাপক জনপ্রিয়তাও অজন করেছেন।

তাঁর 'প্রিয় বান্ধবী' উপন্যাসখানি তাঁকে খ্যাতিমান করে। এই বইখানিতে তাঁর শক্তি ও দ্বর্ব লতা দ্য়েরই যথেষ্ট পরিচয় রয়েছে। এটিকে জ্ঞান করা যেতে পারে তাঁর উপন্যাসগুলোর প্রতিনিধি স্থানীয়।

একই সঙ্গে এমন অনেকখানি বাস্তবের বোধ আর শ্বাণিনকতা, আর চিশ্তা ও অন্ত্তির শিথিলবন্ধ প্রকাশ—বলা যেতে পারে, এই আমাদের সমসাময়িক কথাসাহিত্যের বড় অংশের পরিচয়।

ছোট গলপ: একালে কিছ্ম ভাল ছোট গলপ লেখা হয়েছে সেদিকটায় একট্য তাকানো যাক।

শরংচন্দ্রের 'মহেশে'র উল্লেখ করা হয়েছে। 'মহেশ' ভিন্ন শরংচন্দ্রের উৎকৃত্ট ছোট গলপ হচ্ছে 'অভাগীর স্বর্গ', 'একাদশী বৈরাগী', 'মামলার ফল', 'বিলাসী', আর 'হরিলক্ষী'। এ ভিন্ন তিনি অবশ্য আরো বহু, গল্প লিখেছেন, ষেগ্যলো চিত্তাকর্ষক। কিন্তু ছোট গলেপর যে বিশেষ গঠন ও আবেদন সেটি সেণ্যলোতে নেই। সেগ্যলো সাধারণত বড় গলপ বা উপন্যাস সংক্ষিপ্ত করে' বলা। কিল্ত ছোট গলপ ঠিক তাই নয়। ছোট গলেপ গলপ অবশ্য কিছ থাকবেই, কেননা, ছবি ফোটা চাই—ছবি না হলে শিল্প-স্থিত আর কি করে হবে। কিন্তু গলেপর অংশ যদি পল্লবিত হয়ে বেশি মনোযোগ আকর্ষণ করে তবে ছোট গলেপর রস নষ্ট হয়। ছোট গলপ যেন একটি সোনার আংটি যার উপরে এক কণা হীরে বসানো আছে। সোনাট্রক অবশ্য চাই, কিন্তু হীরের ক্রিকাটিই আংটিটিকে বিশেষ মর্যাদা দিয়েছে। তেমনি ছোট গল্প মর্যাদা পায় যদি তাতে জীবনের একটি খন্ডাংশ হীরের কণার মতো একটি বিশেষ ভাবের শ্বারা উল্জবলিত হয়। শরংচন্দ্রের কতকগ্নলো ছোট গল্প তেমন মহৎ মর্যাদা লাভ করেছে। 'মহেশ' বড গল্প, কাহিনীর অংশ বেশ বড, কিন্ত ছোট গল্পের জন্য চাই যে ভাবের হীরের কণাটি সেটিও এতে আছে—মহেশের মৃত্য এবং গফারের অন্তিম অভিসম্পাত কাহিনীটিকে অসাধারণভাবে কেন্দ্রীভূত করেছে। আর, একটি ছোট গল্প গলপমাত্র হয়ে এটিয়ে জীবনকে ব্যাপক-ভাবে দপর্শ করেছে তাতেও এর গৌরব খুব বেড়েছে। গভীর জীবন-বোধ ও জীবন-দর্শন যে সাহিত্যে বড সম্পদ শরংচন্দ্রের 'মহেশ' তার এক ভাল প্রমাণ।

শরংচন্দ্রের পরে ভাল গণপ লিখেছেন অনেকে। তাঁদের মধ্যে বিশেষ খ্যাতি অর্জন করেছেন প্রেমেন্দ্র মিত্র, শৈলজানন্দ মুখোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, অন্নদাশকর রায়, মানিক বন্দ্যোপাধ্যায়, তারাশকর বন্দ্যোপাধ্যায়, আশাপ্রেণ দেবী ও নরেন্দ্র মিত্র। রবীন্দ্রনাথ বলেছেন—

আমি সমস্ত জিনিসের বাস্তবিকতাট্বকু স্পণ্ট দেখিতে পাই; অথচ তারই ভিতরে, তার সমস্ত ক্ষ্বতা এবং সমস্ত আত্ম-বিরোধের মধ্যেও আমি একটি অনিব চনীয় দ্বগাঁয় রহস্যের আভাস পাই।

যাঁদের নাম করা হল তাঁদের শ্রেণ্ঠ ছোট গলেপ এমনি বাস্তবিকতা আর অনিব'চনীয় রহস্যের সম্মিলন ঘটেছে। তাঁদের কয়েকজনের সম্মেশে আমরা খ্বই সংক্ষেপে আলোচনা করেছি। যাঁদের সম্বশ্ধে আলোচনা করা হয় নি তাঁদের মধ্যে আশাপ্ণা দেবী খ্ব বিশিণ্ট। বাস্তবিক শরং-উত্তর যুগের সব'শ্রেণ্ঠ গলপ লিখিয়েদের অন্যতম তিনি। তাঁর জগণ অবশ্য সংকীণ' – মুখ্যত বাংলার মধ্যবিত্ত সমাজের নারী-জগণ। কিল্কু সেই জগণ তার সমস্ত খ'ন্টিনাটি নিয়ে তীক্ষ্ম রেখায় রেখায় ফুটে উঠেছে তাঁর রচনায়। আশাপ্ণা দেবী উপন্যাসও লিখেছেন, কিল্কু ছোটগল্পই তাঁর বিশিণ্ট দান।

রবীন্দ্রনাথের ছোট গলপ বিশ্ব-বিখ্যাত—পরিমাণেও কম নয়। তাঁর পর শরংচন্দ্র, প্রেমেন্দ্র মিত্র ও আরো কয়েকজন বাঙালী লেখক-লেখিকা যে উংকৃষ্ট গলপ লিখেছেন তারও সঙ্গে আমাদের কিছু পরিচয় হয়েছে।

একালের অনেক গলেপই রয়েছে চিন্তার ও কথার খেলা, অথবা মারপ্যাঁচ। এরও একটা দাম আছে। আমাদের একালের লেখকরা যে তাঁদের পরিবেশ সদবশ্বে অনেকখানি সজাগ তা ব্রুখতে পারা যাচছে। কিন্তু সেই চেতনা দিয়ে তাঁরা যা স্থিত করেছেন তার খুব বড় অংশই যে সাধারণ সাংবাদিকতা—তাই অত্যান্ত ক্ষণজীবি তাও বোঝা দরকার।

এবার শরং-উত্তর কালের আরো কয়েকজন খ্যাতিমানের কথা আমরা সংক্ষেপে বিবৃত করতে চেণ্টা করবো

মনোজ বস; ঃ বহু বই—গলপ, উপন্যাস, নাটক দ্রমণকাহিনী লিখেছেন ইনি। এ'র স্বচ্ছন্দ বর্ণন শক্তি সহজেই পাঠকদের চিত্ত আক্ষণণ করে।

বাদা অণ্ডলের রূপ এ'র রচনায় ভাল ফ্টেছে। কিল্ডু চরিত্র-স্থিতৈ এ'র তেমন কৃতিছ প্রকাশ পায়নি। এ'র একালের 'মান্য নামক জণ্ডু' উপন্যাস খানিতে ইনি র, ঢ় বাস্তব র,পাঞ্জিত করতে চেন্টা করেছেন। কিন্তু সে চেন্টা খ্ব চোখে পড়বার মতো হলেও সত্যকার সাহিত্যিক সার্থ কতা লাভ করেনি, এই মনে হয়েছে—বাস্তবতা মান্রাতিরিক্ত হয়ে বীভংসতায় পরিণত হয়েছে। মান্রাবোধ যেমন জীবনে অত্যাজ্য তেমনি সাহিত্যেও।

বনক্রলঃ ইনি বহু বই লিখেছেন, জনপ্রিয়ও ইনি। মোহিতলাল মজনুমদার এঁর গলপ-উপন্যাসের উচ্চ প্রশংসা করেছেন। কিম্তু দুর্ভাগ্যক্রমে আমরা এঁর রচনায় তেমন কোনো সম্পদ পাইনি। এঁর রচনায় বৈজ্ঞানিক কোতৃহল নানাভাবে ব্যক্ত হয়েছে — এঁর জনপ্রিয়তার মালে সেটি হয়ত অনেক-খানি। কিম্তু শুধু বৈজ্ঞানিক কোতৃহল থেকে উচ্চ সাহিত্যিক সম্পদ লাভ হতে পারে না। সাহিত্যিক সম্পদের অন্য নাম মানবিক সম্পদ—অর্থাৎ মানুষের সূখ-দুঃখ বিষাদ, নৈরাশ্য, উল্লাস, তাঁর জীবন-দর্শন, এসবের সার্থাক রুপায়ণ। সেই রুপায়ণ এঁর বহু তথ্যে সমৃশ্ধ রচনাগ্রলোয় তেমন ঘটে ওঠেনি। হাস্য-কোতৃকের অবতারণা এঁর রচনায় বেশ নাম করা হয়েছে।

ধ্রুণি প্রসাদ মুখোপাধ্যায়ঃ ইনি চিশ্তাশীল প্রাবন্ধিক হিসাবে খ্যাত। তবে উপন্যাসও লিখেছেন—তাতে চরিত্র স্থিতির চেণ্টা যা করেছেন তার চাইতে অনেক বেশি করেছেন জীবন-দর্শন ব্যক্ত করতে — অবশ্য চরিত্রের মুখে। সচেতনতা এঁর নায়কের কাছে মহাম্ল্য—সেই সচেতনতার যদি কোন সামাজিক পরিচ্য না থাকে তব্ও। সেজন্য মোনী তৈলঙ্গ স্বামীকে তিনিজ্ঞান করেন সর্বশ্রেণ্ট মহাপ্রুষ। শাখাহীন তালগাছ তার চোখে শ্রেণ্ট জীবনের প্রতীক। 'ভিড়ের হাত থেকে আমাকে পরিত্রাণ পেতেই হবে' এই তার শ্রেণ্ট লক্ষ্য।

বলাবাহ্না, এসব চিন্তা চমকপ্রদ হলেও একপেশে। এসব সত্যকার ভাবে জীবনধর্মী নয়, কেননা, প্রেমধর্মী নয়। এসবকে তাই স্বল্পম্ন্য ভিন্ন আর কিছু বলা কঠিন।

দিলীপকুমার রায়ঃ 'দোলা', 'বহুবল্লভ' 'দুধারা' প্রভৃতি উপন্যাস লিথে ইনি সেদিন পাঠকদের মনোযোগ বেশ আকর্ষণ করেছিলেন। তার এইসব বইতে অনেক ইয়োরোপীয় চরিত্রের অবতারণা করা হথেছে, আর প্রেমের বিচিত্র সমস্যার সম্মুখীন হতে চেণ্টা করা হথেছে। এসংই হয়ত হয়েছিল এই লেখাগুলোর প্রধান আকর্ষণস্থল।

রামপদ মুখোপাধ্যায়: এ'র 'শাশ্বত পিপাসা' সেকালের 'স্বর্ণলতা'

জাতীয় উপন্যাস। বিদেশী প্রভাব থেকে আজো মৃক্ত আমাদের যে গ্রামীণ মধ্যবিত্ত সমাজ তার পারিবারিক জীবনের একটি অনাড়ার বাস্তবধর্মী চিত্র এতে ফুটে উঠেছে। এর নারিকা প্রায় বালিকা বধ্ আস্তে আস্তে প্রায় দশ বংসর ধরে শাশ্বড়ীর অপ্রসন্নতা সরে অবশেষে পত্নী ও জননীর মর্যানার অধিণ্ঠিত হল। প্রতিদিনের ছোটখাটো গৃহস্থালীর কাজ, শাশ্বড়ী ও স্বামীর সেবা, এর ভিতর দিয়েই সে শিখলো, নারী স্বামী ও স্কান নিয়ে সংসারধর্ম করেই তৃপ্তি।

এর অন্যান্য চরিত্রও সাধারণ বাঙালী মেয়ে ও প্রেষ্থ—কিন্তু অনেকথানি স্পণ্ট করে আঁকা। বধ্রে পিতা রামজীবন দারিদ্রের জন্য কন্যা-জামাতাকে প্রতিগ্রুত যৌতুক দিতে অক্ষম হল, আর সেজন্য বেয়ানের অপমান নীরবে সহ্য করলো। চরিত্রগ্রেলা সবই এমন যাদের প্রাণে আশা-আকাংকা, সাধ্য, সন্থ-দৃঃখ, সবই ছোট মাপের, কিন্তু ছোট মাপের মধ্যে তারা বেমানান নয়, বরং স্কেত

লেখক কি প্রাচীন ধারার প্রনর্ভ্জীবন চাচ্ছেন ? হয়ত চাচ্ছেন। কিল্তু প্রাচীন বলে নয়, বাংলার পরিবেশ সংসংগত বলে। এমন প্রনর্ভ্জীবনের প্রতি শরংচন্দ্রেও দ্র্ণিট ছিল সগ্রন্থ, যদিও 'শেষ প্রশেনর' মতো বইও তিনি লিখেছিলেন।

কাজি ইমণাদ্বল হকঃ ইনি শিক্ষাবিভাগে উচ্চপদে নিধ্বন্থ ছিলেন। আর বালক পাঠ্য রচনাই লিখেছিলেন বেশি। তবে উপন্যাসও একখানি লেখেন, আর সেটি খবে বিশিষ্ট। এঁর সেই উপন্যাসের বা সমাজ-চিত্রের নাম—'আবদ্বল্লাহ্'। এর রচনাকাল ১৯১৯ ২০। সেইকালেই 'মোসলেম ভারতে' এটি ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়েছিল। কিন্তু প্রন্তুক আকারে এটি প্রকাশিত হয় বোধহয় ১৯৩৪ সালে। এতে বাংলার ম্বসলমান সমাজের, বিশেষ করে সন্দ্রান্ত অংশের অবক্ষযের ছবি অতি নিপ্বণ হাতে আঁকা হয়েছে। লেখকের স্কাজিত ও মৃদ্ব বাঙ্গ-বিদ্রাপ খবন লক্ষণীয়।

এই বইখানি পড়ে রবীন্দ্রনাথ একটি চিঠিতে লিখেছিলেন ঃ ··· "বইখানি আমাকে বেশ ভাবিয়েছে। দেখছি যে বোরতর বৃশ্বির দৈন্য হিন্দুকে সর্বপ্রকারে দ্বর্বল করে রেখেছে। তাই ম্সলমানের ঘরে ধ্বতি-চাদর ত্যাগ করে লুভি ফেজ পরে মোল্লার অন্ন জ্যোগছে। একি মাটির গুল ! ··· "

বইথানির মর্যাদার দিকে দেশের শিক্ষিত সাধারণের দ্বিণ্ট আজে। বোগাভাবে আকৃণ্ট হয়নি । গোপাল হালদার ঃ প্রাবন্ধিক রুপে ইনি সুপরিচিত, তবে উপন্যাসও লিখেছেন, আর সে সবের মধ্যে 'একদা , 'অন্যদিন', 'আর একদিন', এই <u>চ</u>য়ী বিখ্যাত।

এই বই তিনখানি অর্থ পূর্ণে হণেছে দুইভাবে—কমিউনিস্ট ভাবাদশের এক জোরালো বিবৃতির পে, আর উদার মান িক জগৎ থেকে কমিউনিস্ট বা সমাজতান্ত্রিক বাস্তববাদের ক্ষেত্রে লেখকের বেদনাময় নব জম্মলাভের ইতিহাস রপে। এই শোষোক্ত রপেই রচনাগ্রলো বেশি অর্থ পূর্ণ হয়েছে।

অমরেন্দ্র ঘোষ ঃ ইনি বামপন্থী। কিন্তু বামপন্থী চিন্তা এ'র ভিতরে যত প্রবল তার চাইতে অনেক বেশী প্রবল দ্বঃন্থ ও বণিণত মান্যের জন্য এ'র দরদ। অনেকগ্রেলা উপন্যাস ইনি লিখেছেন; কিন্তু সে সবের মধ্যে খ্ব বিশিষ্ট হয়েছে 'চরকাশেম'। বরিশাল, ফরিদপ্র অগুলের পদ্মার এক নতুন চর কেমন করে আবাদ হল বহু দ্বিশিতকর ভিতর দিয়ে, আবাদ হল প্রধানত ঐ অগুলের নিন্ন শ্রেণীর ম্সলমানদের অসাধারণ শ্রমের শ্বারা—এইই বইখানির প্রধান বিষয়। এই সঙ্গতিহীন মান্যগ্রেলার জান্তব জীবনের বলিও শ্রী-ছান্ন অমরেন্দ্র ঘোষের গভীর প্রীতি ও শ্রুখা আকর্ষণ করেছে। এতে যেসব মেশে চরিত্র দাঁড় করানো হথেছে তারাও প্রাণবন্ত—তাদের কর্মানিপ্রণতা, কোন্দলপ্রিয়তা, বংশগর্ষ, সবই লেখকের সপ্রেম দ্বিটর সামনে অর্থপর্ণ হয়ে উঠেছে।

আমাদের বামপন্থীদের লেখা মাণিটমের সফল উপন্যাসের মধ্যে 'চরকাশেম' অন্যতম—হরত শ্রেণ্ঠতম। সানিখ্যাত Growth of the Soil-এর সঙ্গে এর তুলনা করা যেতে পারে।

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ঃ ইনি উপন্যাসও লিখেছেন, কিন্তু এঁর বিশেষ কৃতিত্ব প্রকাশ পেশেছে হাসির গলেপ। সেই সব হাসি-তামাসার ভিতর দিয়ে জীবন সন্বন্ধে, এঁর গভীরবােধও যে ব্যক্ত হয়েছে তাতেই এঁর হাসির গলপগ্লো এক বিশেষ মর্যাদা লাভ করেছে।

সতীনাথ ভাদ্বড়ীঃ বিহারবাসী বাঙালী। প্রথম উপন্যাস 'জাগরী' লিখেই ইনি ব্যাপক খ্যাতির অধিকারী হন। উপন্যাসটি মনস্তত্মলেক। পিতা দ্বলের শিক্ষক, গান্ধীবাদী, আর প্রকৃতিতে কিছ্ব খেয়ালী। তাঁর বড় ছেলে বিল্ব স্বশিক্ষিত ও স্বদেশ-প্রেমিক ৪২-এর আন্দোলনে ধরা

পড়েছে আর মৃত্যু দ'ডাজ্ঞা লাভ করে তার নির্দ্ধন 'সেলে' দিন গুণছে। তার দ'ডাজ্ঞার মুলে তার ছোট ভাই নীল্ বিলুদের সে জ্ঞান করে ফ্যাসিন্ট। পরিবারের এমন পরিণতিতে বিলু ও নীল্র মা আকুল হয়ে ভাবছেন গাম্ধীদেবতা কি করলেন—তার নির্দেশ মতো চলে তাদের জীবনে একি পরিণতি ঘটলো।

মনোবিশেলমণে লেখক কুশলী। কিন্তু শেষ পর্যন্ত চরিত্রগন্লো যে ভাল দাড়িয়েছে তা বলা যায় না। বিলন্ন সন্শিক্ষিত ও জ্ঞানী, কিন্তু মৃত্যুচিন্তা তাকে আকুল করেছে বেশি। তার ফলে তার চরিত্রের আর কোন দিক তেমন ফোটেনি। শেষ পর্যন্ত বিলন্ন অবশ্য মন্তি পেল।

এ র অন্যান্য রচনাও মনস্তত্ত্মলেক। তবে 'ঢোঁড়াই চরিত মানস'-এ ধ্ত' ঢোঁড়াইরের রকমসকম ও বাকভঙ্গি বেশ ফ্রটিয়ে তোলা হয়েছে।

অমিয়ভূষণ মঙ্গুমদার ঃ এঁর 'গড় এখিণড' বড় উপন্যাস । বহু চরিত্রের অবতারণা তাতে হয়েছে। লেখক চিল্তাশীল — জীবন সদ্বন্ধে গভীর চিল্তার পরিচয় মাঝে মাঝে দিয়েছেন। এক জায়গায় বলেছেন, তৃতীয় শ্রেণীর দার্শনিক হওয়ার চাইতে প্রথম সারির বাচিয়ে হওয়া ভাল। কিল্তু বাচা বলতে কি বোঝায়— কোন্ পথে বাঁচা য়ায়, সে সদ্বন্ধে কোন লগভ ছবির অবতারণা নেই। ১৯৪৭ সালের দেশ বিভাগের কালের কথা এতে কিছ্ বর্ণনা করা হয়েছে। একঘর জমিদার আর সেই অগুলের মুসলমান বাসিন্দাদের কাহিনী এর প্রধান বিষয়। জমিদার-পরিবার স্কুদািক্ষিত; কিল্তু সংকটকালে য়থার্থ করণীয় কি তা তাঁরা ভেবে পেলেন না। অবশেষে দেশ ত্যাগ করলেন। মুসলিন লীগের প্রচারণার ফলে মুসলমানদের মধ্যে কেমন একটি বিশিশ্ট মনোভাবের স্কুণিই হল সে-ব্যাপারটি এতে দক্ষতার সঙ্গে আঁকা হথেছে।

নারায়ণ গলোপাধ্যায় ঃ বহু গলপ উপন্যাস লিখেছেন ইনি। এ°র গলেপর খ্যাতিই বেশি। এ°র গলেপন্তলা সহজেই পাঠকদের মন আকর্ষণ করে। কিম্তু আকর্ষণ করে ইনি যে একট্ বেশি চড়া রং দিয়ে ছবি আঁকেন অনেকটা সেইজন্য—অবশ্য আঁকেন যথেন্ট নিপ্ণতার সঙ্গে। এ°র একটি বিখ্যাত গলেপর নাম 'টোপ'। তাতে ধনীদের অমান্বিকতা অবিশ্বাস্য রক্ষে উৎকট হরেছে।

গৌরীশুকর ভট্টাচার্য: এ'র নাম করা বই হচ্ছে 'ইম্পাতের স্বাক্ষর'—

হাজার প্রতার উপন্যাস। মানিকপ্ররের লোহার কারখানার মালিক ও শ্রমিকদের ভিতরকার দ্বদ্দের কাহিনী এর মুখ্য বিষয়। সেইসঙ্গে শ্রমিকদের, মালিকদের ও তাদের পরিজনদের বিচিত্র চরিত্র ফোটাবার চেণ্টা এতে করা হয়েছে।

'ইন্পাতের ন্বাক্ষর' যে বাংলা সাহিত্যে একটি নতুন দিগণত খুলে দিয়েছে তাতে সন্দেহ নেই। কিণ্তু উপন্যাস হিসাবে এটিকে খুব সার্থ ক বলা যার না। এটিকে বলা যেতে পারে মানিকপ্রের লোহার কারখানার প্রাণ—যেমন 'সাহেব বিবি গোলাম' ও 'আকাশ পাতাল' এক একটি প্রোণ। তারাশঞ্চরের 'হাঁস্লী বাঁকের উপকথা'ও প্রাণজ্ঞাতীয়; তবে তাঁর সাহিত্যিক মর্যাণা এঁদের চাইতে বেশি।

বর্ণনার দিকে একালের লেখকদের মন বেশি গেছে। সে তুলনার চিত্তার দারিত্ব তাঁরা কম নিতে চাচ্ছেন। এ যুগের এই একটি লক্ষণীয় প্রবণতা।

অবধ্তঃ অলপদিনেই ইনি খ্ব জনপ্রিয় হয়েছিলেন। আমাদের কোনো কোনো নেতৃস্থানীয় ব্যক্তিও এঁর লেখার উচ্চ প্রশংসা করেছেন।

কিন্তু এর 'মর্তীথ'হিংলাজ' ভিন্ন আর কোনো বইতে সাহিত্যিক সম্পদ আমরা তেমন কিছ্ পাইনি । অম্ভূত বর্ণনা, উম্ভট আখ্যারিকা, এইসব অবশ্য পাওনা গেছে প্রচন্ন পরিমাণে। হতে পারে এই সবই তাঁর জনপ্রিয়তার মালে। এর 'মর্তীথ' হিংলাজ' একটি দ্বর্গম তীথ' পথের কাহিনী। পথের দ্বর্গমতা চমংকার ফ্টে উঠেছে এতে। সঙ্গে সঙ্গে সেই দ্বুস্তর পথের যাত্রীদের, বিশেষ করে উট চালকদের চেহারা। এতেও কিছ্ব কিছ্ব অম্ভ্রুত বর্ণনা আছে। তবে এতে গ্রেণের ভাগ অনেক বেশি।

দোষে-গ্রেণে মেশা জীবশত চারিত্র দাঁড় করাতে অবধ্তের খ্ব আগ্রহ। বলা বাহ্না এমন চেন্টা প্রশংসাহ'। কিন্তু তাঁর সাথ কতার পথে বাধা হয়েছে অন্তৃত ও উল্ডটের প্রতি তাঁর মাত্রাতিরিক্ত আকর্ষণ।

অভৈবত মল্লবর্মণ ঃ অন্প বসসেই ইনে লোকান্তরিত হয়েছেন। কিন্তু এ°র 'তিতাস একটি নদীর নাম' আমাদের একালের একটি উল্লেখযোগ্য উপন্যাস হয়েছে। এতেও আঁকা হয়েছে একটি আণ্ডলিক চিত্র — পর্বে ক্ষের ভৈরববাজারের অদ্বেবতী তিতাস নদীর পারের জেলে-কৈবত দের ও সেই অণ্ডলের মুসলমান চাষীদের দৈনন্দিন জীবনের ছবি। বহু চরিত্র এতে আঁকা হয়েছে কিন্তু ভাল ফুটেছে খুব কম চরিত্রই। কৈবত দের জীবনের

দ্বঃখ-ধান্ধা, বিশেষ করে তিতাস মরা নদীতে পরিণত হওয়ার ফলে তাদের যে অর্থনৈতিক বিপর্মার দেখা দিল, সেইটি লেখক যঙ্গের সঙ্গে এ'কেছেন, আর সমস্ত প্রাণ দিয়ে এ'কেছেন সেই অণ্ডলের প্রকৃতির ছবি। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের মতো কৈবত'-সন্তান অন্বৈত মল্লবম'ণ যে মুখ্যত একজন প্রকৃতি-প্রেমিক কবি সেই পরিচয়টি এতে বিশেষভাবে ফুটেছে।

সমরেশ বস্ ঃ বাস্তবপস্থী লেখক হিসাবে ইনি অলপদিনেই খ্যাতিমান হয়েছেন। এ র প্রথম উপন্যাস 'উত্তররঙ্গ'তে লবেশ্সীয় ভঙ্গির যোন আকর্ষণ উন্দাম রপে পায়। এ র পরেপরের উপন্যাসগ্লোয় শ্রমিক জীবনের বিভিন্ন স্তরের রপোঞ্চনের চেন্টা আছে। যেমন তাঁর 'গঙ্গা'য় ভাগীরথীর জেলেদের বাস্তব জীবনের চিন্ন আঁকতে তিনি চেন্টা করেছেন। কিন্তু তাঁর মূল উন্দাম রোমান্টিক প্রকৃতির ফলে সে ছবি আঁকার ক্ষমতা আজও তাঁর লাভ হয়নি। তাঁর 'গঙ্গা'র নায়ক তে তুল বাংদীর ছেলে বিলাস লক্ষণীয় ভাবে জান্তব বীর্যবন্তার অধিকারী। কিন্তু তাঁর মেছো জীবনের সত্যকার রপায়ণের চাইতে লেখক বেশি মন দিয়েছেন হিমি ও তার ভিতরকার রোমান্স জমিয়ে তুলতে।

কিছ্ম বেশি রোমাণ্টিক-প্রবণতা আমাদের একালের অনেক বাস্তবপস্থী লেখকের পথে বড় রকমের বাধা হয়ে দাঁড়িয়েছে।

প্রকলে রায় ঃ চেণ্টা করেছেন আসাম সীমাশ্তের নাগাদের জীবন সংবশ্ধে একটি বড় উপন্যাস দাঁড় করাতে —সেই বইটির নাম দিয়েছেন 'পর্বপার্বতী'। তর্ন-লেখক স্লভ রোমাণ্টিক-প্রবণতা সহজেই এঁর লেখায় প্রকাশ পেয়েছে। কিন্তু নাগাদের জীবনের নানা দিকের নানা ধরনের ছবি এতে যা দাঁড় করাতে পেরেছেন তা উচ্চ প্রশংসার যোগ্য। আগুলিক চিত্র অংকনের দিকে আমাদের একালের কিছ্ কিছ্ শক্তিশালী লেখক প্রবণতা ও কৃতিত্ব দেখিয়েছেন। প্রফল্পে রায় তাঁদের অন্যতম।

গোলাম ক্লেসে: ইনি একজন নিষ্ঠাবান কমিউনিণ্ট র্পে পরিচিত। এ'র 'মরিরম' উপন্যাস খানিতে কমিউনিণ্ট চিন্তা ও প্রচারধারা প্ররোপ্রিই দেখা যায়; কিন্তু সমস্ত প্রচারণা ডিঙিয়ে এতে দৃঃস্থ মানবতার ছবি স্পণ্ট হয়ে ফ্টেছে—এতেই এর বিশেষ ম্লা।

গ্রামাণ্ডলের ম্সলমান সমাজের একটি মেরে এর নায়িকা; তাই কমিউনিস্ট জনসমাবেশে তার বন্ধতা গবভাবত কিছ্টো অভ্যুত লাগে।

কিশ্ত<sub>ন</sub> তার গভীর আশ্তরিকতার গ**্রে**ণ তার চরি**র শে**ষ পর্যশ্ত অবাস্তক হয়নি।

অবিনাশ সাহাঃ কয়েকখানি উপন্যাস প্রকাশ করেছেন, কিণ্তু বিশিষ্ট হলেছে মাত্র একখানি। সে খানির নাম 'প্রাণগঙ্গা'।

এই উপন্যাসখানিতে ঢাকা জেলার সাভার অণ্ডলের চাষী ও মহাজনদের জীংন ইনি চিত্রিত করতে চেণ্টা করেছেন। এই অণ্ডলের সাধারণ জীবন্ধারা, দৈব-দ্বিপাকের ফলে তাদের দ্ভেগি, ফসল ভাল হলে তাদের সচ্ছলতা, তাদের বিশেষ ভাষা, সবই আঁকা হসেছে দক্ষতার সঙ্গে। কিল্তু এই বইখানিকে বিশেষ মর্যাদা দিয়েছে লেখকের অসাধারণ সত্যানিষ্ঠা। হয়ত ইনি নিজে মহাজন শ্রেণীরই লোক। কিল্তু সেই মহাজন শ্রেণীর লোকদের দ্বেশত লোভের ফলে চাষীদের জীবনে সময় সময় অনথ কি সাংঘাতিক আকার ধারণ করে, আশ্চর্য অকপটতার সঙ্গে সেই চিত্র ইনি ফ্টিয়ে তুলেছেন। পল্লীর জীবনের সঙ্গে থানের পরিচয় আছে তাঁরা সহজেই ব্রুবনে লেখক অতিরঞ্জন করেননি আদেী, আর ল্কেনেনি কিছুই। বইটিতে একটি মেলার বর্ণনা আছে। তাতেও লেখকের সত্যানিষ্ঠা লক্ষণীয় হয়েছে। কেউ কেউ ভাবতে পারেন তিনি অশ্লীল, এমন কি বীভংস ব্যাপারের অবতারণা করেছেন। কিল্তু আসলে তাঁর লক্ষ্য পংলীর জীবনের বিভিন্ন দিকের একটি অকৃত্রিম পরিচয় দেওয়া।

আবদ্ধল জন্বার ঃ এ র গলপসংগ্রহটির নাম 'ব্ভৃক্ষা'। সমঝদারদের দ্ণিট কিছু আকর্ষণ করেছেন তাদের অভাবাল্ বাস্তববোধের জন্যে আর বিশেষ করে সেই বাস্তবের রুপায়ণের ক্ষমতার গ্লে। বজবজের মিল অণ্ডলের গতর খাটিয়েদের সন্তান ইনি, চারপাশের লোকদের প্রতিদনের জীবন সন্বন্ধে এর মধ্যে যে অভিজ্ঞতা এ'র হয়েছে তা অনন্যসাধারণ।

প্র'বঙ্গের (বাংলাদেশ) কথাসাহিত্য ঃ দেশ বিভাগের প্রবৈ ও-অগুলে ওপন্যাসিক রূপে খ্যাতিমান হয়েছেন দ্ইজন চৌচর প্রভৃতির লেখক আব্রল ফজল আর 'মোমেনের জবানবন্দী'র লেখক মহাব্র-উল-আলম। ও-অগুলের আবদ্বল রউফের 'পথের-ডাকে'ও একটি বিশিষ্ট উপন্যাস হয়েছিল, কিন্তু সেটি দৃশ্প্রাপ্য হয়েছিল বহু প্রবেই।

বিভাগোত্তর কালে গলপ-উপন্যাসের ক্ষেত্রে যে সব লিখিয়ে নাম করেছেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন সৈয়দ ওয়ালীউল্লাহ্, সাহেদ আলী, আলাউন্দীন আলমাজাদ আর আব্ ইস্হাক। শরংচন্দ্রে আমরা দেখেছি অসাধারণ অঞ্জন-ক্ষমতা আর অসাধারণ দরদ। তার সঙ্গে সবল বিচারবোধও মাঝে মাঝে দেখেছি। বিচারের দ্বর্ধলতাও যে না দেখেছি তা নয়।

শরং-উত্তর সাহিত্যে আমরা কি দেখলাম ?

দেখলাম এয় গেও অঞ্চন ক্ষমতার মান মোটের উপর প্রশংসনীয়। তবে এয় গে দরদের জায়গা দখল করেছে অথবা করতে চাচ্ছে - কোতৃহল, আর কোতৃহলের রাজত্ব বিস্তারের সঙ্গে সঙ্গে বিচারবোধ শিথিল হয়েছে প্রায় সর্ব । ব্যতিক্রমও কিছু কিছু চোখে পড়েছে; তবে এ যুগের সাধারণ চেহারা এই। দরদে এয় গে সহজেই লেগেছে রাজনৈতিক ঝাঁজ—এও দেখা যাছে।

সোজা কথায় বলা যায়—এ যগে আমাদের সাহিত্যিক মান মোটের উপরে নেমে গেছে এই আমাদের ধারণা হয়েছে।

কেন এমন হল ? সে সম্বদ্ধে অবশ্য অনেক ভাবা যায়। কৌতুহলী পাঠকরা এ সম্পক্তে আমার 'বাংলার জাগরণ' পড়ে দেখতে পারেন। আবার এও বলা যায়—ওঠা-পড়া জগতের নিয়ম।

কেউ কেউ বলতে পারেন, নতুন নতুন দিগত এয**ু**গে আমাদের সাহিত্যিকদের সামনে খুলে গেছে—তার দাম তো কম নয়।

কম নয় নিশ্চরই; তার ভিতর দিয়ে প্রকাশ পাচ্ছে সাহিত্যে বাঙালীরা প্রোতনের রোমন্থনই করছে না কোতুহল নতুন নতুন পথে তাদের হাতছানি দিচ্ছে। কিন্তু বিচার করে দেখবার আছে সেই কোতুহলেরও মর্যাদা—অকৃত্রিম স্নিধ্মী কোতুহল বলতে যা বোঝায় সেটি কি তাই?

আমরা যতটা দেখেছি তাতে স্ভিট্ধমাঁ কোতৃহলের পরিচয় আমরা এয়ংগে যে পাইনি তা নয়; কিল্তু অনেক বেশি পেয়েছি যে-কোতৃহলের পরিচয় তাকে স্ভিট্ধমাঁ বলা যায় না। তা থেকে ভাল সাহিত্যিক ফলও আমরা পাইনি। যেমন জীবনে তেমনি সাহিত্যেও যা গড়েভাবে সত্যাভিসারী নয় সফলতা তাকে এড়িয়ে যায়।

হয়ত বলা হবে অনেক বেশি লোক আজ সাহিত্য-ক্ষেত্রে হাজির ; তাতে সাহিত্যের সাধারণ মান নেমে যাওয়া শ্বাভাবিক ; সব দেশেই সম-সামায়ক সাহিত্যের বড় অংশ সাংবাদিকতা।

কিন্তু উন্নত সাহিত্য যেসব জাতির তারা এমন দশায়ও সাহিত্য আর সাংবাদিকতা এই দ্বয়ের পার্থক্য সম্বন্ধে সচেতন থাকে। আমরা আছি কি?

প্রতিভা ফরমায়েশে গড়া বায় না ; তার জন্য চিরদিনই অপেক্ষা করতে হয়। কিন্তু সাহিত্যিক রুচি অনেকটা চর্চা-সাপেক্ষ। উন্নত সাহিত্য উন্নত জ্বাতির জন্য চাইই ; উন্নত সাহিত্যিক রুচিও তেমনি। সাহিত্যিক বিপর্যয়ের দিনে সেই রুচি জ্বাতির জন্য হতে পারে এক বড় অবঙ্গানন। (সংক্ষেপিত)

## সাম্প্রতিককাল ও শরৎচন্দ্রের উত্তরাধিকার

## नात्रायण कोधूती

শরংচন্দ্রের তিরোধানের পর চ্রালিসশ বছর কাল গত হয়েছে। এই প্রায় চার-পাঁচ দশক সময়সীমার মধ্যে বাংলা কথাসাহিত্যের অনেক পরিবর্তন ও বিবর্তন হয়েছে। পরিবর্তনের মধ্যে দেখা যাচেছ গলেপ উপন্যাসে সমাজচেতনার আদর্শের প্রভাব কমে গিয়ে ব্যক্তিতন্ত্র, অশ্তলনিতা, নির্জ্ঞান মনের জটিল-কুটিল চিশ্তার রুপায়ণ, 'চেতনা-প্রবাহ' নামীয় ন্তন রীতির আশ্রয়ে ছোটগলপ ও উপন্যাস রচনার প্রয়াস, যৌনতা ইত্যাদি বিভিন্ন প্রকার প্রভাবের মারা ও পরিমাণ ক্রমশ বেড়ে চলেছে। অর্থাৎ সাহিত্যের সমাজমুখী মননের ঐতিহ্য হ্রাস পেয়ে তার জায়গায় ব্যক্তিমুখী মননের ঐতিহ্যের স্টিউ ও পরিপ্রভিট হটে চলেছে। এটাকে শ্বভলক্ষণ ২লতে পারিনে। কেন পারিনে তার একটা বিশেল্যণ প্রয়োজন।

বাংলা কথাসাহিত্যের তিন শ্রেণ্ঠ দিক্পাল হলেন বিষ্ক্ষচন্দ্র, রবীন্দ্রনাথ ও শরংচন্দ্র । এ দের মধ্যে বিষ্ক্রমচন্দ্র ও শরংচন্দ্র একান্তভাবেই সমাজাশ্রমীলেখক । এই দুই প্রসিন্ধ লেখকের সামাজিক দৃণ্টিভঙ্গীর গঠনে বহুত্ব তারতম্য ছিল,—দৃণ্টান্তগর্মপ একের ভিতরে ছিল নীতিবাদের আধিক্য, অন্যজনের মধ্যে কর্মার কোমলতা, তৎসত্ত্বেও এই এক 'সামান্য লক্ষণ' এ দের দুইয়ের রচনার মধ্যে দেখা যায় যে, এ দের কেউই সাহিত্যে কলাকৈবল্যবাদ বা 'আর্ট' ফর আর্ট'স সেক' নীতিতে বিশ্বাস করতেন না । উভয়েই প্রবলভাবে সাহিত্যের সামাজিক উপযোগিতার তত্ত্ব স্বীকার করতেন, তাদের নিজ নিজ সাহিত্য সৃণ্টিকে সমাজ কল্যাণাদদের সঙ্গে যত্ত্ব করেই তারা ব্যাবর লেখনী চালনা করে গেছেন।

কবিগারের রবীন্দ্রনাথও কলাকৈবল্যবাদের তত্ত্ব পরোপারি মানতেন না, ষেহেতু তিনি ছিলেন একজন অসাধারণ উচ্চ পর্যায়ের কবি সেই কারণে তাঁর কথাসাহিত্যে বারে বারেই কাব্যের অন্প্রবেশ ঘটেছে এবং কাব্যকল্পনার সঙ্গে ওতপ্রোতভাবে সম্পান্ত গাঁতলতার (লিরিসিজ্জম) সংস্কার তাঁর উপন্যস ও ছোটগল্পের কাঠামোর মধ্যে অন্লিপ্ত হয়ে গেছে। এর ফলে লাভ-অলাভ

দর্ই-ই হয়েছে। রবীন্দ্র-কথাসাহিত্য অনবদ্য সৃষ্টির সৌন্দর্যে মণ্ডিত হয়েছে। কিন্তু তার সামাজিক উপযোগিতার দিক কমে গেছে। কালপনিকতার ঐশ্বর্যে ও কাব্যাবাদে রবীন্দ্র-উপন্যাস ও ছোটগলপ চেখে চেখে ভোগ
করবার মত এক অপর্বে শিলপকম ( যেমন তাঁর ক্ষর্ষিত পাষাণ, মেঘ ও রৌদ্র,
পোষ্টমান্টার, জীবিত ও মৃত, অতিথি প্রভৃতি গলপ এবং ঘরে-বাইরে
উপন্যাস )। কিন্তু সেগর্লিতে সমাজ-চৈতন্যের বস্তুভাগ অলপ। সমাজচৈতন্যের দিক দিয়ে দেখতে গেলে বিশ্বম ও শরংচন্দ্রের কথাসাহিত্য রবীন্দ্রকথাসাহিত্যের অপেক্ষা সম্প্রতর, একথা না মেনে উপায় নেই। তবে সঙ্গেসঙ্গের এও মানতে হবে যে, রবীন্দ্রনাথের গোরা উপন্যাস উপরের বিব্তির এক
উজ্বল ব্যতিক্রম। এই উপন্যাসটি একাই একশো। এটি বাংলা সাহিত্যের
শ্রেষ্ঠ এপিক উপন্যাসই শ্বেদ্ব নয়, এর ভিতর অত্যান্ত প্রথব সমাজচেতনার অভিব্যক্তি ঘটেছে এবং এক মহৎ মানা ক আবেদনে এর বন্তব্য সম্প্রে। বাংলা কথাসাহিত্যের সবচেয়ে সারবান ও তাৎপর্যপর্ণ উপন্যাসক্রপে যদি কোন উপন্যাসকে
চিহ্নিত করতে হয় তো নিঃসন্দেহে সেই মর্যাণ গোরা উপন্যাসের প্রাপ্য।

তব্যসব জড়িয়ে বিচার করে একথা বলতেই হবে যে, বঙ্কিমচন্দ্রের সমাজকল্যাণাদশে´র ধারাবাহী লেখক শরংচন্দ্র, রবীন্দ্রনাথ নন। যদিও সঙ্গে সঙ্গে একথাও বলা দরকার যে, বঙ্কিম ও শরংচশ্রের সমাজকল্যাণের ধারণায় বিস্তর পার্থ ক্য ছিল, যার ইঙ্গিত আগেই করা হয়েছে। শরংচন্দ্রের প্রায় প্রতিটি গলেপাপন্যাসই সমাজচেতনার আভায় দীপ্ত, তবে তারই মধ্য থেকে কতকগ্মলি রচনাকে যদি আলাদা করে বাছাই করতে হয় তো এইগ্মলির উল্লেখ করতে হয়—পথানদেশ, বিলাসী, মহেশ, অভাগীর দ্বর্গ, একাদশীবৈরাগী, অনুরাধা প্রভৃতি গল্প এবং বড়দিদি চন্দ্রনাথ, প্রাসমাজ, পণ্ডিত্মশাই, অরক্ষণীয়া, দেনা-পাওনা, বামুনের-মেয়ে, শ্রীকাশ্ত প্রথম, শ্বিতীয় ও তৃতীয় পর্ব', চরিত্রহীন, পথের দাবী, শেষ প্রশ্ন, জাগরণ ( অসমাপ্র ) প্রভৃতি উপন্যাস। এখানে এসব গল্পোপন্যাসের বিষয়বস্তুর আলোচনা নিষ্প্রয়োজন, তবে শরংচন্দ্রের এই বৈশিষ্টাটির কথা প্রনরাব,ত্তির ঝাঁবুকি নিয়েও বলতে হবে যে, কথাসাহিত্যের শিলেপাংকর্ষাই তাঁর একমাত্র ধ্যায় ছিল না, শিল্পোংকর্ষের প্রয়োজনের প্রতি প্রোমাত্রায় অবহিত হয়েও তিনি তাঁর সাহিত্যকে সমাজচেতনায় মণ্ডিত করতে বঙ্গণীল থেকেছেন। সেই সমাজচেতনারও একটা বিশেষ দ্যাণ্টকোণ আছে, একটা

বিশেষ বস্তুব্য আছে, একটা কল্যাণের দিক আছে। বাংলার গ্রামসমাজের সামশ্বাদী শোষণ, অবদমন ও অভ্যাচার, কৃত্রিম সামাজিক অন্শাসনের চাপে ব্যক্তিষের পেষণ ও অবলোপ, গ্রামসমাজে নারীর অসহায় ও পরনির্ভার অবস্থা, তগাকথিত গ্রাম্যসমাজপতিদের জমিদার জোতদার ও সন্দথোর মহাজনদের সহায়তায় পরপীড়নের উল্লাস ও ক্রতা, সাধারণ শ্রমজীবীমান্বের উৎকট দারিদ্র ও অবলন্দ্রহীনতা, নীচু জাতের লোকেদের প্রতি বর্ণশ্রেণ্টজাধিকারী ও বিত্তবান শ্রেণীর লোকেদের উন্ধত ব্যবহার, গ্রামের সাধারণ মান্বের জী নোচরণে অজ্ঞতা কুসংক্ষার ও প্রথার দৌরাজ্যের দাপট, যৌথ পরিবার প্রথার ভাঙন ইত্যাদি বহুবিধ বিষয়ে অবতারণা করে শরংচন্দ্র পাঠকের দ্ণিটকে সচেতনভাবেই সমাজের অভিম্থে চালনা করতে চেয়েছেন, নিছক শিলেপাপভোগের সীমায় তাকে বে'ধে রাখতে চাননি।

নাগরিক পটভূমিযুক্ত উপন্যাসগর্নার এলাকায় এলেও দেখতে পাই এসব উপন্যাসের বিষয়বস্তুর মধ্যে স্থান পেলেছে সাদ্রাজ্ঞাবাদের বির্ধেশ স্তান্ত ঘূণা ও প্রতিরোধের মনোভাব ( পথের দাবী ), নারীর বিদ্রোহ ও আক্ষরাতন্ত্র্য লাভের চেণ্টা ( শ্রীকান্ত ন্বিতীয় ও তৃতীয় পর্ব এবং চরিত্রহীন ), নারীজাগরণের আদর্শের বিলণ্ঠ শিলপর্প ( শেষ প্রশন ) প্রভৃতি । প্রকারান্তরে এসব চিত্র-চরিত্রও সমাজচৈতন্যেরই প্রকাশ মাত্র । ব্যক্তির নিজ্ঞান মনের কারিকুরি ফর্টিয়ে তোলার অন্তর্নি বৈশমলেক শিলপাভ্যাস থেকে এই শিলেপর প্রকৃতি সম্পূর্ণ আলাদা । এই শিলেপর আবেদন মোটেই ব্যক্তিসান্ধিক নয়, পরন্তু সাম্হিক, অর্থাৎ সমাজের সমণ্টিভূত বিবেকের কাছেই ম্লেতঃ এই শিলেপর আবেদন । তাছাড়া, এই শিলেপ তার প্রকৃতিগত বৈশিণ্ট্যের জন্যই বহিমর্থ, অন্তর্ম্য নর । স্বর্পতঃ এই শিলেপ বস্তুনিন্ঠ, বাস্তব্দনিন্ঠ, গীতলতার স্করে বাঁধা কথাসাহিত্যের মত এই রচনা কলপনানিভার নয়, নয় তা স্বেচ্ছাচারী ব্যক্তিমনের হিজিবিজি পাঁচালী । শরৎ সাহিত্যের বস্তুনিন্ঠ বাস্তবতা সেই সাহিত্যের এক প্রধান সম্পদ ।

শরং সাহিত্যের এই সব বৈশিশ্টোর আলোকে আমরা যদি শরং-পরবতাঁ ও সাম্প্রতিক বাংলা কথাসাহিত্যের পর্যালোচনা করতে যাই তাহলে ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক কতকগালি বিসদৃশ সিন্ধান্তের সম্মুখীন হওয়া ছাড়া আমাদের গত্যান্তর নেই। আমরা দেখতে পাবো যে, শরংচন্দের শেষ

জীবনের সমসাময়িককালে অথবা অব্যবহিত পরে বাংলা ভাষায় যে সব কথা-সাহিত্যিকের আধিভাব হয়েছে, যেমন তারাশঞ্চর বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ ংন্দ্যোপাধ্যায়, বনফাল, জগদীশ গাপ্ত, শৈলজানন্দ মাথোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র, অচিশ্ত্যকুমার সেনগাপ্ত, মনোজ বসা, মানিক বন্দ্যোপাধ্যায় এবং অপেক্ষাকৃত পরবর্তী সময়ে সুবোধ ঘোষ, বিমল মিত্র, নারায়ণ গঙ্গোপাধ্যায়, নবেন্দ্র ঘোষ, নরেন্দ্রনাথ মিত্র প্রমায় লেখকবর্গ এবং আরও কেউ কেউ শরংচন্দ্রের ধারাটিকে মোটামুটি অনুবর্তন করে চলেছিলেন কিন্তু এ ভিন্ন অন্যান্য যেসব লেখক সমসাময়িককালে সক্রিয় ছিলেন ও পরে বাংলা কথা-সাহিত্যের বিভাগে আবিভূতি হয়েছেন তাঁদের রচনার ধারার ভিতর শরংচন্দ্রের প্রভাব তেমন পরিলক্ষিত হয় না । অমদাশুকর রায় কিংবা বুস্ধদেব বস**ু** অন্যথা — শক্তিশালী কথাকার হলেও তাঁদের রচনার প্রকৃতি গ্বতন্ত্র। তাঁরা নাগরিক মান্সিকতার লেখক, ব্রাণ্ধর বৈদেখ্য এ'দের রচনার এক লক্ষণীয় বৈশিশ্ট্য। সমাজের গ্রামীণ শুরের মানুষের অর্থনৈতিক দুর্দ শা কিংবা সামাজিক নিপীড়নের কাহিনী শরংচন্দ্রের কল্পনাকে িশেষভাবে আলোড়িত করেছিল, কিশ্তু এ<sup>\*</sup>দের লেখায় সেই চেতনার ছিটেফোটা পরিচয়ও পাওয়া যায় না। পাওয়া সম্ভবও ছিল না, কারণ অন্নদাশ্যকর, বুম্বদেব অথবা তাঁদের প্রগোতীয় লেখক ধ্রন্ধেটিপ্রসাদ মুখোপাধ্যায় কিংবা সঞ্জয় ভট্টাচার্য প্রমুখরা একাশ্তভাবে নগরজীংনের পশ্চাৎপটকে অবলাবন করে তাঁদের কথাসাহিত্যের প্রাকার গড়ে তুলেছিলেন, এবং সেই কথাসাহিত্যের পাঠ্যবংতুর মধ্যেও ব্যক্তির সমস্যা যেমন প্রকট হয়ে উঠেছে, মান:যের সাম:হিক জীবনের সমস্যা তার সিকির-সিকি মনোযোগও লাভ করতে পারেনি। অল্লদাশকরের গল্পে-উপন্যাসে প্রকাশ পেয়েছে মনঃ প্রকর্ষ দীপ্ত পরিশীলিত নাগরিক উচ্চ ও মধ্যবিত্ত স্তরের পাশ্চাত্য শিক্ষাভিমানী নরনারীর ব্যক্তিবাধীনতা ও ব্যক্তিশ্বাতন্ত্রের সংকট থেকে উল্ভূত নানাবিধ জ্বাটল পরিশ্বিতির চিন্তাপ্রধান বর্ণনা, আর বাুখদেব বস্বুর গলেপ-উপন্যাসে রূপ পেয়েছে ব্যক্তিমনের অহংচেতনার তথা দৈব কামনা-বাসনার অতি উচ্ছলিত কিন্তু স্ঠাম অভিগ্যন্তি। কিন্তু এ<sup>\*</sup>দের দ্ইয়ের রচনার এই এক প্রকৃতিগত সাদৃশ্য যে, তাঁদের দ্বজনেরই রচনাভঙ্গী অতিশয় ব্বিশ্ব-উচ্ছল ও গ্রাদ্ব, তবে দ্যোরই বিচরণ একাশ্তভাবে ব্যক্তিকতার শুরে এংং সেই ব্যক্তিকতাও আবার অর্থনীতির পূষ্ঠপট বন্ধিত। শরংচন্দ্রের বস্তুনিষ্ঠ সামাজিক দৃশ্টির সামান্যমার ছাপও এ'দের লেখার মধ্যে চোখে পড়ে না।

ধ্জ'টিপ্রসাদই আমাদের সাহিত্যে প্রথম 'চেতনা প্রবাহ' তত্ত্বকে উপন্যাসের রপেদান করবার চেণ্টা করেন। তাঁর প্রবাহ-আবর্ত'-মোহানা নামীয় ট্রিলাজী অনায়াসেই এই পাথিকত্ত্যের দাবি করতে পারে। সঞ্জয় ভট্টাচার্য এই গারাটিকে অন্সরণ করেন। তাঁর বৃত্ত, রাগ্রি, স্'ণিট, কল্মৈ দেবায় প্রভৃতি উপন্যাস এ কথার প্রমাণ। অবশ্য সঞ্জয় ভট্টাচার্যের মরামাটি নামক উপন্যাস গ্রামভিত্তিক রচনা এবং বাস্তবতার চিত্রণে শরংচন্দ্রের ঐতিহ্যকে প্রবলভাবে মনে করিয়ে দেয়। এটিকে সঞ্জয় ভট্টাচার্যের ম্লে ধারার রচনারীতির ব্যতিক্রমী দুন্টান্তর্গে গ্রহণ করা যায়।

শরং-উত্তর বাংলা সাহিত্যে শরংচন্দ্রের উত্তরাধিকারকে সবচেয়ে সার্থ ক-ভাবে বহন করেছেন বলতে পারা যায় এই কয়জন লেখক—তারাশঙ্কর, বিভূতিভূষণ, শৈলজানন্দ, মানিক ও অংশতঃ মনোজ বস্ । একে একে এ'দের রচনার বৈশিষ্ট্যগুলির উপর চোথ বুলনো যেতে পারে ।

তারাশঞ্চর শরংচন্দ্রের দেখা গ্রামের পটকে আরও অনেকদ্রে সম্প্রসারিত করে নিয়ে গেছেন। শরংচন্দ্র সেক্ষেত্র তার শিলপ মনোযোগ মূলতঃ গ্রামীণ মধ্য ও নিশ্ন মধ্যবিত্ত স্তরের মান্ষগর্লের জীবনলীলার উপর কেন্দ্রীভূত রেখেছিলেন, তারাশঞ্চর সেইস্থানে কেবলমার এই দ্টি স্তরে তার মনোযোগ সীমাবশ্ব না রেখে সমাজের একেবারে নীচুতলার জীবনের কেন্দ্র মধ্যেও তার দ্থিকৈ প্রসারিত করে দিয়েছিলেন। কাহার, বান্দী, বাজীকর, বেদে, সাপ্রেড় (সাপ্রেড় জীবনের চিত্র অবিণ্য শরং-সাহিত্যেও বিলক্ষণ পাওয়া যায় , জেলে, মালো নমঃশ্রে গ্রাম্য ম্যাজিক ও সাক্ষি দলের খেলোয়াড়, খেলোয়াড়নী, ঝুমুরদলের অভিনেরী ও কির্যাল, মুটে মজুর কুলি-কামিন, অন্ধ ভিখারী প্রভৃতি বিচিত্র ধরনের চরিত্র তারাশঞ্চরের সাহিত্যে ভিড় করে এসেছে। তথাকথিত নিশ্নশ্রেণীর মান্বের সম্প্রদায় খেকে উণ্ভর্ত, রকমারি চরিত্রের সে এক সারিবণ্ধ মিছিল বলা যায়। ব্যাপ্তিতে ও বৈচিত্রে এখানে ভারাশঞ্চর শরংচন্দের পরিধিকে অতিক্রম করে গ্রেছেন।

অন্যপক্ষে. আণ্ডলিকতার র্পেকমের ছাঁচেও এ দের দ্বের মধ্যে সাদ্যা লক্ষ্য করা যায়। শরংচন্দ্র র্পায়িত করেছেন প্রধানতঃ হাওড়া ও হ্ললী জেলার গ্রামকে, আর তারাশঙ্কর একান্তভাবে তাঁর স্ব-জেলা বীরভূমের পরিবেশ ও মান্যকে তাঁর মনোযোগের বিষয়ীভূত করেছেন। বীরভূমের ভূ-প্রকৃতি তারাশঙ্করের রচনায় বিশেষ শিল্পসিন্ধ ম্তি লাভ করেছে (ধাষ্ট্রী

দেবতা, গণদেবতা, হাঁস:লি বাঁকের উপকথা প্রভৃতি উপন্যাসের নিস্প্র বর্ণন শ্মরণী। )। তবে শরংচশ্রের সমাজভাবনার সঙ্গে তারাশুক্রের সমাজভাবনার পার্থ ক্য আছে। উভযেই সমাজসচেতন লেখক এবং বিশেষ করে গ্রামীণ সমাজের সমস্যাগ নির বিষয়ে অবহিত। কিন্তু শরংচন্দ্র যেখানে বাংলার গ্রামজীবনের অনুষঙ্গে সামশ্ততান্ত্রিক স্বেচ্ছাচারের দোষ-ক্রটি দেখিয়েই থেমে গেছেন, তারাশব্দর তার উপরে একটি নতন আয়তন যোগ করেছেন এইদিক দিয়ে যে, তিনি সাম-তবাদের প্রতীক জমিদারের সঙ্গে গ্রামের নয়া ধনিকের দ্বন্দের ছবিও তাঁর একাধিক গলেপ উপন্যাসে তুলে ধরেছেন (জলসাঘর, কালিন্দী, হাঁস,লিবাঁকের উপকথা, অভিযান সন্দীপন পাঠশালা প্রভৃতি গ্রন্থেপাপন্যাস স্মর্তব্য ), যার ছবি শর্ৎ-সাহিত্যে নেই। এক বিষয়ে অবশ্য শরংচন্দ্র ও তারাশম্করে প্রচন্ড মিল—তাদের রক্ষণশীলতার প্রকৃতিতে। শরংচন্দ্র গ্রামীণ-অবদমন-শোষণ-অত্যাচার-অবিচারের কঠোর সমালোচক হলেও যে সমাজবাবস্থার আশ্রয়ে এই অন্যায়গ্রলির পরিপর্নিট তাকে ভেঙ্গে গ\*্রডিয়ে উডিয়ে দেবার কথা কোথাও বলেননি পক্ষান্তরে গ্রামের অপস্যুমান জমিদারী ব্যবস্থার প্রতি তারাশুকরের মমত্ব স্পুর্ট। তারাশুকর নিজে একজন ছোটখাট জমিদার ছিলেন, সেই কারণেই হয়ত জমিদারতন্ত্রের প্রতি তাঁর কিছটো পক্ষপাতিত্ব প্রকাশ পেয়ে থাকবে।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় তাঁর উপন্যাসগৃলিতে মুখ্যতঃ গ্রামীণ নিসগের কবি-র্পেকার হলেও তাঁর রচনায়ও বাস্তবতার উপাদান অনুপিন্থত কিংবা অলক্ষ্য নয়। শরংচন্দ্রের সঙ্গে এইক্ষেত্রে তাঁর মিল যে, তিনি গ্রাম্য সমাজের অসহনীয় দারিদ্রাকে এক অনস্বীকার্য অলঙ্ঘনীয় সর্বপ্রধান রিয়ালিটির মর্যাদা দিয়েছেন এবং তাঁর যা কিছু নিস্বর্গ-প্রীতি প্রকৃতি-প্রেম অলোকিকত্বের চেতনা যাই বলা যাক, তার সবই বিকাশ লাভ করেছে গ্রামজীবনের এই মোলিক তথাটিকে ঘিরে—সর্বব্যাপী দারিদ্রা। পথের পাঁচালী বল্নে, অপরাজিত বল্ন, ইচ্ছামতী-দেবযান বল্ন, অশনি সংকেত বল্ন সর্বন্ত এই মোলিক তথ্যের স্বীকৃতি। ম্বিকা-সংলগ্ন মত্যজীবী গ্রামীণ মানুষের একান্ত পাথিব দারিদ্রের দৃঃসহ জনলার সঙ্গে উম্পাচারী আকাশের বিহঙ্গ-কল্পনা মিশলে যে চেহারা দাঁড়ায় বিভূতিভূষণের গলেপাপন্যাস তারই শিলপর্পে; খতিয়ে দেখলে অবশ্য শরংচন্দ্রের সঙ্গে এ শিলপর্পের সাদ্শ্যের চেয়ে বৈসাদৃশ্যই বেশা।

শৈলজানন্দ শরংচন্দ্রের রচনারীতির একজন প্রত্যক্ষ ধারাবাহিক লেখক।
কি ভাষার ডোলে কি দৃণিউভদীতে কি সংবেদনশীলতায় শৈলজানন্দ
প্রকৃতপক্ষে শরংচন্দ্রের ঐতিহ্যকেই অন্সরণ করেছেন। গলেপাপন্যাসের
বিষয়বস্তুর নির্বাচনে তিনি অবশ্য আমাদের সচরাচর দেখা গ্রাম থেকে দৃণি
প্রত্যাহারণ করে নিয়ে তাকে বাংলা-বিহারের সীমানা-সংলান করলা-খনি
অগুলের প্রতিবেশের উপর স্থাপন করেছেন কিন্তু তাঁর রচনার রীতি একান্তভাবেই শরংচন্দ্রের শিলপশৈলীর স্মারক। শৈলজানন্দের অভিনবন্ধ এখানে ধে
তিনি শরং-সাহিত্যের ভিত্তিতলের উপর খনি-সাহিত্য নামক একটি নয়া
আয়তন সংযোগ করেছেন, বাংলা ভাষায় কিন্তু তলিয়ে দেখলে, উভয়ের
বাস্তবতার প্রকৃতি এক। শৈলজানন্দ অতি ঘরস্তী না পায় ঘর নামক যে অনবদ্য
গলপটি লিখেছিলেন, তার বিষয়বস্তুর সঙ্গে খনি পরিবেশের কোন সম্পর্ক
নেই, গ্রামের এক কন্ধ্যা নারীর সন্তানপিপাসার আতিকে কেন্দ্র করে এর
বিষয়বস্তু গড়ে উঠেছে। এই গলেপর রীতি ও প্রকৃতি একান্তভাবেই
শরংচন্দ্রের ভাবের জগংকে মনে করিয়ে দেয়। বিশ্ব-সাহিত্যের সেরা
গলপমালার ভিতর এটি অরুশে নিজের স্থান করে নিতে পারে।

মানিক বন্দ্যোপাধ্যায় গ্রাম এবং শহর উভয় জীবনের পটভূমিকায় বাস্তবতার এক প্রথম শ্রেণীর র'পকার। শরংচন্দ্র যদি বাংলা ভাষায় বাস্তবতার পথিকং হয়ে থাকেন তো মানিক-সাহিত্যে সেই বাস্তবতার আরও উচ্চতর বিকাশ লক্ষ্য করা যায়। মানিক বাংলা ভাষার শ্রেণ্ঠ রিগালিস্ট লেখক। তবে শরংচন্দ্রের বাস্তবতা আর মানিকের বাস্তবতার প্রকৃতিগত অনেকখানিভেদ আছে।

রচনাশৈলীর মাধ্যের কারণে তথা ভাষার সৌন্দরে শারংচন্দ্রের বাস্তব চিত্রণ ন্বাদ্বময়; পক্ষান্তরে, মাণিকের বাস্তবতা রক্ক, র,ড, শাক্ক। তার মাথার উপর অণিনাধা প্রথব রোদ্রের খরতেজ, চেণ্টা করলেও তার কোথাও মিণ্টতার ছায়া খাঁকে পাওয়া যাবে না। মানিকের কথাসাহিত্যে এমনতর শাক্কতা আর পর্যভাবের কারণ তাঁর স্থিতাবস্থার প্রতি অনমনীয় আপসহীন মনোভার এবং মধ্যবিত্ত মানসিকতাধ্ত মলোবোধগালির সন্পর্কে সীমাহীন ঘাণা। ঘাণার উত্তাপে সব রকম কমনীয়তা ও লালিত্য সেখানে শাক্ষে উবে গিয়েছে। কিন্তু অন্তভেদী মানিকের মনস্তজ্জান এবং মান্যের আচরণের অন্তনিহিত প্রবৃত্তি ও মনোবৃত্তির ব্যবচ্ছেদম্লক বিশেলধণী ক্ষমতা। ফুয়েড

ও মার্ক স তাঁর সাহিত্যে এক আধারে বিরাজ করছেন। তবে শেষের দিকের রচনায় ফ্রুয়েডীয় মনোবিকলন দুণ্টিগ্রাহারতে কমে গিয়ে মার্কসীয় বহিচে তনারই প্রাধান্য। নির্জ্ঞানমনের ব্যক্তিকেন্দ্রিক ব্যবচ্ছেদী ব্যায়াম ঘটে গিয়ে তার জারগার সমণ্টি মানুষের সংগ্রামী জীবনের আদর্শের প্রতিষ্ঠা। প্রতিবাদ, প্রতিরোধ, বিদ্রোহ ওই আদশের মলেকথা। শরংচন্দ্রের সঙ্গে মানিকের মলে প্রভেদ এখানে যে শরংচন্দ্র সমস্যা উত্থাপন করেন কিন্ত ভার সমাধান দেন না কিংবা সমাধান তাঁর জানা নেই। মানিকের রচনায় সমস্যার উত্থাপন ও সমাধান দ:ই-ই রয়েছে। তাঁর চোখে মজ্বর ও চাষীর অন্তহীন শোষণের প্রতিকারের একটিই মাত্র রাস্তা খোলা—কায়েমী স্বার্থ'বাদীদের সবলে প্রতিঘাত করা। প্রথম দিকের রচনা দিবারাত্রির কাব্য, জননী, পামানদীর মাঝি, পাত্রলনাচের ইতিকথা, প্রভৃতি উপন্যাস এবং প্রাগৈতিহাসিক বিসপিল, ও বৌ পর্যাথের গল্পগালির ভিতর মনোবিকলনের আতিশয়্য কিন্তু শহরতলী উপন্যাসের পর্ব থেকেই তাঁর শিল্পদ্ভিতে বৈজ্ঞানিক ক্তুবাদ ও বহিম্বেখ মনোভাবের প্রাধান্য। তারপর একে একে দর্পণ, অহিংসা, চতুন্কোণ প্রভৃতি উপন্যাসের মধ্য দিবে শেষোক্ত মনোভাবের আরও বেশী সম্প্রসারণ । তবে শেষের দিকের ছোটগলপগ্রলির মধ্যেই অত্যাচার শোষণ বঞ্চনার বিরুদ্ধে সংঘবংধ মানা্রের রূখে দাঁড়ানোর ছবি প্রণ্টতর। কায়েমী দ্যার্থবাদের বিরুদ্ধে, সক্রিয় বিদ্যোহের আভাসে এই রচনাগালি সমাজ চৈতনাদীপ্ত সাহিত্যস্থিত তুক প্পশ করেছে। যথা, ছোটবকুলপুরের যাগ্রী, হারানের নাতজামাই, পেটব্যথা প্রভৃতি শরংচন্দ্র গ্রামজীংনের অত্যাচারের ছবি দেখিয়েছেন কিন্ত অত্যাচারের প্রতিরোধের ছবি তেমন দেখাননি। সেই বাঞ্ছিত কাজটি করেছেন মানিক বন্দ্যোপাধ্যায়। মানিক আমাদের সাহিত্যে একাধারে একজন উৎরুট পর্যায়ের শিল্পী ও কর্মিষ্ঠ লেখক।

মনোজ বস্ বাংলার যে অংশকে দক্ষিণবঙ্গ বলা হয় তার গ্রামজীবনের একজন কমবেশী রোমাণ্টিক রপেকার, তবে তাঁর ওই খাদ্ব-রম্য জীবনচিত্রণের মধ্য দিয়েই গ্রামের সাধারণ মান্বের স্থ-দ্বঃখ-ব্যথা বেদনাকে তিনি গভীর দরদের সঙ্গে প্রকাশ করেছেন তাঁর একাধিক ছোটগল্প ও উপন্যাসে। ম্সলমান চাষীর বাস্তব জীবনযাত্রার একাধিক স্বন্দর ছবি তাঁর লেখায় পাওয়া যায়। তাঁর লেখার আর একটি বড় গ্রে হিন্দ্ব ম্সলমান মৈত্রীর আদর্শের প্রতি অকৃত্রিম অন্বাগ। দ্বই বাংলার সাংক্ষতিক ঐক্যের দ্যোতনায় সাম্প্রদায়িক মিলনের ছাপটি তাঁর রচনায় বড় সংন্দর রূপে পেয়েছে।

কিন্তু শরংচন্দের উত্তরাধিকার প্রসঙ্গে যত কথাই বলা হোক, শরংচন্দ্রের ভাষার উজ্জ্বলতার সঙ্গে পরবর্তী কোন লেখকেরই কোন তুলনা হয় না। শরংচন্দ্রের শ্টাইল এক অনন্য স্থিতি। তাঁর ভাষাশৈলীতে সচেতন র্পেকর্মের সঙ্গে প্রাঞ্জলতার শিলেপর এক অসামান্য সমন্বর ঘটেছে। তাঁর গলেপাপন্যাসের বিষয়বন্তু ম্লতঃ গ্রামীণ কিন্তু তাঁর ভাষার মেজাজ যোলআনা নাগারিক। বিদেশ ও পরিমার্জিত শ্টাইলে তিনি গ্রামের গলপ লেখেন। এমনটি আর পরবর্তী কোন লেখক, গ্রামজীবন যাঁদের রচনার মূল উপজীব্য, তাঁদের বেলায় দেখা যায়নি। তারাশাকর-বিভূতিভূষণ, মনোজ-মানিক প্রম্মুখ কথাকারদের ভাষাশিলপ শরংচন্দের তুলনায় অনেক কম পরিশীলিত, কম প্রসারিত। মোটকথা, এখনকার লেখকদের আর শরংচন্দের মত ভাষার প্রতি তেমন মনোযোগ নেই। অপেক্ষাকৃত আধ্বনিক্লালের কথাকারদের মধ্যে স্ববোধ ঘোষ, নারায়ণ গঙ্গোপাধ্যায় প্রম্মুখ দুই একজন লেখকের পরিচয় পাওয়া যায়, যাঁরা ভাষার প্রসাধনকলার প্রতি কমবেশি অবহিত কিন্তু তাঁরা এক্ষেতে ব্রিঝ বা ব্যতিক্রমী দুট্টান্ত হয়েই রইলেন।

## সাম্প্রতিককাল ও মানিক মুখোপাধ্যায় শরৎচক্রের উত্তরাধিকার

ক্রমবিবর্তনের ধারায় সাহিত্যের ক্রমোয়তির ঐতিহাসিক নিয়য়হিকে বিজ্ঞানসম্মত দৃষ্টিভঙ্গী নিয়ে সঠিকভাবে উপলব্ধি করতে পেরেছিলেন বলেই শরংচন্দ্র কলতে পেরেছিলেন, "যে ভাল আজও আর্সোন, সেই অনাগত ভবিষ্যতে আমার লেখার মূল্য থাকবে কি থাকবে না, সে আমার চিন্তার অতীত। আমার বর্তমানের সত্যোপলব্ধি ভবিষ্যতের সত্যোপলব্ধির পক্ষে এক হয়ে মিলতে না পারে, পথ তাকে ছাড়তেই হবে। তার আয়্বুণ্কাল যদি শেষ হয়ে যায়, সে শ্বুধ্ব এইজনাই যাবে যে আরও বৃহৎ, আরও স্কুন্দর, আর পরিপর্ণে সাহিত্যের স্থিতাযে তার কঙ্কালের প্রয়োজন হয়েছে। ক্ষোভ না করে বরণ্ড এই প্রার্থনাই জানাব যে, আমার দেশে, আমার ভাষায় অতবড় সাহিত্যই জন্মলাভ কর্ক যার তুলনায় আমার লেখা যেন একদিন অকিণ্ডিংকর হয়েই যেতে পারে। ব্রুড়ো হয়ে এসেচি, শক্তিসামর্থে পশ্চিমের আড়ালে ডুব দেবার আভাস অহরহ নিজের মধ্যে অন্ভব করি, এখন যাঁরা শক্তিমান নবীন সাহিত্যিক তাঁদের কাছে হে ট হয়ে এইট্কুমাত বলে গেলাম। এখন তাঁদের কাজ ফ্বুলে ফলে শোভায় সম্পদে বড় করে তোলার দায়িত্ব তাঁদেরই রইল।"

শরৎচন্দ্রের পরবর্তনীকালে বাংলা সাহিত্যের অঙ্গনে নবীন লেখকের আবিভাব যথেও হয়েছে। একদিকে 'কল্লোল' এবং 'কালি ও কলম' গোষ্ঠীর লেখকরা, অন্যদিকে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বিভ্,তিভূষণ বন্দ্যোপাধ্যায়, সন্বোধ ঘোষ, মানিক বন্দ্যোপাধায়ের মত ক্ষমতাবান লেখকরা অলপ সময়ের ব্যবধানে প্রায় একযোগেই বাংলা সাহিত্যে দেখা দিয়েছিলেন। এ দের অনেকেই বাংলাসাহিত্য নিয়ে নানা পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে গিয়েছেন। সমাজজনীবনের বহু নতেন দিককৈ সাহিত্যে নিয়ে এসে এ রা বাংলা সাহিত্যের ক্যান্ভাসটিকৈও অনেক ব্যাপক আকার দান করেছেন। তব্ এ সত্ত্বেও বিগ্লবাত্মক মানবতাবাদের সাথ কি রুপকার শরংচন্দ্র তার উন্নত মতাদশ ও বৈজ্ঞানিক

প্রভিউজনী নিয়ে রুচি ও মাধ্যযে ভরিয়ে বাংলা সাহিত্যকে রসস্ভিটর যে মানে তলে নিয়ে গিয়েছিলেন, মূলতঃ মতাদশের দূর্বলতার জন্য সে মানটিকে এ রা বজায় রাখতে পারলেন না। কেন পারলেন না. কেন এ রা শরৎচন্দ্রের চাইতেও উন্নত স্তরের সাহিত্য স্বাণিতে ব্যর্থ হলেন সে অবশাই আলোচা বিষয় এবং বর্তমান প্রবশ্ধেই অনাত্র তা আলোচনা করা হবে । তবে এক্ষেত্রে একটি বিষয় লক্ষণীয়, তা হ'ল শরংচন্দ্রের ঠিক পরবর্তী যুগে তারাশঙ্কর, বিভৃতি বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়ের মত সাহিত্যিকরা— ভল-দ্রান্তি এ'দের যাই হোক, আন্তরিক প্রয়াসে এ'রা বাংলাসাহিত্যকে তব্য অশ্ততঃ সে পর্যায়ে ধরে রাখতে সক্ষম হয়েছিলেন—এ'দের পরবর্তীকালে যাঁরা এলেন, তাঁরা কিল্তু সে মানটিও ধরে রাখতে পারলেন না। তারাশংকর, মানিক বন্দ্যোপাধ্যায়ের ধারাবাহিকতার ঐ একই বিদ্রান্তির পথে এগতে গিয়ে দ্বাভাবিকভাবেই দেখতে দেখতে এ'রা বাংলা সাহিত্যকে এমন এক স্তবে নামিয়ে আনলেন যে সম্ভূ মস্তিত্ক বিচারশীল পাঠকমাত্রই তাতে উদ্বিশ্ন না হয়ে পারেন না। সাম্প্রতিককালের এইসব সাহিত্যিকরা অতি আধ্রনিক সাহিত্য সূথির উদগ্র বাসনায় জীবনের সমস্ত জ্ঞান-নীতি বিসজ্ল দিয়ে সমাজের যত নেংরামি ও কুশ্রীতাকে খ'়চিয়ে প্রকাশ করে চলেছেন, সাহিত্যের নামে এ<sup>\*</sup>রা বস্ত**ুতঃ পর্ণ গ্রাফিরই চর্চা করছেন** । এইসব সাহিত্যিকরা দাবি করছেন, তাঁরা নাকি সাহিত্যে বাস্তবতাকেই প্রকাশ করছেন। অথচ আসলে তাঁরা সমাজের কিছু বিত্তবান অথবা মধ্যবিত্তদের যে অংশটা জীবন-সংগ্রামে পরাংমাখ, মানসিক বিকারগ্রস্ত, অস্থিরচিত্ত—জীবনে যারা ষৌনতা ও নানা নোংরামির মধ্যেই ডুবে আছে—ম্লেতঃ তানের সেই ব্যর্থ ক্লেদান্ত জীংনের দৈনন্দিন প্লানিকে ফ.লিয়ে ফাঁপিয়ে তুলছেন এবং একেই তাঁরা গোটা সমাজের প্রতিচ্ছবি বলে দাবি করছেন। বাস্তবিক এ হ'ল সমাজের ইচ্ছাকৃত বিকৃতি। এই সমাজেই যে আর একটা ব্যাপক অংশ আছে— ষারা সহস্র বন্ধনা ও সামাজিক প্রতিকলেতা সত্ত্বেও ক্রমাগত কঠিন সংগ্রামে লিপ্ত, সেইসব শ্রমিক-চাষী নিন্নমধ্যবিত্ত শোষিত জনসাধারণের সংগ্রামী জীবনের সত্যরূপ কিন্তু এ<sup>\*</sup>দের সাহিত্যে প্রতিফলিত হচ্ছে না। ব্যবহারিক জীবনে অমান-ষিক দারিদ্রা ও নিদ্নমানের বণ্ডিত জীবনে আপাতদুষ্ট ক্শ্রীতাগর্নাকেই এ'রা মহা উৎসাহে বিস্তারিতভাবে ফর্নিয়ে তলতে ব্যস্ত, কিল্ড তাদের জ্বীবন-সংগ্রামের মধ্যেও প্রতিনিয়ত যে কত সন্দর সন্দর সম্পর্ক, প্রেম-ভালবাসার মাধ্যা, উন্নত জীবনের কত নতেন নতেন দিক ধারে ধারে ঐতিহাসিক নিয়মেই সমাজে রংগ নিতে চাইছে— এগন্নলি কিম্তু এইসব সাহিত্যিকের চোখে পড়ে না। আসলে কথায় কথায় সাহিত্যের বাস্তবতার উল্লেখ করলেও এ রা জানেনই না সাহিত্যের বাস্তবতা বলতে যথার্থ কি বোঝায়। শ্রেম্ তাই নয়, বর্তমান সমাজ, সাম্প্রতিক কাল কোনটিকৈই এ রা চেনেন না।

অথচ আজ থেকে প্রায় পঞ্চাশ বছর আগে শরংচন্দ্র কিন্তু সাহিত্যে বাস্তবতা সম্পর্কে অনেক ম্পন্ট ধারণা দিয়ে বলেছিলেন, "সমাজের সঙ্গে মিলে মিশে এক হয়ে তার ভিতরের বাসনা কামনার আভাস দেওয়াই সাহিত্য। ভাবে, কাজে, চিম্তায় মাজি এনে দেওয়াই ত সাহিত্যের কাজ।" শরংচন্দ্র জানতেন, পরিবর্ত নশীলতাই বিশ্বপ্রকৃতির বিষয়, গতিময়তাই এর প্রকৃতি : সমাজ, মানবজীবন, মানবমন—সবই নিয়ত পরিবর্তিত হয়ে চলেছে—এই পরিবর্ত নের জোয়ারে মানুষের আশা-আকাঞ্চা, তার রুচি, রসবোধ, প্রেম-ভালবাসা সবই পালিয়ে যাচ্ছে—এটাই ক্রমোম্রতির পথ, উন্নত থেকে উন্নততর রূপ অর্জনের ঐতিহাসিক যাত্রাপথ। তাই সাহিত্য, হল রসরুপে জীবনেরই সুন্দরতম এবং যথার্থ প্রকাশ – সেই সাহিত্যও ক্রমাগত পরিবর্তিত হয়ে চলেছে—ক্রমোর্যাতর পথে রপোন্তরিত হয়ে চলেছে সাহিত্যের বিষয়বস্ত্র, তার প্রকাশরীতি। কোনও সাহিত্যই তাই চিরুতন নয়, শাশ্বত নয়, সাহিত্যিকের কালজয়ী হওয়ার বাসনাও তাই অলীক, অবাস্তব দ্বুশনমাত। এই মিথ্যা মোহে বিদ্রান্ত না হয়ে তাই সেইসব সাহিত্যিকরাই সাহিত্যে বাস্তবতার প্রকৃত চর্চা করতে সক্ষম, যাঁরা তাঁদের যুগে সমাজের অত্যর্গত স্বন্দ্র-সংঘাতের মধ্য থেকে সচেতন বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে এই পরিববর্তনের সঠিক ধারাটিকে উপলব্ধি করতে পারেন। সাহিত্যে বাস্তবতা বলতে বস্ত্যু-জগৎ এবং লেখকের সচেতনতা—দ্,'টোকে মিলিয়েই ধরা হয়, অর্থাৎ সহজ ভাষায় সমাজে যা আছে এবং যেমন তার হওয়া উচিত— দুইয়ের সন্মিলিত অভিব্যক্তিতেই একমাত্র সাহিত্যে বাস্তবতার যথার্থ প্রকাশ ঘটতে পারে। এই কারণেই সমাজ অভ্যম্তরে দ্বন্দ্র-সংঘাতের মধ্য থেকে যে নতেন নতেন উন্নত আদর্শ, চিম্তা ও উন্নত জীবনবোধ ভবিষ্যতকে গডবার দক্রের ক্ষমতা নিয়ে ধীরে ধীরে সমাজে আবিভূতি হচ্ছে – সেই বাস্তব যুত্রচিম্তাকে যথায়থ গ্রেম্ব দিয়ে সাহিত্যে সঠিকভাবে রূপে দেওয়াই

সচেতন সাহিত্যিকের কাজ। একইভাবে, কাজে, চিম্তায় মুদ্ধি এনে দেওয়ার কথা বলেছিলেন শবংচাদ।

সাম্প্রতিককালের যুগোপযোগী সাহিত্যসূম্পির প্রশ্নে আর একটি বিষয় মনে রাখা দরকার। শিল্প-সাহিত্য-সংস্কৃতি, জ্ঞান-বিজ্ঞান কোন কিছুই সমাজে অতীত থেকে সম্পূর্ণ বিচ্ছিল হয়ে স্বয়ংস্টের্পে দেখা দেয় না। অতীতই বর্তমানকে গড়ার জমি তৈরী করে দেয়। তাই বর্তমানের ব্রুগোপযোগী শিল্প-সংস্কৃতি গড়ে তলতে হলে আমাদের ঠিক আগের যুগুটাকে ভলে গেলে চলবে না । আমাদের দেশে রেনেসাঁশ বা নবজাগরণের সাংস্কৃতিক আন্দোলনটির গতিপ্রকৃতি এবং তার স্বরূপটিকে এই কারণেই ঠিক ঠিকভাবে অনুধাবন করা দরকার। রামমোহন, বিদ্যাসাগর থেকে সুরু করে ব্রভোয়া মানবতাবাদী ভাবধারার এই যে সাংস্কৃতিক আন্দোলন, পরবতাঁকালে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র ও নজরলের মধ্য দিয়ে যা পরিণত রূপে নিয়েছিল, বসই সাংস্কৃতিক আন্দোলনের মধ্যে পাশাপাশি সম্পূর্ণ দুটি ধারা লক্ষ্য করা যায়। এ যুগের বিশ্ব সাম্যবাদী আন্দোলনের মহান চিশ্তানায়ক কমরেড শিবদান ঘোষ বিজ্ঞান ও যান্তিবাদী দুণ্টিভঙ্গীতে ঐতিহাসিক বিশেলষণের মাধ্যমে প্রথম তথ্য পরিবেশন করে দেখান যে. ভারতবর্ষের মানবতাবাদী ভাবধারার মধ্যে "একটি ধারা agnostic অর্থাৎ সংশ্যবাদী, ঈশ্বর আছেন কি নেই তা নিয়ে তর্ক করে না, কিণ্ড ঈশ্বরে কিশ্বাস নেই, মূল tendency (ঝোঁক বা প্রবণতা) হচ্ছে বস্তুজগং ও বাস্তবজগংটাকে বিশ্বাস করার দিকে—এই দিকেই তার ঝোঁক বেশী। ফলে এর দ্রণ্টিভঙ্গী মূলতঃ secular। সাহিত্যচিন্তায় এই ধারণার প্রতিনিধি**দ করেছেন** শারংচন্দ্র ও নজরুল। আর একটি ধারা হচ্ছে যেটা ধর্মীয় ঐতিহ্যের সঙ্গে মানবতাবাদের মলোবোধগালিকে সংমিশ্রিত করতে চেয়েছে। এই ধারার প্রতিনিধিত্ব করেছেন মলেতঃ রবীন্দ্রনাথ।" মনে রাখা দরকার, সামন্ততন্ত্রকে ভাঙ্গা, প°্রজিবাদী ব্যবস্থার প্রবর্তন করা এবং প°্রজিবাদের বিকাশের আকা কাকে প্রতিষ্ঠা করার যে প্রক্রিয়া, তার মধ্য থেকে প'্রজিবাদী বিপ্লবের সাংস্কৃতিক কাঠায়ো হিসেবেই একদিন বিপ্লবাত্মক মতবাদ রূপে পার্থিব মানবতাবাদ বা সেকুলার হিউম্যানিজমের আবিভবি । কিম্তু ইউরোপের দেশে দেশে ব জোরাশ্রেণী ক্ষমতা দখলের পর নিজেরাই যখন শোষকের ভূমিকায় অবতীর্ণ হয়ে দেশের অভ্যাতরে শ্রমিকশ্রেণীর মান্তির আকাক্ষাকে সংলে দমন করতে শ্রেদ্ধ্ করল, নিজের দেশের বাইরে চড়াও হয়ে অপরাপর দেশের শ্যাধীনতাকে খর্ব করতে উঠে পড়ে লাগল, তখন থেকে ব্রুজোয়া মানবতাবাদও আশ্তজাতিক ক্ষেত্রে তার বিপ্লবাত্মক সেকুলার বা পার্থিব রুপিট হারিয়ে ক্রমাগত সামশ্ততন্ত্র ও ধর্মায় মতাদশের সাথে আপোষমুখী হয়ে পড়ল। শরংচন্দ্র কিন্তু আশ্তজাতিক এই বিশেষ ব্রুগে আবিভূতি হয়েও মানবতাবাদের সেই বিপ্লবাত্মক যুকোর সেকুলার রুপিটকেই এদেশে বলিণ্ঠভাবে তুলে ধরলেন। শরংচন্দ্রের মধ্য দিয়ে মানবতাবাদের ম্ল্যুবোধগর্মল—ব্যক্তিন্থাধীনতা, নারীশ্বাধীনতা, ব্যাক্তিশ্বাতন্ত্রোবোধ, সমানাধিকারের ভিত্তিতে নরনারীর মর্যাদাবোধ প্রভৃতি শর্দ্ধ্র যে এদেশের মাটিতে সাথাক বিপ্লবাত্মক রুপে নিয়ে অভিব্যক্তি লাভ করল, তাই নয়, বিশ্বমানবতাবাদও শিলপ্রংক্তির ক্ষেত্রে সাহিত্যের মাধ্যমে সবচেয়ে সাথাক, সবচেয়ে বিপ্লবাত্মক এবং সবচেয়ে পরিশতরূপে দেখা দিল শরং-সাহিত্যে।

বার্ন্তবিক, যুবিন্ত ও বিজ্ঞানভিত্তিক দৃষ্টিভঙ্গী নিয়ে শরংচন্দ্র ব্রের্দ্রোয়া মানবতাবাদকে এদেশের মাটিতে ক্রমাগত বিকশিত করে উন্নতির যে সর্বেচ্চি শিখরে তুলে নিয়ে গিয়েছিলেন, তার পরবর্তী উন্নততর মতাদশই হল সর্বহারার সংস্কৃতি ও ম্লোবোধ। কাজেই মানবতাবাদী ভাবাদশের কাঠামোর মধ্যে বিরাজ করে তাকে ডিকিয়ে উন্নত স্তরে না গিয়ে শরং-উত্তর সাহিত্যসৃষ্টি আর কোনোমতেই সভ্তব নয়, শর্ধ্ব এই কারণেই সভ্তব নয়, তা নয়। শরংচদেরের যুগটাই ছিল, এদেশে সামন্তত্ত্রকে ভেঙ্গে মানবতাবাদী জীবনাদশ প্রতিষ্ঠার যুগ, ব্যক্তিশ্বাতন্ত্র, ব্যক্তিম্বিত্র আকাঙ্কাকে প্রতিষ্ঠার যুগ, মুক্তি ও বিজ্ঞানকে প্রতিষ্ঠার যুগ—যে কাজটি শরংসাহিত্য সার্থকভাবেই করেছে। কিন্তু শরং-উত্তর যুগটা হল, ক্ষয়িক্ত্র সংকটময় পর্বান্তবার উন্নতত্বর সংক্তি ভাবাদশ প্রতিষ্ঠার যুগ। এই স্বর্গহার বিপ্লবের যুগে তাই মানবতাবাদী মতাদশ আর ন্তন করে কোনও সমাধান করতে ন্তন করে পথ দেখাতে অপারগ—সে মানুষকে আরও বিদ্রান্তই করের, বিপ্লবভীত কাপরেষ করবে, অবক্ষয়ের দিকেই নিয়ে যাবে।

সর্বহারার সাহিত্যই যে বাংলা সাহিত্যের স্বাভাবিক ঐতিহাসিক পরিণতি, এ চিন্তা একেবারে স্ক্রপন্টভাবে না হলেও ক্রমেই যে শরং চিন্তাকেও ধারুা দিচ্ছিল, তার আভাস আমরা শরংচন্দ্রের বিভিন্ন লেখাতেই পাই। আধুনিক কলকারখানাকে কেন্দ্র করে যে নতেন শ্রমিক শ্রেণীর আবিভাব. বাংলা সাহিত্যেও তাদের জীবন প্রতিফলিত হোক, শরংচন্দ্র তা একান্ত-ভাবেই চাইতেন। 'সাহিত্যের মাত্রা' প্রবন্ধে এ বিষয়ে তিনি পরিকার অভিমত বাক্ত করেছেন। শর্ধর তাই নয়, সে-সাহিত্যের যথার্থ রপেটি কেমন হবে. সে-সম্পর্কেও তাঁর স্ক্রেপণ্ট মনোভাব আমরা পাই 'সাহিত্য ও নীতি' প্রবন্ধে. যেখানে তিনি বলেছেন, "বরণ্ড এই অভিশপ্ত অশেষ দঃখের দেশে, নিজের অভিমান বিসজ্ ন দিয়ে রূশ সাহিত্যের মত যেদিন সে আরও সমাজের নীচের স্তবে নেমে গিয়ে তাদের সূখ-দুঃখ বেদনার মাঝখানে দাঁড়াতে পারবে সেদিন এই সাহিত্যসাধনা কেবল স্বদেশে নয়, বিশ্ব-সাহিত্যেও আপনার স্থান করে নিতে পারবে।" এই কারণেই যেদিন তিনি দেখলেন 'কলেলাল' এবং 'কালি-কলম'-এর নবীন একদল সাহিত্যিক নতেন এক উৎসাহে সমাজের শোষিত জনগণ শ্রমিক-চাষীর জীবনের সূখ-দুঃখের কাহিনী নিয়ে সাহিত্য রচনায় এগিয়ে এলেন—তখন সাহিত্যিকদের মধ্যে একমাত্র শরংচন্দ্রই প্রতঃপ্রবৃত্ত হয়ে তাঁদের এই নবপ্রয়াসকে সাদর অভিনন্দন জানিয়েছিলেন, কিন্তু স্চেনায় তাঁদের এই যে সূন্টি-উৎসাহ—অচিরেই দেখা গেল তা ফরাসী ন্যাচারা-লিজমের দ্রান্ত ফাঁদে পা বাড়িয়ে বিদ্রান্তির পথে সমাজের যত নোংরামিকে খ ্রিচায়ে তুলতে বাঙ্গ হয়ে পড়ল। তাঁদের এই ব্যর্থ তার মলে কারণ, তাঁরা মানবতাবাদী মতাদর্শকে সম্বল করেই সর্বহারার জীবনের রূপে দিতে গিয়ে-ছিলেন, যেটি সম্ভবই ছিল না। এমন কি মানবতাবাদের যে বিপলবা**মক** ধারা শর্ণ-সাহিত্যে রূপায়িত হয়েছে তার ধারাবাহিকতা বজায় রাখবার প্রয়াসও তাঁদের মধ্যে পরিলক্ষিত হল না, বরং এদেশের আপোষকামী জরাগ্রস্ত মানবতাবাদের ধারণাটিকেই তাঁরা গ্রহণ করে চলতে চাইলেন। তারাশংকর, বিভৃতিভূষণ বন্দ্যোপাধ্যায়দের মধ্যে ন্যাচারালিজমের প্রভাব দেখা না গেলেও এ বাও কেউই শরংচন্দের বিপলবাত্মক পাথিব মানবতাবাদের ধারাবাহিকতায় শরং-উত্তর সাহিত্যস্থির চেণ্টা করেন নি, ভারতবর্ষের আপোষকামী ধর্মীয় মানবতাবাদের শ্রেষ্ঠ রূপকার রবীন্দ্রনাথের যে বিরাট প্রভাব—তার থেকে মৃত্তু থেকে সাহিত্যসাধনা এদের কারার দ্বারাই সদ্ভব হয়নি। এমন কি মানিক বন্দ্যোপাধ্যায় যিনি সতিটে এদেশে সর্বহারার সাহিত্যস্থি করতেই চেয়েছিলেন, সাম্যবাদের খ্বারা আরুণ্ট হয়েই সাহিত্য সাধনা করেছিলেন— তিনিও শেষ পর্যাত শরং-উত্তর সাহিত্য অর্থাৎ সর্বহারার সাহিত্যস্ভিতৈ বার্থ হলেন। এর মূল কারণ, সঠিক সামাবাদী নেতৃত্বের guidance ছাড়া কোন দেশেই যথার্থ সর্বহারা সাহিত্য সূচিট সম্ভব নয়। মানিক বন্দ্যোপাধ্যায় ব্যক্তিগতভাবে যে দলটির সাথে যক্ত ছিলেন, সাম্যবাদী নাম দিয়ে গড়ে উঠলেও যেহেত সেটি প্রকৃত শ্রমিক শ্রেণীর দল হিসেবে কোন দিনই গড়ে উঠতে পারল না, যেহেত আসলে সেটি পেটি ব'জোয়ার চরিত্র ও বৈশিষ্টা নিয়েই এদেশে দেখা দিল, তাই সেই দলের পক্ষে মানিক বন্দ্যোপ্যাধায়ের সাহিত্য প্রচেষ্টাকে সঠিক পথে পরিচালনা করাও সম্ভব ছিল না । এদেশের নবজাগরণের সঠিক বিস্তেষ্টেশর মাধ্যমে শরংচন্দ্রের যথার্থ মূল্যায়নে ব্যর্থ হয়ে এরা বরং এক দিক থেকে সাহিত্যিকদের বিদ্রাশ্তই করেছেন। তাই যারাই এই দলের সংস্পর্শে এসে সর্বহারার সাহিত্য রচনায় ঐকাশ্তিক উদেশ্যে শ্রমিক জীবনকে ফুটিয়ে তুলতে গিয়েছেন, তারাও একই বিদ্রান্তিতে অনেকটা 'কল্লোল' সাহিত্যিকদের মতই মলেতঃ মানবতাবাদী দুণিটভঙ্গীতেই ব্যস্তিবাসী, অশ্লীল গালি-গালাজে অভ্যস্ত শ্রমিকের জীবনের বাইরের কুশ্রীতাকেই দেখেছেন, তাকেই সাহিত্যে রূপ দিতে সচেণ্ট হয়েছেন এবং এর সাথে কিছু আন্দোলন, সামাবাদের কিছু গরম বুলি জুড়ে দিয়ে সর্ব-হারা সাহিত্য বলে প্রচার করেছেন। এ রা ব্রুতেও পারেন নি যে, শ্রমিক-জীবনের অশেষ দারিদ্র, বঞ্চনা ও অশিক্ষার মধ্যে ঐ কন্সীতা ও নোংরামির দিকগ**ৃলি আসলে প**ৃ<sup>\*</sup>জিবাদের অবক্ষয়ের যুগে বুর্জোয়া সংস্কৃতিরই নানা বিকৃতির প্রকাশ—এর সাথে সচেতন শ্রমিকের সংস্কৃতি বা সর্ব হারা সংস্কৃতির কোনও সম্পর্কাই নেই।

মলেতঃ এদেশের সাম্যবাদী আন্দোলনের এই দ্বর্লভার জন্যই আজ পর্যাত এদেশে শরতোত্তর সর্বহারা সাহিত্য স্থির সর্বরক্ষ প্রয়াসই ব্যর্থ হয়ে গিয়েছে। শিলপ-সংক্ষতির এই ব্যাপক বিদ্রান্তিকর পরিস্থিতির শ্বর্প বিশেলষণ ও তার বিকাশের সঠিক পথটিকে যিনি প্রথম আমাদের সামনে তুলে ধয়েছেন, তিনি হলেন বিশ্বসাম্যবাদী আন্দোলনের বিশিষ্ট মার্কসবাদী চিল্তানায়ক কমরেড শিবদাস ঘোষ। এদেশের ব্রুজায়া মানবতাবাদী আন্দোলনের মধ্যে যে স্কৃপণ্ট দ্বিট ধারা পাশাপাশি কাজ করেছে, সে-কথার উল্লেখ করে তিনি বলেন, "তার মধ্যে ম্লেডঃ মানবতাবাদের uncompromising, যৌবনোন্দীপ্ত বিপ্লবান্থক ধারাটিরই continuity-র পরিগতিতে সর্বহারা সংকৃতির জন্ম— যে ধারার প্রতিনিধিত্ব করেছিলেন শরংচন্দ্র ও

নজর,ল। আজ আপনারা যাঁরা যথার্থ অথে শরংচন্দ্র ও নজর,লের উত্তরসাধক হবেন, ইতিহাসের অমোঘ নিঃমেই শরং-চিন্তা ও নজর,ল-চিন্তার
সাথে শ্বাভাবিকভাবেই তাঁদের চিন্তার একটা বিরোধ দেখা দিতে বাধ্য।
আজকের সর্বহারা সংশ্কৃতির উদ্গোতারা শরংচন্দ্র ও নজর,লেরই উত্তরাধিকারী আর উপযুক্ত উত্তরাধিকারী হওয়ার মানেই যাঁদের উত্তরাধিকারী তাঁদের সঙ্গে আপনাদের চিন্তাগত বিরোধ।" এইভাবে না ব্রুঝে, যদি
আজকের সাহিত্যিকরা বর্তমানের পরিবতিতি পরিস্থিতিকেও কেবল রবীন্দ্রচিন্তা এমনকি শরংচন্দ্রের বিপ্রবাত্মক মানবতাদের চিন্তার মধ্যেও নিজেদেরকে
আবন্ধ রাখেন, শরং-চিন্তা, রবীন্দ্রচিন্তার সীমাবন্ধতাকে বোঝবার চেন্টা
না করেন, তাহলে তাঁরা আসলে রিভাইভলিজমের চচহি করবেন, প্রোনো
চিন্তার জাবরই কাটবেন, শরতোত্তর সাহিত্যস্থিত করা তাঁদের পক্ষে সম্ভব
হবে না।



শরৎ প্রতিভার প্রাণশন্তি হল, তিনি দেশ ও কালের চিত্ত পরিচয়ের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ছিলেন। তাঁর বাস্তব্বাদের মধ্যে সমাজের প্রাণশন্তি ছিল। বিশ্বস্তভাবে যুগকে চিগ্রিত করার কর্তব্য তিনি গ্রহণ করেছিলেন। অবশ্য সমাজে প্রাণশন্তির সম্থানের মধ্যে, যুগকে চিগ্রিত করার চেণ্টায়, দেশ ও দেশবাসীর ষথার্থ মুক্তির সম্থানে শরৎচদ্রের দ্বিও ও ক্ষমতার সীমাবম্থতা ছিল, যে সীমাবম্থতা গোকাঁর ছিল না। কিম্তু শরৎচন্ত্র এই দায়িষ্থ নিয়েছিলেন যে, দেশ ও কালের চিত্তপরিচয়ের সঙ্গে লেখকের আত্মপরিচয়ের সম্পর্ক রচনা করতেই হবে। গোকাঁর মত শরৎচন্ত্রও মনে করতেন লেখককে হতে হবে সময়ের কণ্ঠস্বর, সময়ের শ্রুতিযুগল, নেগ্রযুগ্ম। দেশজ ও কালজ না হয়ে আত্মদেশিক হওয়া যায় না। সে চেণ্টা 'দেহহীন চামেলীর লাংণ্য বিলাস' হয়ে উঠবে।

শরংচন্দ্রই বাংলা সাহিত্যে লেখকের দেশজ ও কালজ হবার একটা পর্বের আরন্ড করে গিয়েছেন। রবীন্দ্রনাথ শরং প্রতিভার ম্ল্যায়নে এই দিকটা প্রথম দেখিয়েছেন এবং এই দিকটাকে অভিনন্দিত করেছেন—"শরংচন্দ্র সম্প্রণভাবেই ছিলেন নিজের দেশের এবং কালের। এটা সহজ কথা নর।" দেশের হুদর যে তাঁকে ধরে রেখেছে তা এরই জন্য। এবং একালের সম্ভ্র সংস্কৃতির পক্ষের লেখক ও পাঠক সমাজ যখন শরংচন্দ্রকে গোরবী ঐতিহ্য বলে সগর্বে গ্রহণ করেন তখন এই দিকটার কথাই বলেন। এই প্রাণশন্তিকে তাঁরা শরংচন্দ্রের উত্তরাধিকার বলে সমত্রে চানন করে প্রচার করেন। কিন্তু এও লক্ষ্য করিছি, আজকের বাংলা সাহিত্যে যাঁরা ক্ষমতাবান লেখক বলে পরিচিত তাঁরা শরংচন্দ্রের এই উত্তরাধিকারকে বজন করেছেন। অর্থাং তাঁরা দেশ ও কালের যথার্থা চিত্তপরিচয়ের সঙ্গে লেখকের আত্মপরিচয়ের সম্পর্ক রচনায় শরং-শিক্ষাকে সদম্ভে বজন করে চলেছেন।

শরংচন্দ্রের আবিভবিকালে দেশের চিত্তভূমির পরিচয়ে ছিল নিদার্ণ দারিদ্রা, বেদনাকর অশিক্ষা, নিরক্ষরতা, কুসংস্কার, গ্রাম দেশের হরেক রকমের ব্যাধিপীড়া; জমিদার মহাজন, মধ্যম্বন্ধ ভোগী ও তাদের পেটেলদের প্রবন্ধনা, শোষণ, অত্যাচার; উপনিবেশিক শাসনের শোষণ, পীড়ন। 'ইংরেজ টাকা আদার করে ও ডেসপ্যাচ লেখে,' দেশ থাকে অবহেলিত। এ হ'ল উপনিবেশিক শাসনের চরিত্র। অর্থাৎ এক সামাজিক প্রবল দুর্দাশা। তারই মধ্যে পরাধীনতার জনলাবোধ, ম্বাধীনতার আকাংক্ষা, কংগ্রেসের আন্দোলন, কৃষক-শ্রমিক অসন্বেতাষ, ইংরাজের হিংস্র দমননীতি, সংগ্রামীর আত্মদান ছিল। শরৎচন্দ্র পরাধীন দেশের এই চিত্ত পরিচধের সঙ্গে লেখকের আত্মপরিচয়ের সম্পর্কা রচনা করলেন।

এই সংযোগ থেকেই তিনি দেখেছেন দেশী ও বিদেশী শোষণে দুর্বলের সম্খ গেল, শান্তি গেল, অন্ন গেল, ধর্ম গেল — তার বাঁচবার পথ দিনের পর দিন সংকীর্ণ ও নিরুত্র দুর্বিষহ হয়ে উঠেছে । দান্প গেল, বাণিজ্য গেল, জ্ঞান গেল, নদীর বুক বুজে মর্ভ্রিম হয়ে উঠেছে । চাষী পেট প্রের খেতে পায় না, শিল্পী বিদেশীর দুরারে মজ্বরী করে । দেশে জল নেই, অন্ন নেই । ম্যালেরিয়ায় ভতি বাংলার পল্লী জননীর আকাশ বাতাস । মামলা-মোকণ্দমা, দলাদীল, জাতপাত, সাম্প্রদায়িক বিষে বিধ্যন্ত বাংলার গ্রাম । সামাজিক-পারিবারিক ভূমিতে মেয়েদের কত সমস্যা । নারীত্ব লাঞ্ভিত, পঙ্গুতা প্রাপ্ত ।

দেশের এই গভীর বেদনার সঙ্গে নিবিড় সম্পর্কে অভিজ্ঞতার যে প<sup>্</sup>রজি হয়েছে, তাকেই সাহিত্যের জীবন্ত পরিবেশে উপস্থিত করলেন শরংচন্দ্র।

কিন্তু দেশের প্রবল দ্র্দ্ শাকে সাহিত্যে প্রতিচ্ছবিত করে দিয়ে তিনি কর্তব্য শেষ করলেন না। এই "অভিশপ্ত অশেষ দ্বংথের দেশের" ভেতরকার বাসনাটা কী, ভবিষ্যং গতি কী, তাও আভাসিত করতে চাইলেন। লক্ষ্য করলেন সে বাসনার প্রত্যয় হল—বিদেশী শাসনতর নিশ্চিক্ত হয়ে স্বরাজ্ব নিশ্চিক্ত হলেই দ্র্দ্ শার গ্রাস থেকে দেশ রক্ষা পাবে। এরই পথ শরংচন্দ্র ভাবতে লাগলেন। রমেশ, শ্রীকান্ত, সাধ্যু ঠাকুরপো, অভয়া, কমল, শ্বিজনাস, পশ্ডিতমশাই, অমরনাথ, সব্যসাচীরা সমাজ ও দেশের দ্ব্র্দশাম্বন্তির নানা পথ ভেবেছে। সে পথের চিন্তায় ফাঁক আছে, স্ববিরোধ আছে, মতশ্বধতার যথেন্ট কারণ আছে। কিন্তু সে চিন্তা উপনিবেশিক শাসনতত্ত্রের অন্ক্লে যায় নি, স্বার্থান্ধ সমাজপতিদের পক্ষে যায় নি, অথবা ভূম্বামীদের স্বার্থানক্ষণে যায় নি। শরংচন্দ্রের সাহিত্য সেদিন জনগণের পক্ষেই কাজ করেছে। শরংচন্দ্রের উত্তরাধিকারের তাৎপর্য ও স্কৃত্তি এখানেই।

লেখকের এই চিত্ত-চিম্তা যখন দেশ ও কালের চিত্র-পরিচয়ের সঙ্গে অব্যবধানে এসে পড়ে. তখন আর কোন লেখকই রাজনীতি থেকে দরে থাকতে পারেন না । এই জনাই শেলী, বায়রন বার্নস্কে, গোকী, রোলা, বারব্সকে রাজনীতি-তপ্ত সময়ের ঘটনাবলীর মধ্য দিয়ে চলতে হয়েছিল। রবীন্দ্রনাথ রাজনীতি থেকে দরের সরে থাকতে পারলেন না। নজরলেকে সশ্রম কারাদণ্ড ভোগ করতে হয়েছে। স্কাত্তকে রাজনীতি করতে হয়েছে। এই সত্য অনুধাৰন করেই ইলিয়ট বলেছেন, "all genuine poets are fervid politicians"—সকল সত্যিকারের কবিরাই অত্যত আগ্রহশীল রাজনীতি-বিদ। এই জ্বনাই ইংলণ্ডের চার্টিণ্ট আন্দোলনের *লক্ষ লক্ষ* অংশগ্রহণকারী তাদের আন্দোলনের পথে শেলী, বায়রন বার্নসকে প্রিয় কবিজন বলে শ্রুখা নিবেদন করেছিলেন। রুশ দেশের সংগ্রামী মানুষ গোকাঁকে তাঁদের একজন করে গ্রহণ করেছিলেন। শরৎচন্দ্রও সক্রিয় রাজনীতির ভূমিতে এসে দাঁড়ালেন। চিত্তরঞ্জন দাস, স্কুভাষ্চন্দ্র বোস, সুর্যে সেন প্রমুখ ম্বাধীনতা সংগ্রামী নেতা ও অগণিত দেশবাসী শরংচন্দ্রকে স্বাধীনতা আন্দোলনে সাহিত্যিক মিত্র বলে মর্যাদার আসন দিয়েছেন। দীর্ঘ ১৬ বছর তিনি হাওডা জেলা কংগ্রেস কমিটির সভাপতি ছিলেন। হাওডা মিউনিসিপ্যালিটির ধাঙড ধর্ম'ঘটে সমর্থ ন নিয়ে বিতকে তিনি ধর্ম ঘটের পক্ষে দাঁডালেন । রাজনীতিতে নরমপন্তী চরমপদ্মীর ক্রমিক বিরোধের সংগে নিজেকে তিনি সাগ্রহে য**ু**ভ করে দিলেন। দেশের মধ্যে ও বহিভারতের বিপ্লবীদের সংগে যোগাযোগ ছিল তাঁর। বেঙ্গল ভলাণ্টিয়ার্স দলের প্রতিষ্ঠাতা, বি. পি. সি. সি.-র তংকালীন সাধারণ সম্পাদক হেম্চন্দ্র ঘোষ লিখেছেন, শরংচন্দ্র সম্পন্ন সংগ্রামে অর্থ সাহায্য করতে চেয়েছেন। শরংচন্দ্রের কাছ থেকে গুলি এনে সে-গুলিতে বিপ্লবীরা ইংরেজ মেরেছেন। চৌরিচেরার ক্র্যকদের আন্দোলন সহিংস পথ নেওয়ায় কংগ্রেসের ওয়ার্কিং কমিটি আন্দোলন প্রত্যাহার করলে শরংচন্দ্র প্রচণ্ড বিক্ষুখ হন। গান্ধীজীর সংগে তাঁর মতপার্থকা হটে। গান্ধীজীকে বলেন, "I think attainment of Swaraj can be helped by soldiers and not by spiders"

এইভাবে শরংচন্দ্র সময়কার তাৎপর্যাপর্ন্ণ ঘটনাবলীর মধ্য দিয়েই চলেছেন এবং তাঁর অভিজ্ঞতা, অন্ভব এবং চিন্তাকে সাহিত্যের রসোত্তীর্ণ করেছেন।

সাম্প্রতিককালের লেখকদের মধ্যে শরৎচন্দ্রের উত্তরাধিকার কতটা, তা জানা যাবে কতটা তাঁরা দেশ ও কালের সঙ্গে শরংচন্দ্রের মত অব্যবধানের সংযোগ রক্ষা করতে পেরেছেন, তার থেকে। শরংচন্দ্র নিজে সমকালীন কল্লোলত নবীন সাহিত্যিকদের কাছে এই আবেদন রেখেছিলেন, তাঁরা যেন দেশ ও কালের তাৎপর্যমণ্ডিত ঘটনাবলীর মধ্য দিয়ে চলেন তারা যেন সময়কার যথার্থ চিত্তপরিচয় নিয়ে সাহিত্যের কাজ করেন। তাঁরা যেন দেশের ভেতরটা দেখেন, মান,ষের ভেতরটা দেখেন। 'লিখবার শক্তি আছে' এমন অনেক তর্নেই সেদিন তা করেন নি। মান্রবের অবচেতনার উৎসে আছে সের,—ফরেড-হ্যাভলক-এলিসের কাছ থেকে এই সতে পেয়ে তাঁরা মত্ত হয়ে উঠলেন। দেহের রহস্যে বাঁধা সব কিছ্ব-এই স্বতীব্র দেহচেতনাকে রিয়ালিন্ট, বিদ্রোহ ইত্যাদি বলে উচ্চক'ঠ আত্মপ্রসাদ লাভ করলেন। শরংচন্দ্র এই তরুণ লেখকদের আধ্বনিকতার কল্লোলে প্রথম দিকে বিদ্রান্ত হলেও সে ঘোর কাটিয়ে এই তর্বদের সেদিন সাহিত্যভূমিতে করণীয় সম্পর্কে যা বলেছিলেন তারই মধ্যে তাঁর উত্তরাধিকারের স্বর্পে স্পণ্ট প্রকাশিত—"বেদনার কি আর কোন বঙ্গু দেখতে পাও না? মানবজীবন, সমস্ত সংসার, এত বড় পরাধীন জাতি, এমব তো রয়েছে। এর বেদনা কি তোমরা অনুভব কর না ? আমরা সব চাইতে দরিদ্র, আমাদের মধ্যে শিক্ষার কত অভাব, সামাজিক ব্যাপারে কত ত্রটি আছে, এ সব নিয়ে তোমরা কাজ কর না কেন? এর অভাব, বেদনাটি তোমাদের লাগে না ় এর জন্য প্রাণটা কাঁদে না কি ১ তোমাদের সাহস আছে। কিন্তু সাহস কেবল একদিকে হলে চলবে না। যেটাকে তোমরা সাহস মনে করছ, আমি মনে করি সেটা সাহসের অভাব। এদিকে তো শাস্তির ভয় নাই, কেউ তোমাদের বিশেষ কিছু, করতে পারবে না। যেদিকে শান্তির ভয় আছে, সেদিকে সত্য সতাই সাহসের দরকার। সেখানে তোমরা নিরব।" [ স্বদেশ ও সাহিত্য ]

দেশ ও কালের যথার্থ রূপ চিত্রণে এবং আরও এক ধাপ এগিয়ে তার প্রাণশন্তি ও ভবিষ্যৎ গতি নিদে শৈ, সাহসের দরকার। কারণ তাতে পীড়ন, লাঞ্ছনা, শাশ্তির ভয় আছে। কিল্টু এই ভয় স্বীকারের মধ্যেই সাহিত্যের স্বাস্থ্য, সৌন্দর্য ও গৌরব। লেখকের স্বাধীনতার অর্থ এই সাহস প্রদর্শনের, এই কর্তব্য পালনের স্বাধীনতা। এর অন্যথা স্বাধীনতার নামে অরাজকতা, আর সাহসের নামে বিপদে গা বাচিয়ে চলার আবি-কৃত সুবিধাবাদী নানা কৌশল। সে কৌশলে বই কাটতি হয়, কিন্তু গোরবী সাহিত্যিক জন্মায় না। সাহিত্যে আট ও দুনাতি প্রবন্ধে লিখলেন—"সাহিত্যে স্বাধীনতার নামে অরাজকতা বা anarchy নয়। এখানে রাজনীতি নিয়ে আলোচনা ক'রে কার্বুর মনে ভয় জাগিয়ে তুলতে আমি চাই না। কিন্তু দেখি কথা হয় যেন সব ল্কিয়ে, ভয়ে ভয়ে। সিডিশন (sedition বাচিয়ে এখানে ম্বিত্তর কথা বলা হয়। তাই আমার মনে হয় বড় সাহিত্যিক আমাদের দেশে এখন আর জন্মাবে না।"

১৯৫০ থেকে ১৯৫৫ এই বছরে দেশের সাহিত্য ও সাহিত্যিক নিয়ে যদি কেউ গবেষণা করেন, দেখবেন, এই দশ বছরে দেশের বই-কার্টতি লেখকরাও সিভিশন বাঁচিয়ে চলতে গিয়ে কী ভাবে আত্মসমর্পণ করেছেন, কী নিদার্ণ চারিট্রক পঙ্গত্বভায় প্রাণশন্তি হারিয়েছেন। পাশাপাশি শরংচন্দ্রের উত্তরাধিকারের ঐতিহ্যে একাংশ লেখক সাহস নিয়ে চলতে চেয়ে কী ভাবে পাঁড়িত, লাঞ্ছিত হয়েছেন। শরংচন্দ্রের বর্জন ও গ্রহণের মের্করণ ঐ ক'বছরে বড় চমংকার হয়ে গেছে। শরং শতবর্ষে দেশবাসী তা বিচার করে নিয়েছেন।

শরংচন্দ্র এই চারিত্রিক পঙ্গর্তাকে নানাভাবে আঘাত করেছেন। লেখকের চারিত্রিক পঙ্গর্তা থেকে আসে অসারতা, ছলনা, নোংরামো—যাতে সাহিত্যভূমিতে আগাছা জন্মায়। পঙ্গর্গ লেখক আত্মসন্ত্রমহীন। সেদিন শরংচন্দ্র লক্ষ্য করেছিলেন নবীন লেখকরা অনেকেই আত্মসন্ত্রম বিসর্জন দিয়েছিলেন। প্রমথনাথ ভট্টাচার্যকে লিখিত একখানা চিঠিতে লিখেছেন, "যা আমি সবচেয়ে ঘূলা করি (বড়লোকের নিল'ন্জ খোসামোদ।) তাই কি প্রকারান্তরে আমার ভাগ্যে ঘটবে যদি তোমার সঙ্গে সাহিত্যিক সন্দ্রন্ধ রাখি? তোমরা টাকা দেবে। তোমাদের influence ছোট সাহিত্য-সেবীদের মধ্যে প্রচুর—কিন্তু আমি ছোট সাহিত্যসেবীও নয়, টাকার কাঙালও নয়। অন্তত আত্মসন্ত্রম বিসর্জন দিয়ে নয়। আর একটা কথা বলি প্রমথ, টাকার গর্বটাই তোমাদের লোকের মনে খেন খ্ব বেশী না থাকে। টাকা স্বাইকে কিনতে পারে না। একটা সং, একটা honest হওয়া চাই।"

এই আত্মসন্দ্রমকে শরংচন্দ্র লেখকের চরিত্র বলেছেন। এবং নবীন লেখকদের মধ্যে তিনি সেদিন এই গ্রেরে প্রত্যাশাও করেছেন। কিন্তু শরংচন্দ্রের এসব কথা এবং এই দ্রিউভঙ্গী সেদিন উন্দিন্ট নবীন সাহিত্যিক-দের ভালো লাগেনি। শরংচন্দ্রের কার্যকলাপের মধ্যে রাজনীতি লক্ষ্য করে তাঁরা মূখ ফিরিয়ে নিয়েছেন। উল্টো তাঁরাই শরৎচন্দ্রের কাছে অনুযোগ করলেন, শরৎচন্দ্র রাজনীতির দিকে বড় ঝাঁকে পড়েছেন : এতে করে বাংলা সাহিত্যের খুব ক্ষতি হচ্ছে। অনুযোগ পরবর্তীকালেও তাদেরই একজন— ব্<sup>ঃ</sup>ধদেব বস<sup>্</sup> তু**লেছিলেন স**্কাশ্ত ভট্টাচার্য সম্পর্কে'। স্কাশ্ত ও শরংচন্দ্রের জবাব ছিল প্রুণ্ট। স্কোশ্ত উত্তর দিয়েছিলেন, যাদের জন্য আমার কবিতা তাদের সংবাদপত্তে (স্বাধীনতা) প্রকাশিত হয়েছে বলে আমি ততোধিক গবি'ত। বুস্থদেবের অনুযোগ ছিল, দ্বাধীনতা একটা রাজনৈতিক পত্রিকা। ওতে লিখে সক্রেন্ড তাঁর ক্ষমতার ক্ষতি করেছেন। শরংচন্দের উত্তর ছিল, "আমি যদি একেবারে ওদিকে (রাজনীতির দিকে) না বেতুম তাহলে যত ক্ষতি হত, গিয়ে যে ক্ষতি হয়েছে, তার তুলনায় তাকে ক্ষতি বলে মনে করি না।" আবারও তিনি আবেদন রাখলেন, "এদিকটাকে অম্বীকার করে। না। অন্যান্য দেশের যে দু:'চারখানা বই পড়েছি, তাতে দেখেছি এ জিনিষে তারা কখনও চোখ বুজে থাকে নি। এরজন্য তারা অনেক সহ্য করেছে, অনেক শাস্তি ভোগ করেছে। তোমরা তাই কর না কেন ?'' 'ম্বদেশ ও সাহিতা' রচনারই একটি ছত্র হল, ''তারা তা করণে কিনা আমি জানি না।" এই ছর্ত্রটির মধ্যে রয়েছে সাম্প্রতিককালে শরংচন্দ্রের উত্তরাধিকারের তাৎপর্যপর্ণে জিজ্ঞাসাটি। শরংচন্দ্র সন্দীহান हित्तन :

- (১) তাঁর উদ্দিশ্ট লেখকরা সমাজের ভেতরটা, সমস্যার ভেতরটা, মান্বের ভেতরটা নজর করে দেখবেন কি না।
- (২) লেখকরা শাস্তির ভয় সহ্য করে সময়ের তাৎপর্যমণ্ডিত ঘটনাবলীর মধ্য দিয়ে চলবার এবং তার যথার্থ পরিচয় চিত্রণের সাহস রাখবেন কিনা।
- তে) আধ্বনিকতা যে নোংরা-চিত্রণ নয়, সংযমহীনতা নয়—এটা উপলব্ধি করবেন কিনা।
- (৪) আত্মসন্দ্রম বিসন্ধানের ১শেন লেখকরা গর্জে উঠবেন কিনা—সং, honest হবেন কিনা।

সাম্প্রতিককালের বই-কাটতি-লেখবদের দ্ব'একজন বাদ দিয়ে সকলেই শরংচম্দ্রের উত্তরাধিকার বর্জন করে, তাঁর সম্দেহকে প্রমাণিত করেছেন। দেশের সাম্প্রতিককালের চিত্তপরিচয়টা কি ? শরংচন্দ্র পরাধীন দেশের যে প্রবল দর্দেশার কথা বলেছেন, স্বাধীনর দেশে দর্দেশা সমচিত্রের নিশ্চয়ই নয়। কিম্তু দর্দেশার নতুন নতুন র্পে অস্বীকার করবার উপায় নেই। দারিদ্র ও নিরক্ষরতার সমস্যা ও তংজনিত উল্ভত সমস্যা তীর।

বন্যা, থরা, সেচাভাব গ্রাম বাংলাকে মুমুষ্মু<sup>4</sup> করে তুলেছে। ক্ষেত-মজ্বরের সংখ্যা বেডে বেডে বিপক্তে হয়েছে। ভাগচাষীরা দর্দশাগ্রস্ত। বর্গা অপারেশন পশ্চিমবঙ্গের গ্রামবাংলায় নতুন একটা আশার পথ খনন করে দিলেও ভৌমিক স্বার্থের সঙ্গে জড়িত ব্যক্তিরা ও গোষ্ঠীরা তাকে ভালো চোখে শ্বের্য দেখছে না তা নয় : বর্গা রেকর্ডাকে বানচাল করবার জন্য তারা বর্গাদারদের মধ্যে সন্ত্রাস স্কৃতির ও বর্গাদার হত্যার ব্যাপক অভিযান চালিয়েছে । ভাগচাষী উচ্ছেদের ফলে ক্রমাগত ক্ষেত্মজারের এই সংখ্যা বান্ধি এবং তাদের খারাপ অবস্থা সরকারকেও ন্বীকার করতে হয়েছে। ১৯২৬-২৩ সালের পশ্চিমবঙ্গের ৫টি জেলায় কৃষিমজ্বে সম্পর্কে একটি সরকারী সমীক্ষায় প্রকাশ পেয়েছে বে ক্ষেত্যজন্ত্রে পরিবারের লোকদের মাথাপিছা দৈনিক আয় ২৬ পয়সা মাত। তারা সারা বছর কাজ পায় না। (ইণ্ডিয়ান শ্বুল অব সোস্যাল সাথেশেস—ব্ ১) বেকার সমস্যা দেশের ব্বুকে রাতের চাপা কান্নার মত। এর থেকে কত সামাজিক সমস্যা উভত হচ্ছে। জনসংখ্যার সমস্যা তীব্র, নিত্য ব্যবহার্য দ্বোর মূল্যবুদিধ সমস্যা সক্রেটন। হরিজন প্রশন, দাসশ্রমিক প্রশন লংজাকর। প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতার স্বার্থাশ্বেষীরা মদত দিচ্ছে। গণতান্ত্রিক মলোবোধে আঘাত হানা হচ্ছে নানা ছলে কোঁশলে। বিশাল মধ্যবিত্ত অংশের চিত্তপরিচয়ে কত বৈচিত্র্য, যন্ত্রণা জটিলতা, অগ্রপশ্চাৎ চিন্তা। দেশের চিত্তপরিচয়ের আরো চিত্র রয়েছে কলে কারখানায় শ্রমিক মালিকের সম্পর্কে, মজারি দাসত্বের বহু বিধ সমস্যায়।

সাংপ্রতিককালের সাহিত্য ভূমিতে বাঁদের লেখার শক্তি আছে তাঁদের অধিকাংশই শরংচন্দের আবেদন সেদিনকার মত আজও গ্রহণ করতে রাজি নন। সাংপ্রতিককাশের সাহিত্যে জীবিত ও সদ্যপ্রয়াত শক্তিশালী অনেক লেখকই শরংচন্দ্রের কালের সেই নবীন লেখকগণ বাঁদের উদ্দেশ্যে শরংচন্দ্র আবেদন রেখেছিলেন। তাঁরা শরংচন্দ্রের আবেদন ঠিক মেনে নিতে পারেননি বলেই তাঁদের সাহিত্য চর্চায় শরংচন্দের উত্তরাধিকার মানেন নি । সেদিনের যে-সব নবীন লেখক যাত্রারেশ্ভের চিশ্তায় শরংচন্দ্রের সঙ্গে একমত ছিলেন— যেমন শৈলজানন্দ, প্রেমেন্দ্র মিত্র, বনফাল প্রমাথ — তাঁরা অনেকেই আর্ডেভর অনেকদরে এগালেও শেষপর্যান্ত চলেছেন বলতে পারলে উৎসাহিত হতাম নজরুল, মানিক বন্দ্যোপাধ্যায়, স্কাশ্ত প্রমুখরা শরংচন্দ্রের সাহিত্য দর্শ নের সঙ্গে শুধু একমত হননি, তার বিস্তার ঘটিয়ে দেশসহ অন্তর্দেশের সঙ্গে ঘনিষ্ঠ হয়েছেন। এই উত্তরাধিকার নিয়ে এসে-ছিলেন সূভাষ মুখোপাধ্যায়, বিষ্টু দে, গোপাল হালদার প্রমুখ। কিল্ড তারা আর পরে-ভাবে সাহিত্যিক দায়িত্ব পালনে সব্ভিয় বলে মনে হচ্ছে না। এক শ্রেণীর লেখক শরংশ্রের উত্তর্যাধকার মেনে না নিয়ে শরংচশ্রের উদ্দিশ্ট সেদিনকার কল্লোলিত নবীন লেখকদের উত্তরাধিকার**ই শ্রে**য় ও প্রেয় বলে গ্রহণ করেছেন। এদের লেখায় সেক্স, ক্রাইম, রহস্য, মনো-বিকলনতত্ত্ব প্রধান বিষয়। সময়কার অনেক ছবি ক্ষে*ত*নজ**ুর কৃষক, শ্রমিকের** জীবন চিত্রও এনেছেন। তা এনে বাস্তবতার একটা প্রেক্ষিত সূচিট করেছেন। কিন্তু ল্ফার্ট, তাঁদের শরংচন্দ্র থেকে ভিন্ন, দুণ্টিটাও তাই সমাজের ভেতরটা, সমস্যার ভেতরটা মান্যের ভেতরটা নজর করে দেখে তার যথার্থ বাসনা দ্যোতিত করতে শরংচন্দ্র যে বলেছেন, এরা তার বিপরীতটা করে চলেছেন। শরংচন্দ্র জীবনে যত পাঁক ঘাটিয়েছেন এরা তার কাছে শিশ্ব। কিন্তু শরংসাহিত্যে কোথাও পাঁকের গন্ধম্পর্শ নেই। জীবনপুরুজ সেখানে বিকশিত। এরা 'বিবরে' প্রবেশ করে, মধ্যবিত্তের সংসারে ঢুকে কৃষক-শ্রমিকের জীবনযাত্রাকে বিষয় করে, একালের তারুণাকে আশ্রয় করে তার দূর্ব লতা, গোপনতা ও বিকারকে টেনে বার করে চিগ্রিত করে বলেন - 'এই'-তো জীবন। তর্ণ-তর্ণী, বৃশ্ধ-বৃশ্ধা, পিতা-মাতা, স্বামী-স্বীর লদ্য-বৃত্তির একটা ভাগ নিয়ে অনবরত প্রনরাবৃত্তি করে সাহিত্যিক নিষ্ঠা মনস্তাত্তিক বিজ্ঞাননিষ্ঠার আত্মপ্রসাদ বোধ করেন। এই নিষ্ঠা থেকে সম্প্রতি কিশোর কিশোরীর নিস্তার নেই। সম্যকার যথাথ চিত্র ও প্রাণশক্তি থেকে সরে থাকার আরেকটা বীথিপথ রচিত হচ্ছে সাম্প্রতিক বাংলা সাহিত্যে। সে হ'ল 'রহস্যরচনা । লেখার এক নয়া ঝোঁক। সত্যজিৎ রায় একেবারে সম্প্রতি এই পথে বহু কার্টতি লেখক হয়েছেন। অন্যরা কলম ধরছেন্। এই লেখাকে বলা হচেছ—"নানাবিধ লেখার ফাঁকে লেখকের রিল্যাক্স ম.ডের

বিশিক।" কিল্ড শরংচন্দ্রের উত্তরাধিকারের প্রত্যাশামত এরা কখনই এ সবের প্রাণশন্তি ও ভেতরের বাসনা আভাসিত করছেন না। 'মহাকালের রথের ঘোডার ক্ষারের ধর্নি ও গতিপথ কখনই এরা দেখাচেছন না। যেমন দেখিয়েছেন শরৎচন্দ্র। আরো একটা তাৎপর্যপূর্ণ কথা। শরৎচন্দ্রের এমন একখানা উপন্যাসও নেই যা নামে উপন্যাস গুলে ও ধর্মে নয়; যার "প্রাণের পরিমাণ যত দেহের পরিমাণ তার চারগণে, লেজটা কলেবরের অত্যক্তি।" কিন্ত সাম্প্রতিক উপন্যাসে র<sup>্বীন্দ্র</sup>নাথের এই কৌতকটাই সত্য। শত শত প্রজ্ঞার প্রগলভ বাণী বহন উপন্যাস নাম নিয়ে ছবির জীবের মত বাংলা সাহিত্যের ঐতিহাময় ভূমিতে থপ্ থপ্ করে চলছে । 'অতিপরিমাণ ঘাসপাতা খাইয়ে পেটমোটা এই সব ভারবাহী জীব' স্থিট করে 'সাহিত্যের কোন কাজ হবে"—এ <sup>1</sup>বষয়ে সম্প্রতি অনেকেই প্রশন তলেছেন। শরৎচন্দের উত্তরাধিকার এই বহু কার্টতি লেখকদের হাতে সম্পর্ণ বিসন্ধিত। এইসব লেখকদের ওপর যাদের শরংচন্দ্রের ভাষায় influence প্রচুর, তারাও দেখছি এসব লেথার জন্য প্রসারিত ক্ষেত্রই তৈরি করে দিয়েছেন। শরংচন্দ্রের আবেদনের সঙ্গে তাঁরাও একমত হতে পারেন নি। টাকা সবাইকে কিনতে পারে না, কিন্তু টাকা যে অনেককে কিনতে পারে, আত্মসন্ত্রম সব লেখক িসজনি দেন না, কিন্তু আত্মসম্ভ্রম যে অনেক লেখক বিসজনি দেন সাম্প্রতিক দেশের সাহিত্য তার গবেষণার ক্ষেত্র।

এদের রচনা পড়ে েশ মনে হচ্ছে শরংচন্দ্রের সাহিত্যকর্ম যেমন দেশের জনগণের পক্ষে গেছে, এদের লেখা জনগণের পক্ষে কাজ করছে না। বিপক্ষেই করছে। দেশের চিশ্তাশীল, শভানুধ্যায়ী পাঠকবর্গ এ বিষয়ে ভাবিত, উদ্বিশ্ন।

(2)

তবে অনুক্ল স্রোতও বইছে । শরৎচদ্রের উত্তরাধিকারের অঙ্গীকারের লেখাও সাণ্ঠাতক বাংলা সাহিত্যে দেখা যাছে । লেখার শক্তি এদের সকলের নেই । কিন্তু প্রতিশ্রুতি নেই কখনই বলা চলে না । নাটকে এই প্রতিশ্রুতি প্রদীপ্ত একচ্ছত্র । ছোট গলেপ অঙ্গীকারে শানিত । উপন্যাসে ও কবিতায় উল্ভিন্ন । বাংলার শ্যামল ভূমিতে সাপ্তাহিক-মাসিক-ক্রমাসিক বহু পত্রিকায় এবং influence-ওয়ালাদের ন্বারা পরিত্যক্ত হহেই ন্বচেণ্টায় বা অ-প্রভাবী প্রকাশকের চেণ্টায় এই নবীন লেখকেরা শরৎচন্দ্রের উত্তরাধিকারকে ঐতিহ্যের স্কৃতি বলে অভিনন্দিত করে চলেছেন, অনুপ্রাণিত হয়ে চলেছেন । তত্যোধিক এই উত্তরাধিকারের সম্পদকে তারা প্রসারিত করে দিয়ে দেশ-কাল ও বহিদেশের সঙ্গে ঘনিষ্ঠ হয়ে লিখে চলেছেন । এরা লড়তে লড়তে লিখছেন, লিখতে লিখতে লড়ছেন ।



বাল্যপ্রণয়ে অভিশাপ আছে। কথাটা কার ? যদরে মনে পড়ে বিঙকমচন্দ্রের। কী আশ্চর্য, শরংবাব্র বিষয়ে কিছ্ লিখন বলে যে-ই বসেছি, অমনই কিনা বিঙকমবাব্র প্রখ্যাত উদ্ভিটিই সর্বপ্রথম মনে এল ! কেন এল, একট্র রয়ে-সয়ে তাও টের পাছিছ। শরংচন্দ্রের সঙ্গে আমার যে সম্পর্ক, সেটাও বাল্যপ্রণয় যে! এবং ওই অভিশাপের কথাটাও সত্য। অকপটে স্বীকার করছি। কম বয়সেই আমি শরংচন্দ্রের প্রেমে পড়ি। উল্টেপালেট, ফিরে ফিরে মেথে-চেথে তাঁর কত গ্রন্থালীর যে পাতা ছি ড়েছি, সেই আলিছির, সেই মোহের, সেই ভালোবাসার কথা স্বীকার করতে এখন আর লঙ্জা নেই। লঙ্জা হত যথন বাল্য-কৈশোর টপকে যৌবন-মহলের দোরগোড়ায় দাঁড়াই। আমাদের অগ্রজতুলা কোন কোন লেখক—তাঁদের কেউ প্রগাঢ় 'বৌদ্ধ' কেউ বা 'প্রবন্ধ'—যেন তথন জিগির ছাড়লেন শরংচন্দ্র ফাঁপা, বড় ভাবাল্র, আর অমনই খটকা লাগল। মাথা হেলিয়ে বিশ্বাসও করল্মে। সোজা কথায়, মনে মনে একটা অনাস্থা প্রস্তাব তথনই পাস্ করে দিই।

ফলে যত কাল জুড়ে প্রগাঢ় যৌবন, তত কাল আর পারতপক্ষে শরংবাবর কোনও বইষের পাতা ওল্টাইনি। তাঁর লেখা নাটক, তাঁর গলপসব'শ্ব ছায়াছবি নিয়ে মাতামাতির যুগও ইতিমধ্যে পেরিয়ে এসেছি। পরবতাঁ সময়ে কালে-ভদ্রে যদি বা দেখতাম, তখন গোপনে চোখের জল মোছা-টোছার কারবার ছায়াছয় প্রেক্ষাগ্রেই সারতাম। অনেক সিনেমার বেলায় আবার একগ'ৢয়ের মতো সজোরে মাথা বে কিয়ে বে কিয়ে শ্বগত বলতাম, ভালো লাগছে? কখ্খনও না। ভালো লাগতে দেব না, না-না। যেন সেই রামগর্ভের ছানাদেরই প্রতিধ্বনি, যারা নিজেরাই নিজেদের বলত—হাসব না না না না

তথন তথাকথিত ইনটেলেকচুয়াল ভড়ং দেখে মাথা ঘ্রুরে যায় যে!

আমার মতো অনেকেরই । রচনা মাত্রেরই আড়ালে একটা ডিমেল মাথার ছায়া দেখা না গেলে নাক সি'টকে পাশ কাটাই । দশ্তংফুট করতে পারি কি না পারি 'ইউলিসিস্' হাতে খোরাঘ্রির করি—পরিচিত-পরিচিতাদের ইমপ্রেশ করবার ওর চেয়ে আর চওড়া হাইওথে নেই । শ-এর নাটকে মজে ভাবি এই তো ব্রন্থিমন্তার পরাকান্টা । আর হাক্সলির নভেল ? সে তো পরাতরকান্টা । ওই হ্জুগো শরংবাব্ তলিয়ে যাবেন না তো থাকবেন কোথায়, করবেন কী ? বাল্যপ্রণয় হায়, খোলা জলের ঘ্রিণ-দহে হারিয়ে গেল । অভিশাপের কথাটা দিয়ে সেইজনে।ই শ্রুর্ করেছি ।

অভিশাপের পরেও ব্রের চক্রবং আর একটি আবর্তন থাকে—তথম জানতাম না। জানলাম বেশি বয়সে। এই অধ্যায়টার নাম প্রতিশোধ — খ্র স্ক্রা আর অলক্ষ্য অর্থে —প্রত্যেকটি মহং লেখক যে প্রতিশোধ নিয়ে থাকেন, যে-উপায়ে শতজ্ঞীব হন। শরংচন্দ্রও হয়েছেন। না, তিনিও যে তাঁর আয়র্র কোনও ক্লান্ত প্রহরে কখনও একট্র আঁতেল হতে চেয়েছিলেন, সেই ঈষং লব্ধ মাণধ বিচ্যাতির কথা তুলছি না। বইয়ের নাম যা-ই হোক, ওই পর্যায়ের সৃষ্টি শরংচন্দ্র সম্পর্কে শেষ প্রশন কখনোই না। যে-কারণে তিনি এখনও ফিরে ফিরে আসেন, সেটি হ'ল তাঁর ঘরকলার নৈপালা, অধিকাংশ লেখাতেই একটি অসামান্য অনায়াস গার্হস্থ্য দ্যুতি। এককথায়, এই বয়সের আমি বলতে চাইছি, ব্যক্তিগত জীবনে যিনি দীর্যকাল ছিলেন ভবত্বরে, ছল্লছাড়া, কখনও বা বাউন্ভেলে সম্যাসী, সাহিত্যে কিন্তু গ্রুহন্থ তিনিই। আটপোরে বলেই, অপর্পে বাতাদের মতো মিলে-মিশে যান বলেই নিশ্বাসে-প্রশ্বাসে নিয়ত। তাছাড়া গলেপর নাম যত দিন শল্ম, ততিদিন তাঁর তুলনা আমাদের সাহিত্যে অলপই। বিশ্বসাহিত্যেও যতট্যুকু টের পাই, শরং-সদ্শে উদাহরণ যত্রত যথেছে প্রাপ্রবা নয়।

অপিচ শিবপ-বিচারে, তুলনা অর্ছিকর! কোন শৃঙ্গ তুষারশান্ত্র সন্দরে দরোরোহ হবে, আর কোনও কোনোটি হবে শ্বপ্যামল—এই দ্বিট দ্শাই তো প্রকৃত এবং স্বাভাবিক। কোনও জ্যোতিন্কের দিকে তাকাতে চোথে একটি নরম নীলাভ পরকলা পরে নিলে ভালো হয়, আবার কোনও কোনও শ্রেজ্যাংসনায় যামিনী হয় প্রলক্তি, দ্রমদল ফ্রকুস্মিত। শারদ চাম্দ্রপ্রিভভা এই ন্বিতীয় দলে বিম্ধ্য কেন হিমাচলয় নয়, এ নিয়ে হাহাকার করে কেবল উল্লাসিক বাতুলে। কোনও গহিন গাঙের পাড়ে বসে আমরা দ্ভিকে

উদাস করে দিই, আবার কোনও কোনও টেলটলে দিখির জ্বল ঘড়া ভরে ঘরে নিয়ে আসি। একটাতে আমরা নিজেকে পাই, অন্যটা দিয়ে নিজেকে বাঁচাই। চাই দুটোই।

এই বারণ-কোলাহল সহ-অবস্থিতির কথা বলে দ:চার কথায় শরংচন্দের ম্বচ্ছ দৃষ্টির প্রসঙ্গে আসি। সেই কত কাল আগে ভাগীরথীর উভয় তীরে চটকলের চিমনিগালো যখন সবে আকাশের মাখে কালি ছড়াতে শার্ করেছে, কিম্তু তথনও সব চিমনি মিলে একটি ঘন অরণ্য তৈরি হয়নি, তথনই হুগালর একটি গ্রামের বালকের চোখে বোধহয় ভাবীকালের চেহারাটা ধরা পড়ে। "মহেশ" গল্পটির নত্বা স্থাটি হত না। শিল্পায়নের এক হাদয়হীন রূপে নিশ্চয়ই অন্ভেব করেন শরংচন্দ্র—তাই সব কারণো ছাপিয়ে পাই এক গভীব দরেদাণ্টি। এই দাণ্টি দিবাদাণ্টিরও বাঝি আত্মীয়। 'ইহার চেয়ে হতেম ষদি আরব বেদটেন"- এটি রবীন্দ্রনাথের কল্পনার উচ্চারণ মাত। নিজে ঠিক ওই বেদট্রন হননি, যায়ানর-মন সত্ত্তে হননি। হওয়াটা অপেক্ষা করে ছিল বিরোহী নজরলের জনা। তেমনই, আনিলাম "অপরিচিতের নাম" লিখেছিলেন কবি, কিল্ডু সেই সংকল্পটি পূর্ণ করেন শরংচন্দ্র "অপরিচিতের নাম' শুধু তাঁর অঞ্চিত চরিতে নয় লেখক হিসেবেও প্রোথিত করেন তিনি, নতবা আমার মতো আকাট মুখ<sup>ে</sup> সাহিত্যক্ষেতে াচা**ল**তা করতে সহায় পেত কি > পরবর্তীকালের অনেক লেখকের হয়েই রচনার সনদখানি এনে দেন শরংচন্দ্র ।

একালেও তাঁর প্রবল প্রভাব আর বিপ্লে জনপ্রিয়তা, তব্ কোনও কোনও মহলে এখনও একট্ খ্তেখত কেন জানি! তিনি নাকি সমস্যার পর সমস্যার জাল ছড়িয়েছেন, অথচ সমাধানের কোনও ডাঙায় প্রেটিছে দেননি। প্রত্যুত্তরে বলি, রোগ নির্ণয়টাও কি সোজা কাজ ? আর দাওয়াইয়ের দায় একা কি লেখকের ? সেজন্যে তো সমাজপতি, রাজনীতিপতি, বিচক্ষণ আরও কত মহাজনই রয়েছেন। সাহসের সঙ্গে বিনি ক্ষতিচিহ্ন দেন, তাঁর কীতিকে ছোট করে দেখার মধ্যে ব্যক্তি গ ? একনিন্ট প্রেম আর সতীত্ব যে এক চিজা নয়, শরৎচাদ্র জানতেন, মানতেন আর ওই অন্তবির্ণরাধকে যথাযোগ্য ঠাইও দিয়েছেন তাঁর কথাসাহিত্যে। "আমি কোথাও বিধবার বিবাহ দিই নাই"—এটি তাঁরই স্বীকারোক্তি। মানে প্রেম মঞ্জার

কিন্তু প্রতিষ্ঠা নয়। তবে এই অসম্পূর্ণতা, অতৃপ্তি, এই খণ্ডন—এ তো
শ্ব্ শরণচন্দ্রই নয়। ভালোবেসে যদি সুখ নেই "তবে কেন মিছে
ভালোবাসা?" এই লাইনটি কি তার প্রেস্রেরী কবির নয়? তিনি কী দেনান,
তার চেয়ে বরং যা দিয়েছেন, তারই একট্র আন্দাজ পেতে চেণ্টা করি।
দিয়েছেন "বিন্দর ছেলে" "নিন্ফুতি" "বৈকুশ্চের উইল"-এর মতো মরমী,
মানবিক চিত্রাবলী। সেই সঙ্গে সাবিত্রীও। হয়তো এমন সব মান্য একালে
আমাদের চোখে অহরহ পড়ে না, কিন্তু পড়ত যদি? পড়লে এই ক্লিয় খিয়,
সংকীর্ণ জীবনটাকে কি আর একট্র মহৎ, চওড়া, ভরাট আর ভরপর্র লাগত
না? ছবিতে দেখা কত স্বেজিই তো রোজ রোজ ঘটে না। তব্ কথনও
কথনও অলীক মায়া-সিন্র ছড়ানো স্বান্ত দেখতে কার না সাধ যায়? যা
আছে তা তো আছেই, আবার যা নেই অথচ আকাঞ্চা করি, থাকলে দিব্যি
হত, এই নিয়েই তো মান্যের স্বংন। আদশের সংজ্ঞা এই তো। নেই,
কিন্তু থাকলে কি ভালো হত না?—জীবনের সংখান এই।

তাই আজ পনেরায় শরংচন্দ্র পড়তে শরের করেছি। পরিণত বয়সে, পরিণত মন নিয়ে। চমকে উঠি যখন পড়ি "তাহার মুখ মড়ার মতো সাদা। দুইে চোখের কোলে গাঢ় কালিমা এবং কালো পাথরের গা দিয়া ষেমন ঝরণার ধারা নামিয়া আসে ঠিক তেমনি দুই চোখের কোল বাহিয়া অশ্র ব্যরতেছে।" (গ্রহদাহ) - নরনারীর নৈশ মিলনের পরে ভোরের এমন একটি ছবি এ যাগের যে-কোনও লেখকের ঈর্যা। এই আচারপরায়ণ রাহ্মণের এই ধর্ম কোন্ সভ্যকার ধর্ম, যাহা সামান্য একটা মেয়ের প্রভারণায় এক নিমিষে ধ্রিলসাং হইয়া গেল" যখন এই ধিক্কার-বাক্যটি পড়ি, তখন এর পিছনের বিদ্রোহী প্রণ্টা মনটিকে করি শ্রন্থা। চমকে উঠি। মনে মনে মানি, দেবদাস-এর মতো খাঁটি কিছুই নেই, কারণ জীবনের কোনো-কোনো পর্বে আত্মঘাত বৈ কোনো আশ্রয় থাকে না। বাদের থাকে, তাঁরাই কাপ্রের্ষ। রবীন্দ্রনাথ কর্তৃক চ্যা**লেঞ্জ সম্পর্কেও সে**ই কথা। "সাধারণ মেয়ে" আর "দেবদাস" উভয়ই সত্য। নিজ্ঞস্ব পরিচয় আর অভিজ্ঞতা থেকে জানি। তাই বলতে পার্বছি ছৌবনকালের প্রত্যাখ্যান এই বয়সে ফিরে আসে স্বীকার হয়ে, মধ্য অন্তেকর ''অভিশাপ'' ফ্রিরে আসে আশীর্বাদ হয়ে, বাল্য প্রেমান্সদকে নতুন করে পাই।

শ্নে চ ং শেষ করে ফের থেই ধরছি। কারণ শৃধ্য শরংবাব যে আমাদের লেখার জন্যে জারগা করে দিরেছেন তাই নয়, তাঁর সম্পর্কে লেখাটার জন্যেও একট্থানি জায়গা রয়ে গেছে। কোন্ কথা বলা হয়নি—কোন্টা
—কোন্টা? - তাঁর ভাষা? যে-ভাষা ( অত্তত আমার মতে ) সচরাচর সাধ্বরীতি মেনে চলেও আসলে একেবারে মুখে একটি শ্লাস তোলার মতোই সাবলীল ক্রিয়া, সহজ। আসলে মুখের ভাষাকে কলমের মুখে আনবেন বলে বীরবল কড়ার করেন বটে, শ্বয়ং রবীশ্রনাথকেও জপান, তব্ প্রকৃতপক্ষেম্থের কথাকে লেখায় টেনে এনে একেবারে দেওয়ান-ই-আম বসিয়ে দিলেন শরংচন্দ্র। তাঁর কিছু কিছু নারী চরিয়ে ছাপে অসতী কিল্ডু প্রকারে সাধ্বী। তাঁর ভাষার ব্যাপারে উল্টোটাই দেখি। প্রকারে সাধ্ব কিল্ডু, চলনে-বলনে সে চলিত। আমার কাছে শরংচন্দের শেষের পরিচয় এইটেই।



আজকাল শরৎচন্দ্রকে নিয়ে উদ্দাম তোলপাড় চলেছে, অথচ কিছ্ 'আধ্বনিক' খেতাবতুষ্ট লেখনীকারের তাতে বিন্দ্রমান্ত চিন্তবিকার ঘটছে না। কেননা তাঁরা জানেন এসব হলো বালখিলা উত্তেজনামান্ত। শরৎচন্দ্র এলেই বা কি, গেলেই বা কি। তাঁর একশো পর্রলেই বা কি, পাঁচণো প্রলেও বা কি। লোকটা তো শরৎচন্দ্রই। বাড়ির মেয়েরা ব্বেক বালিশ চেপে আঁচলে চোথ মন্ছে আর পানের পিক গিলে যার সঙ্গে তন্তায় শ্রেম দ্পুর কাটায়। তা লোকটা গলপ বলতে জানতো বটে কিন্তু তার লেখার কথা কিছ্ই ছিলো না। কেবল লোকের হৃদয়ে সন্ড্সন্ডি দিয়ে কাঁদানোকে তো আর 'শিল্প' অভিধা দেওয়া যায় না। হাা, বিকি হয় বটে। পঞাশ বছর ধরেও ওকে টেকা দেওয়া যায়নি। তংব বিকি তো হয় পজিকাও। যায় যেমন র্চি। শিল্প তা-বলে অতো সোজা ব্যাপার নয়। কেবলই কি কাঁচা সেন্টিমেন্টালিটি। উহবু! আরো আছেঃ তের। শরৎচন্দ্রের কাঁচা কাজের সামা নেই। এক্ষ্ণি তাঁর ক্রিট-দ্বেলিতার একটি লন্বা ফিরিস্তি দিতে পারেন তাঁরা। যথাঃ

কে বিদ্যান্ত্র প্রতির পাঠক মহলে অচল, অমন কাঁচা প্রদায়বেগ শিল্পক্তার বিদ্যান্তর প্রতির পাঠক মহলে অচল, অমন কাঁচা প্রদায়বেগ শিল্পক্তার বিদ্যান্তর পাঠক মহলে অচল, অমন কাঁচা প্রদায়বেগ শিল্পক্তার বিদ্যান্তর প্রতির পাঠক মহলে ব্যাহির নিয়ন্ত্রণই পিল্পক্শলতার মুখ্য শান্তর থানি প্রতির বিদ্যান্তর বিদ্যান বিদ্য

খে তত্ত্ব আছে, কিন্তু তার প্রয়োগ নেই। লেখক বড় রক্ষণশীল। নজর আছে, সমস্যা কিছু কিছু তুলে ধরেন, অথচ সমাধান দেন না। আসলে ভীরু কিনা তাই এড়িয়ে যান। এদিকে ফোকটে নাম কিনে ফেলেছেন সমাজ সচেতন লেখক বলে। পরিবর্তন আনার ইচ্ছে আছে, কিন্তু বিদ্রোহের সাহস নেই। অসামাজিক প্রণয়ের পরিস্থিতি উল্ভাবন ও উপস্থাপন করেন বটে, কিন্তু মিজন ঘটাতে পারেন না। পারবেন কেন স্ অন্তরে অন্তরে বক্ষণশীল যে।

গি বস্তই রোমাণ্টিক। চরিত্রগ্রেশাতে ভারসাম্য থাকে না প্রায়ই। প্রথমত তারা হয় একপেশে, অর্থাৎ ভালো, তো খব ভালো। দেবদতে। শাদা ধবধবে। বেমন ইন্দ্রনাথ। আর কালো, তো এককেবারেই কালো। শয়তান। বেমন গোলক চাট্রেয়। কিন্তু মান্য তো হবে ধ্সের, শাদাকালোয় মেশা? শ্বিতীয়ত, নয়তো একমের্ থেকে আর এক মের্তে ছ্টোছ্টি করছে তাদের চিত্তবেগ। রাজলক্ষ্যীর বাল্যকাল, পিয়ারী বাঈজী, আর প্রোঢ় রাজলক্ষ্যীতে কোথাও কোন মিল নেই। আন্তবির্বরাধী চরিত্র আঁকেন রোমাণ্টিকতার আতিশয়ে।

ঘি যৈ গ্রামীণ মধ্যবিত্ত সমাজের কথা শরংচন্দ্র লিখেছেন, সে সমাজ এখন আর নেই। জমিদারী প্রথা উঠে গেছে, তাদের অত্যাচারও গত। মধ্যবিত্ত শ্রেণী এখন শহরেই অন্ন সংস্থান করছে। সমস্যার সামাজিক প্রাসঙ্গিকতা পালটে গেছে বলে তাঁর আলোচিত সামাজিক ম্ল্যবোধগ্মলিও এখন মৃত। যে শ্রেণীর কাহিনী তিনি রচনা করেছেন সেই শ্রেণীই সমাজে নাজি।

িঙ সমাজ অনেক এগিথেছে। বিধবা-বিবাহ, অসবর্গ-বিবাহ এখন চালা। এমন কি বিবাহ বিচ্ছেদ, সধবার পানুনির্বাহও। একালবর্তী পরিবারের ভাঙন-বিষয়ক ট্রাজিডিসকলও এখন বেমালাম বিগত। অতএব তথাকথিত 'বাস্তবধর্মী' কাহিনী বর্তামান সমাজে রপেকথা। গতায় সমস্যান্দিল তাত্ত্বিকেদের পক্ষে উৎসাহজনক হলেও হতে পারে, কিম্তু বর্তামান পাঠকের কাছে রক্তবীন। পাংশা। কৃত্রিম।

কথাগনলৈ ভেবে দেখলে কী মনে হয় ?—তাই তো ! শরংচন্দ্র পড়তে পড়তে চোখে জল এসে যায় ঠিকই ! আর সমস্যাগনলৈর সমাধান তো বাপন্ন সাত্যই দেন না । তাছাড়া বিয়ে আর অমন কড়ার্ক্কড়ি সমাজে এখন আর কই ? এও ঠিক যে গ্রামীণ মধ্যবিত্ত শ্রেণী বলতে কিছন্ই প্রায় অবশিষ্ট নেই । আর চরিত্রগন্লো সত্যি কিন্তু প্রায়ই স্বিরোধী । অন্যান্য সামাজিক সমস্যাগন্লিও তো প্রায় মিটেই গেছে । তাহলে ? তবে কি অভিযোগগন্লো মেনেই নেবো ?

এসব যারি কিন্তু আজকের নয়, এখন যদিও বেশি বেশি শানতে পাওয়া যাচ্ছে। এ তক' গত প'চিশ বছরের। ছেলেবেলায় প্রথম কলম ধরতে শিথেই আমিও কিন্তু হব্-লিখিয়ে-পাঠক হিসেবে শরংচন্দ্রকে অঙ্গীকার করেছিলন্ম। তথন সেটাই ছিল ফ্যাশান। আমার ফ্যাশানের লোভ তথন ষোলো আনা! সদ্য-লিখিয়ে বন্ধনুবান্ধব, মায় সিন্ধ-লিখিয়ে গ্রেন্মশাইরা পর্যান্ত বলতেন 'শরংচন্দ্র কিছনুনা।' আমিও তাই শন্নে বৃথা সময় নন্ট করিনি। আমি তো হতে চাই 'আধ্নিক-লেখক', আমার ওসব বড়িদি-মেজদির গলেপ কিবা কাজ!

এমনই এক সময়ে হঠাৎ মনে মনে ব্বে গেল্ম, আমা শ্বারা হবে না। এমন করে আধ্নিক-লেখক হয়ে ওঠা আমার মালমশলায় কুলোবে না। তার চেয়ে আমার পাক্ষে ওই শ্রংচন্দ্র-টন্দ্র পড়াই ঠিক।

শরৎচন্দ্র পড়লুম বড় হয়ে। আর সেটা আমার পক্ষে হলো প্রায় কলবাসের তুল্য রোমহর্ষ ক অভিজ্ঞতা। ব্যুঞ্জুম একদার কাঁচি সিগারেটের সেই প্রসিম্ধ দার্শনিক বিজ্ঞাপন আমার মতো নিব'্লিধদের জন্যেই বিরচিত — 'আপনি জানেন না আপনি কী হারাইতেছেন।' এখন আমি জানি কী হারাতে বসেছিল্ম। আরো জানি, যে লিখিয়ে-পাঠকদের মধ্যে প্রচলিত অভিযোগগালি কতা ভ্রান্ত এবং বিদ্রান্তিকর। আমার মনের মধ্যে যে জবাবগালি উঠে আসে, সবিনয়ে তা লিপিবন্ধ করেছিঃ

কিটা ভাবাল তা পরিণত যুগের শরংচন্দ্রে খুব বেশি নেই। প্রথমদিকে অবশ্য কিছন্টা ছিল। তিনি লেখেন সম্পূর্ণ বাইরে থেকে, দুন্টার নিরপেক্ষ ভূমিকা তাঁর। চরিত্রের কলিজার অভ্যাতরে প্রথিন্ট হয়ে 'হদয়ের কথা বালতে ব্যাকুল' হন না। তিনি দেখিয়ে যান কেবল বাইরের ঘটনাবিন্যাস। শোনান চরিত্রদের বাক্যালাপ। নিজের মুখে কথা প্রায় বলেন না। রচনাশলীর দিক থেকে কিন্তু ভাবাল তা প্রকাশের কাজে' মোটেই সহায়তা করে না এই নির্বিকার বাহ্যিক (objective narration) দলিল পেশ করা। তাঁর রচিত বাক্যালাপও তেমন সেণ্টিমেণ্টাল হয় না। বুক চিরে ফেলে সুদয়াবেগের ভাঁজ খুলে দেখায় না শরংচন্দ্রের চরিত্রেরা। পাঠককেই পড়ে নিতে হয় লাইনের ফাঁকে ফাঁকে ভরে দেওয়া অদৃশ্য শব্দহীন, বায় তরঙ্গিত ভাবাবেগটিকু। এই চরম নিয়য়িত, সংবৃত্ত, স্ক্রের শিল্প-শৈলীকৈ সেণ্টি-মেণ্টাল গটাইল আখ্যা দেওয়া বিল্লান্তিকর। শরংচন্দ্র নিজেও কাঁদেন না, চরিত্রদেরও বড় একটা কাঁদান না। অথচ পাঠক যদি কাঁদে, সেটা কি শিলেপর ত্রিট, না গ্রণ?

শরংচন্দ্র যে 'গলপ বলতে জ্লানেন' এটা তাঁর পরম দোষগ্রাহীও ম্বীকার

করেন। এই গ্রেণিটরও শেকড় কিন্তু আটকে আছে শিল্পকুশলতায়ঃ সংখ্যমেঃ ভারসাম্যের সহজ আন্দাজের ওপরে তা নিভরিশীল।

খি তত্ত্বই বা কেন, প্রয়োগই বা কিসের ? লেখক তো সমাজ সং-কারক অথবা কোনো বিপলবী বাহিনীর ন্বেচ্ছাসেবক নন। সমাজের খোলা চোখের সামনে একটি স্পন্ট, সততার দর্পণ তুলে ধরাই তাঁর কাজ। বিপ্লবীর বা সমাজসেবীর মতো সংশোধন-সংগঠনের দায়িত্ব, হাতে-কলমে সমস্যার মীমাংসা ঘটিয়ে দেওয়া তাঁর কত'ব্যের মধ্যে নয়। শিক্ষক বা জননেতার ভূমিকায় নামেননি বলে তাঁকে শিল্পী হিসেবে খারিজ করা অযোজিক নয় কি ?

া মন্যাহদায়ের সমস্যাগ্লি সর্বসাধারণের অভিজ্ঞতা, কিন্তু সমাধানগ্লি হয় ব্যক্তিগত। এক এক যুলে এক এক সমাজে এক একটি মানুষের কাছে এক এক রকম সমাধান সত্য। শরংচন্দ্র যদি একটি করে 'last word' আউড়ে যেতেন, ফাইনাল বিধান দিয়ে যেতেন, তাহলে হয়তো সমস্যাগ্লিও লেখক-প্রদন্ত সমাধানের কারণেই মৃত হয়ে পড়তো। তার চেথে সমাপ্তি তো মৃত্ত রাখাই ভালো? পাঠক নিজেই সমস্যাটি নিয়ে ভাবতেন, নিজের যুগচরিত্র নতে, আপন বিশ্বাস ও স্বভাব অনুযায়ী সমাধান খ্লুজবেন সেটাই কাম্য। এটা মোটে তত্ত্ব-প্রয়োগ-বিশ্লব-রক্ষণশীলতার প্রশনই নয়। তিনি যা 'ঘটা উচিত' তা লেখেননি, লিখেছেন জীবনে যা 'ঘটে'। যদি উপন্যাসের শেষ অধ্যায়গ্লিতে তাঁর শ্রকলিপত 'আদর্শ হিন্দ্র সমাজ'কে উপস্থিত করতেন তাহলে তাঁর রচনা বাস্তবগ্লুণে সাথাক শিল্প হয়ে উঠতো কি ? সমস্যার সমাধান করে দেওয়া মানেই তার সীমা বে'ধে দেওয়া।

্গ] প্রথমত তাঁর লেখায় শাদা-কালো-ধ্সের তিন জাতীয় চরিত্রই আছে। জগতে আমরা তো কার্রই প্রেটো দেখতে পাই না। এক এক দৃণ্টিকোণ থেকে কখনো কখনো প্রেরা সাদা বা প্রেরা কালো তো দেখিথেই থাকে মান্রকে। সাহিত্যে কি ইয়াগো ডেসডিমোনা এরা বে চৈ নেই ? যদিও বৃদ্ধি দিয়ে হিসেব করে আন্দাজ করা চলে যে এগ্লোই তাদের সম্পূর্ণ রূপ নয়। ন্বিতীয়ত—মান্রাচরিত্রে 'সাম্দ্রিক পরিবর্তনে' (Sea change) ঘটে। সেই প্রবল, প্রচণ্ড, অবিশ্বাস্য অদল-বদল সেই দ্বেধ্যা, দ্লাভ্যা অযৌজ্ঞিকতাই বাস্তব। মান্র বাঁধা চরিত্রের আশান্রেশ ছাঁচে চলে না। একই মান্র এক জীবনে অনেক রকম মান্র হয়ে যেতে পারে। সেই স্ববিরোধ, সেই অন্তরীণ ছন্দহীনতাই মান্যের প্রভাব।

ঘি গ্রামীণ মধ্যবিত্ত সমাজ থাকুক বা না থাকুক সেটা পরের কথা। না থাকলেও তাতে শিলপর খ্বাদ নিতে অস্ববিধা হয় না। সমাজচিত্রণটাই বড় কথা নয়, সেটা পশ্চাংপট মাত্র। বড় কথা মান্য । মান্য তো আছে? হোমারের সমাজও নেই, বোকাচিতওর সমাজও নেই। আমরা কি তাঁদের শিলপী বলে মানি না? শ্রেণী নিভরে, সমাজ নিভরে, কালাশ্রয়ী ম্লাবোধ ছাড়াও সাহিত্যে আর এক জাতের শিলপ ম্লা আছে, যা দেশ-কাল-শ্রেণী নিরপেক্ষ। তার ভিতরেই মহং শিলপ তার শাশ্বত প্রাণের ভোমরাভ্মরী ল্বিরয়ে রাখে। তাই আমরা সোফোক্লিস পড়ি, কালিদাস পড়ি।

[ঙ] তা ছাড়া আমাদের সমাজ কার্যত ব্যবহারিকভাবে মোটেই ততটা এগোয়নি যতটা আইনে, বাক্যে ও আপাতদ্রশ্যে। শিক্ষিত বিশ শতাংশ মান্যের বড় জোর ইংরিজি-জ্ঞানী ক্ষুদ্রাংশটুকু বিদেশী সমাজের মলোবোধ ধার করে কিছু দূরে এগিয়েছেন। বাকি সূব্রহৎ অংশ, বাংলা সাহিত্যের প্রধান-পাঠককুল তথৈবচ। শরংচন্দ্রের লেখক-সমালোচক-গোষ্ঠী এই মুফিমেয় তথাক্থিত ব্রুদ্ধিক্রীবী এলীট-প্রাণী, তাঁদের সাহিত্যরুচিতে ভারতের আশিভাগ মানুষের জীবন্যাত্রার প্রকৃত সাক্ষ্য নেই । তাই তাঁদের টবে-সাজানো সাহিত্যব শিংতে শরংচন্দ্রকে যতটা সন্দরে, অত্তি, অবসোলীট বলে মনে হয়, মধ্যশিক্ষিত 'সাধারণ' বাঙালী পাঠক সমাজের কাছে মোটেই তা মনে হয় না। তারা জানেন, দৃভাগাবশত শরংচশ্রের সমাজচিত্র আজও গ্রামবাংলার এবং মফদ্বল শহরেরও ) হরে ঘরে প্রতিবিদ্বিত। ট্রানজিদ্টার আর বেলবটমে কেবল বহিরঙ্গেই দুশ্য বদল হয়েছে। ভিত বদল হয়নি। গভীর, মোলিক প্রণতি এখনও তেমন করে আসেনি সাধারণ মধ্যবিত্ত বাঙালি সমাজে – গ্রামে তো বটেই, এমনকি শহরের মানুষেরও আভাত্রীণ গ্রাম্যতা ঘোর্চেন। একাল্লবর্তী পরিবার প্রথা নামেই ভেঙেছে, তার বহু দায় ও দোষ নতুন সম্প্রসারিত পরিবার প্রথার মধ্যে বে<sup>\*</sup>চে আছে। জমিদারী ঘ**্রচেছে, জো**তদারীর উপদ্রব এ**সেছে।** জাত-বে**জাতে**র বিয়ে, বিধবার বিয়ে, অসামাজিক প্রণয় সম্পত্তে লৌকিক বাধা-বিদ্যু কিছুমাত্র তিরোহিত হয়নি। গ্রী-জাতি এবং বিত্তহীন অর্থাৎ শরং-সাহিত্যের 'অত্যাচারিত' শ্রেণীর সামাজিক মৃত্তি যে আজও হয়নি, 'গরীবী হটাও', 'নারীবর্ষ উদ্যাপন কর' ইত্যাদি ধ্বনিতেই তার প্রমাণ।

এ তো গেল লিখিযে পাঠকের সঙ্গে শৃংখ পাঠকের সওয়াল-জবাব।

এবার দেখি কী কী প্রসঙ্গে বাংলা সাহিত্যক্ষেত্রে শরংচন্দ্র অনম্বীকার্য পথিকং।

(ক) এক তো মণ্ড এবং পদার কাহিনী রচনায়। তপন সিংহকে একবার বলতে শ্নেছিল,ম ভারতবর্ষে সবাধিক চলচিচিত্রত কাহিনীকার ( সব ভাষা মিলিয়ে ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। এর ফল কিন্তু বহু দ্রেগামী হয়েছে। আজ পর্যন্ত চলচিচ্ত্রে এবং সাধারণ রঙ্গমণ্ডে যত 'জনপ্রিয়' সামাজিক কাহিনী চলে তার মলে কাঠামোটা এখনও শরৎ-সাহিত্য থেকেই নেওয়া হয় প্রধানত। শন্ধ্ব বাংলাতেই না, হিন্দী, ওড়িয়া, গ্রন্থরাতী, মারাঠী, অসমীয়া ইত্যাদিতেও।

এ ছাড়া, দ্বভাবেই শরংচন্দ্র আধ্বনিক লেখকদের সহায় হয়েছেন, শিলপবিন্যাসে, এবং জীবনবিন্যাসেও। (খ) উপন্যাসের আঙ্গিকে, বিষয়বন্তু চয়নে তো বটেই। বাংলা উপন্যাসের বন্দ্য-ব্রয়ী, তারাশংকর, মানিক ও বিভূতিভূষণ তাঁর কাছেই উপন্যাসের গড়ন ও বন্ধব্য বাঁধতে শিথেছিলেন বললে কি ভূল হয়ে তাঁর। বাংকম-রবীন্দ্রনাথের পথে যাননি

- গে। এছাড়া বি কম-রবীন্দ্রনাথের উদাহরণে বাঙালি লেখক জীবনের সামাজিক শ্রেণীগত ঐতিহ্য যা হয়ে দাঁড়াচ্ছিলো, শরংচন্দ্র তাঁর বুবপরোয়া বেচালে সে সবও পাল্টে দিলেন। অনায়াসে 'বাব্'-ঐতিহাটা ভেঙে ফেলে 'ছোটোলোক' হতে তাঁর বাধেনি। হাকিমি বা জমিদারী দ্বের থাক, চালগুলো না থাকলেও, শৃংধ্ব একটা কলম আর কব্জীর জোরেই যে লেখক হওয়া যায় - সেটা তিনিই পরবর্তীদের দেখালেন।
  - (ঘ) প্রসঙ্গত ভারতের প্রথম পেশাদার লেখককৈ আজ আমরা যেন প্রাপ্য সম্মান দিতে ভূলি না। যে দেশের আশিভাগ মান্য নিরক্ষর, সে দেশে লেখাকেই পেশা করে নেওয়ার মধ্যে শিল্পের অহংকার আছে, ( আর তা 'কমাশিরাল রণিদমাল' নয়, প্রকৃতই সংশিল্প ) তাকে আমরা নমন্দ্রার করি।
  - (৩) শরংচন্দ্র যে এই সঙ্গে একটা অতিরিক্ত পথও দেখিয়ে ফেলেছেন তাতেও সন্দেহ নেই। তিনি প্রমাণ করে গেছেন, যে লেখকদের অসামাজিক জীবনযাত্রা তাদের শিল্পক্ষেত্রে প্রতিষ্ঠার ক্ষতি করে না। বোহিমিয়ান ধরনে বেঁচে, নেশাতন্ত্র করে, অনিদেশ্য ঘ্রে বেড়িয়ে 'অভিজ্ঞতা সঞ্চয়' করার যে সব পদ্মা আজকের বহনু তর্ণ লেখকের মধে দেখতে পাই, সেই উড়নচন্ডে লেখক-জীবনের সামাজিক লাইসেন্সটা বের করে এনে দিয়েছিলেন শরংচন্দ্রই।

তিনিই এই উচ্ছন্ন-ঐতিহ্যের নাটের গ্রুর—বিংকম-রবীন্দ্রনাথ নন। ভালো লিখলে যে পাঠকসমাজ শিলপীর সবরকম বেচাল সইতে রাজি, এ কথাটা শরংচন্দ্রই ফাঁস করে দিয়ে গেছেন।

আজকের লেখকরা, এই কথাটা জেনে ফেলবার পর থেকেই শরংচশ্রকে 'কিছ্মনন' বলে ফ্রংকার দেন, নির্দিবগনচিত্তে। এ মনোবল তাঁদের জ্মিরে গৈছেন শরংচশ্রই।

্শরংচনদ্র নিজেকে এলীট শিলপী, অর্থাৎ 'লেখকের লেখক' মনে করেননি। তিনি চেয়েছিলেন 'পাঠকের লেখক' হতে। তাই সব ঋণ ভ্লে গিয়ে লেখকেরা যদি আজ তাঁকে অম্বীকার করেন, আমরা, তাঁর পাঠকরা, কি সর্বংসহা ধরিত্রী হয়ে থাকবো? এমন কি আজ তাঁর শতবর্ষের জন্ম-তিথিতেও? না। তপ্পামনেই ঋণ শোধ, ঋণ স্বীকার।

## শরৎ সাহিত্যে সাময়িকতা ও তারাপদ লাহিড়ী দেশকালনিরপেক্ষতা

2

কাব্যে অথবা সাহিত্যে কোন আলাবন বা আশ্রয় চিরায়ত আশ্বাদন স্থের আকর হতে পারে কি না—এ প্রশেনর উত্তরে অদ্যাবিধ প্রচুর তর্ক হয়ে গিয়েছে। বত মান প্রবন্ধে উক্ত বিষয়ক ক্টেতর্কে প্রবেশের ইচ্ছা নাই। মানব-সমাজ যেহেত্ পর্নঃ পর্নঃ পরিবর্তানশীল, সেইহেতু সমাজ মানসেরও পর্নঃ পর্নঃ রুপান্তর গ্রহণ অবশ্যাভাবী - এট্রকু স্বীকার করে নিয়েই এই আলোচনা সর্ব্র করছি। এই প্রকার রুপান্তর গ্রহণের ফলে কালে কালে মান্যের সর্থান্থ আশ্বাদনের আশ্রয়। বিষয়বাহতু ও রীতি প্রকৃতির পরিবর্তান ঘটে। সামাজিক সম্পদ স্ভির প্রকৃতি ও পম্বতির পরিবর্তান ঘটলে সমাজের বাহত্ব কাঠামো যেমন নবর্পে অভিষিক্ত হয়, সমাজমানসও তেমনি তার খোলস বদল করে। অতএব কোন এক কালপ্রেক্ষিতের সীমার মধ্যে যে বস্তুপ্তে ও যে সকল ভঙ্গী মান্যের অন্তরে হর্ষশোকাদি সহজাত-ইমোশনের-আলোড়ন জাগায়, তারা ভিরকালের মান্যের হৃদ্গত ইমোশনগ্রনির উপরে প্রের্ব মত আলোড়ন-স্ভির যোগ্যতা হারিয়ে ফেলে—অর্থাৎ রসস্ভির ব্যাপারে তাদের কার্য্যকারিতা হ্রাসপ্রাপ্ত হয়।

এই বিশেলষণ একাত বাস্তব হওয়া সত্ত্বে সাহিত্যের রসাঢাতা নির্পরের ব্যাপারে একে শেষ কথা বলে মেনে নেওয়া ষায় না । এটাই যদি শেষ কথা হত, তা হলে যাবতীয় সাহিত্যিক স্থিতকর্ম-ই হত সাময়িকতা-ধর্মী। প্রয়াতকালের সাহিত্যকর্ম সমস্তই আগত্ত্ক কালে অনাদ্ত হয়ে শ্র্ব অতীতের শমারক হিসাবে সাহিত্যের যাদ্হরে স্থানলাভ করত। কিল্ডু সেরকম ত হচ্ছে না । মহাভারত, রামায়ণ শকুল্তলা—শত শত শীত বসল্ত পার হয়ে এসেছে। তব্তু আজও তারা প্রের্ব মতই পাঠকজনের মনোহরণ করে। সেক্ষপীয়র, শেলা, বায়রন, দাল্তে প্রভৃতির সম্পর্কেও এই একই কথা বলা চলে। সেইস্ব লেখকদের সমকালীন সমাজ তো আজ অবলুপ্ত ইতিহাসের ক্ষয়জীর্ণ

অস্থিপঞ্জরের মধ্যে নিশ্চিফ হতে চলেছে। কালিদাসের অপরপে সাজনকর্মের বয়স কত হল তা নিয়ে তকে র অশ্ত নাই । কবির ভাষায় বলা যায় "হায়রে কবে কেটে গেছে কালিদাসের কাল/পণ্ডিতেরা বিধাদ করেন নিয়ে তারিখ সাল " কিম্ড শক্তলা নাটকের দুই একখানা ছবি যা সহস্রাধিক বর্ষ ব্যাপ্ত করে পাঠকচিত্তকে আ**লো**ড়িত করেছে তার দিকে একবার দৃশ্টিপাত করা যাক্। নিজ্ঞান তপোবনে দুই সখীর সহচারিণী সদ্য যৌবনপ্রাপ্তা শকুল্ডলার সাথে সপ্রেষ দ্যোশ্তের আকৃষ্মিক সাক্ষাংকার ঘটলো। উভয়ে উভয়ের প্রতি প্রণয়াকৃষ্ট হলেন। শকুশ্তলা আশ্রমাভ্যশ্তরে প্রস্থানোদ্যতা। অথচ তাঁর মন বলছে 'আর একট্রখানি দেখে নিই'। পিছন ফিরে দুই এক পদক্ষেপের পরেই শকুতলা তাঁর সখীকে সন্বোধন করে বলছেন—"অনস্ক্রে! আমাকে ধর্ত। সদ্যোদ্ভিন্ন স্চীম্খ কুশতৃণ আমার চরণতল বিষ্ণ করেছে। আর, আমার বংকলের আঁচল কুরুবক ব্লেফর শাখায় আট্কে গিয়েছে। আমাকে ধর্ – আমি নিজেকে মৃক্ত করে নিই।' এই ছলনার মধ্য দিয়ে তাঁর প্রণয়াস্পদের মাথে আর একবার সলংজ দ্র্ডিট নিক্ষেপ করলেন। রাজা দ:ষ্যাত্তকেও স্থানত্যাগ করতে হল । রথের ম:খ ফিরিয়ে ফিরে যাচ্ছেন রাজা। যেতে যেতে আপন অশ্তরকৈ সন্বোধন করে বলছেন—'শরীরটা সামনের দিকে এগিয়ে চলেছে বটে, কিন্তু আমার চণ্ডলীকৃত মন মুখ ফিরিয়ে রেখেছে পিছনের দিকে। এ যেন বায়ার গতির বিপরীতে রথ ছাটেছে সম্মুখ দিক লক্ষ্য করে। আর তার ধনজের কেতন উল্টোদিকে মুখ ফিরিয়ে প্রবল বেগে মাথা নেড়ে প্রতিবাদ জ্ঞাপন করছে'। এই ছবি থেকে দ্যান্ত ও শকুন্তলার নাম দুটি উহা রাখলে কে বলবে যে ছবি দুখানির অন্তত্তঃ দেড়হাজার বছর বয়স হয়েছে? আজও জামনিী, সোভিয়েত রাশ্যা ও কম্যুনিণ্ট চীনে শকতলা নাটকের অন্যবাদ ঐ সব দেশের পাঠক সমাজ সমাদর সহকারে পাঠ করছে। পরিপূর্ণ প্রেক্ষাগৃহে ঐ নাটকের অভিনয় হচ্ছে। কিংবা ভবভতির 'উত্তররামচরিত' নাটক থেকে একটা ছবি উপস্থিত করি। বনবাসে ত্রশাষ্যায় জানকীর প্রসারিত বাহুতে শিরর দিয়ে রামচন্দ্র শায়ন করেছেন। ভবভূতি শ্রীরামের মুখ দিয়ে বলিগেছেন—"ন জানে সুখমিতি দুঃখমিতি বা। তব স্পূর্ণে স্পূর্ণে মম হি পরিম্টেন্দ্রিগণাঃ' অর্থাৎ—'এই যে আমি তোমার হাতে শিয়র দিয়ে শুয়ে আছি—এতে আমার সুখবোধ হচ্ছে কি দ্বংখবোধ হচ্ছে—তা আমি জানিনা। তোমার স্প**শে স্প**শে আমার সকল

জ্ঞানেশ্নিয় বিকল হয়ে গিয়েছে। সন্থদ্বংখের পার্থ ক্যবাধ বিলন্পু হয়েছে। এই কথা অন্বর্প অবস্থার যে কোনো আধ্নিক নায়কের মন্থ দিয়ে আজও বলানো যায়। সন্তরাং কাব্য, নাটক আদি শিলপগত স্জনকর্ম শন্ধন্ তাদের সমকালীন মানসকেই আরুণ্ট করে—উত্তরকালে তাদের আকর্ষ গীয়তায় ভাটা পড়ে—এর্প সিম্পান্ত বিচারসহ নয়। শিলপদক্ষতার মান উন্নত হলে সাহিত্যিক স্জন কর্ম কালোত্তরণ যোগ্যতা লাভ করে।

শিলেপর যে বিশেষ ধরণের প্রয়োগ নৈপন্বা পনুরাতন কালের রচনাকে বিশেষ দেশ ও কালের সীমাবংশতা থেকে মুক্ত করে তার মধ্যে দেশকাল-নিরপেক্ষ সন্চিরকালীন স্বাদ্যতা সন্ধার করে, আমাদের প্রাচীন ভাব্রতীয় আলঙ্কারিকগণ সেই প্রয়োগনৈপন্বাের নাম দিয়েছেন—'সাধারণীকৃতি' universalisation)।

এই 'সাধারণীকৃতি' বা 'সাধারণীকরণ' ব্যাপারটির সামান্য একট্র ব্যাখ্যা প্রয়োজন। মানুষের শ্বভাব, ন্যায়, অন্যায় সুখ, দুঃখ ইত্যাদি সম্পর্কে তার মনোভঙ্গী কালে কালে পরিবত নশীল –একথা তর্কাতীতরূপে সতা। সেই জন্দু সকল লেথকের রচনাতেই সাময়িকতার প্রভাব থাকে। সামাজিক রুপান্তরের ফলে মানুষের বোধের, জীবন ও জীবনাগ্রিত জার্গতিক ব্যাপার-গ্রাল সম্বন্ধে তার দ্রণ্টিভঙ্গীর পরিবর্তান ঘটে যায়। এককালে যা রসাঢা থাকে, কালান্তরৈ তার রসাঢ়াতা হ্রাস প্রাপ্ত হয়— মথবা সম্পূর্ণ রূপে অপস্ত হয়। কিন্তু মানবমনে কতকগ্রিল আদিম ও সহজাত প্রবৃত্তি থাকে যা থেকে কোন দেশের বা কোন বিশেষ কালের মানুষ নিজেকে মা্কু করতে পারে না। ভারতবর্ষের প্রাচীন আলঙ্কারিকগণ দেশকালনিরপেক্ষরপে মন্যাকতৃকি অনতিক্রমনীয় এই প্রবৃত্তিগ্রলির সংখ্যা নিণ য় করেছেন নয়টি। রতি (অর্থাৎ amorousins tinct), হাস, শোক, (অর্থাৎ দঃখ বা বেদনাবোধ ), ভয়, উৎসাহ, ক্লোধ বিষ্ময়, জ্বগর্পসা এবং প্রশান্তি—এই প্রবৃত্তিগর্নল সর্বদেশের সর্বকালের মান্যুষের চিত্তে অন্যবিষ্ট থাকে। এগর্যল শিক্ষালব্দ, পরিবেশ প্রভাবিত কিংবা চর্চাসাপেক্ষ নয়। এই প্রবৃত্তিগত্তীল প্রকৃতিদক্ত। আলংকারিকরা এগালির নাম দিয়েছেন "স্থায়িভাব"। ডক্টর স্কেন্দ্রনাথ দাশগ্রপ্ত এগ্রনিকে ইংরাজী ভাষায় "dominant instinctive emotions' বলে বর্ণনা করেছেন। (কেহ কেহ 'প্রশান্তি'কে একটি স্থায়িভাবর্পে স্বীকার করেন না। তাঁদের মতে স্থায়িভাব আর্টাট,—শান্তরস'

বলে কোন রস নাই )। আমার মনে হয় পরের্গন্ত আর্টটি বা নয়টি মৌলিক প্রকৃত্তিকে আমরা মানবমারের primary emotion বলে বর্ণ না করতে পারি। সর্বদেশের ও সর্বকালের মানুষ এই ইমোশনগালির অধীন হয় প্রভারজরতে । 'রতিভাব' অর্থাৎ প**ুর**ুষের সাথে নারীর এবং নারীর সাথে পুরুত্বের দৈহিক মি**লনে**র আকা**ংক্ষা চিরশ্তন মানবপ্রব**ৃত্তি। এর মাধ্যমেই **জাগতিক জীবন**-প্রবাহকে নিরম্তর প্রবাহমান রেখেছেন প্রকৃতি দেবী। গণনাহীন মৃত্যুর মধ্য দিয়ে যে জীবনগ**্লির অ**বসান ঘটছে, ন্তেন ন্তন জক্ষের মধ্য দিয়ে সেই ঘাটতি প্রতিনিয়ত পরেণ করে চলেছেন প্রকৃতি-ঠাকুরানী—শর্ধ মান্য নয়— প্রাণবান যা কিছা জগতে দৃষ্ট হয় তাদের প্রতিদিনের ক্ষয় প্রতিদিনের নতেন নতেন জন্মের 'বারা পরিপরেণ করে চলেছেন প্রকৃতি—'রতি' নামক মোলিক ইমোশনকে কাব্দে লাগিয়ে। আমাদের পরোনকারেরা একটি সন্দর চিত্রকলা রচনা করে এই রতিভাবের একটা মনোরম রূপে দান করেছেন। পরোণকারদের কম্পনায় এই 'রতিভাবে'র যিনি দেবতা তাঁর নাম অতন;—তাঁর কায়া নাই— তাই বিশ্ব-চরাচরের সর্বত্র তাঁর অনায়াস বিচরণ। নর বা নারী প্রজননক্রিয়া সম্পাদনের উপযোগী বয়সপ্রাপ্ত হলেই অতন, তাঁর পুরুপধনতে পাঁচটি প্রব্পশায়ক যোজন করে তাকে বিশ্ব করেন। আর অমনি 'রতি' নামক ইনোশন পরে,যের সাথে মিলনের জন্য নারীকে এবং নারীর সাথে মিলনের জন্য পরে, যকে প্রমন্ত করে তোলে। পাঁচটি কল্পিত প্রশোষক তাঁর অদ্য । এই জন্য এই পত্রুপধনার মালিকের অপর নাম 'পঞ্চশর' আর মানা্ষের অশ্তরে ঐ আদিম instinctive ইমোশনে সাকাঞ্চ অভ্যদয়কে পণ্ডশরের প্রভাব বলে বর্ণনা করা হয়। প্রণয় প্রকাশের রীতিপন্ধতি হয়ত কালে কালে পরিবর্তিত হয়, কিল্টু যে মৌলিক ইমোশন মানর্থচিত্তে প্রণয়ের উশাম ঘটায়—তা সার্বজনীন এবং সর্বকালজীবি।

স্তরাং, মানবসমাজ কালে কালে রুপাশ্তর গ্রহণ করে। সেইহেতু সমাজমানসও বিভিন্ন কালে সমকালোপযোগী পরিবর্তনকে অঙ্গীকার করে। তার ফলে কালের গতির সাথে সাথে সাহিত্যের রসাম্বাদনের বিষয়বস্তু ও পত্থতির পরিবর্তন ঘটে। সাহিত্য সম্পর্কে এই বাস্তব দৃষ্টিভঙ্গীকে সম্পূর্ণ স্বীকার করে নিয়েও সাথে সাথে এটাও স্বীকার করতে হবে যে মানবপ্রকৃতির মধ্যে অনুবিশ্ব প্রবেজি মৌলিক ইমোশানগৃলি যেহেতু বিশেষ দেশ ও কালের সীমা বস্বনের স্বারা আবন্ধ থাকে না, সেইহেতু রুপদক্ষ শিল্পী যদি তাঁর স্কোশেলীর উৎকর্ষের সহায়তায় কোন ব্যাপারের অর্ল্ডার্ন হিত আবেদনকে দেশ ও কালের বন্ধন মৃত্ত করে কোন না কোন মৌলিক ইমোশনের সাথে তার একাছাতা সম্পাদন করতে পারেন—তবে সে সাহিত্য দেশ ও কালের সম্পর্ক-চ্যুত হয়ে সর্বলোকসামান্যতা অর্জন করে এবং সামাজিক পরিবর্তন সত্তেওতার স্বাদ্যতা প্রায় অপরিবর্তিত থাকে। কবি নাট্যকার বা সাহিত্যিক তার ম্বারা পরিবেশিত বিষয়বস্তুর সাধারণীকরণে যতটা সাফল্য অর্জন করবেন, তাঁর স্কোনের স্বাদ্যতা সেই পরিমাণে স্থায়ী হবে।

তাই, শরংচন্দ্র যে সময়ের সামাজিক প্রেক্ষাপট অবলাখন করে সাহিত্য স্থিত করেছেন সেই সামাজিক প্রেক্ষাপট পরিবর্তিত হয়ে গিয়েছে বলেই তাঁর সকল রস বাসি হয়ে গিয়েছে এর পে ধারণা যুক্তি-গ্রাহ্য নয়।

₹

গল্প-উপন্যাসের লেখকেরা সকলেই যে আপন আপন সমকলেনীন সমাজকে আশ্রয় করে কাহিনী রচনা করেন এমন নয়। বিঞ্চমচন্দ্রের লিখিত অধিকাংশ উপন্যাসের কাহিনীর সাথে তাঁর সমকালান সমাজের কালব্যবধান সম্প্রছর; আধ্রমিক কালেও অনেক বিশিষ্ট লেখক সম্প্রর অতীতকালের পটভূমিতে উপন্যাস রচনা করেন এবং সে সকল উপন্যাস সম্থপাঠ্যও হয়ে থাকে। শরংচন্দ্রের প্রায়্র সকল গলপ উপন্যাসই তাঁর সমকালান সমাজের প্রেক্ষাপটে রচিত। নানা কাহিনীর মধ্য দিয়ে সমকালান সমাজের নানা অসঙ্গতি, কদাকার নিষ্ঠ্রেরতা, নীচতা, কুসংক্ষার প্রভৃতিকে তিনি লোকলোচনের সমক্ষে তুলে ধরতে চেষ্টা করেছেন। যে সকল জায়গায় তিনি সমকালান সমাজেকে আঘাত করেছেন তার প্রায়্র সর্ব হই তাঁর আঘাত খ্ব হপ্তি এবং তীর।

সমকালীন সমাজ সম্পর্কে শরংচন্দ্রের ব্যক্তিগত অভিজ্ঞতাও ছিল সীমাবংধ—
খনুব ব্যাপক অভিজ্ঞতা সপ্তরের সনুযোগ তিনি পেয়েছেন বলে মনে হয় না।
শরংচন্দ্রের বাল্যকাল কেটেছে হুগলী জেলার দেবানন্দপনুরে। কিন্তু
কৈশোর অভিক্রান্ত হওয়ার প্রেবিই তাঁর নিবাস স্থানান্তরিত হয় ভাগলপনুরে।
বয়স যখন ১৩ বছর সেই সময়ে ভাগলপনুর ছেড়ে প্রনরায় তাঁকে আসতে হয়
দেবানন্দপনুরে। তারপর বছর তিনেকের মধ্যেই ভাগলপনুরে প্রত্যাবর্তন।
ভাগ্যান্বেষণে কলকাতায় জাসেন, তখন তাঁর বয়স বোধহয় ১৬ বছর।
মধ্যে কিছুদিন অর্থাৎ ১৬ বছর বয়সেরও আগে কয়েকমাস সয়্যাসী হয়ে

এখানে ওখানে ঘ্রের বেড়ান এবং কলকাতায় ছয় মাস কাল অবস্থান করে ১৯০০ খ্লীব্দের জান্যারী মাসে আবার ভাগ্যাব্বেষণে সম্দ্রপাড়ি দিয়ে বর্মা ম্লুকে চলে যান। ১৯১৬ খ্লীব্দের প্রথম ভাগ পর্যান্ত বর্মা ম্লুকেই তার অবস্থান। ঐ বংসরই স্থায়ীভাকে বর্মা ত্যাগ করে দেশে আসেন এবং প্রায় ১০ বংসর হাওড়া শহরের কাছে শিবপরে অণ্ডলে কাটিয়ে বাগনান্ থানার অধীন সাম্তাবেড় নামক গ্রামে নিজে বাড়ী করে তথায় বাস করতে থাকেন। ১৯৩৪ সালে কলকাতার অন্বিনী দত্ত রোডে নিজে বাড়ী করে তথায় বাস করতে থাকেন। এর চারবছর পরে তাঁর জীবনদীপ নিবাপিত হয়।

অতএব দেখা যাচ্ছে শরংচন্দ্র তাঁর সমকালীন বাংলার গ্রামীণ সমাজের সাথে ঘনিষ্ঠ পরিচিতি অর্জনের যেট্রুকু স্বোগ পেশেছেন তার পরিধি অত্যত সীমিত। আঞ্চলিক দিক দিয়ে গ্রাম বাংলা লতে রাঢ়ের একটি ক্ষ্মদ্র অঞ্চলের মধ্যেই তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতা সীমাবন্ধ।

বাংলার বিভিন্ন অঞ্চলের গ্রামীণ সমাজের মধ্যে আকরণ, সংক্ষার, জীংন-চর্চার পর্ম্বতি ও সামাজিক ধ্যানধারণার একটা মৌলিক ঐক্য থাকলেও পার্থক্যও ছিল িস্তর। পূর্ববঙ্গের ও বারেন্দ্রভূমির সামাজিক জীবন ও আকার আকরণ এবং রাঢ় অণ্ডলের গ্রামীণ সামাজিক জীবন এক ছাঁচে ঢালা ছিল না। দুট্টান্তম্বরূপ বলতে পারা যায় 'বাম্বনের মেয়ে' উপন্যাসে কুলীন ব্রাহ্মণদের বহু,বিবাহ প্রথার যে ন্যক্কারজনক চিত্র শরংবাক, উপস্থিত করেছেন সে ধরনের বহুবিবাহ পর্বেবঙ্গের ব্রাহ্মণ-সমাজে প্রচলিত ছিল না। আমাদের বালাকালেও ( অর্থাৎ আজ থেকে ৭০।৭৫ বছর প্রের্থও ) একই ব্যক্তির ১০০।১৫০ বিবাহের কোন গলপ তংকালে যাঁরা বয়সের দিক দিয়ে আমাদের পিতামহ তল্য ছিলেন তাঁদের মুখেও আমরা কদাপি শুনতে পাইনি। এমন কি একই সাথে একাধিক শ্রী নিয়ে ঘর করে অথবা যাঁর একাধিক শ্রী একসাথে জীবিতা আছেন, ব্রাহ্মণ সমাজে এর্প দৃষ্টাশ্তও আমরা যা দেখেছি সেটা নিতাত নগণ্য। এবং দ্বইয়ের বেশী পত্নী এককালে জীবিতা আছেন এমন ব্রাহ্মণ আদৌ দেখি নি। 'বাম্নের মেয়ে' গলেপ ম্কুন্দ মুখুজ্যে ও হিরু নাপিতের কাহিনী শরংচন্দ্রের সমকালীন সমাজের ঘটনা বলে মনে হয় না। তবে বহু প্রে'কালে রাঢ় অণ্ডলে হয়ত কোলীন্য-প্রথার ঐ ধরনের ন্যক্কারজনক পরিণতি প্রচলিত সামাজিক রীতি হয়ে দাঁড়িয়েছিল। হয়ত জনশ্রতি মধ্য দিয়ে সামাজিক অবক্ষয়ের ঐ ধরনের ঘূলাহ অথচ

কর্ণ কাহিনী শরংচন্দ্রের শ্রুতিগোচর হয়েছিল। কাহিনীর মধ্যে শশ্পট জমিদারের চক্রান্তে নিরপরাধিনী দুইটি নারীর ও একজন সং ও হুদয়বান্ প্রুর্ষের বিচ্নিতি ভাগ্যের অত্রালে যে মর্ম ভেদী প্রব্রের হাহাকার ল্কানো ছিল, সামাজিক কদাচারের প্রতি কশাঘাত করবার জন্য শরংচন্দ্র মন্যাহদয়ের সেই হাহাকারকে তুলে ধরেছেন যদিও তাঁর সমকালীন সমাজে ঐ ধরনের কদাচার প্রবহমান ছিল না।

শরংচন্দ্র যে তাঁর সমকালীন পাঠকদের অন্তরের সাথে খুব বেশী মাত্রায় ঘনিষ্ঠতা অর্জনে সমর্থ হয়েছিলেন তাঁর ন্বারা পরিবেশিত গলপ উপন্যাসের অসামান্য জনপ্রিয়তাই তার জবলন্ত প্রমাণ। বিদন্ধ সাহিত্যিক ও অধ্যাপকগণের টেবিল থেকে পল্লীগ্রামের মধ্যবিত্ত পরিবারভৃত্ত ন্বংপশিক্ষিতা গৃহিণীদের রন্ধনশালা পর্যান্ত শরংসাহিত্য নির্বাধে বিচরণ করেছে। সাহিত্যজ্ঞীংনের স্বর্ থেকে শেষ পর্যান্ত তাঁর রচনাগ্র্লি নির্ভ্তর ক্রমবর্ধমান সমাদর অর্জন করেছে। পাঠকের সাথে লেখকের অন্তরের আত্মীয়তা লেখকের শিলপদক্ষতার স্বীকৃতি বহন করে। মানবমনের কোন্ জানালা দিয়ে, কোন্ রন্ধ্রপথে শরংসাহিত্যের জ্যোংস্নালোক অর্গণিত পাঠকের অন্তর্বলাকে প্রবেশ করে সেখানে রসের জোয়ার এনে দিয়েছিল, শরংসাহিত্যের আলোচনায় সেই সব সানালাগ্রিল আবিংকার করাই গ্রের্ভ্বপূর্ণ কার্য্য।

.

কি সামাজিক, কি রাজনৈতিক, কোন দিক দিয়েই শরংচন্দ্রকৈ যথার্থ বিপ্লবী সাহিত্যিক বলে চিহ্নিত করা চলে না। নিষ্যাতিত, দুর্গত, ও অধ্বঃপতিত জনশ্রেণীর পক্ষে লেখনী চালনা করেছেন—এ কথা অনুস্বীকার্য্য। কিন্তু তাঁর গলপ উপন্যাসের নায়ক-নাহিকারা দুঃথের আগন্ধন নিরন্তর দংধ হয়েও কেউ বিপ্লবী হয়ে ওঠে নি। অন্যায়ের কশাঘাতে তারা ক্ষতবিক্ষত হয়েছে কিন্তু শরংবাব তাদের কাউকেই বিদ্রোহীর ভূমিকায় দাঁড় করান নি। ( একমার শ্রীকান্ত ন্বিতীয় পর্বের অভ্যার মধ্যে ও শেষের দিকে বিদ্রোহের অন্নিশিখার একট্রখানি ঝলক আছে )। যে হতভাগ্যেরা সামাজিক অন্যায় ও সামাজিক কাদাচারের বলি, শরংবাব তাঁদের দীর্ঘশ্বাসকে ভাষা দিয়েছেন, তাদের অশ্রুকে দিয়েছেন পাঠকের অন্তরকে বিশ্ব করবার মততীক্ষ্যতা, কিন্তু তারা সকলেই সামাজিক অন্যায়ের খঙ্গের তলায় অসহায়ের মত মাথা প্রেতে দিয়েছে। কেউ বিদ্রোহ করে নায়ে বিরোধী;

মন্ব্যথবিরোধী সামাজিক শাসনের বিরুদ্ধে রুখে দাঁড়ার নি । তিনি অন্যায় ও অনাচারের কতকগ্লি জাঁবিত ছবি প্রশেনর আকারে সমাজের মুখের উপরে ছুইড়ে দিয়েছেন । পাঠকদের দিকে বেদনাত চক্ষ্ম মেলে যেন প্রশন করেছেন—'কি বলতে চাও তোমরা ? এই তো তোমাদের সমাজ — তাকে মলিনতাম্মন্ত করবার পথ কোথায় ?'

সব কাহিনীতেই যে সামাজিক অপশাসন, সামাজিক বিধিনিষেধের নিষ্ঠারতা প্রভৃতিকে অবলাখন করে কাহিনীগালি পরিণতির পথে অগ্রসর হয়েছে তা নয়। তাঁর বে সাহিত্যকৃতি প্রথমে বিদম্পসমাজের দৃণ্টি আকর্ষণ করে, সেই 'বড়াদিদি' উপন্যাসে সুরেন্দ্র ও মাধবীর স্থানর নরতর অথচ গোপন রক্তক্ষরণ উপন্যাসগত ট্রাজেডির আশ্রয়স্থল—কিন্তু ঐ রক্তক্ষরণের জন্য 'সমাজ' প্রত্যক্ষভাবে দায়ী ছিল না। নায়ক-নায়িকা উভয়ের চিত্তে ন্যায় অন্যারের একটি ধারণা দুঢ়মলে সংস্কারের আকারে প্রোথিত হয়ে গিয়েছিল। সুরেন্দ্র বা মাধবী—কেহই এই সংখ্কারকে অতিক্রম করতে পারে নাই, তাই হৃদয়ের গোপন রক্তক্ষরণকে তাদের পরস্পরের কাছে এবং অপর সকলের কাছে গোপন রাখতে হয়েছে। অবশ্য এই সংস্কারবশ্যতা সামাজিক প্রভাবপ**ৃণ্ট। এজন্য পরোক্ষভাবে সমাজকে** দায়ী করা যায়। কিন্ত উপন্যাসে সমাজের ভূমিকা অত্যন্ত অপশ্ট। 'পর্থানদে'শ' গলেপ গ্রনেন্দ্র ও হেমনলিনীর হৃদয়ের রক্তক্ষরণ ঐ একই উৎস থেকে উৎসারিত—কিন্তু নায়ক-নায়িকা উভয়েই পরপ্ররের কাছে অধিকতর প্রুণ্ট। স্কলোচনার সংস্কারবশ্যতা থেকে কাহিনীগত বন্দেরর উৎপত্তি: হেমনলিনীর মধ্যে প্রদূর্গত অভিলাষের সাথে আক্রমলালিত সংস্কারের স্বন্দর অস্তরালবর্তী নয় —তার আচরণেও ভাষণে সে স্বন্দ্র গ্পণ্ট হযে উঠেছে। কিন্ত গলেপর শেষে সমস্ত শ্বিধাসংকোচ কাটিয়ে হেম যখন তার আত্মনিবেদনের প্রস্তৃতি সম্পূর্ণ করে এনেছে সেই সময়ে গ্রেণন্দ্র অপ্রত্যাশিতভাবে নিজেকে নিয়ে – "অত্তপ্ত বাসনাই মহৎ প্রেমের প্রাণ''—এই দার্শনিক তত্ত্বের আড়ালে পারম্পরিক প্রণরের স্বাভাবিক পরিণতিকে অগ্রাহ্য করলো। এথানে 'সমাজের' প্রায় কোন ভূমিকা নাই, কারণ, যে পরিবেশে লেখক তাঁর নায়ক নায়িকাকে পাঠকজনের সমক্ষে উপস্থিত করেছেন—তার পরিপ্রেক্ষিতে একথা বলা চলে, যে গ্রেণেন্দ্র বা হেমনলিনী যদি আপন আপন অম্তরকে মুক্ত করতে পারত, তাহলে 'সমাজ্ব' তাদের পথে প্রবল বাধা হয়ে দীড়াতো

না। 'গ্রেদাহ' উপন্যাসে মহিম, অচলা ও স্বরেশকে বিরে উপন্যাসগত কাহিনী যৈ কর্মণ পরিণতির দিকে ছাটে চলেছে তার মধ্যেও সমাজের ভূমিকা নিতাত্তই গোণ। 'দেবদাস' উপন্যাসে দেবদাস ও পার্বতীর পারম্পরিক ভালবাসা যে ম্বাভাবিক পথে সার্থকতার দিকে অগ্রসর হতে পারলো না এবং দুটি সম্ভাবনাপূর্ণে জীবন বার্থ হয়ে গেল, বার্থতার বিষের জনলায় উন্মন্ত হয়ে দেবদাস বিষের পাত্র স্বহন্তে তলে নিয়ে আকণ্ঠ বিষপান করে আপন অভিত্বকেই বিষময় করে তলুলো—সে ব্যাপারে সমাজ-শাসন কোন বাধার প্রাচীর স্পৃথি করে নি। দেবদাসের আভিভাবকদের অভিরুচিই দেবদাস ও পার্বতীর মধ্যে দেয়াল তুলে দিল—মিলন ঘট্লো না। পার্বতীর পিতৃবংশ "মেয়ে বেচা বামুন" (অর্থাৎ কন্যার বিবাহ দিতে বরপক্ষের নিকট থেকে পণ গ্রহণ করে), এবং "বাড়ীর পাশে কুটুম বেমানান্" – এই দুটি আপত্তির দেয়ালে ধাক্কা খেয়ে দেবদাস-পার্বতীর বিবাহের প্রস্তাব ভূল্বশিষ্ঠত হল। 'মেয়েকো' ঘরের প্রতি ঘূণা উচ্চ-বর্ণের হিন্দুদের মধ্যে এখনও প্রবহমান রয়েছে। স্তরাং 'শরংচন্দ্রের আমলের সমাজ বদ্লে গেছে' এ ব্যাপারে এ কথা বলবার সুযোগ নাই। 'চরিত্রহীন' উপন্যাসে কিরণময়ীর কর্বণ পরিণতির জন্য কোন বিশেষ কালের সমাজকে দারী করা যায় না। কিরণময়ীর দাশ্ভিকতা ও চিত্তের চপলতাই তাঁর ভাগ্যকে নিদার ্রণ বিড়ম্বনার মধ্যে ঠেলে দিয়েছে। সাবিত্রী সতীশের পারম্পরিক ভালবাসা যে বিবাহগত মিলনের মধ্য দিয়ে সার্থকতার পে ছায় নাই – এতে কোন অভিযোগের অবকাশ দেখি না। এদের বিবাহে এমন কিছু বাধা ছিল না। সতীশ সামাজিক বাধাকে অগ্রাহ্য করতে প্রস্তৃত হয়েছিল। কিন্তু এই বিবাহ না ঘটিয়ে লেখক তাঁর শিলপদক্ষতার পরিচয় দিয়েছেন। কোন নারী যদি জানে যে তাকে বিবাহ করলে তার প্রেমাণ্পদ ব্যক্তি লোকসমাজে নিন্দিত হবে—তা হলে অবশ্যই বিবাহে সম্মত হবে না। সাবিদ্রী সতীশের বিবাহ হলে সাবিদ্রী ছোট হয়ে যেতো – এবং তার ভাল-বাসার মহিমা খর্ব হত। 'বিরাজ বৌ' 'বিন্দুর ছেলে' 'রামের স্মাতি' 'বৈকুণ্ঠের উইল' 'দত্তা' 'পরিণীতা' প্রভ;তি রচনাতেও সামাজিক অপশাসন কোন পটভূমি রচনা করে নাই। স্বতরাং কালের প্রভাবে এসব রচনা শ্বাদ্যতা হারিয়েছে, এরপে অভিযোগের সংযোগ নাই।

'পল্লীসমাজ', 'অভাগীর স্বর্গ', 'অরক্ষণীয়া', 'বাম্বের মেয়ে', 'মহেশ'

'একাদশী বৈরাগী' প্রভৃতি রচনায় সমকালীন সামাজিক পটভূমি প্রাধান্য লাভ করেছে। স্ত্তরাং এই রচনাগ্র্লির আবেদন বর্তমান কালে বিবর্ণ হয়ে গিয়েছে কি না তা আলোচনার যোগ্য। এ ছাড়া 'শ্রীকাশ্ত প্রথম পর্বে' রাজলক্ষ্মীর জীবন কাহিনীর মধ্য দিয়ে কুলীন রাহ্মণগণের মধ্যে তংকালে প্রচলিত বহু-বিবাহ প্রথার কদর্যতা কিছ্কটা উ'কি মেরেছে। আর, 'দেনাপাওনা' উপন্যাসে নীচ শ্বার্থ-গ্ধ্ন কুচক্রী সমাজপতিদের শ্বারা ষোড়শী নিগ্রহের ব্যাপারেও সমকালীন সমাজ উপন্যাসের একটা চরিত্র হয়ে উঠেছে।

8

একথা অনন্বীকার্য যে শরংচন্দ্র সামাজিক সামন্ততান্ত্রিক পরিমাডলকে প্রায়শঃ অতিক্রম করেন নি ৷ তাঁর রচনার মধ্যে অনেক জমিদার ও আধা-জমিদার ভীড় জমিয়েছেন। বড়দিদি উপন্যাসের সংরেন্দ্র, শহুভদা'র ভগবানবাব: সারেল্রবাব:, দেনাপাওনায় জীবানন্দ, দত্তা উপন্যাসে বনমালীর কন্যা বিজয়া, কাশীনাথ গলেপর প্রিয়বাব, বিরাজ বৌএ লম্পট জ্ঞানার রাজেন্দ্র, বাম্বনের মেয়ে উপন্যাসে ততোধিক লম্পট ও কচকী গোলক চাট্রয়ে, চন্দ্রনাথ, গল্পের নায়ক চন্দ্রনাথ, অসমাপ্ত উপন্যাস জাগরণের ব্যারিণ্টার সাহেব, এবং 'বিপ্রদাস উপন্যাসে উক্ত নামধারী জমিদার এঁরা ত আছেনই। তা ছাড়া 'দেবদাস' উপন্যাসে দেবদাস ও তার বড়ভাই ধর্মদাস এবং পার্ব'তীর প্রোট শ্বামী ভবন চৌধ্বরী আছেন। পল্লীসমাজ উপন্যাসের রমেশ, বেণী, রমা এরাও জমিদার। এ ছাড়া 'মহেশ', 'অভাগীর দ্বর্গ' এবং 'অন্যরাধা' এসব গল্পেও জমিদার চরিত্র আছে। শরংবাব্য একদিকে নীচাশয় পাপিষ্ঠ জমিদারের চরিত অংকন অপর্ণিকে তেমনি সং, মাজি তর্তি নানা সদ্গাণে ভ্রিত প্রজাবংসল জমিদারের চরিত্রও পাঠক সমাজের সামনে উপস্থিত করেছেন। এই দুইশ্রেণী মিলিয়েই সমাজতাত্ত্রিক সমাজের বাস্তব ছবি রচিত হয়েছে। আজকাল মাঝে মাঝে এরকম প্রচারধমী রচনা দেখা যাচ্ছে যার প্রতিপাদ্য বিষয় হল-জমিদার হলেই সে ব্যক্তি অবশ্যই পিশাচ হবে। এ ধারণা বাস্তবতাবিরোধী - এবং মার্ক্সের 'ঐতিহাসিক বস্তবেদ' তত্ত্বের সাথে ঐর্প ধারণার কোন সঙ্গতি নাই। ভাল করে মার্ক্সের তাত্ত্বিক রচনাগর্লি পড়লে বোঝা যাবে যে তাঁর মতে মানবসভাতার আদি যুগ থেকে ঐ সভ্যতার

চ্-ড়ান্ত-যুগ অর্থাৎ সাম্যবাদী সমাজের যুগে পে'ছিবতে সভ্যতাকে কতক-গ্রালি মধ্যবর্তী শুর উত্তরণ করে যেতে হবে। সামশ্ততাব্রিক সমাজ মানব-সভাতার অগ্রগতির পথে সেইরপে একটি অপরিহার্য্য স্তর। এটা সেই স্তর যার অন্তর্নি হিত সংকটাবলীর চাপে মানবসভাতা প'্রাজবাদী প্ররে উত্তরণ তারপর আবার প্রেক্তিবাদী সম্কটের কাঁধে চেপে সভ্যতার সমাজবাদে উত্তরণ ঘটে। মাক্সের মতে প্রতি ন্তরেই সভাতা প্রথমদিকে বেশ কিছু, দিন প্রগতি-শীল ভূমিকা পালন করে। তারপর তার অভ্যাতরে বৈপরীত্য সমাবেশের ফলে যখন তার আর অগ্রসর হওয়ার শক্তি থাকে না—তখন অবক্ষয় আসে। সংকট আসে। এবং সভাতার পরবর্তী স্তবে উত্তরণের জন্য মানুষের সংগ্রাম তীব্র হতে থাকে। অতএব সামন্ততাব্রিক সভ্যতা বেশ কিছুকাল প্রগতিশীল ভূমিকা পালন করতে বাধ্য—এটা ইতিহাসের নিন্দে শ। ভারতবর্ষে কুষি-অর্থানীতির পরিপোষণের উপযোগী বাস্তব উপাদান সমহের প্রাচ্থা ছিল বলেই ভারতবর্ষে সামন্ততান্ত্রিক যুগ দীর্যস্থায়ী হয়েছে —এবং তার অবদানও অসামান্য । সামাত্রতারের প্রগতিশীল ভূমিকা যতদিন প্রবহমান ছিল ততদিন সাম-তত্যব্ভিক অর্থনীতির গভেই নতেন নতেন উন্নত মলোবোধ জন্মলাভ করতে থাকে। অবক্ষয়ের যাগেও সেইসব মালাবোধ একেবারে মাছে যায় না, ভাঙনের পাশাপাশি আপন বিপন্ন অস্তিত্ব রক্ষা করে চলে—যতাদন না সমাজ নবন্তরে উন্নীত হয়ে স্থিতিলাভ করতে পারছে ততদিন। স্বতরাং সামন্ততারিক সমাজের মন্তক্ষরপু জমিদারশ্রেণীর মধ্যে ভালো-মন্দ দুইয়েরই সংমিশ্রণ থাক্বে। শরংচন্দ্র আপন অভিজ্ঞতালব্ধ উপলব্ধির আলোকে ভালো ও মণ্দ দৃইে তরফের জমিদারদেরকে পাঠক সমাজের সামনে উপস্থিত করেছেন। এ ব্যাপারে তাঁর অবেক্ষণ ইতিহাসসম্মত।

আতের ও নির্য্যাতিতের প্রতি সহমমিতা শরং-সাহিত্যের যত্রত ছড়ানো রয়েছে। কিন্তু পরিত্রাণের পন্য অনুসন্ধান করতে গিয়ে, দামাজিক কাঠামোর বৈপ্লবিক রুপান্তরের চিন্তা তাঁর চিত্তে উন্গত হয় নাই। তিনি প্রধানতঃ নির্ভার করেছেন সামন্ততান্ত্রিক সমাজের গভে যে সকল কল্যাণমূখী মল্যোবাধ জন্মলাভ করেছিল সেইসব মল্যোবাধের প্রনর্জীবণের উপরে। আকারে ইঙ্গিতে এ কথাই বলছেন যে উদার মল্যাবোধসমহে যা প্রের্থ সভ্যতার প্রগতিশীল অগ্রগতির যুগে মানুষের চিন্তা ও কর্মকে নিয়ন্ত্রিত করত সেইসব ম্লাবোধ থেকে মানুষ দ্বের সরে এসেছে

বলেই তাঁর কালের সমাজ ( অর্থাৎ গ্রামীণ সমাজ ) নরককুণ্ডে পরিণ্ড হয়েছে। এই মূল্যবোধগুলি ফিরিয়ে আনতে পারলেই সমাজের কলুষপুচ্ছ অপসতে হবে। মনুষ্যক্ষণিডত-আদর্শ জমিদারের উপরে তিনি জোর দিয়েছেন—জাগরণ নামক অসমাপ্ত উপন্যাসে এবং বিপ্রদাস উপন্যাসে। 'বিপ্রদাস'-এ তিনি স্পন্ট ইঙ্গিত দিয়েছেন যে সমাজের শীর্ষদেশে তাঁর বিপ্রদাসের মত সং, তেজদ্বী, শিক্ষিত, প্রজাবংসল, মন্যাদ্ববোধসমূদ্ধ জমিদার যদি আসন লাভ করে তাহলে সমাজে কল্যাণ বিরাজ করবে, বর্তমান-কালের দৃশ্যমান কল কসমহে অপস্ত হবে। অথচ বিপ্রদাস উপন্যাসের রচনা স্ক্রে হওয়ার প্রায় ১৩ বছর আগে 'অক্টোবর বিপ্লব' সারা প্রথিবীর মনীষিগণের চিত্তকে প্রবলভাবে নাড়া দিয়েছে । তার ঢেউ ভারতবর্ষের মাটির উপরেও আঘাত হান্তে সূর্ু করেছে। তথনও শরংবাব্র 'আদর্শ জমিদার-শাসিত' সমাজের চিম্তার মান। 'পথের দাবী' উপন্যাসে শরংবাব্ শ্রমিক ৰম্ভীর নারকীয় চিত্র আমাদের সামূনে উপস্থিত করেছেন। সেখানে আতের প্রতি, উৎপর্টীড়িতের প্রতি শরৎবাবার সহম্মার্থতা, তাদের দর্বাথকে আপন দঃখ বলে অনভেব করা - এই দিকটাই প্রাধান্য লাভ করেছে। সেখানেও তাঁর উপ**লব্ধি শ্রেণীবোধের "**বারা উন্দীপিত হয় নাই ।

C

সামশ্বতান্ত্রিক সমাজের গভ'জাত মুল্যবোধগর্মলর প্রতি শরংচন্দ্রের অধ্যুরন্ধির আরও নিদর্শনি তাঁর রচনার মধ্যে ছড়িয়ে রয়েছে। যদিও পর্\*জিবাদী অর্থনীতির চাপে পর্রাতন যৌথ পরিবারগর্মল অনিবার্য্যর্পে ভেঙ্গে পড়েছে তথাপি তিনি নানা রচনায় পরস্পরের প্রতি একাশ্ত নিভ'রশীল যৌথ পরিবারের চিত্র অঞ্চনে প্রয়াসী হয়েছেন।

যৌথ পরিবার যে ইতিহাসের অমোঘ নির্দেশে পর্'জিবাদী অর্থানীতির হাড়িকাঠে কাটা পড়েছে—এটা শরংবাব্র নজরে পড়ে নাই। কোন শিলপগত স্জনকর্মের স্বাদ্যতাগর্ণ শাশ্বতধর্মী না সাময়িকতাধর্মী তা নির্ণায় করবার পক্ষে, পাঠকের মনে সাড়া জাগানোর জন্য লেখক কোন উপকরণটিকে গ্রহণ করেছেন —শর্ধ্ব সেইট্রক্র বিচারই যথেন্ট নয়। উপকরণ রসস্ভির একটা উপলক্ষ্য মাত্র। ক্ষণকালের ব্যাপারের মধ্যে স্বিচরকালীন আম্বাদনস্থে সিমিবিন্ট করা—এটাই শিলপীর কাজ। অতএব, উপকরণ পরিবেশ ইত্যাদি কোন শিলপক্ষের উৎকর্ষাপক্ষা নির্ণাধের একমাত্র মান্তন্ত নয়।

অভাগীর স্বর্গ, বামনের মেয়ে ও মহেশ—এই তিনটি রচনায় জমিদারের নশেংসতাকে শরৎচন্দ্র তাঁর কাহিনীর উপজীগ্যর্পে গ্রহণ করেছেন। 'অভাগীর স্বর্গ' গল্পে দূর্বলের উপর প্রবলের উৎপীড়নের সূত্র হল একটি বক্ষছেদন। অতীতকালে এরকম নিয়ম ছিল যে জমিদার কোন প্রজাকে ভূমি বন্দোবস্ত দেওয়ার সময়ে—"বৃক্ষাদি ছেদন করিতে পারিব" "পাকাবাড়ী নির্মাণ করিছে পারিব না" ইত্যাদি সর্ত লিখিয়ে নিতে পারতেন এবং ঐরপে সর্ত লেখ। থাক্লে তা প্রজার উপরে বাধ্যকর হত। সে নিয়ম ১৯২৮ সালে বিলপ্তে হয়েছে। অতএব ব্লুচ্ছদনরূপ যে ব্যাপারকে উপলক্ষ্য করে লেখক তার কাহিনীর জাল বনেছেন তা আধানিক পাঠকের মনে কোন রসাঢ্য আবেদন স্ভিট করতে পারে না – কারণ বর্তমানের আইন সকল প্রজাকেই বৃক্ষছেদনের অধিকার দিয়েছে। মহেশ গলেপ জমিদারের যে উৎপীড়নকে কাহিনীর উপজীব্য রূপে গ্রহণ করেছেন, ঐ ধরনের উৎপীড়ন বর্তমানকালে ঘটে না—জমিদারী প্রথাও বিলম্প্র হয়ে গিয়েছে। 'বামনুনের মেরে' উপন্যাদে প্রায়বৃশ্ধ লংপট জমিদার যৌনক্ষ্যধার তাডনায় তার বালিকা সন্ধ্যাকে বিবাহ করতে চায় বলে সন্ধ্যার মায়ের কাছে প্রস্তাব পাঠিযেছিল – সম্ধ্যার মাতা সে প্রস্তাব নাকচ করে দেন। প্রতিশোধ গ্রহণের জন্য কুচক্রী জমিদার সম্খ্যার মাতামহীর জীবনের এক গোপন কলতেকর ইতিহাসকে অতীতের গতের মধ্য থেকে টেনে বের করে নিয়ে এসে শাুধা যে সম্থ্যার বিবাহ ঘটতে দিল না তাই নয়, সম্থ্যা ও তার পিতা মাতা ও মাতামহীকৈ দ্বঃসহ অপমানের ক্তেপ নিক্ষেপ করলো। এই অপমানের পশ্চাৎপটে রয়েছে— বহু,বিবাহকারী কুলীনব্রাহ্মণ কর্তৃক তার শতাধিক শ্বশ,রবাড়ী থেকে 'জামাতার মর্ব্যাদা' আদায়ের জন্য হিরুনাপিত নামক এক ব্যক্তিকে প্রক্রি

নিষ্ট্র করবার ন্যক্ষারজনক কাহিনী। ঐ সকল কুপ্রথা বহুদিন পার্বে বিল্মপ্ত হয়েছে। আধুনিক কালের সমাজমানসে আলোড়ন সূজনের ব্যাপারে প্রয়াতকালের কবরের তলা থেকে সংগ্রেণ্টত উপকরণ যথেণ্টরূপে যোগ্যতা-সম্পন্ন হতে পারে না। সাত্রাং সামাজিক কদাচারের বিরুদ্ধে শরনিক্ষেপ যদি ঐ উপন্যাসের শিলপক্মের প্রধান উপাদান হত তা হলে আমরা অবশাই উপন্যাসটিকে সাময়িকতাধর্মী ২লে চিহ্নিত করতে পারতাম। অভাগীর স্বর্গ এবং মহেশ গল্প সম্পর্কেও এই একই মন্তব্য করা যেতে পারে। যে ধরনের জমিদারী নৃশংসতা ঐ দুটি গলেপর উপজীবা, আধুনিক অভিজ্ঞাত সীমার মধ্যে তাকে পাওয়া যায় না। জমিদারী প্রথা বিলুপ্তে হয়েছে। বর্তমানে সমাজে 'জমিদার' বলে কোন শ্রেণী নাই। পল্লীসমাজ উপন্যাসে যে নীচতা কুরেতা খ্রাথাগ্রুতায় পৃথিকল, অবক্ষয়বিদ্রাশ্ত গ্রামীণ সমাজের যে চিত্র শরংবাব্য লোকলোচনের সমক্ষে তুলে ধরেছেন তা সম্পূর্ণ বাস্তব চিত্র—িকন্ত্র আধ্রনিককালে গ্রামীণ সমাজের চেহারা বদ্লেছে। শরংবাব যে গ্রামীণ সমাজের ছবি এ'কেছেন সেটা ক্ষয়িষ্ট ভ্রেথামীতাব্রিক সমাজের অন্তিম দশার ছবি। একদা-সম্মানিত গ্রামীণ ভ্রেমীদের দুর্বল দ্রুটচরিত্র ও মেরুদ ভ্রেন বংশধরেরা তখনও সমাজের মাথা বলে পরিগণিত। আধ**্**নিক সমাজে এই শ্রেণীর সমাজপতির কোন অভিত্ব নাই। মানুষের বিশ্বাস ও আচরণ দুইই পরিবর্তি ত হয়েছে। সাত্রাং পল্লীসমাজের কাহিনীর উপরও সাময়িকতার দাগ লাগবে এটা স্বাভা**িক। কিন্তু জরাজীণ গ্রামীণ সমাজের** ভাঙ্গা বাড়ীটাই ঐ উপন্যাসের পাঠকদের কাছে একমাত্র আকর্ষণ নয়। রমা ও রমেশের ক্ষতবিক্ষত হৃদয়ের তলদেশের নিরুত্র ও গোপন রক্তক্ষরণ ঐ উপন্যাসের প্রধান আকর্ষণ। এই রক্তক্ষরণে সমাজের ভূমিকা অবশ্যই আছে। কিল্ডু সে ভূমিকা গোণ। তাদের পারপরিক মিলনে আইনের বাধা ছিল না। সামাজিক নিগ্রহের আশুকা ছিল। কিন্তু সে নিগ্রহকে অগ্রাহ্য করবার বা তাকে এড়িয়ে যাওয়ার উপায় সুদুল'ভ ছিল না। আসলে সামাজিক ন্যায় অন্যায় সম্পর্কে আজন্ম লালিত ধারনাকে তারা কেউ অতিক্রম করতে পারলো না। তারা সমাজের সাথে লড়াই করে হয়ত জয়ী হতে পারত কিল্ড উভয়েই আপন আপন অল্ডারের কাছে পরাজিত হল। তার ফলে দুটি প্রদয়ের অকৃত্রিম ভালবাসা তার ম্বাভাবিক পরিণতি অম্বীকার করতে পারলোনা। দুটি জীবন বার্থ হল স্লান্তরের হাহাকার উভয়েরই আমৃত্যু

সহচর হথে রইল। রমা ও রমেশের ট্রাজেডিকে এই আলোকে অবলোকন করলে আমরা দেখতে পাবো যে উপন্যাসের ট্রাজেডি সামারিকতার সীমাবন্ধন অতিক্রম করে দ্রেবতাঁ ভাবীকাল প্রশাসত তার প্রভাবকে বিস্তার করে দিতে সমর্থ হয়েছে। তা ছাড়া বেশী ঘোষাল, গোবিন্দ গাঙ্গুলী, ভৈরব আচার্যা, দীন্ ভট্চায্রা ত পরিচ্ছদ বদল করে একালের গ্রামীণ সমাজেও সদপে চলাফেরা করছে। এ কালের সামাজিক ভিলেনদের আঁটো-সাঁটো পরিচ্ছদ আলগা করলেই সেই পোষাকের আড়ালে সেকালের বেশী ঘোষাল-গোবিন্দ গাঙ্গুলীদের সাক্ষাৎ মিলবে।

তেমনি 'বাম্নের মেয়ে' উপন্যাসে—একটি সং, সরলচিত্ত, পরোপকারী প্রেষ্থ ও কয়েকটি ভাগ্য বিড়ম্বিত নারী—যারা কেউ জ্ঞানতঃ কোন অপরাধ করে নি—তাদের সকলের নিম্পাপ জীবন এক প্রতিপত্তিশালী পাপিচের চক্রাম্বের অপঘাতে অকালে ভেঙ্গে গর্নুড়ো হয়ে গেল। ক্ষমতাবানের অভ্যাচার গলেপর প্রধান উপজীব্য নয়। গফ্রেরে সহজ ভালবাসা ও মমন্ববাধের বন্ধনে মানুষ ও পানু একসাথে বাঁধা পড়ে গিয়েছে। এই দ্বলভি শিলপগ্লের ঘারাই 'মহেশ' গলপটি দেশ ও কালের সীমানা ডিঙিয়ে চিরায়ত সাহিত্যের মর্যাদালাভে সক্ষম হয়েছে। জমিদারের উৎপীড়ন কাহিনীর রসাঢ্যতা সম্পাদনের একটি আঙ্গিক মাত্র।

Ŀ

শরৎসাহিত্যের সাময়িকতা ও কালজয়িতা নিয়ে আলোচনা করতে গিয়ে তার মধ্যে বৈপ্লবিকতার প্রশ্নও এসে পড়ে। প্রেই বলেছি – শরংবাব্রুকে ঠিক বিপ্লবী সাহিত্যিক বলা চলে না। কালজয়ী রচনাকে যে বৈপ্লবিক হতেই হবে, এমন কোন অলঙ্ঘ্য সর্ত নাই। 'বিপ্লব' কালে সামাজিক পরিবর্তনে রপোয়িত করে, মানুষের সভ্যতাকে কোন এক বিশেষ স্তর থেকে উন্নততর স্তরে পেণছে দেয়। কিন্তু যে গ্রেণ সাহিত্য চিরায়ত শ্বাদ্যতায় অভিষিক্ত হয় তাকে কোন এক বিশেষ স্তরের সামাজিক রপোশতরের পরিচয়বাহী হতে হবে, অথবা যে সকল জটিল সংঘর্ষের মধ্য দিয়ে মানুষের সমাজ কালে কালে তার খোলস বদলায় তার ছাপ বহন করতে হবে এমন চিন্তা যুক্তিসিম্ধ নয়। যদিও বৈপ্লবিক সাহিত্যও শিলপদক্ষতার গ্রেণ চিরায়ত সাহিত্যের মধ্যাদা লাভ করতে পারে। মানবধ্যের যে অংশট্রুক্র প্রনঃ প্রনঃ সামাজিক পরিবর্তনের

আঘাত সহ্য করেও তার আপন মযাদা হারায়, সেই অংশট্রকুর মধ্য থেকেই সাহিত্যের চিরায়ত শ্বাদ্যতার উপাদান সংগ্রহ করতে হয়।

এই প্রসঙ্গে, শরংবাব্র 'পথের দাবী ও 'শেষ প্রশ্ন' সম্পর্কে কিছ্ । আলোচনা এই নিবম্ধের আলোচ্য বিষয়ের মধ্যে স্বাভাবিকভাবেই এসে পড়ে।

'পথের দাবী' উপন্যাস যে পাঠকসমাঙ্কে প্রচণ্ড সাড়া জাগিয়েছিল, একথা অন্স্বীকার্যা। এই 'সাডা জাগানোর' পিছনে উপন্যাসের বিষয়বশ্ত, তার উপস্থাপন কোশল ইত্যাদি যেমন কার্য্যকর হয়েছিল, তেমনি কয়েকটি পারিপাশ্বিক ঘটনার প্রভাবও বহুলাংশে কার্য্যকর হয়েছিল। শরংবাবু 'পথের দাণীর' ছত্তে ছত্তে আগ্রণ ছড়িয়েছেন, সামাজ্যথাদের প্রতি ধিকার এই প**্রস্তবে**র সর্বাঙ্গে আগ্যনের অক্ষরে গ্রথিত রয়েছে। 'পথের দাবী' পাঠ করে বহুতের তরুণ তরুণী বিপ্লবীদলে যোগদানে অনুপ্রাণিত হয়েছে। তার সাথে পারিপান্বিক ঘটনা—যথা, সরকার কর্তৃক ঐ পুস্তকের প্রচার নিষিধ-করণ, এই সরকারী কুকার্যের বিরুদ্ধে শরৎচন্দ্র কর্তৃক রবীন্দ্রনাথকে অনুরোধ জ্ঞাপন, এবং তার জবাবে রবীশ্রনাথের নির্মম মন্তব্য, এগুলির প্রতিক্রিয়া পথের দাবীকে ঘিরে একটি রোমাণ্ডক আলোকবৃত্ত স্ভিট করেছিল। কিন্ত এ**সব সত্ত্বেও পথের দাবী বৈপ্লবিক উপন্যাস হয় নাই। শরং**বাব<sub>্</sub>র আত্মীয়বর্গ ও তাঁর সাথে পরিচিত ব্যক্তিদের মধ্যে অনেক বিপ্লবীদলভক্ত লোক ছিলেন। কিম্ত বিপ্লবীদের কর্মকোশল সম্পর্কে শরংবাব্যর কোন প্রত্যক্ষ অভিজ্ঞতা ছিল না। সেকালে বিপ্লবীরা এমনভাবে মন্ত্রগৃপ্তি রক্ষা করতেন বে তাদের পরিবারের লোকজন ও ঘনিষ্ঠ বন্ধ্বদের কাছেও নিজেদের কর্ম বা পরিকল্পনা সম্পর্কে কোন কথা প্রকাশ করতেন না । ১৯০৩ থেকে ১৯১৬ সাল পর্যানত শরৎচন্দ্র বাস করেছেন বর্মা মূলুকে। ঐ সময়ে বর্মামূলুকেও কিছু কিছু বাঙ্গালী বিপ্লবী ছিলেন—কিন্তু তাদের সঙ্গে শরৎচন্দ্রের পরিচয় घटि नि । अत्तर्भ दिश्चितक जात्मानतित्र श्रथम अर्थारात मृग्धेर्य कर्मकान्छ যে কালে অনুষ্ঠিত হয় সে কালে শরংবরু ব্রহ্মদেশ নিবাসী। ১৯১৬ থেকে ১৯১৮-এ ২।৪ টির বেশী বৈপ্লবিক ঘটনা ঘটে নি। যুগাশ্তর দলের কাজকর্ম বালেশ্বরের খাডবাশ্বর পরেই বাধ হয়ে গিয়েছিল। অনাশীলনের ধরাইল ডাকাতি, আব্দুলোপরে ডাকাতি, গোহাটী ফাইট, কন্তাবাজার ফাইট প্রভাত ২।৪ টি মার বৈপ্লবিক ঘটনা ঘটে। পথের দাবীর কতকাংশ 'বঙ্গবাণী' পরিকার প্রকাশিত হয় ১৯২৩-২৪ খ্ন্টাব্দে। প্রন্তকাকারে প্রকাশিত হয় ১৯২৬ খ্র্টাব্দে। ১৯১৯ থেকে ১৯২৩ এই সময়ের মধ্যে এদেশে কোন গর্ব্যম্ব পর্ণে বৈপ্লবিক কর্ম অনুষ্ঠিত হয় নি। সত্তরাং 'পথের দাবী' রচনায় শরংচন্দ্রকে অনেকাংশই গালগব্দ ও কল্পনার উপর নির্ভব করতে হয়েছিল।

'পথের দাবী' উপন্যাসে স্বাসাচী পরিচালিত বিপ্রবীদলের কর্মক্ষেত্র দেখানো হয়েছে ব্রহ্মদেশ জাপান ও পূর্বে এশীয় "বীপপুঞ্জে। হয়ত নিষেধাজ্ঞার খল্প এড়ানোর জন্য শরংবাব, ঐরকম অবাস্তব পটভূমি স্পৃষ্টি করেছিলেন—কিন্তু এ'র জন্য কাহিনীর উপরে কুরিমতার আন্তরণ পড়েছে। বিপ্লবের নায়ক সবাসাচীকে শরংবাবঃ একটি 'অতিমানঃষ' রূপে খাড়া করেছেন। প্রধান প্রধান ঘটনাগর্নাল ষেভাবে অঞ্চিত করেছেন তার সাথে বাস্তব ইতিহাসের ক্ষীণ যোগসত্তেও আবিষ্কার করা যায় না। বিপ্লবীদলের অত্যান্ত রাড়ীর (Inner circle এর) সভায় একজন দীক্ষাপ্রাপ্ত বিপ্লবিণী একটি প্রায় অজ্ঞাত কুলশীল চাকরীয়াকে নিয়ে গিয়ে হাজির করলো—এ সভার নেতা—যাঁর অবস্থানের ঠিকানা বাইরে জানাজানি হয়ে গেলে তাঁর পরবর্তী গশ্তব্য স্থান হবে ফাঁসীমণ্ড—তিনি ম্বয়ং উপস্থিত—সেখানে ঐ অজ্ঞাতবুলা লৈ পরে মেকে জিজ্ঞাসা করা হল—'আপনি আমাদের সভা হবেন ?' —এবং তারপরে ঐ ভদ্রলোকের নাম—মোটা খাতায় সভাতালিকার অতভক্তি করা হল— এগুলি বৈপ্লবিক আন্দোলনের কর্মকৌশলের ক্যারিকেচার মাত্র। তারপরে—শৃঃখলাভঙ্গের সাজা দেওয়ার জন্য অত্যক্ত গোষ্ঠীর সভা ডেকে ভোট নিয়ে শাস্তি নির্ণায় – এমনটি ভারতের বিপ্রবীদলে কখনও ঘটে নি। ব্রজেন্দ্রের ভমিকা সম্পর্কে স্বাসাচী বরাবরই সন্দেহ্যান্ত—এমন কি সে যে বিশ্বাসঘাতকতা করতে পারে তা সবাসাচী পরে থেকেই জানতেন — এরকম সম্পূর্ণ ইঙ্গিত আছে বইয়ের মধ্যে। অথচ সেই রজেন্দ্রকেই পানঃ পানঃ অত্যবন্ধ গোষ্ঠীর সভায় দেখা যাচেছ—কোন বিপ্লবীদলে এ ধরণের ব্যাপার ঘটে না। উপন্যাসের চরিত্রগালির মধ্যে একমাত্র স্বয়ং সব্যসাচী, তলোয়ারকর এবং ক্ষণিকের জন্য যার দেখা যায় সেই হীরা সিং—এ ছাডা আর কেউ বিপ্লবী নয়। অপরে'ও ভারতী যে বিপ্লব পস্তায় বিশ্বাস করে না একথা শরংবাব, পুনঃ পুনঃ তাদের মূখ দিয়েই বলিয়েছেন। সুমিচার আকর্ষণ স্বাসাচীর প্রতি এবং সে আকর্ষণও প্রণয়গত, বিপ্লবের প্রতি তার कान आकर्ष न नारे। थाकल, य भूरूर्र्ज स्त्र द्रुष्ठ शात्रला भगुभाठीक তার জীবনসঙ্গীরূপে পাওয়ার কোন সম্ভাবনা নাই—তখনই মৃত আত্মীয়ের বিত্তবহ্নল উত্তরাধিকার ভোগ করার জন্য দেশে ফিরে যেতে পারতো না। কোন স্দেরে দ্বেলন বিশ্লবীর ফাঁসী হয়েছে—এই খবর পেরেই ব্যারিন্টার অঘোর বলে উঠলো "ডান্"—"ওয়ান্ট লাক—উই মান্ট ন্টপ"। এরা কোন্দেশের বিপ্লবী?

'পথের দাবী'র তথ্যগত উপকরণ শরংবাব্ কোন্ বিপ্লবীর কাছ থেকে সংগ্রহ করেছিলেন এ নিয়ে নানা তরফের নানা রকম দাবী আছে। যাদ্বোপাল মনুখোপাধ্যায়—শচীন সান্যাল থেকে সন্তর্ম করে শেষ পর্যাশত নাম প্রচারিত হচ্ছে হেমচন্দ্র ঘোষের। আমাদের মতে এই বিতকের কোন হৈতু নেই। মালমস্লাগন্লি এতই কৃত্রিম যে তা কোন অভিজ্ঞ বিপ্লবীর কাছ থেকে সংগৃহীত হয়েছে বলে বিশ্বাস করা যায় না। পথের দাবী বৈপ্লবিক উপন্যাস নয়। অনেকটা রূপকথাধ্যা রোম্যান্টিক উপন্যাস।

শেষ-প্রশন উপন্যাসের নায়িকা কমলকে শরংবাব প্রচলিত সামাজিক ধ্যানধারণার বির্দেধ বিদ্রোহিনী রূপে চিত্রিত করেছেন। কিন্তু উপন্যাসের মধ্যে বিদ্রোহ যুক্তিসমতরূপে দানা বাঁধে নি। উপন্যাসের লক্ষ্য অসপণ্ট। বিদ্রোহ কমলের তার্কিকতার মধ্যেই প্রায় সীমাবন্ধ রয়েছে। সকল সমকালীন ধ্যানধারণাকেই সে তর্কের ছুর্রি দিয়ে খণ্ড খণ্ড করে দিছে — অথচ এই তর্ক্ শনাত বিদ্রোহের কোন গ্রুর্তর সামাজিক পরিণতির এটি আভাস মাত্র! কমল ও অজিতের বিবাহবন্ধনবির্জিত যৌথ জীবনযাপন নিতানতই দুজন মানুষের ব্যক্তিগত খেয়ালমাত্র—সমাজকে পাশ কাটিয়ে নতুন কিছু করবার খেয়াল। কমল চরিত্র একান্তভাবে কৃত্রিম। সে যেন শুখু একটা তর্কের প্রান্তলি—a bundle of debates। 'প্রথের দাবী'তেও যেমন শরংবাব্র কোন রাজনৈতিক বিপ্লবের আয়োজনকে যথার্থ রূপে দান করতে পারেন নি, 'শেষ প্রশেবও' তেমনি কোন সম্ভাব্য বা আকাঞ্চিত সামাজিক বিপ্লবের চিত্র উদ্যাটন করতে তাঁর লেখনী বার্থ হয়েছে।

9

শরং সাহিত্যকে যথার্থ ভাবে 'বৈপ্লবিক' অভিধার অভিহিত করতে না পারলেও স্বীকার করতে হবে যে তাঁর সাহিত্যিক চেতনা এমন সব উপাদানের সন্ধান লাভ করেছিল যাকে অবলবন করে দ্বিট প্রসারিত করলে স্বাভাবিক-ভাবেই সমান্ত্র বিপ্লবের পথের কিনারায় পৌ ছানো যায়। কিল্তু শরং মানস সামন্ত্রান্ত্রিক সমান্তবাধের পরিমণ্ডলকে অতিক্রম করতে পারে নাই বলেই যে পথের নিশানা তাঁর চক্ষর সম্মুখে শ্বাভাবিকভাবে উন্মোচিত হয়েছে— তাকে তিনি আপন চেতনার মধ্যে আয়ম্ব করতে পারেন নি।

শরং-মানস প্রধানতঃ গ্রামীণ অভিজ্ঞতার উপরে নির্ভারশীল। যে চিশ বংসর শরং-সাহিত্যের স্টিটকাল—অর্থাৎ ১৯০৮ থেকে ১৯৩৮—এ বিশ বছর আমাদের জাতীয় জীবনের প্রচণ্ড আলোডনমুখর ও সংঘর্ষবিক্ষত কাল। এই আলোড়ন শুখু যে পরশাসনের রাক্ষ্রসে ষন্ত্রটাকে লক্ষ্য করে পুখ্ট হয়েছে তা নয়—মূম্র' ফিউডাল অর্থ নীতির অঞ্চলালিত যে সকল কুংসিত খ্যান-ধারণা ও আচার আচরণ সমাজ দেহের পৃষ্ঠদেশে যন্ত্রণাকর কার্বাঞ্চল রোগের রূপ নিয়েও অজ্ঞতা ও পরিবর্তন বিমুখতার উত্তাপে তার ব্যাধিগ্রন্ত অভিযুকে টিকিয়ে রেখেছিল, কথিত কালের আলোড়ন ও সংঘর্ষ সেগ**্রাল**কেও প্রচাডভাবে এই আ**লো**ড়ন ও সঙ্ঘর<sup>ে</sup> অনেকাংশে নগরকেন্দ্রিক আঘাত কর্রছিল। হওয়ার ফলে শরংচন্দ্রের গ্রামীন মানসের উপর উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করতে পারে নাই। শরংচন্দ্র গ্রামকে ও গ্রামীণ মানুষকে ভালবেসেছিলেন। গ্রামবাসী সাধারণ মান ষের জীবনের সাথে, গ্রামীণ পরিবেশের সাথে তাঁর যেমন ছিল ঘনিষ্ঠ পরিচয়, তেমনি অপরিমেয় সহমর্মিতা ও গভীর অশ্তদ্ভির সহায়তায় তিনি গ্রামবাসী সাধারণ মানুষের জীবনের সহস্রবিধ দুঃখ ও বিড়েশ্যনার সাথে আপন অন্তরকে একাম্মীভূত করতে সক্ষম হয়েছিলেন, এবং স্বীয় রচনার মধ্য দিয়ে এই আত্মিক মিলনকৈ অধিকতর ঘনিষ্ঠ ও প্রসারিত করতে পেরেছিলেন। প্রকৃতপক্ষে বাংলা সাহিত্যের আসরে শরংচন্দ্রের পূর্বে আর কোন mass writer-এর আবিভাব ঘটে নি। তাঁর সাহিত্যিক চেতনা বিপ্লবমুখী হয়েও ফিউডাল সমাজবোধের সীমা-বন্ধতাকে অতিক্রম করতে পারে নি একথাও যেমন সত্য, অবক্ষয়হীন, ব্যাধিগ্রন্ত, অজ্ঞতার অন্ধকারে নিমণ্ডিত গ্রামীণ সমাজ-জীবনের বাস্তব চিত্র তিনি সর্বপ্রথম বাঙ্গালী পাঠকদের সমক্ষে সার্থ কভাবে উম্মোচিত করতে পেরেছিলেন – একথাও তকাতীতরূপে সতা। দুর্গাতের বন্ধনা, প্রতাপশালীর পদতলে মার্নবিক অধিকারের সদম্ভ পেষণ—এইসব ব্যাপারের উপরে প্রচর সংখ্যক বিদম্বজন বহুবর্ষ ব্যাপী বাগবিস্তারের দ্বারা যা করতে পারেন নি, শরংবাব তাঁর কথাশিলপ চর্চার স্বারা সে কাজ করতে সক্ষম হয়েছেন। বৈপ্লবিক চেতনার সীমাবাধতা সত্ত্বেও শরংবাব সমাজ-চিত্তকে প্রবলভাবে নাডা দিয়ে এমন জামগায় এনে দাঁড় করিয়েছেন বেখানে দাঁড়ালে মান্বের

পারের সামনে বিপ্লবের পথিট সহজেই তার দৃণ্টিগোচর হয়। স্ত্রাং তিনি এমন একজন লেখক ধিনি স্বয়ং বাঞ্চিত পথে পদক্ষেপ না করেও পাঠকজনকে সেই পথের সামনে এনে ছেড়ে দিয়েছেন। যোগ্যপত্র যেমন পিতাকে অতিক্রম করে, যোগ্য শিষ্য গ্রন্থকৈ অতিক্রম করে, সেইপ্রকার শরংচন্দ্রের সৃণ্টি তাঁকে অতিক্রম করে এগিয়ে গিয়েছে।

b

পরেব বলা হয়েছে যে - শরংচন্দ্র যে সমাজ-প্রেক্ষিতে সাহিত্য সূতি করেছিলেন — আধুনিককালে সে সমাজ জীবিত নাই বলে শরং-সাহিত্যের ম্বাদ্যতা ম্বান হয়েছে' - এরপে চিন্তা যুক্তিসিম্ধ নয়; এবং 'তাঁর রচনায় বৈপ্লবিকতা তার শাভাবিক পরিণতির দিকে এগিয়ে যায় নাই বলে একালে তার মূল্যমান নিন্দগামী হয়েছে — এর্প চিন্তাও যুক্তিগ্রাহ্য শরংচন্দ্রের হাতে তাঁর স্জনকর্মের অনেকাংশ যে কালোত্তরণ যোগাতা লাভ করেছে একথা নিশ্বিধায় বলা যায়। কিন্তু সেই কালোত্তরণ যোগ্যতার উৎস সন্ধান করতে হলে আমাদের প্রের্ছে নেতিবাচক বিশেল্যণ দ**্রিটিকে পরিহার করে অন্যন্ত দৃশ্টিপাত করতে হবে।** অনাবিল মানবিকতা-বোধের সাথে কর্নার্দ্র হৃদয়বত্তার সন্মিলন—এই বিশেষ গ্রেণের প্রভাবেই শরংচন্দ্রের নানা স্ক্রনকর্ম কালোত্তরণ-যোগ্যতার দ্বারা অভিষিত্ত হয়েছে। একে যদি কেট 'হিউম্যানিজ্ম' অভিধার শ্বারা পরিচিত করতে ইচ্ছা করেন, তা হ'লে আপত্তি করব না। তা হলে বলব—'হাঁহিউম্যানিজম বটে, কিল্ত তা গিন্ধার যাজক সম্প্রদায়ের বা সাধ্য-সম্যাসীদের, বা দয়ালা মানাবের নিবি'রোধী-হিউম্যানিজম্ নয় । সাহিত্যে শরংচন্দ্রের মানবিকতাবোধ যে রূপে প্রকাশ পেয়েছে একদিকে যেমন উৎপীড়িতের প্রতি মমস্ববোধে বিগলিত, অন্যাদিকে, অন্যায়ের ও কুশ্রীতার প্রতি রক্তচক্ষর। একে সংগ্রামশীল মান্বিকতাবোধ বা bellicose humanism নামে আখ্যাত করা যেতে পারে। যে মানুষ সমাজের চক্ষে অপদার্থ সমাজে উপেক্ষিত তার মধ্যে মহৎ মানবিক গণে যদি লাকিয়ে থাকে শরংবাবার গভীর অন্তদ্ভিট তাকে আবিশ্কার করে সমাজের সামনে তার ছবি মেলে ধরেছে। যেন সমাজকে ধনক দিয়ে বলেছেন 'তোমরা এ মান্যের বাইরের অপদার্থতাই শা্ধ্য দেখলে जन्जतत म्लावान अमार्थ **एचएज एभएन** ना ?' देन्द्रनाथ मात्रामाति करत, লেখাপড়া ছেড়ে দিয়ে ছম্মছাড়া হয়ে ব্বরে বেড়ায় কিন্তু সেই দ্বাদানত

বালক পাপপন্ণ্য ত দ্বেরর কথা —সাপ বাবের ভয়কে পর্যশত মনের কোণে স্থান দেয় না। শ্মশানে পরিত্যক্ত মৃত শিশ্বর ম্থের দিকে চেয়ে তার হৃদয় কর্নায় বিগলিত হয়। দ্বর্গত পরিবারকে সাহায়্যদানের জ্বন্য অবৈধ উপায়ে অর্থ সংগ্রহ করে। শরংচন্দ্র ইন্দ্রনাথের অশ্তরের রূপকে সহমমিতায় খণিডত করে জনচক্ষ্র সামনে তুলে ধরেছেন—এবং অত্যন্ত শিলপদক্ষতার ন্বায়া তাকে শ্বলপকালমায় পাঠকের দৃণ্টি পথে রেখে অকশ্মাৎ চিরকালের মত তাকে রঙ্গমণ্ড থেকে সরিয়ে নিয়ে গিয়েছেন। প্রিথবীর জনারগ্যে ঐ বালক রথন চিরদিনের মত হারিয়ে গেল—তখন লেখকের সাথে সমস্ত পাঠকের চিত্ত একসাথে হাহাকার করে উঠলো—আর সে হাহাকার কি কোন বিশেষ দেশ-কালের গণডী দিয়ে সীমাবিশ্ব ? আজও ইন্দ্রনাথের কাহিনী যে কোন পাঠকের চিত্তহাহাকার জাগায় না ?

গ্রীকান্ত উপন্যাসের মলে কাহিনী থেকে অপ্রদাদিদির কাহিনীকে যদি ছে টে ফেলে দেওয়া হয়. তা হলে কাহিনীর ধারাবাহিকতার কোন ছেদ পড়ে না। কিব্ সমলাদিদির মত ক্লাসিক হিন্দ্রনারী শরৎপ্রে কিংবা শরৎ-সমকালীন কোন লেখক পাঠক-সমাজকে উপহার দিতে পেরেছেন বলে মনে হয় না। আপাতঃদাণ্টিতে রাপকথার মত, কিন্তু রাপকথার কৃত্রিম বিক্ষয় ও মনোহারিস্বকে শরৎচন্দ্র সয়ত্বে পরিহার করেছেন। সাধারণ পাঠকের মনে হ'তে পারে—তুচ্ছ পাতিব্রত্যের উপরে নির্নোধ আকর্ষণের বলি হয়েছে অমদা—তার কুসংম্কার কর্বালত –মন তার কর্মণ পরিণতির রূপকার । কিন্তু অমদার গ্রেড্যাগের পিছনে শুধুই কি ছিল পাতিরত্যের তাগিদ ? দ্বামীর প্রতি অপরিসীম ভালবাসা না থাকলে অন্নদা কি দ্বরপনের কলভেকর ডালি মাথায় নিয়ে শাহজীর সাথে গৃহত্যাগ করতে পারত ? অন্নদার ভালবাসাই প্রজানিত অণিনশিখায় রপোশ্তরিত হয়ে তাকে প্রতিনিয়ত দণ্ধ করেছে। সে দহণ কী তীব্র! অমদার ক্ষমা কী সীমাহীন সহিষ্বতায় পরিমণ্ডিত! বর্ণনাতীত দঃখের কন্টকশয্যায় নিরুতর শ্রান থেকেও সে কী অবিশ্বাস্য-রুপে নিবিকার! অমদাদিদিকে উপেক্ষাভরে ডিঙিয়ে যাবে। তার জন্য मः दर्शांठा कादश्वत जल दरमाद्य ना, मृहे अकिं मीर्च वास स्पाहन कत्रद्य ना এমন পাঠক কোনো দরেবত্তী ভাবীকালেও জ্বন্মাবে বলে কি আমরা আশা করতে পারি ?

ঐশ্বর্য ও সচ্চলতার বহিরাবরণের অশ্তরালে হতভাগিনী রাজলক্ষ্মীর

হাদয়ক দরে কন্দরে যে বিরামহীন হাহাকার ধর্নিত হচ্ছে তা হয়ত সহস্য পাঠকজনের কর্ণ গোচর হর না । কোলীন্যপ্রথার হাড়িকাঠে এ নারীকে একবারু বলি দেওয়া হয়েছে। আপন গভ'ধারিণী অর্থের লোভে এ নারীকে ঠেলে দিয়েছিল ঘূণাহ' পঞ্চিল জীবনের মধ্যে। তারপর সে নরকক্রণ্ড থেকে উত্থারের উপায় নিজেই খু'জে নিয়ে সঙ্গীতশিল্পী হিসাবে কিছুটা প্রতিষ্ঠা লাভ করেছে এমন সময়ে অপ্রত্যাশিত সাক্ষাং ঘটলো তারই সাথে যার জনা কিশোরীকালের ভালবাসা মনের গহরুরে দিনে দিনে প্রাণ্ট হয়ে গভীর প্রণয়ের রপে নিয়েছে। যা ছিল অবরুদ্ধ ঝর্ণাধারার মত নেপথ্যচারী—আক্ষিমক সাক্ষাৎ তার উৎসমুখ উন্মোচিত করে দিল। কর্ণার জলরাশি সদযের সকল কোণে ছড়িয়ে পড়লো—কিন্তু মিলনের পথ রুশ্ধ। একদা যে শরীর পংকলিপ্ত হয়েছিল সেই অশ্বয়ধ শরীর প্রেমাণ্পদকে উপহার দিয়ে প্রদয়ের দেবতাকে তো পাঁকের মধ্যে টেনে আনা যায় না। তাই সেই প্রেমাণ্পদের দেবার মধ্যে. মান্যবের সেবার মধ্যে আত্মাকে নিমণ্ন রেখে আত্মাকে শাশ্ত করবার সে কী অনলস চেণ্টা। পরিশেষে অশাশ্ত মনকে টেনে নিয়ে আনুষ্ঠানিক ধর্মাচরণের ছলনার মধ্যে নিক্ষেপ করা । এই সকল ব্যর্থ চেণ্টার মধ্য দিয়ে মনের শ্রেন্তা ক্রমাগত বেড়ে গিয়েছে। তপ্ত দীর্থ-বাস ছাড়া সেখানে আর কিছ; নাই। শরৎচন্দ্র অভয়াকে বিদ্রোহিনী করেছেন। তার বিদ্রোহে হয়তো তাঁর অন্যমোদন ছিল। কিম্তু যে গভীর সমবেদনার রঙে রসে রাজলক্ষ্মীর দ্যঃখকে তিনি ভাষা দিয়েছেন—অভয়ার বিদ্যোহের প্রতি সেই সমবেদনার স্পর্শ নাই। রাজলক্ষ্মীর দ্বংথের তপস্যার পাশে অভয়ার বিদ্যোহকে নিতাশ্তই মামলৌ ব্যাপার বলে মনে হয়। রাজলক্ষ্মীকে কি আমরা কোন বিশেষ কালের গণ্ডীর মধ্যে বন্দিনী করে রাখতে পারি ?

'গৃহদাহ' উপন্যাসে স্বেশের আবেশ-প্রবণতা মাঝে মাঝে তাকে পিশাচ করে তোলে। আবেগের বশীভ্তে হয়ে সে যে-সকল হীন কাজ করে বসল তার ফলে সে তার নিজের জীবন এবং আরও দুইটি নিম্পাপ জীবনকে দশ্ধ করল। জচলার জীবনে চরম ট্রাজেডি নিয়ে এলো – একদিকে তার অভিমানপ্রবণতা, অন্যাদকে সতীম্বের চেয়ে সতী নামের প্রতি তার মোহের আতিশব্য। কিম্তু উপন্যাসের স্বেরশের মৃত্যুর পরে নিবাপিত চিতাশিনর সামনে দাঁড়িয়ে একেবারে ফ্রিয়ে যাওয়া অচলা, যার সামনে সম্ভ সংসার শ্না হয়ে গিয়েছে সেই ফ্রিয়ে যাওয়া অচলাকে ধিকার জানিরে 'তুমি আপন কর্মের ফলভোগ করছে'—এ কথা বলবার সাহস পাঠকের হয় না। সেই ফ্রিয়ে-যাওয়া অচলা এবং বিনা দোষে সর্বস্বহারা মহিমের জন্য পাঠকের অত্তরের অত্তহল থেকে একটি দীর্ঘশ্বাস বেরিয়ে আসে। শরংচস্দ্র উৎপীড়িত মান্য ও বিপথগামী মান্যের প্রতি পাঠকচিত্তে আন্তরিক সমবেদনা জানিয়ে দিয়েছেন—দ্বেশীর প্রতি তাঁর অপরিসীম সমবেদনার রঙে আপন স্থিতকৈ মণ্ডিত করে। এই সমবেদনার মাধ্যমেই তিনি পাঠকজনের ঘনিষ্টতম একাগ্যতা অর্জন করতে সমর্থ হয়েছেন এবং এই গ্রেণ তাঁর রচনার যে যে স্থানে স্বার্থকর্পে প্রকাশমান—তার রচনা সেই সেই স্থলে কালজগ্রিতা লাভ করেছে।

শরংচন্দ্র সমকাশীন সমাজকে চ্যালেঞ্জ জানিয়ে কতকগ্রনি শাণিত প্রশ্ন সমাজের মাখের উপরে ছা'ড়ে দিয়েছেন। তাঁর প্রশন, সমাজ যদি দার্ব লকে টেনে তুলতে ন্যু পারে, তবে তাকে নিচে ঠেলে ফেল্বার অধিকার তার কোথা থেকে আসে? রাজলক্ষ্যার থিড়ান্বত ভাগ্যকে সকলের চোথের সামনে তুলে ধবে -এই প্রশ্ন তিনি ছ⊋'ড়ে দিয়েছেন। সংসারের পিচ্ছিল পথে চলতে চলতে ক্ষণিকের অনবধানতাবশতঃ যদি কেউ পা পিছলে খানায় পড়ে— তবে সমাজের কল্যাণ কি নিহিত থাকে তাকে চিরদিনে জন্য পাঁকের ভিতর ঠেসে রাখার মধ্যে না তাকে হাত ধরে টেনে তুলে গায়ের কাদা মহেছ ফেলবার সুযোগ দেওয়ার মধ্যে ! নির্দের কাহিনীর মধ্য দিয়ে এই প্রশ্নকে সোচ্চার করে তলেছেন শরংচন্দ্র । সমাজ যদি কুপথের দর**জাগ**়লি হাট করে রাথে গণিকাব্রত্তির মত পাপকে আপন বক্ষে স্বত্নে লালন করে শতসহস্ত পাপকে গোপনতার গাত্রাবরণের তলায় নিয়ত পোষণ করে – তা হলে প্রকাশ্যে ন্যে ব্যক্তি কুপথ আশ্রয় করেছে তার সত্বপথে ফিরে আসবার সকল দরজা সমাজ বন্ধ করে দেবে কেন? এতে সমাজের কোন্ কল্যাণ সাধিত হয়— এ প্রশ্ন তলে ধরেছে চন্দ্রমুখীর আখ্যান এবং আলো ও ছায়া গলেপর কাহিনীর মধ্য দিয়ে। নারী যদি যোবনে বিধবা হয় তবে সেটা তার নিজের অপরাধ নয় । তার অত্তরে যদি ভালবাসার স্পর্শ লাগে সেটাও তার অপরাধ নয়। ওটা ষৌবনধর্ম – মানুষের ব্যক্তিগত ইচ্ছা অনিচ্ছার অধীন নয়। তাহলে সারেন্দ্র ও মাধবীর মত কিংবা রমেশ ও রমার মত উল্জেক্ত জীংনগালিকে সমাজ ব্যর্থ তার অণিনকুণেড নিক্ষেপ করে কোন্ নায়নীতি অনুসারে? শ্বংচন্দ্র এই সকল শাণিত প্রশ্নবাণের মাধ্যমে সামাজিক বিবেককে উন্বাংধ করতে চেণ্টা করেছেন। মান্ধের চিশ্তাকে পরিবর্তনম্থী করেছেন বহ্ল পরিমাণে। কিশ্চু তাঁর চ্যালেঞ্জ আজও পর্যশ্ত এক বৃহৎ প্রশ্নচিহ্নের আকারে সমাজের চ্যোথের সামনে ঝুলছে। জবাব মেলেনি।

শরংসাহিত্যের আর একটা উল্লেখযোগ্য দিগত্ত প্রায়শঃ একালের মান্যের নব্দর এডিয়ে গিয়েছে—যথোচিত মর্যাদা সহকারে এই দিগশ্তকে ম্পণ্ট করে **ट्याकट्याइटिन्द्र नमस्क फुट्य** थता इस्र नि । भत्र ९ इन्द्र मन्स्याद्वत नन्धानी । সামাজ্যিক অধক্ষয়ের প্রবল আঘাতে বিচ্পিত মনুষ্যাপ্তের কিছু কিছু ধ্বংসাবশেষ বিধ্বস্তপ্রায় সামাজিক ইমারতের আধার বেরা অবহেলিত কোণে ও কোটরে জ্ঞালপুঞ্জের মধ্যে ঢাকা পড়ে গেলেও আজও বে<sup>\*</sup>চে আছে। বণিওত দুর্গ ত, উৎপর্নীড়ত ও অবহেলিত জনশ্রেণীর প্রতি অকৃত্রিম সহম্মি তা শরং-মানসকে আচ্ছন্ন করে রেখেছে তাঁর সাজনকর্মের প্রারুভ থেকে শেষ পর্যাত। চতুন্দি কৈ মনুষ্যাত্বের অপচয় ও অবমাননা তাঁর চিত্তকে অস্থির করে তুলেছিল। সেই অস্থিরতার তাড়নায় তিনি মন্যাজের সন্ধানে পচা-গলা সমাজের অন্ধকার কোটরগালি হাত্তে বেড়িয়েছেন। পচা পাকুরের পাঁকের মধ্য থেকে প্রণময় দেবপ্রতিমা উত্থারের মত তিনি অবক্ষয়পিত মুমুষুর্ব ফিউডাল সমাজের পাঞ্চল শর্তাগালির তলদেশ থেকে সমাজেরল মনাযাথের স্বর্ণ-প্রতিমা উন্ধার করে সর্বজনসমক্ষে স্থাপন করে একালের মান, যদেরকে ডাক দিয়ে বলেছেন,—'দেখো, মনুষ্যত্ব বিলাপ্ত হয় নি। সমাজের নীচুতলায় যে হতভাগ্য জীবগরেল দরংখকে জীবনসঙ্গী করে জীবনের ভার বয়ে চলেছে— তাদের মাঝে খ°্রজলে আজও উম্জবল মনুষ্যাত্বের সন্ধান পাওয়া যাবে।'

শরংচন্দের সৃষ্ট ভ্তা চরিত্রগর্নি, যেমন খ্রীকান্ত উপন্যাসের রতন, পথের দাবীর তেওয়ারী, পল্লীসমাজের ভজ্য়া, বিপ্রদাস উপন্যাসের অল্লদা, ইত্যাদি) শ্বাভাবিক মন্মান্ধবোধের এক একটি ছবি। বৈকুশ্ঠের উইল উপন্যাসের প্রিয়নাথ, খ্রীকান্ত তৃতীয় পর্বের অল্রদানী রাহ্মণ ও তাঁর গ্রিংগী, এবং স্কান্দা ও তার পশ্ডিত শ্বামী যদ্কাথ তকলিংকার। চন্দ্রনাথ উপন্যাসের কৈলাস খ্ডো, পশ্ডিতমশাই উপন্যাসের ব্ল্লাবন, এরা প্রায়ই সমাজের উপেক্ষিত, অবহেলিত স্তরের লোক—পার্থিব সম্পদে দীন—কিন্তু অন্তরের সম্পদে মহীয়ান। আরও দেখতে পাই পল্লীসমাজের বিশেবন্বরী—কুচকী শ্বার্থান্ধ সম্তানের জননী কুপ্রের নিয়ত অসদাচরণে ক্রম্য ক্ষতবিক্ষত – অথচ যে সমাজে গ্লেম ছাড়া কিছ্ব

জন্মে না সেই সমাজের আঙ্গিনায় বিশেবশ্বরী চারিত্রিক দৃঢ়তায় ও মন্ব্যন্থ-বাধে যেন এক স্কৃবিশাল বটবৃক্ষ—যাদের গায়ে কাদা লেগে আছে—
তাদের মধ্যেও যে মহত্ত ল্বিকয়ে থাক্তে পারে— সেদিকেও শরংচন্দ্র পাঠকের দৃণ্টি আকর্ষণ করেছেন দেবদাস উপন্যাসের চন্দ্রম্খী, 'বিরাজ বৌ' এর স্কৃবরী, শ্বামী উপনাসের মৃত্তু এবং সবেগিরি চরিত্রহীনের সাবিত্রীর দিকে অঙ্কৃলি নিদেশি ক'রে যেন বলেছে, "পাঁকের ভিতর প্রতিমা পড়ে থাকলে প্রতিমার গায়েত পাঁক্ লাগবেই, তাকে ধ্বয়ে মৃছে পরিক্ষার করে নেওয়াই ত তোমার কাজ। সোনার প্রতিমার গায়ে পাঁক লেগে আছে বলে সোনাটাকে ছ'বড়ে ফেলে দেবে ? পাঁকটার দিকে তোমার নজর - সোনাটা কিছুই নয় '

যে মন্যান্ব মোলিক মানবধরের সাথে ওতপ্রোতভাবে জড়িত—সে ত প্নঃপ্ন: পরিবর্তনশীল মানবসমাজের সম্পদ। কোন বিশেষ দেশ ও কালের সীমার মধ্যে কি তাকে বে\*ধে রাখা যায় ?

মন্যাথের ভাব্ক শরংচন্দ্রও তাই তাঁর সমকালের কালসীমা অতিক্রম করে চিরকালের রুপ-স্রুণ্টা-রুপে বন্দিত হবেন। শরং-সাহিত্য যে মন্যান্ত-ভাবনার বীজ ছড়িয়েছে তার ফসল সর্বকালের মান্থের অন্তদ্ভির খোরাক যোগাবে— সংগ্রামী মান্থের চিত্তে যোগাবে আশা ও বিশ্বাসের বল। সামাজিক রুপান্তর শরংচন্দ্রকে বিক্ষরণের গভে নিক্ষেপ করতে পারবে না।



সাহিত্য জিনিসটা প্রকৃতই কী বশ্তু—আজ পর্যালত তার কোনে। সংজ্ঞা বিদিশ্ট হল না। এ সংজ্ঞা যে নিদিশ্ট হলনা, এটা অনেকটা রক্ষে এবং এইটেই সাহিত্যের রহস্য। এ রহস্য আছে বলেই আমরা সকলে সাহিত্যের প্রতি আসম্ভ হয়ে পড়ি। আবার, কেউ-কেউ এই সাহিত্য ব্যাপারটা নিয়ে রহস্য করেন।

গণিত দিয়ে, ফরম্লা দিয়ে এর রহস্য উদ্ঘোটন করা যাবে না। রাসায়নিক বিচার-বিবেচনা দিয়ে আমরা কোনো ইনফারেন্সেও পেশছতে পারব না। সাহিত্যের তাৎপর্য ব্রুখতে হলে বোধ ও ব্রুম্ধির প্রয়োগ করা দরকার, এবং তার চেয়েও বড় কথা—একটা সংবেদনশীল মনের মনন প্রয়োজন।

কোন্ রচনা সাহিত্য, কিংবা অন্যভাবে বলা যায়—কোন রচনা সাহিত্যপদবাচ্য, এ কথা অধ্যাপকেরা অনেক কথা দিয়ে অনেক নজির নিয়ে ব্রথিয়ে থাকেন। ছাত্রেরা তা কণ্ঠস্থ করে হয়তো মনে করেন যে, তারা ব্রথে গেছেন ব্যাপারটা। অধ্যাপকেরাও মনে করতে পারেন যে, তাঁদের কর্তব্যের ইতি হরে গেল, তাঁরা তাঁদের ছাত্রদের বোধগম্য করে দিতে পেরেছেন সমগ্র বিষয়টা, স্কুতরাং তাঁরা সফল।

কাজটা এত সহজ হলে কথা ছিল না। এত সহজেই এমন একটা রহস্য ভেদ করতে পারলে এ রহস্যোর রহস্যময়তার কোনো কদর থাকত না।

এ কালে সাংবাদিকতার অনেক উন্নতি হয়েছে। ভাষার ও প্রকাশভঙ্গির অনেক আদর হয়েছে। সংবাদভাষ্যের প্রতি আমাদের আকর্ষণ বেড়েছে। অনেক সুখপাঠ্য হয়েছে এইসব ভাষ্য।

এর ফলে বিষয়টা আরও বিপদসংকুল। সংবাদভাষ্যটাই সাহিত্য, অথবা, সাহিত্যটাই সংবাদভাষ্য, তা বেছে নিতে অনেক বিদ্রাশ্তির স্থিট হয়েছে। কিন্তু অনেক সময় দেখা গিয়েছে যে, সংবাদভাষ্যই জিতে বাচ্ছে। কেননা, এর প্রচারমাধ্যম অনেক জোরালো। জোর-গলায় বললে অনেক সময় অবিশ্বাস্য কথাও বিশ্বাসযোগ্য বলে মনে হয়।

এই দ্বন্দেরর মধ্যে পড়ে সাহিত্য এখন একট্র বিপদগ্রন্থ।

কিম্তৃ, এ কথাও ঠিক যে, বিপদ কখনোই দীর্ঘস্থায়ী জিনিস নয়। ওটা মান্ব্যের বা সমাজের জীবনে মাঝে মাঝে আঙ্গে। স্ত্রাং ও নিয়ে চিম্তাম্বিত না হলেও চলে। মানুষের বা সমাজের জীবনে সময়টাই বড় কথা।

সাহিত্য হচ্ছে আমাদের কাছে সেই সম্পদ।

কিন্তু, সাহিত্য নিয়ে অনেক মতভেদ ও মতপার্থ ক্য আছে। এ জিনিস থাকবেই। সকলেই যদি সব বনুঝে ফেলতেন, তা হলে কোনো জিনিস নিয়েই আর ন্বিমত হত না, সন্তরাং মতভেদও থাকত না। প্রথিবীটা তাহলে যেন হয়ে যেত সমতল, সবই তাহলে চলত সমতালে, তা হলে কোথাও কোনো বৈচিত্রাই থাকত না।

এসব কথা উঠল শরংচন্দ্র প্রসঙ্গে নানাবিধ চিন্তাভাবনার গ্রেঞ্জন শানে। রবীন্দ্রনাথের জীবন্দশাতেই শরংচন্দ্রকে অপরাজেয় কথাশিলপী নামে অভিহিত করা হয়েছিল। রবীন্দ্রনাথ সন্বন্ধে শরংচন্দ্র বলেছিলেন যে, রবীন্দ্রনাথ লেখেন "আমাদের জন্যে, আমরা লিখি তোমাদের জন্যে"। রবীন্দ্রনাথ সন্বন্ধে শরংচন্দ্রের সমীহ ছিল এতটাই গভীর, সন্তরাং রবীন্দ্রনাথের উপস্থিতিতেই তাকৈ অপরাজেয় বলায় শরংচন্দ্রকে কিছ্নটা বিব্রত করা যে হয়েছিল এ বিষয়ে কোনো সন্দেহ নেই।

আমাদের মান্রাজ্ঞানের কিছ্বকিণ্ডিং অভাবের জন্যেই এ রক্মটা আমরা করে থাকি। প্রশংসা করার সময়েও যেমন আমরা বলগাহীন হয়ে পড়ি, নিন্দা করার সময়েও তেমনি আলগা হয়ে যাই। যাদের সন্বন্ধে আমরা এসব নিন্দা- স্কর্বিত করি তাদের বিশেষ কিছ্ব আসে-যায় না। এর ন্বারা যা হবার তা হয় আমাদেরই। আমরা প্রমাণ দিই যে, আমাদের ব্রিশ্বমান্দা হয়েছে।

সত্তরাং আমাদের মনে হয় যে, কোনো সাহিত্যিক বা কবি অর্থাৎ কোনো স্ক্রনশীল প্রতিভা সন্দেধ কোনো মন্তব্য করার আগে আমাদের একট্ব সজাগ ও সতর্ক হওয়া দরকার। একট্ব মারা রেখে মন্তব্য করা দরকার। কিন্তু সাহিত্য এমনি এক বংতু যা নিয়ে নাকি কথা বলার অধিকার সবার সমান। সঙ্গীত বা চিত্রকলা, বিজ্ঞান বা বাণিজ্য ইত্যাদি নিয়ে মন্তব্য করার সময়ে অধিকারী-অন্ধিকারীর প্রন্ন ওঠে। এবং সকলেই হঠাৎ কিছু বলে বসেন না। কিন্তু সাহিত্য যেন মাতৃহীন-পিতৃহীন এক অনাথা, এ'কে শাসন করে সকলেই। এই জন্যেই হয়তো শরং-সাহিত্য নিয়ে বিচার তেমনটি হয় নি।

যাঁর বাংলা সাহিত্যের ইতিহাস চর্চা করেছেন তাঁদের কাছ থেকে জানা যায় যে, বাংলা সাহিত্যে গদ্যের উদ্ভব খ্ব দীর্ঘাকাল আগের ঘটনা নয়। গদ্য যখন চিঠিপত্রের মধ্যেই সীমাবন্ধ ছিল, তখন অন্যক্ষেত্রে এর প্রয়োগের প্রশন ওঠে না। উপন্যাস তো গদ্যেই লিখিত হয়, অতএব বাংলা সাহিত্যে উপন্যাসের আবিভবি খ্ব বেশি দিন আগের ঘটনা নয়। বিংকমচন্দ্রই বঙ্গের প্রথম সার্থক উপন্যাসকার। বিংকমের উপন্যাসের পটভূমি ক্ষয়িঞ্চ জমিদার বংশ। তাঁর নায়কনায়িকাও ঐ পরিবেশেরই।

ওয়ারেন হেণ্টিংস যে দশশালা বন্দোবন্তের প্রবর্তন করেন তার দ্বারা জমিদারদের প্রভাব অনেক খব' হয়, এবং নিয়মিত রাজম্ব দিতে তাঁরা বাধ্য হন। এ'তে জমিদারদের আর্থিক দাপট অনেক কমে যেতে আর্শ্ভ করে। তার পরিণামে জমিদারদের স্কাদিন তেমন আর থাকে না। এতে একট্ব ভাঙ্গন দেখা দিল, ক্ষয়প্রাপ্ত হতে লাগল ঐ বংশ। এবং তখনই স্ক্রেপাত ঘটল মধ্যবিত্ত সমাজের। অনেকে তখন সওদাগরী অপিসে চাকুরী করতে আরশ্ভ করলেন।

জমিদারী যখন কিছুটা বিল্পান্তির পথে, এবং মধ্যবিত্ত সমাজ যখন গড়ে ওঠেনি, সেই সময়ে বিক্ষমের আবিভবি। স্তরাং বিক্ষমের উপন্যাসের বিষয়বস্তু হল ঐ ক্ষয়িক্ষ জমিদার-সমাজ।

তারপর এলেন রবীন্দ্রনাথ। তখন মধ্যবিত্ত-সমাজ অনেকটা গড়ে উঠেছে, কিন্তু রবীন্দ্রনাথের সঙ্গে এ-সমাজের তেমন যোগ নেই। শানিতানকেতনে তিনি স্থাপন করলেন ব্রহ্মচযাশ্রম। এখানে যাঁরা শিক্ষক ও ছাত্র হয়ে এলেন ত'ারা অনেকেই মধ্যবিত্ত সমাজের। রবীন্দ্রনাথ এ'দের জীবনযাপন প্রণালী যতটা দেখেছেন ততটাই তাঁর অনেক দেখা, কিন্তু অন্তরঙ্গ দেখা নয়। রবীন্দ্রনাথের উপন্যাসে এই জন্যে মধ্যবিত্ত সমাজের চিত্র আমরা তেমন পাইনে।

অবশেষে এলেন শরংচন্দ্র। ইনি শ্বয়ং মধ্যবিত্ত সমাজের মান্ষ। সে
সমাজের মান্ষের আচার-আচরণ ইত্যাদি যাবতীয় বিষয় তিনি চাক্ষ্য দেখেছেন। এ সমাজ তখন একেবারে গঠিত হয়ে গেছে, তার ভালো-মন্দমাঝারি, তার কু এবং তার স্—িকছুই তার দেখা বাকি নেই। এ সমাজের
মধ্যে বাস করে তিনি এই সমাজকে একেবারে মন্থুন করে নিয়েছিলেন বলেই
মনে করা মেতে পারে। নিজেকে এভাবে প্রস্তৃত করে নিয়ে তিনি আবিভূতি হলেন। আবিভূতি হলেন সেই সমাজের কথা নিয়ে, সেই সমাজের মানুষ নিয়ে। তাঁর কলমে তিনি যাদের চিত্র আঁকলেন, আমরা তাদের দেখামাত্রই চিনতে পারলাম। চিনতে পারলাম আপনার জন হিসেবে। আমরা যেন আমাদেরকেই পেলাম তাঁর রচনায়। এর ফলে শরংচন্দ্রও হয়ে গেলেন আমাদের আপনজন। এইতিহাস আমাদের ভূললে চলবে না।

তাঁর জনপ্রিয়তার অন্যতম ও প্রধানতম কারণ এই ।

তাঁর কাছ থেকে আমরা কী পাইনি তার হিসাব লিখতে আমরা ততটা রাজ্বী নই। পাইনি তো অনেক-কিছুই। শরংচন্দ্রের জীবনে যে বিপ্ল অভিজ্ঞতার কথা তাঁর জীবনী পাঠ করে জানা যায়, তার ন্বারা অনেক উপকরণ অবশাই এসেছিল তাঁর সংগ্রহে, তার থেকে তিনি যদি কিছু বিতরণ করতেন তাহলে অনেক উপকার করা হত বাংলাসাহিত্যের পাঠকদের।

কিম্তু কি করেননি দিয়ে মল্যোয়ন না ক'রে কী করেছেন দিয়ে তাঁর মল্যে নিবাঁত হোক !

তিনি সমবেদনার মন্ত্রে নিজেকে সঞ্জীবিত করে আমাদের সমাজের নরনারীর কথা বলেছেন, তাদের কামনার বেদনার কথা বাস্তু করেছেন। তিনি এই সমাজের যে চিত্র এ'কে রেখে গেলেন তারও মূল্য আছে। এ-সমাজ চিরকাল এমন থাকবে না, এরও পরিবর্তন হবে, কিল্তু একটা জীবলত ইতিহাস তো রয়ে গেল। সমাজের বিবর্তন তো আছেই, কিল্তু ধীরে ধীরে এর যে রুপাল্তর হয় তার কিছ্ম নিদর্শন অবশাই থাকা চাই। মাঝের কোনো সম্ত্র হারিয়ে গেলে তার ধারাবাহিকতা ক্ষুল্ল হয়ে যেতে পারে।

শরংচন্দ্রকে আমরা এদিক থেকেই একজন সমরণীয় পর্র্য বলে মনে করতে পারি।

অনেকে প্রভাবের প্রশন তোলেন। অনেকে বলেন তার কোনো প্রভাব একালের লোকদের উপর নেই। প্রভাব নেই বলে তক করাটাই কিন্তু প্রভাবের কিছন্টা স্বীকার করে নেওয়া। রবীন্দ্রনাথের শেষদিকে তৎকালীন তর্মণ কবিরা, বিশেষ করে একজন কবি, রবীন্দ্রপ্রভাব থেকে নিজেকে সম্প্রণ মন্ত বলে ঘোষণা করেছিলেন, এবং লিখেছিলেন—

> হে রবীন্দ্র, কাব্য তব অবসিত হোক — তোমার অশন্ত দন্তে ক্লীব আবিভবি

## ভারতেরে করেছে মলিন,

হাঁা হাঁা, প্রচুর মলিন

রবীন্দ্রনাথের কাব্যের অবসান প্রার্থনা করেছিলেন কবি। কেননা, সেই 'শ্লীব আবিভবি' কবিকে পর্বর্বস্থান করে ফেলেছিল। এই ব্যাপারটা কি প্রভাবকে একেবারে মঙ্জায় মঙ্জায় শ্বীকার করে নেওয়া নয়?

কিম্তু রবীন্দ্রনাথ এখনো আছেন, অথচ সেই কবি আজ কোথায় ?

প্রত্যক্ষ হোক, পরোক্ষ হোক, পর্বেস্,রিদের প্রভাব উত্তরস্,রির মধ্যে কিছ্ন না কিছ্ন বর্তারই । সাহিত্যের ধারাবাহিকতা আছে, ক্রমবিবর্তানও আছে এর । মাঝপথে হঠাং আরশ্ভ হয় না নদীর ধারা, হঠাংই গাজিয়ে ওঠে না কোনো বক্ষ—তারও বীজ দরকার ।

এই সবই যদি দরকার। প্রকৃতির দরবারে একটা নিয়ম আছে। সে নিয়ম স্বীকার করে নিতে হলে শরংচন্দ্রকেও কায়মনোবাক্যে স্বীকার করব, শ্রুমা করব, এবং তাঁর কাছ থেকেও আমরা কিছু পেয়েছি বলে কৃতজ্ঞতা জ্ঞানিয়ে রাখব।

আমরা যদি আমাদের অগ্রজদের প্রতি শ্রন্থা ও সন্তম না দেখাই তাহলে আমাদেরই লোকসান। অগ্রজদের আমরা যদি অশ্রন্থা ও অবজ্ঞা করি তাহলে আমাদের এই আচরণ দেখে আমাদের অন্করা আমাদের প্রতি তদন্রপ ব্যবহার করবে। এটা কি আমাদের পক্ষে প্রীতিপ্রদ ঠেকবে? যদি তা না ঠেকে, তাহলে আমরা ঠকতে রাজি হব কেন? একথা আমাদের মনে রাখতে হবে যে আমাদের পিছনে-পিছনে অনেকেই গোকুলে বাড়ছে।

অশ্রন্থা জানাবার ও অন্বীকার করার প্রবণতা আজকাল অনেকক্ষেয়ে দেখা যাচ্ছে বলেই এত কথা বলা। এইসঙ্গে একথাও মনে রাখতে হবে যে, কাউকে ছোট করলে নিজে বড় হওয়া যায় না। অন্যকে ছোট বলে প্রমাণ করার ইচ্ছে থাকলে নিজেকে মাপসই বড় করে নিতে পারলেই ল্যাঠা চুকে গেল। কিন্তু—

বড় হওয়া সংসারেতে কঠিন ব্যাপার সংসারে যে বড় হয়, বড় গণে তার।

নিজের গালের চর্চা ও অপরের গালের তারিফ যাগণং করে যাওয়ার মধ্যে অসীম আনন্দ আছে। এই আনন্দ থেকে আমাদের নিজেদের বণিত করতে সম্মত যেন না হই। কেননা, এটা নাকি মানকরিক্রের একটা বড় গাণে।

আমরা এখন শরংচন্দ্রের রচনা তেমন পড়িনা। কিন্তু একটা সময় ছিল,

যখন তাঁর লেখা আমরা রাত্রি জেগে পড়ে শেষ করেছি। যখন স্কুলে পড়ি তখন অভিভাবকদের জন্মতি নিয়ে পড়েছিলাম শ্রীকালত। শরংচম্প্রের রচনা পাঠ করা সেই আরশ্ভ। 'এ বিশেবর দাবাথেলায় কৈলাশচন্দ্র মন্ত্রী হারাইয়াছেন'—তাঁর চন্দ্রনাথ পড়তে পড়তে এই লাইনে এসে পেণছৈই বই বন্ধ করে উঠে চলে গিয়েছিলাম, কর্ণরস এত গাঢ় হয়ে উঠেছিল সেখানে, যে আর সহ্য করা গেল না। কিন্তু সেইটেই তো মধ্রতম্যা নাকি সবচেয়ে বেদনাত বার্তা বহন করে। স্তরাং ঝোঁকটা কাটিয়ে নিয়ে আবার এসে পড়ে শেষ করে ফেলতে হয়েছিল বইটা।

কিন্তু এখন আর তেমন পড়িনে। শরংচন্দ্র, ব্যক্তিগতভাবে বলতে গেলে, আমার কাছ থেকে অনেকটা সরে গিয়েছেন। আমার কাছ থেকে সরে গিয়েছেন বলেই তিনি দেশের কাছ থেকে তো সরে যাননি। তাঁর বইয়ের প্রচুর চাহিদা দেখেই তো জানা যাচ্ছে, তার পাঠক এখনো অজস্ত্র।

কিন্তু যেহেতু আমার আর আকর্ষণ নেই সেইহেতু তাঁর প্রতি সকলের সব আকর্ষণ উহ্য হয়ে গিয়েছে, এ সিন্ধান্ত ঠিক নয়।

একদা তাঁকে অপরাজের কথা শিলপী আখ্যা দেওরা হয়েছিল। পারিপাশ্বিক অবস্থা বিবেচনা করে তথন তাঁকে সে আখ্যা দেওরা ঠিক হয়নি। কিন্তু এখন ? তাঁর গ্রন্থের বিপ*্ল* চাহিদা দেখে এখন আমরা বলতে বাধ্য - তিনি অপরাজেয়।

মান্ধের রুচি সমান নয়। কারো কাছে পাঁপড় উপাদেয় ব'তু, কারো কাছে বা পে'পে। দুটোই খাদা। কিব্ যেহেতু এর একটির উপর হয়তো আমার আকর্ষণ তেমন মজবৃত নয়, স্তরাং সেটাকে অখাদা বা অপাংক্তেয় বলে ঘোষণা করার অধিকার আমার নেই। তাকে নস্যাৎ করার অধিকার তো নেইই।

কিন্তু সাহিত্য-সংসারে বর্তমানে এই রকম একটা রেওয়াজ উঠেছে । এই রেওয়াজটা কিন্তু উঠে যাওয়া দরকার ।

শরংচন্দ্রের রাজনৈতিক জীবনের কথা একট্ব বলি। তিনি আমাদের ভারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে নিজেকে যুক্ত করেছিলেন। দেশ স্বাধীন করার যে ব্রত কংগ্রেস নিয়েছিল তার সঙ্গে নিজেকে তিনি একাথা করে নেন। গান্ধীজি তথন অহিংস মঞ্জে দেশের মানুষকে দীক্ষিত করে চলেছেন। গান্ধীজি তথন কংগ্রেস প্রতিষ্ঠানের কাছে ও দেশবাসীর কাছে মুকুটহীন সমাট । শরংচন্দ্র গান্ধীজির প্রভাবে প্রভাবান্বিত এই কংগ্রেসের সঙ্গে যান্ত হয়েও গান্ধীজির অহিংস-নীতির সমর্থ ক হতে পারেন নি । তিনি গান্ধীজির বিরোধিতা করেন নি বটে, কিল্তু তাঁর আকর্ষণ ছিল অন্যর । তিনি সমর্থ ক ছিলেন বাঘা যতীনের, যদালোপাল মাথোপাধ্যায়ের, মানবেন্দ্র রায়ের । তাঁর বিশ্বাস ছিল, হিংসার আশ্রয় না নিলে এদেশ থেকে প্রবল-প্রতাপান্বিত ইংরেজকে উচ্ছেদ করা যাবে না ।

তাঁর মনের এই বাসনা ও ভাবনা রুপ পেয়েছে তাঁর 'পথের দাবি' বইতে।
তিনি এখানে যে চরিত্র সৃষ্টি করেছেন, সেই বিশেষ চরিত্র সব্যসাচি। এই
চরিত্রের মধ্যে শরংচন্দ্র অলপবিস্তর নিজেই উপস্থিত এ রকম অনুমান
অনেকেই করে থাকেন, এবং সে অনুমান সম্ভবত সম্পূর্ণ অসংগত নয়।

দেশাত্মবোধের ব্যাপার নিয়ে শরৎচন্দ্রের এই বইই অবশ্য আমাদের দেশে প্রথম নয়। এর আগে বিষ্কমচন্দ্র লিখেছেন, লিখেছেন রবীন্দ্রনাথও। কিন্তু তাঁর এ বইয়ের মেজাজ একট্র আলাদা। এ'তে তীব্রতা একট্র বেশি।

ইংরেজ সরকারের বির্দেধই এই বই। ইংরেজ সরকার বইটিকৈ বাজেয়াপ্ত করেন।

মান্বের সবলতা দ্বর্ণলতা মান্বের চরিতের ভূষণ, এবং এ তার বৈশিষ্ট্যও। যে শরংচন্দ্র তাঁর মনের দৃঢ়তা প্রকাশ ক'রে গান্ধীজির আদশের অন্ব্রামী হলেন না, যে শরংচন্দ্র সেই দৃঢ়তা প্রকাশ করলেন ইংরেজ সরকারের বিরুদ্ধে অনেকটা জেহাদ ঘোষণা করে। তাঁর এই উপন্যাসটি রচনার মধ্য দিয়ে তিনি তাঁর বিদ্রোহী মনোভাবেরও পরিচয় দিতে পারলেন, তিনিই সহসা কেমন করে যেন প্রকাশ করে ফেললেন তাঁর মনের দ্বর্ণলতা।

'পথের দাবি' বইটি তদানীশ্তন ইংরেজ সরকার বাজেয়াপ্ত করলেন।
এ'তে বিচলিত হয়ে উঠলেন শরংচন্দ্র। তিনি দরবার করলেন রবীন্দ্রনাথের
কাছে। তাঁকে অনুরোধ করলেন তিনি যেন এর প্রতিবিধানের জন্যে তাঁর
প্রভাব খাটান।

রবীন্দ্রনাথ জ্ঞানালেন ধে, 'বইটি উত্তেজক।' শরংচন্দ্র ইংরেজ সরকারকে পছন্দ না করলে, লেখক হিসেবে তার এ অধিকার অবশ্যই আছে যে, তিনি তা জ্ঞানাবেনই। কিন্তু কোনো বস্তৃতায় বা প্রবন্ধে সে কথা জ্ঞানানো এক, কাহিনীর মধ্যে দিয়ে তা জ্ঞানানো অন্য। কাহিনীর আকারে তা জ্ঞানালে তার তীক্ষ্মতা অনেক বেড়ে ধায়।

এবং রবীশ্রনাথ আরও জানালেন, এ ক্ষেত্রে ইংরেজ সরকার তো খ্ব কঠোর কাজ কিছ্ করেনি। তারা বইটাই বাজেয়াপ্ত করেছে, লেখককে তারা কোনো রকম শাশ্তি দেয়ও নি, দিতে চায়ও নি। বিশেবর অন্যান্য দেশের সরকার এত নরম পথ নের না, এমন কি আমাদের দেশের ক্ষ্দে ক্ষ্দে জামদারদের পীড়ননীতি দেখলেও বোঝা যায় যে তারাও অন্যর্প ক্ষেত্রে আরও ভীষণ ম্তিগ্রহণ অবশাই করত।

স্তরাং রবীন্দ্রনাথ এ ব্যাপারে আর অগ্রসর হতে পারেননি, তাঁর প্রভাব খাটাবার কথাই আর ওঠে না।

এ'তে শরংচন্দ্রের চরিত্রের বিশিষ্টতার মধ্যেই তাঁর মনের দুর্বল দিকটি উদ্ঘাটিত হল বটে; কিন্তু সেইসঙ্গে আমরা বাড়াত একটা লাভেও লাভবান হলাম। আমরা প্রত্যক্ষ করতে পারলাম—রবীন্দ্রনাথ তাঁর বয়োজ্যেন্ঠ অবশ্যই, কিন্তু তাঁর সমসাময়িকও, উভয়ে একই সঙ্গে পাশাপাশি লেখনী চালনা করে চলেছেন, সেই সমসাময়িকের প্রতি শরংচন্দ্রের প্রাণ্ডা কডটা, ভরসা কডখান। এবং রবীন্দ্রনাথও অকপটে তাঁর মনের কথা বলতে এতট্টক্ নিবধা করলেন না। অথচ, উভয়ের মধ্যে এর জন্যে কোনো বিতণ্ডার স্তিট হল না।

সাহিত্য-সংসারের হাওয়া তো এমনই হওয়া দরকার। আমরা এ'দের জীবন থেকে এই সার সংগ্রহ করে নিতে পারলে লাভবনেই হব।



শরংচন্দ্রের কবিচিত্তে দুই সত্তা ছিলো বটে, পাশাপাশি, শ্বন্দর ক'রে নয়; কোন বিহঙ্গের দুই গ্রীবার মতো বললে কাছাকাছি বলা হয়, কিশ্তু ভূল ব্যুথবার সম্ভাবনাও থাকে, কেন না কেউই নিরাসন্ত নয়; ঠিক তূলনা দেয়া হবে যদি অনুমান করি একজন বাইরের দিকে নজর রাখছে, অন্যে হরের ভিতরে খ্রুকছে; দ্বুইতো অন্তরবাসী, কিশ্তু তাদের একটি যেন বা অন্তরতর।

এবং এই দুইএ দুই পৃথক জাতের উপন্যাস লিখে চলেছিলো একই চিত্তে অবস্থান করা সত্ত্বে ; সন্তরাং অনুমান করতে চাই শরং উপন্যাসকে দু ভাগ ক'রে নিয়ে পড়তে সনুর করা ভালো । প্রশন হতে পারে, সব মিলে তো একটি সাহিত্যিক ব্যক্তিশ্ব তাকে কি দু টুকরো করা যায় । একই ব্যক্তি নিপ্রণ সংসারী আর ভালো সেতার বাজিয়ে হতে পারে ; তার কাছে আমরা সংসারধর্ম সম্বন্ধে উপদেশ চাইতে পারি, সেতার বাজানোর অনুরোধ করতেও পারি ।

বৃদ্ধি-বিবেচনা, সামাজিক-রাজনৈতিক ভালো-মন্দর হিসাব, বইএ পড়া তত্ত্ব, এসবই আমাদের প্রভাবিত করে, কারণ আমরা শ্বাথের খাতিরেই সামাজিক জীব। এসব আমাদের প্রভাবিত করে, আমরা উত্তেজিত হই. চিংকার করি, নিজের মত ঘোষণা করি, আবেগে মথিত হই, প্রাণ দিয়ে ফেলি। যার সাহিত্যের নিপ্রণতা আছে অর্থাৎ সেই ক্ষমতা থাকে ফুয়েডও রহস্যময় ব'লে ছেড়ে দিয়েছে, সে তার মতামতকে কুশীলবের কথাবাতা, চালচলনের মধ্যে দিয়ে প্রকাশ করে উত্তেজনা থেকে নিক্ষতি পায়, মনের প্রশান্তি ফিরে পায়। উত্তেজনা থেকে নিক্ষতি পাওয়া আরামের, কেননা তাতে কর্মশিন্তির ক্ষয় বন্ধ হ'রে থাকে।

কিম্তু উপন্যাদের অনুপ্রেরণা অন্য রকমেরও হ'তে পারে। সে অনুপ্রেরণা কবিচিত্তে সুকিয়ে থাকা এক গভীর বেদনাঝেধ হ'তে পারে; যে বেদনা, ( যেমন লরেন্সের জীবনে তার পিতামাতার দাম্পত্য জীবনের ভারসাম্য হারিয়ে ফেলা ) নিতাম্ত ব্যক্তিজীবনের, সামাজিক জীবনের নয় , হয়তো বা যেমন এসেক্সের মৃত্যু দ৽ড এবং সাদাম্টনের কারাবাস, অথবা ট্যাজিক পিয়ারিয়েছের যে অম্তর্গ্র্টে বেদনাকে আজ পর্যম্ভ আবিশ্কার করা গেলো না, অথচ যা পর্রনো হ্যামলেটকে নতুন ক'রে লিখতে বাধ্য করে. যে বেদনা মাতৃহারা জীবনের অবক্ষয় ও হতাশায় তৈরী ব্রন্টি ভাম্নিদের নিউরোসিস প্রায়্ম আর্ততা। দেখা যাচ্ছে যে গভীরে প্রবিশ্ট বেদনা সাধারণ মানুষকে নিউরোটিক করতে পারে, আমাদের সৌভাগ্য, তা কয়েকজন মানুষকে সাহিত্যিক করে। এরকম ধারণা হ'তে থাকে উপন্যাসের এরকমের প্রেরণা যেন গভীর অম্থকারে নিম্মন অম্ভরের অম্ভরতম কোথাও রয়েছে এমন এক উৎস থেকে উৎসাবিত।

যদি বলা হয় সব উপন্যাস রচনার উদ্দেশ্যই পরিংতে তৃপ্তি লাভ, কিংবা র্যাদ তা অর্থ'বহ দ্বণন দেখাই হয়, তা হলেও অনুপ্রেরণার এই মোল পার্থ ক্য থেকে যাবে। অর্থের অভাবের দর্মণ সমাজে প্রতিষ্ঠা না পেলে মান্যুষের মন পীড়িত হ'তে পারে, সমাজের প্রচলিত রীতিকে অন্যায় মনে হ'তে পারে, অথচ সব সময়েই সমাজকৈ বদলে দেওয়ার রাজনৈতিক ক্ষমতা হাতে পাওয়া সম্ভব নয়, তখন সমাজ সংক্ষারকারী কিংবা সমাজে বিপলবকারী সাহিত্য স্টিট পরিবতে তিগত লাভ অথবা অর্থবহ প্রণন দেখা। এমন নয় শুধু যে এতে সমাজকে তার প্রাপ্য শান্তি দেয়া হ'লো, বরং সেই ধিকৃত সমাজে ক্রমণ অর্থ যশ, সুন্দরী-দ্বী যা অন্যভাবে পাওয়া সম্ভব ছিলো না তা সব হাতের কাছে এসে যেতে পারে। এ রকম কি মনে হয় না যে হঠাৎ লটারিতে টাকা পেলে এ অনুপ্রেরণা শ্বকিয়ে যেতে পারে ? কিন্তু অন্য রক্মের অভাব বোধ আছে ; যেমন মৃত্যুর অনুভূতি যা প্রাণের সব আধোজনকে অভাবে পরিণত করে, যেমন পিতার বিবেকে অনাস্থা, যেমন অপ্রাপনীয়া এক রমণীরত্ন। অর্থা, প্রতিপত্তি, যশ, সমাজ ব্যবস্থার রদবদল কিছুই এই অভাববোধগলোকে দরে করে না। এগ্রনিকে প্রের অভাববোধের তুলনায় কি বেশী আশ্তরিক বলা যায় ? এ বেদনা-বোধগলোকে কি অন্তরতর, আদিমতর কারো বেদনা বলা হবে ?

অন্যান করি অন্প্রেরণার এই মৌল পার্থ ক্য উপন্যাসগ্লোকে জাতে পৃথক ক'রে থাকে। আমরা দেখতে পাচ্ছি শরংবাব্ দ্বজাতের উপন্যাস লিখেছেন। কতগর্নিতে সমাজ, তার ন্যায় অন্যায়, তার সংক্ষারের প্রয়োজনীয়তা প্রাধান্য পেয়েছে। অন্যগর্নিতে নারী এবং তার প্রেম। এই দুইজান্ডের মধ্যে কোনগর্নি ভালো তা বলা নিরথক। কেন না এমন অনেকে আছেন যাদের কাছে শরংবাব্র পঙ্লীসমাজ, বাম্নের মেয়ে, অরক্ষণীয়া, অভাগীর স্বর্গ শরংবাব্র সার্থক স্থি। এই তো সেদিন বর্ত্তমান কালের একজন নাম করা সাহিত্যিক হলফ করে বললেন, অভাগীর স্বর্গ প্রথিবীর শ্রেষ্ঠ কয়েকটি গলেপর একটি। আমরা জানি এসব উপন্যাস গলপ শরংবাব্র জন্য বিদ্রোহী, বিপ্রবী সমাজ সংস্কারকারী এমন অনেক উংকৃষ্ট প্রশাসা সংগ্রহ করেছে। অন্যদিকে এমন অনেকে আছেন যাদের কাছে শ্রীকান্ত সবচাইতে ভালো উপন্যাস শরংবাব্র । শ্রীকান্তে এখানে ওখানে সমাজ সম্বন্ধে শরংবাব্র দ্ব একটি মত শোনা যায় বটে, কিন্তু ম্লেত তা প্রেমের উপন্যাস। স্ত্রয়ং এখন এখানে কোন উপন্যাসগর্নি ভালো তা না ব'লে শ্ব্র তাদের জাতিগত ভেদটাকে দেখিয়ে দেয়াই ভালো।

এইভাবে ভাগ ক'রে নেয়ার পরে এখন আমি যা কিছ্ বলতে চাইছি তা সেই উপন্যাসগ্লো সম্বশ্ধে—যেগ্লিতে প্রেমই যেন শরংবাব্বে আকর্ষণ করেছে। এখানে কি একবার বলে নেয়া হবে প্রেম সম্বশ্ধে এমন কথা এত কথা শরংবাব্র আগে কেউ বলেন নি? আমরা বৈশ্ব কাব্যে অনেক প্রেমের কথা পেরেছি, কিন্তু সে কি নর-নারীর প্রেম? এখন আমরা অনেক উপন্যাসে, অনেক গর্পে অনেক রকমের প্রেমের কথা বলি, কিন্তু শরংবাব্র আগে এত বেশী করে, এত স্পন্ট ক'রে আর কবে এমন ক'রে প্রেমের কথা বলা হ'লো? কিন্তু শর্ধ্ব প্রেমই নয়, একটা হতাশাও যেন, যেন প্রেমের সেই পাত্রী অপ্রাপনীয়াই থেকে যায়। প্রেম যতো উম্জ্বল তার পাশে পাশে অমিলনের বেদনাও তেমন গভীর। আমার মনে হয়েছে তাঁর এই উপন্যাসগ্রলো অনুপ্রেরণা প্রেয়েছ এক গভীর বেদনাবোধ থেকে।

সেই বেদনা তাঁর মানসের কোন অংশের যশ্রণা, সে আলোচনা মনস্তত্ত্বের বিষয় হ'তে পারে যা আমাদের বিষয় নয়। এটা কিশ্চু গোড়াতেই ব'লে দেয়া দরকার, তাঁর শিল্পের অন্প্রেরণা, এই তাঁর আতি কৈ ব্রুতে না পেরে তাঁর শিল্পের ভূল ব্যাখ্যা করা হয়েছে। তাঁর মানসের অপেক্ষাকৃত উপরিতল, যেখানে ব্রশ্ধি-বিবেচনা, প্রতিপত্তির অভাব বোধ, সামাজ্ঞিক অযোগ্যতা ইত্যাদি একর বাস করে, তা উত্তেজ্পনায় প্রেরিত হয়ে যে উপন্যাসগলিকে স্থিতি

করেছিলো, আমরা লক্ষ্য করেছি সেগ্রেল তাঁকে সমাজসচেতন বিদ্রেহী ইত্যাদি অভিধা সংগ্রহ ক'রে দিয়েছে; তেমনি অংশত তাঁর কোন কোনটি বিশেষ করে এই প্রেমে উপন্যাসগর্নল তার জন্য নারী দরদী এই বিশেষণ সংগ্রহ করেছে। এসব শ্নতে শ্নতে মনে হয় এ উপন্যাসগর্নলতে শরৎবাব্ব প্রেমের কাহিনী বলতে বসেছেন, তার চাইতে গভীর যদি কিছ্ন থাকে তবে নারীর জন্য দরদ। যেন বা যারা ভ্রন্টা তাদের তুলে ধরার জন্যই শরৎবাব্ব কলম ধরেছিলেন।

তাঁর সম্বন্ধে এই নারীদরদী জাতীয় বিশেষণ যে কত হাস্যকর (যে কোন ঔপন্যাসিক সম্বশ্ধে তা হাস্যকর হ'তো, কেন না ঔপন্যাসিকের দরদ একপেশে হ'লে উপন্যাসই হয় না ) তা বোঝাতে শব্ধর এটাকু বললেই চলে নারী বলতে শুখু তাদেরই বোঝায় না যারা সমাজের চোখে শ্রুটা, এবং এটাও সত্য নয় যে নারী বললে আমাদের জায়া জননী দুরিতাকে বোঝায় না। তাদের প্রত্যেকের জীবনেই, ষেমন নারীপুরুষ নিবিশেষে প্রত্যেকের জীবনে, প্রচণ্ড রক্ষের ব্যথাতা, অপূর্ণোতা ক্লান্তি থাকা সম্ভব যদিও যারা ভ্রুটা হন নি, অথচ তাদের সেই বেদনার কথা শরংবাব, কোথায় বললেন ? সব চরিত্তই উপন্যাসিক দরদ দিয়ে স্থািট করে। কোন চরিতের উপরে দরদ না থাকলে তা চরিত্রই হয় না। কিল্ত নারীর প্রতি দরদ দেখানোর জন্য শরংবাব রাজ-লক্ষ্মী, চন্দ্রমুখী, সাবিত্রী, অচলাদের এ'কেছেন এ ভাবা তথনই সম্ভব যখন আমরা আসল উদ্দেশ্যটা ধরতে পারি না। নারী মুক্তি কি, কাকে নারীর উন্নতি বলা হবে এসব কথা যদি প্রবন্ধে ব'লেও থাকেন তার সঙ্গে উপন্যাসের সংযোগ কোথায় ? কোন উপন্যাসের প্রবলেম বা আগর্মেটেই তো নারীর মাজি বা উন্নতিকে দেখিনি। দরদ মাঝে মাঝে দেখিয়ে ফেলেছেন বটে: আমাদের মতো কেউ হলে তা প্রশংসা পেতে পারতো, কিন্তু তাঁর পক্ষে সে তো চুর্নিট। অন্নদাদিদিকে কিংবা অভয়াকে অথবা মূণালকে অতটা দরদ না দেওয়াই উচিত ছিলো উপন্যাসের খাতিরে। অল্লদা উপন্যাসে প্রক্ষিপ্ত, অভয়া অবাশ্তর, মূণাল সেশ্টিমেন্টাল সূথি হ'য়ে সাথ ক "ফাইল" হ'তে পারলে না।

তবে কি শরংবাব এত বিচার-মৃঢ় ছিলেন যে ব্রুতেন না উপন্যাস লিখে নারীর জীবনে মৃত্তি এনে দেওয়া যায় না, ভণ্টাকে সমাজের সম্মান পাইয়ে দেওয়া সম্ভব নয় ? শরংবাব কি জানতেন না, বিদ্যাসাগর সমাজে ঢেউ তোলার শব্তিপ্রয়োগ করেও যেখানে বিধবাদের জীবনকে দঃখ মৃত্ত করতে পারেন নি সেথানে উপন্যাস লিখে রাজলক্ষ্যী, সাবিদ্রী, অচলাদের জীবনকে আবার আনন্দময় ক'রে তোলা পাগলামি? না, আমি অন্তত শরংবাব্বকে বিচার-মৃত্ মনে করি না। এ রকমের মহৎ সামাজিক উদ্দেশ্য তার ছিলো এ আরোপ ক'রে এই প্রেমের উপন্যাসগ্রলা ষারা পড়েন তাদের সম্বশ্ধে চালাক শব্দটা প্রয়োগ করা যায়; ভ্তের প্রতি বিশ্বাস প্রমাণ করার জন্য সেকশপীয়র হ্যামলেট লিখেছেন বললে আমরা সবাই হাসি, কিন্তু শ্রীকাশ্তে, 'গ্রেদাহ', চরিরহানে যখন নারীদরদ খ্রুণজি তখন হাসি না কেন সেটাই সমস্যা!

এখন এই প্রশন উঠবে, কি তা হ'লে শরংবাব্যর উদ্দেশ্য ছিলো ? কতগ্রলো বিচিত্র চরিত্র সূস্টি করা? আর তা করতে গিয়ে কতগলো গল্প তৈরী করা ? তা হলে, যদি এটাও আরোপ করি তা হলেও তো শরংবাবকে ঠকে যেতে দেখবো। চরিত্রগ্নলো বিচিত্র থাকছে কোথায় ?—একে অন্যের থেকে ধার ক'রে চলেছে। চন্দ্রমুখী ও রাজলক্ষ্যী, অচলা, সবিতা, সাবিত্রী নানা দিক দিয়েই তো তারা একে অন্যের কাছে ঋণী। এমন কি দেবদাসের পরিণত রূপে যেন জীবানন্দ, উদাসীনার সমান প্রতীক যেন সংরেশ্দ্র এবং শ্রীকাশ্ত। প্রকৃতপক্ষে যা ঘটেছিলো তা এই যে, শরংবাবার অন্যপ্রেরণা এক অপ্রাপনীয়া রমণীরত্নের সম্থানে ব্যস্ত ছিলো। এখানে অবশাই মান্য শরংবাবার কথা বলা হচ্ছে না। নানা পরিস্থিতিতে ষেন তাকে দেখতে পেয়েছে শরংবাব্যর সেই অশ্তরতর প্রের্য। দেখতে পেয়েছে কিল্ড গ্রেটীতা হয় নি; তা হয় না, কারণ চিরদিনই সে অপ্রাপনীয়া। না, সে উর্বশী নয়, যদিও তার মতোই অপ্রাপনীয়া। উর্বশী নয় বরং মানবী : কাব্য নয়, এটা উপন্যাস । কিল্ডু তাকে না পেয়ে জীবন বার্থ হয়েছে তা বলা হয় না, কিল্ত তার অভাববোধটা মনের অতলে গিশে সাহিত্যের অনুপ্রেরণা হয়। এখানে এমন কথা উঠবে কি এই সামান্য ব্যাপারে এত উপন্যাস ? একটা তলনা নেয়া যাক। বিয়াতিচে সাইমোন বাদি'র শ্রী ছিলেন কি না জানিনা.

কিন্তু দান্তে 'লেগিথেরির কাব্যের উন্দিন্টা নারী ছিলন।
নানা উপন্যাসে নানা ভঙ্গি তার, যেন একই রম্বের নানা মুখক। আর
সেই রম্বের সন্ধানযাত্রায় যেন অন্তরতর পুরুষ্টিকে ধারে ধারে বদলে
দিয়েছে। এরকম অবস্থায় বা হ'যে থাকে। উপন্যাস থেকে উপন্যাসে গিয়ে

সেই মুখকগ্নীল যেন নতুন আলোয় উজ্জ্বল, যদিও সেই একই রত্নের তা বোঝা যায়, আর পাশাপাশি দশাক সেই অম্তর্তর প্রের্যেরও চারিত্রিক উত্তরণ ঘটে যাচেছ। একেই কি চ্ড়াল্ড লাভ বলবো ? কেননা এই উত্তরণের একটা লক্ষণ এই যে, বেদনা বিশ্বেষ ক্ষোভ থেকে মৃত্তি লাভ করছে সেই অশ্তরতর প্রের্ষ।

উদাহরণ হিসাবে আমরা প্রথমেই দেবদাস উপন্যাসকে হাতে নিতে পারি। আমরা জানি এই উপন্যাসকে কাঁচা বলা হয়েছে। এটা কাঁচা নয় এমন প্রমাণ করার চেণ্টা আমাদের নেই। বোধহয় স্মরণ রাখা ভালো পরিপক্ষের দ্ণিটতে তর্ণ প্রেমের টাটকা ভাবটা কাঁচাই মনে হয়। এই উপন্যাসকে প্রথমে হাতে নেয়ার এটাও কারণ নয় যে এটাই অন্যাগ্লোর আগে লেখা হয়েছে। এই উপন্যাসকে বাছাই করার এটাই একমাত্র যা্ত্তি যে এখানে সেই অন্তর্তর প্রেমকে তার আদিমতম অবস্থায় আবিন্ধার করা সন্ভব। মনস্তাত্তিকরা তাকে ইদের প্রকাশ বলবেন—যথন পর্যন্ত লিবিদোইগো পরস্বর সংবদ্ধ—স্পারইগো দ্রেম্থিত ?

সে যাই হ'ক, এই প্রের্ষ তার প্রেমপাগ্রীর অবস্থান জেনেছে, শ্বর্প ব্রতে পারছে না; বাস্তবে তার অবস্থান কোথায়, কি বাধা তার প্রেম-পারী হতে জাও যেন অস্পন্ট নয়। প্রেমপারীর পথের বাধার্গলিকে নৈতিক কিংবা মানসিক ৭'**লে বোধ হচ্ছে না। যেন সে অনুভব করছে সেই** রমণী-রত্ন তো কিশোরীর মতো অপাপবিন্ধা, তার মনে তার নিচ্ছের ছাড়া আর কারো ছায়া প্রনিত পড়ে নি। কিল্কু বাধা যে আছে তাও মিথ্যা নয়। সে ভাবতে চেণ্টা করে বাধাগালি সামাজিক দ্নবারি, টাকা প্রসা কমবেশী থাকার মতো স্থলে বিষয়, হদয়ের বা নৈতিক বাধার তুলনায় যাকে সহজ-লঙ্ঘন করা যাবে ব'লে মনে হয়; কিল্ত একসময়ে সে ব্রুখতে পারে বাধা-গলোকে। যান্তির দিক দিয়ে যত সহজ-লংঘনীয় মনে হয়েছিলো, প্রকৃত-পক্ষে তা নয়। সে বাধা পিতা (চিরকালের প্রতিপক্ষ?) এবং তার সামাজিক বৃণ্ধি হয়ে সামনে দাঁড়ায়। যেন প্রতিপক্ষ তাকে বণিত করে ব'লেই আদিম ঈষ্যায় সে তার রমণীরণ্ণকে কলঙ্কলাঞ্চিত করতে চেণ্টা করে। কিম্তু সে তো রমণীরহুই যার গায়ে কলংক লাগেনা, কলংক লাগলেও যে রমণীরত্নই থাকে। স্বতরাং আত্মহননের পথই খোলা থাকে। মনন্তা দ্বিকরা বলতে পারেন এই আত্মহননের ইচ্ছার মালে মহতের বিগ্রহের সম্মাথে বলির পবিত্রতা লাভের আদিম কোম থেকে আনা কোন সংবাদ আছে কিনা; হয় বেতা বা তা আড়ালে গিয়ে জননীর ন্দেহকে ব্যাকল করার অভিজ্ঞতাপ্রস্কত হ'তে পারে: এই আত্মহননের একটি সার্থকতা কিন্তু অপ্রাপণীয়া প্রেম-

পারীকে ক্লেশেব্দরিত ক'রে নিজম্ব করার চেণ্টা। আবার, সেই মন-ভাত্বিকরাই একে স্যাডিজমের পরিবর্ত বলবেন কিনা এরকম প্রশন তোলা যায় বটে; কিন্তু এটা লক্ষণীয়, যে এখানে দেবদাস যেন বলবে, আমি তোমাকে পেলেম না, কিন্তু দেখো অপরিবর্ত্ত নীয় ভাবে, মৃত্যুন্থির অবস্থায় তোমার রইল্ম; কিন্তু ভোমারও শান্তি থাকা উচিত নয়, হাহাকার করো, মৃত্যুর অধিক ব্যথা পাও।

এখানে চন্দ্রম্খীকে নিয়ে এক সমস্যা আছে। পার্র চাইতে এটি বিচিত্রতর চরিত্র। যাঁরা মনে করেন 'নারী দরদী হওয়াই উপন্যাসিক শরং চন্দ্রের সার্থকতা তাঁরা এখানেই প্রথম দরদ দেখানোর উপযুক্ত সং অসংস্থীলোককে (কল্যাণময়ী ভ্রণ্টা ) দেখতে পেয়ে থাকেন। কিন্তু যাঁরা শিলপকাশলকে প্রথম আলোচ্য বিষয় মনে করেন তাঁরা এখানে সেই ব্যালাস্ট স্থাপনের স্কোশল খ্রাজে পাবেন যে ব্যালাস্টের অভাবে প্রেম গরম ভাপে ভরা ফান্স হ'য়ে যেতে পারতো। এরকম অনুমান করি চন্দ্রম্খী সেই রমণী-রত্নেরই আর এক ধ্যানম্তির্ব যাকে সামনে রেখে অনুপ্রেরিত সেই অন্তর্যর বলতে পারে, তুমি স্বামীবিচ্যুতা হ'লেও স্বাধীনা হ'লেও, এমন কি ভ্র্ণটা স্ক্রাং সহজ্বভায় হ'লেও, আমি আমার এই দ্বুরুত পাওয়ার তাগাদাকে কত পবিত্র রাথতে পারি, ভালোবেসে কাছে পেতে চাই বটে, বাধা অতিক্রম করা এখানে সহজ্ব হ'লেও, সামাজিক নীতির কোন বাধাই নেই, ভালোবাসার ফল ভোগ করতে চাইনা।

যেন ইদ্ থেকে সপার-ইগো তার রুচি নিয়ে উঠে দাঁড়াবে মনে করছে—
এমন এক ব্যাখ্যা হয় নাকি? কিশ্তু এখানেও একটা শাস্তি থেকে ষাচ্ছে সেই
রমণীরঙ্গের জন্য, একই মৃত্যুতে পার্ব তীর সঙ্গে হাহাকার করবে—এক হয়ে
যাবে, কিশ্তু তার চাইতে আরও কঠিন, আঙ্লুল দিয়ে দেখিয়ে দেয়া, তুমি টাকা
নাও, তোমার রুচি নেই।

কিন্তু প্রকৃতপক্ষে সেই রমণীরত্ন তো চন্দ্রম্খীর মতো ভণ্টা নয়, কেননা সে তো বরং শ্রিচভার স্বর্প, শর্খান্তঃপ্রচারিণী, তার আবরণ শ্ভ বেদনা, সে বরং মাধবী হ'তে পারে । বাড়ির কেউ না হয়েও সকলের স্থ স্বিধার স্বেদোবস্ত করার দর্শ সে প্রায় গ্হেক্তার মর্যাদা পেয়েছে, সে বরং বাইরের ঘরের দরজা পর্যন্ত আসতে পারে । তার ম্দ্র্গলা হয়তো শোনা বায়, অদুরে তার উপস্থিতি অনুভব করা বায়, ভাইবোনদের কথায় তার চরিত্র মাধ্বের্যের ইশারা থাকে, কিন্তু তাকে প্রকাশ্যে দেখা যায় কি? আর তার ধ্যানে যেন অন্তরতর পর্রুবের উত্তরণ শ্রুর্ হয়। সে প্রেমপারীকে কলঙ্কে লাঞ্ছিত করতে চায়না, সে যদি অধরা থাকে তবে তাই থাক, অন্তরতর পর্রুষ্ব যেন কামনাকে জন করতে চায় না, কামনাকে উদাসীন্যে ভূলে যেতে চায়, নিজেকে তাই সে কবিপ্রাণ, এক উদাসীন মান্য কল্পনা করে। কিন্তু এক সময়ে বাধ ভেঙে যায়। আবার সেই, জটিল প্রবৃত্তিটা তার ঘাড়ে চেপে বসে, আত্মহননের, যাকে পাওয়া গেলো না সেই রমণীরম্বকে ফ্রেশে জজর্তি করা জট-পাকানো এক নিষ্ঠারতা।

দেবদাসের এই স্রেলের পরিণত হওয়ার বিষয়টা, অন্মান করি, লক্ষ্য করা দরকার। স্বেলেরই সেই প্রথম উদাসীন প্রায় দার্শনিক, প্রয়্য় যাকে আমরা পরে একের অধিকবার দেখতে পাবো। এ বিষয়ে আমার এক কোত্হল আছে। গ্র্ভব শ্রেছি, শরংচন্দ্রের পিতা কখনও কখনও সাহিত্য চেন্টা করতেন, জীবনযুদ্ধে জয়ী ছিলেন না, কিছ্টা যেন উদাসীনও ছিলেন প্রকৃতিতে। স্বপারইলোকে পিতৃ-বিধেকের ছায়া কি এমন অন্করণ ঘটাতে পারে?

এখানে এই বলে নেওয়া প্রয়োজনবোধ করছি, এই যে রমণীরত্ন সন্ধানে যাত্রা তা কিল্ত আঁকা-বাঁকা উ'চ্ব নীচ্ব পথে হ'লেও দিক না বদলে একই পথে চলা এমন নয়। পাহাডের পথে সেটা তীর্থ-যাত্রীর অগ্রগতির মতো নয় কিছু;। বরং প্রদক্ষিণ করা, নানা গিরিসম্কট, গিরিকন্দর যা বিভিন্ন কোণে স্থাপিত, বারবার তার সাহায্যে যেন এক নন্দাদেবীকে করায়ত্ব করার, অন্তত ম্পর্শ করার জন্য ঘারে ঘারে চলা। সেখানে পে'ছৈ একেবারে কাছে চাইলে নতুন দেশে এলেম মনে হয়, কিল্ডু চোথ তুললেই সেই প্রোতন যার অভিনবত্ত কিছুতেই শেষ হয় না। এই প্রদক্ষিণ করায় সেই রমণীরত্বের কোন র্পেটা আগে ধরা পড়েছে, কোনটিই বা পরে সময়ের দিক দিয়ে, এসব প্রশ্নও মুল্যবান হয় না ; কেননা আগে যেরপে ধরা পড়েছিল পরের বারে দেখার মধ্যেও সেই রূপকে ইঙ্গিতে ফুটতে দেখেছি; উদাহরণ হিসাবে বলা যায়, দেবদাসে দেখার মধ্যে আর বড়িদিনতে দেখার মধ্যে যে পার্থক্য, যাকে আমরা শ্বরূপে দর্শনের দিকে এগিয়ে যাওয়া মনে করেছি পরের বারে সে পার্থক্য কমে যেতে দেখতে পাচিছ। যেন দেবদাসের দৃণ্টি কোণও আবার ফিরছে মনে হয়, উপরুশ্তু প্রত্যেকবারেই সে মুখককে যেন প্রুণ্ট দেখতেও পাওয়া ষায় না। এটা খুবই স্বাভাবিক হয়েছে কেননা কোন একটি বিষয় কে ব্ৰুখতে আমরা যখন তাকে ঘ্রিরেরে ঘ্রিরের দেখি তখন বর্তমানে কোন একবারের অতীতের দেখার অভিজ্ঞতাকে মনে ফিরিয়ে আনতে পারি।

প্রদাক্ষণে পরোতনে প্রত্যাবর্তনের উদাহরণ হিসাবে 'দেনা পাওনা' উপন্যাসটাকে আমরা নিতে পারি। মনে হয় নাকি, দেবদাসের যৌবনে মৃত্যু ঘটে না – গেলে সে যেরকম উচ্ছাঙখল জমিদার হ'তে পারতো, যে প্রায় সিনিক, এমন কি নিজের সম্বন্ধেও : যার জীবন একটা দীর্ঘস্থায়ী মৃত্যুর প্রসেস; জীবানন্দ কি ঠিক তেমন একজন নয়? সে যেন নিজেকে খানিকটা শাধুরে নিয়েছে যেন অভিজ্ঞতার ফলেই আত্মহননের সাহায্যে নায়িকাকে শাস্তি না দিয়ে, সেই আত্মহননের ইচ্ছা নিয়ে জ্বয়া খেলে যার পার্ট'নার হবে নায়িকা; যে তীর বিষ ওষ্টেও বটে তা অনায়াসে তুলে দেয় নায়িকার হাতে। সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করি যৌবনে যে আদশ<sup>র</sup>গালি ছিলো তা আর নেই, এখন সে জোর ক'রে প্রেমপানীকে দখল করতে চেণ্টা করার মতো ল জাহীন হ'য়ে উঠেছে। এখানে এসে বড়দির সেই শঃখাচারিণী শাদ্রবাসা ম্তির এক রপোশ্তরকেই দেখতে পাই : কেননা ভৈরবীও শুংধাচারিণী নিশ্চয়ই, সেও শ্বামী বিচ্যাতা বটে, প্রেমপারকে পাওয়ার ইচ্ছা তার হৃদয়ে মৃত নয়, শুধু তাকে বড়দির তুলনায় নিঃসঙ্গতর করা হয়েছে, যেন বা বডদি যা পারেনি তেমন করে সমাজের সঙ্গে সংঘাতে নামার শক্তিকে দেখতে পাওয়া যাচ্ছে: যাতে যেন মিলনের অশ্তরায়গুলো দরে হবে। হয়তো অলকা আত্ম-প্রকাশ করলোও বটে অল্তরায়গুলোকে দরে করে, প্রভাবিত করে : কিল্ডু সেই অন্ত্রেরিত অত্তরত্রের কাছে সঙ্গে সঙ্গে এটাকে অসার্থক নিরীক্ষণ মনে হ'ল। জীবানদের মৃত্য ( যোড়শী নাটক এবং দেনাপাওনা মিলিয়ে পড়া যাক ) পরেনো সেই আত্মহননই বটে কিল্ড যেন আলগা কিছু হয়ে গেলো. অন্প্রেরণা ফ্রারিয়ে গিয়েছে বোধ হ'তে থাকলো। এটাই খ্রব জ্বোর দিয়ে বলা দরকার কারণ যে সারেন্দ্র হয়েছে আত্মহননের আগ্রহে ঐক্য থাকলেও সে আর দেবদাসের গুরে ফিরতে পারে না। প্রদক্ষিণ চলেছে, আবিশ্কার হর্মান, কিল্ডু সবই তো বৃথা হতো, সব এসথেটিক—প্রচেন্টা, সব অব<sup>ব</sup>্হ স্বণন দেখা, সেই অনুপ্রেরিত পুরুষ যদি আরও নিরাসক্ত হয়ে দেখার অভিজ্ঞতা না পেয়ে থাকে। ভালো লাগে নি। অনুপ্রেরণা যেন ফ্রারিয়ে গেছে, ওয়র্ক অব আর্ট' ব্যর্থ' হয়ে যাচ্ছে, সে জনাই বাইরের বিষয় নিয়ে এসে' ( অস্ফুট সমাজ চিম্তা ? ) উপন্যাস'কে শেষ করতে হ'লো।

চরিত্রহীন উপন্যাসকে আলোচনার এই পর্যায়ে গ্রেছ দেয়ার দরকার বোধ করছি। তার কারণ অবশ্যই এই নয় য়ে, এক সময়ে য়েয়ন মনে করা হ'তো, বিপ্লবকারী সামাজিক চিম্তা-ভাবনার গ্রেছ এতে আছে। হায়, কত সহজেই বিপ্লবকারিয়া নিহত হন এবং হায়, কেউই উপন্যাসটিকে শিলেপর মান দিয়ে যাচাই করলো কি?

এই উপন্যাসটিকে বরং সমাজ সংস্কারকারী উপন্যাস গোষ্ঠীতে রাখা উচিত বরং বলা উচিত এই উপন্যাসে বঃশ্বি বিবেচনায় যে উত্তাপ লেগেছে তাই যেন অন্যপ্রেরণা। এবং আমাদের এই আলোচনায় সেজন্য এর স্থান কোথায় ? কিন্তু এই উপন্যাসে একটা ঝোঁক আছে যা লক্ষ্য ক'রে নেয়া উচিত হবে। এখানে সাবিশ্রীকে কতটকু চন্দ্রমুখীর প্রত্যাবন্ত'ন বলা হবে ? দ\_ই-ইতো ভালো অসং-শ্বীলোক। কিরণময়ীকে কতট্বকু সাবিত্রীর অ্যাণ্টি-থেসিস ভাবা হবে যেহেত সে অসং ভালো দ্বীলোক? এসব আলোচনাকে মলোহীন মনে হয় : কেননা এখানে সেই অনুপ্রেরিত অন্তর্তর নিজেকে কোথাও প্রতিফলিত করেনি। কেউ যদি উপেন্দ্রকে তার প্রতিফলন মনে করেন উপ্পেশ্রকে কত কোণঠাসা করেছেন উপন্যাসিক তা বিবেচনা করতে হবে ; বরং যেন ইগো সপোরইগোর দাবিকে অন্তরের সঙ্গে আপোস করতে চেণ্টা করছে দেখা যায় বরং অন্যে-কেউ যদি অনুরূপ কিছু দেখে থাকে এ'ষেন তার ম্ল্যায়ণ, ষেন দেবলিনী এবং/অথবা রোহিনীকে আধ্নিক প্রস্থানে এনে তাদের দেখা। এখানে একটা বিষয় খুবই লক্ষণীয়, খুব তর্ক বিতক' তোলা হয়েছে. কোনটা ভালো কোনটা মন্দ তা নির্ণয় না করলেই যেন চলে না। এই দুটি বিষয়; অনুপ্রেরিত অন্তরতর যে প্রতিফলিত নয় এবং বিতক' তলে কিছা একটাকে বোঝার চেণ্টা এদাটিকেই প্রবল্ধের এই পর্যায়ে উপন্যাসটিকে উল্লেখ করার হেতু বলতে চাইছি। এটিতে সন্ধান যাত্রা নিশ্চয়ই নেই, কিল্ড এরকম অনুমান করতে চাইছি এ যেন সন্ধানের এক বিরতিতে কিছা একটার স্বরূপ বোঝার চেণ্টা. কিন্তু স্বরূপকে আত্মন্থ করা নয়। আমরা দেখতে পাবো সন্ধান যাতায়, থেমে দাঁডিয়ে সেই রমণী-রত্নের স্বরপ্রেক কখনও বোঝার চেণ্টা করা. কখনও বা উপলিখ্য করার চেণ্টা চলেছে। বোঝা আর উপলব্ধি করার চেন্টা চলেছে । বোঝা আর উপলব্ধি করাতো সাধারণ হিসাবে একই ব্যাপার, বলতে চাইছি ক্রিয়াদ্বিটর কর্তা প্রথকব লে ক্রিয়াতেও পার্থক্য। একটি সজ্ঞান মানসের ক্রিয়া, অন্যটি যেন বা প্রাক্—জ্ঞান মানসের।

বলা বাহ্ল্য, সম্থানে সব চাইতে দীর্য স্থারী বাহা প্রীকাশেত। তা যেন দীর্যকাল স্থারী হবে এমন এক পরিকল্পনা নিয়ে বেরিয়ে পড়া; যেন বাব-জ্যাবনের পরিকল্পনা, যে পরিকল্পনার পর্বে পরে অভিজ্ঞতা কাজে লাগবে, যে পরিকল্পনার অনুবারী চলতে নতুন পথ থেকে প্রেরনা কোন কোন কোন পথের খাডাংশ চোখে প'ড়ে যার; যে পরিকল্পনা অনুসরণ করার সমযে হঠাৎ একদিন বেপরোয়া বাহী পরিকল্পনার বাইরে নতুন এক পথ ধরার চেটা করে, ফলে সে গাতবোর এমন কিছ্ কাছে যায়না, কিল্ডু সেই পরম রমণীয়ার মহোত্তম ঈক্ষণ (গ্র্যাশেডাট ভিউ) যা যেন আর কখনই পাবেনা তা পাওয়া হয়ে যায়; ক্ষান্তিহীন পরিক্রমণ চলতেই থাকে, এবার তার অনুসন্ধানে আর একটি বিষয় যোগ হযেছে; পথের উপরে দাঁড়িয়ে প'ড়ে; প্রদাক্ষণকে স্থাগত রেখেও সেই মহোত্তম ঈক্ষণকে আবার দেখার চেটা।

পর্বে অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে পরিকম্পনা অন্সারে যাত্রার কথা বর্লাছলম। শ্রীকান্তে প্রচ্ছন্নভাবে পার্বতী-পার্কে দেখতে পেলেম। এক কিশোরীর বৈ'চির মালা গে'থে পরিয়ে দেয়ার কথা শ্রীকাল্ডর মনে ছিলো না, কিন্তু মনে করিয়ে দিলে সেই বাল্যপ্রেমের স্বণ্নই ফিরে আসে, শ্রীকান্ত অংশীকার করতে পারে না। কুশারীদের গ্রামে চুল কেটে ফেলে রাজলক্ষ্মী শ্ৰীকাশ্তর সম্মাথে দাঁড়ালে যেন মাধবীই ফিরে এলো ; তেমনি শাুখাচারিণী হওয়ার চেন্টা, তেমনি দরে থেকে প্রেমাম্পদকে সদেনহ সেবায় তৃপ্ত করে নিজেকে পূর্ণ করার ইচ্ছা, অমন কি মাধবীর মার্যাদাবোধ যেন বংকুর চেহারা নিয়ে দাঁড়াচ্ছে। চন্দ্রমুখীকেই আমরা দেখতে পাইনা? এমন চিন্তা করলে কি হবে রাজলক্ষ্মী চন্দ্রমুখীর উল্লীত রূপ ? তাদের পার্থক্য কি স্ক্রেরী কি বারবণিতা এবং গুণোশ্বিতা বারবধ্রে পার্থক্য নয়? কিন্তু রাজলক্ষ্মী চন্দ্রমুখীর উল্লীত রূপ? তাদের পার্থক্য কি স্কুন্দরী বারবণিতা এবং গ্র্ণান্বিতা বারবধ্রে পার্থ'কা নয়? কিন্তু রাজলক্ষ্মী রাজলক্ষ্মীও বটে। এটা খুব সাধারণ কথা যে দর্শ কের মনের সঙ্গে সঙ্গে দ্রুটবাও বদলে যায়। শ্রীকাশ্ত ছন্নছাড়া হ'তে পারে, পথিককে তা হতেই হয়, কিশ্তু সে আর দেবদাস —জীবানন্দ নয়, ( অংশত তা'দের মতো বেপরোয়া হলেও ) সে বরং স্বরেন্দ্র, কিন্তু আমি ধনী এবং গুণবান এই অহমিকাকেও বাদ দিয়ে; পথে চলতে চলতে এই সব ধন ও গ্লেকে জঞ্চাল বলে বোধ হয় এক সময়ে। শ্রীকাশ্ত এমন উদাসীন প্রথিবীর সব বিষয়ে, যে তাকে নাচওয়ালীর ভেরুয়া বলতে শোনা গিয়েছে। কিম্তু তার এই ঔদাসীন্য তো বৈজ্ঞানিকের ক্ষেত্রে তার ল্যাবরটরিতে দেখা যায়, একজন সাহিত্যিকের বেলায় সে কলম হাতে ক'রে বসলেই। একে কি তম্ময়তা বলা হবে? এমন মনে করা কি উচিত হবে নিজেকে ধন ও গালে যাত্ত কল্পনা করে অর্থবহ দ্বান দেখার প্রয়োজন, যা আদিতে রমণীরত্ন সম্ধানের স্বংন জড়িয়ে যাচ্ছিলো, এখন তা থেকে মৃত্ত হয়েছে ঔপন্যাসিকের সমুপারইগো? যার ফলে রমণীরত্বের অন্সন্ধানই একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়াচ্ছে? একি সপোরইগোর তেমন এক প্রস্থানে পে ছানো যেখানে তার সামাজিক অভাবের বন্দী দশা ঘটেছে? ফলে কি উপন্যাস সার্থকতা লাভের পথে, যেহেতু এস্থেট এখানে মুক্তি পেতে শুরু করেছে ? কিন্তু স্বভাব যায় না ম'লে । আত্মহনন এবং প্রেমপাত্রীকে ক্লিট করার সেই জটিল প্রবৃত্তি যেন অ্যাটাভিজমের মতো ফিরে আসে। গ্রীকাল্ড সম্যাসী হ'রে যায়, বসন্তে কাতর হয়, বর্মায় পালায়। সব ত্যাগ করেই এ দিয়ে অন্যান্য নায়কর.পের সঙ্গে নিজের ভাবগত ঐক্য প্রমাণ করে । শেষ ফ**লে** কি হলো ? একটা এসথেটিক আনন্দ নয় কি ? ধনহীন, গুণহীণ, যে বলতে পারে দুঃখিত না হ'য়ে আমি যা তাই, এমন এক শ্রীকান্তর কাছে রাজলক্ষ্মী জননী, জায়া হওয়ার কামনা গোপন রাখতে পারেনা, যে ইচ্ছা প্রকাশে ইচ্ছাটা যেন বড় কথা নয়, গ্রহণযোগ্য হয়েছে, এটাই যথেণ্ট। কিন্তু কমললতাও উপস্থিত তার সেই গান নিয়ে যা সক্রের ও মিন্টিক, যা প্রেমের অভিশাপকে উত্তীর্ণ হয়েও মধ্যে, গহর উপস্থিত তার কাব্য ও প্রেম নিয়ে, যে কাব্য হয় তো অপ্রকাশযোগ্য কিল্ডু নিশ্চিতর্পে সন্দেরের সাধনা, যে প্রেম প্রেমাপদাকে অপ্রাপনীয়া জেনেও শান্তি, শৃভার্থী যে প্রেম তাকে কবি করে। এগালি কি সিম্বলিক নিদেশি এই রমণীরত্নের অনাসম্খান কোথায় গিয়ে শেষ হতে পারে সেই দিগশ্তের ? একটা ইঙ্গিত যে অন্যুসন্ধানের শেষ ফল শা্ধ্য এসথেটিক আনন্দ ?

কিন্তু বলছিল্ম মহোত্তম ঈক্ষণ, প্রদক্ষিণ করতে করতে যে পথে চলে উদ্দেশ্য সিন্ধির কোন সম্ভাবনা আছে মনে হয় না, অন্তত যে পথ পরিকল্পনার বাইরের বলে মনে হয়, শুখু যেন দেখলে কি হয় চেন্টা করে এমন এক ভঙ্গিতে এগিয়ে তেমন এক পথে যেন এক নন্দাদেবীর নান্দ্র রাজকান্তি চোখে পড়ে গেলো। জীবন সাথ ক হ'লো। কিন্তু এতো অতিসাধারণ কথা যে, সেই মহিমাময়ীর একান্ত সারিধ্য মৃত্যুও। তার সম্বধ্যে

দয়া কঠোরতার কোন বিশেষণ প্রয়োগ করা বৃথা। এ বিষয়টাকে অন্যভাবেও দেখা যেতে পারে। সেই রমণীরত্বের সন্ধানের উদ্দেশ্য যেমন তাকে কাছে পাওয়া তেমন তাকে চিনতে পারাও বটে। কাছে পাওয়ার চেণ্টার সঙ্গে চিনতে পাবার চেণ্টা তো অনিবার্যভাবেই জড়িত। রক্ষ্ম নিশ্বাস অসমান পথে প্রদক্ষিণ করতে করতে যাত্রী যেন বলছে, গ্রন্থেন মোচন করো, তোমার ম্মুকে দেখতে দাও। আমরা লক্ষ্য করেছি কখনও তক তুলে কখনও প্রচলিত ম্বতির সঙ্গে তাকে তুলনা করতে হয়েছে, কিন্তু গ্র্ণুঠন মোচন হয় নি। সে গ্রন্থেন হখন হঠাৎ উদ্মোচিত হয়, তখন সেই মহিমাময়ীর নন্নতার সামনে তন্ময় হয়ে যাওয়া ছাড়া অন্য উপায় থাকে না, অহমিকা লাকিয়ে থাকে, যেন আত্মসমাহিতই নয়, তার বিসর্জন হয়ে গিয়েছে। তর্ক ওঠে না, কারণ কে করে নিবিড় নিশিথিনী কিংবা শীতল শত্ম নন্দাদেবীকে লাজাশীলা অথবা লাজাহীনা বলতে পারে? সত্বপারইগো ক্ষোভম্বত্ত মনে হতে থাকে। সে এখন দর্শক, দেখার আনদেদ নিমন্ন। একই ক্রান্তি বিশ্বত্ব অসমীম হয়ে যেন সেই রমণীরঙ্কের নিভূলি পরিচয় আর অন্তর্পরিত সেই অন্তর্বরর এসথেটিক ছিতিকে ধারণ করে থাকে।

শরংবাবরে গৃহদাহ উপন্যাস এমন এক সাফল্য যে, যে দৃণ্টিভঙ্গি থেকেই দেখা যাক তাকে অসাথ ক মনে হতে পারে না। কেউ যদি বলেন এটা শিল্পী প্রেষের সেই প্রস্থান যথন ভিজন্ চোখে পড়ে, মিথ স্থিট হয়, কিংবা কেউ যদি বলেন যে এ যেন এক শ্বংন যথন যার কামনা প্রেণের তাগিদ, শ্বংনায়িত কামনা—চিশ্তনকে সেশ্সর করে যে, যথেণ্ট সেশ্সর করা সত্ত্বেও শ্বংন যার উৎেংগের কারণ হ'য়ে থাকে—সকলেই যেন একমত, যে এমতো সত্ত্বেও ঘ্রমের ব্যাঘাত হবে না। কেউ যদি বলেন এটা প্রেম বৃত্তির বিবর্তানের মতোই, আত্মন্থার্থে যার জন্ম তার আত্মবোধের অবল্যপ্রি, তুলনাগ্যলি অযৌত্তিক হবে বলে মনে হয় না। আমরা বলতে পারি এক অন্প্রেরত এসথেট্ তার চড়োশ্ত সিন্ধিতে পেণছে গেলো। প্রেম বৃত্তির উপমাটা নিয়েও বলা যেতে পারে অবদমিত কামনার পরিত্তির শ্বার্থে যার জন্ম সেই শ্বংন দেখার ব্যবসায়, ব্যবসায় হিসেবেই ভালো লেগে গেলো; যার শ্বার্থ, যার অবদমিত কামনা সেই যেন অনুপশ্বিত।

এখানে দেবদাস, স্বরেন্দ্র, শ্রীকান্তদের কেউই উপস্থিত নেই, সেই অপ্রাপনীয়া একাই আছে। যদি কেউ বলেন মহিম স্বরেশ একই ব্যক্তির শ্বিধারা তা হ'লে বরং কি এটাও প্রমাণ হয় না অপ্রাপনীয়ার সামনে সেই নিজেকে খঁলে পেতে চাইছে না। সেই অপ্রাপনীয়া ভালো অসং-ফ্রীলোক নয় চন্দ্রম্খীরা যেমন; কিংবা তার বিপরীতও নয় কিরণময়ীদের মতো। তার সন্দেশে সতীত্ব, প্রদ্টতার প্রশন তোলা যেমন নিরথ ক তেমনি অর্থহীন তাকে সমাজে প্নরায় স্থাপন করার চেন্টা। এমন কি সে ন্বিধা-বিভক্ত ব্যক্তিওও নয় যে তার মধ্যে ন্নেহময়ী মাতৃত্ব আর বিলাসম্খী দয়িতা ম্ন্দ্রকরে। সে য়া তাই সে। মান্ষ জাতির জননী ইভ্ কি ঈশ্বরের খ্ব নিকটে থেকেও তার নিদেশে লখ্যন করেনি? তাই বলে সে কি আমাদের সব চাইতে আপন নয়? ইভ্ কেন ইডেন-বিচ্যুত হয় তার কারণ খাঁজতে গেলে মনে হয় নাকি?—হায়, ভগবানও, এমনকি ভালোবেসেও যেন, তার ভাগ্য থেকে তাকে রক্ষা করতে পারেনি।

চরিত্রের ফাটলটা কত সহজেই না প্রকাশ হ'য়ে পড়ে । গাড়ি বদলানোর সময়ে সে তো মহামান অবস্থায় ছিলো না । গাড়ি থেকে গলটফমের্ম নেমে দাঁড়ানো তার মতো শিক্ষিতা সহরের মেয়ের পক্ষে একটা সহজ ব্রশ্বির ব্যাপার হ'তো না ? কি বলা হবে, ঠিক সময়ে সহজ একটা কাজ করতে ভূলে যাওয়া ? এ যেন প্রের নিন্দির্গট যে-অচলারা নিবিদ্ধ ফলে হাত বাড়াবে তাদের চরিত্রের এই ফাটল অলম্বনীয় প্রের্গনিদের্শের প্রতির্গে হ'তে পারে, অন্য নামে ভাগ্য হতে পারে । টাজিডি শব্দটা যে কথনই নাটক ছাড়া অন্যত্র ব্যংহার করা উচিত নয় তা জেনেও এই সিচ্য়েশনটাকে টাজিক না বললে ঠিক বলা হবে না ।

এস্থেটের চ্ডাল্ড সিন্ধি যে বলা হ'লো তাই বা কি রকম। এখানে আমাদের আগ্রহ দিতে পারে অন্যান্য সিন্ধির সঙ্গে গৃহদাহকে মিলিয়ে নেয়ার। ফ্রোবেয়র বা লরেন্সের উপন্যাসগ্লো এখানে উল্লেখ করে লাভ নেই, যদিও সংস্কৃতির পার্থক্যের কথা, যা যেন ব্যর্থতাবোধ আনবে, এমন করেই গৃহদাহে বলা হচ্ছিলো। শরং আনা কারেনিনা যার সঙ্গে তুলনা দেয়ার কথা অন্য অনেকের, অনেকবার মনে পড়ে থাকবে। আনা কারেনিনার সংগঠন কোশল গৃহদাহের তুলনায় ভালো কি মন্দ বা সেই উপন্যাসিটি অধিকতর কোশলী শিল্পীর দক্ষতার প্রমাণ করে কিনা, বা সেই উপন্যাসিকের শিল্প ঐতিহ্য শরং বাব্র চাইতে দক্ষতা লাভে সহায়ক ছিলো কিনা, এগ্রেলিনয় ৷ আমাদের উণ্দেশ্য উপন্যাস দ্বিটকে পরিসমাপ্তিতে তুলনা করা, স্থাপত্যের

শেষ ফল কি তা বোঝা। আনা কারেনিনার রেলের চাকাগ্রনি তাদের ইম্পাতকালো, দমবশ্ব করা, সংকীণ হ'রে আসা, তীক্ষ্য তীর বেদনার নিশ্চিতই আমাদের অশ্তকরণকে আহত ক'রে দিয়ে বার, কিশ্তু তাতে ট্রাজিকের আম্বাদ থাকে না। বরং এমন মনে হর না কি যে এক ক্রিশ্চিয়ান কবি এক পোগান কাহিনী বলতে ব'সে নিজের এসথেটিক সত্তাকে ম্বিভ দিতে কুশ্চিত হলেন কিংবা, অন্যকথার, এই অর্থবহ স্বান্ন দেখার ব্যাপারে সেশ্সর করার ভারটা একজন সম্যাসীকে দিলেন বার কাছে স্বান্ন দেখার ব্যাপারটাই যেন নন্সেশ্স। এবং সে সম্যাসী বললে ডেথা ইজ্বা ওয়েজ্বা অব্ সিন্।

থিদ কেউ বলেন ওই রেলগাড়ি প্রকৃতপক্ষে রনন্দিই বটে চাকার ঘ্রণামান গতি তারই আলিঙ্গন যার কাছে আনা আত্মসমর্পণ করে, তবে বলতে হবে সে ব্যাখ্যাও এক বৈজ্ঞানিকের সে স্বশ্নের ব্যাখ্যা করে রোগ দ্রে করার চেণ্টা করে, স্বশ্ন যে অলীক জ্বগৎ সৃণ্টি করেছে তাকে ধ্বংস করাই তার উদ্দেশ্য।

গ্রেলাহেও মর্য়ালিন্ট কথাবার্তা আছে। ফয়েল হিসাবে ম্ণালের চলাফেরা আছে। বরং মূণালকে অত বেশী মর্যালিণ্ট করাই যেন শরং-বাব্রর ব্রটি, ষেন সে অন্য স্তরের থেকে তুলে আনা কেউ, ষেজন্য ফয়েল হিসাবে সার্থ ক হয়ে ওঠে না সা সময়ে। কিন্তু অন্যদিক থেকে তার এই অন্য প্রথিবীর হওয়া স্ববিধার হয়েছিল। কাহিনীটি শেষ হয়েছে কি ক'রে গ্রাসাচ্ছাদন হবে তার হিসাবের মধ্যে দিয়ে এমন মর্ভুমি কি আর রচনা হয়েছিল ? কোথায় ছিলাম ? তা কি নরক ? কোথায় ছিলাম ? তাকি উষর হয়ে যাচ্ছে এমন এক ইডেন উদ্যান ? কোথায় এলাম ? এই এক প্রতিথবীতে খবরের কাগজ পড়লেই যাকে চেনা হয়ে যায় যার নীরসতা জানা হ'য়ে যায়। টাকা পয়সা, তার চাইতে বড় কোন বিষয়ের অনুভূতি যেখানে প্রাকে না। এক অধ্যাপক ব**লেছিলেন** এটা শরংবাব**ু**র পরিচয়। ঠিক তাই। এমন দক্ষ পরিচয় না থাকলে এত সহজ আমাদের এই নীরসতায় এনে ফেলতে পারে কেউ? একে ক্যাথারসীস বা সেই জাতীয় কোন পদ দিয়ে ভাবা উচিত হবে না । এটা এক অশ্ভূত কন্ট্যাম্ট যা যেন শ্বধ্ব ভিজনেই চোখে পড়ে, ব্রাধ্বর সাহায্যে লক্তিক্যালি আনা যায় না, যেখানে উপন্যাসটার ভিতর থেকে বাকি অংশটার সঙ্গে এমন কন্ট্রাম্ট যে বিরল, নীরস উবরতায় সমস্ত ক্যাকটাসল্যাণ্ড কে ছাড়িয়ে যায় ; কোন সন্ধ্যাই এর চাইতে গভীর সিপিয়ার হয় না। কোথাও এত ফ্লাল্ডি নেই, কিছুই আর এত বন্ধ্যা নয়। এখানে শরংবাব্র মর্য়ালিটির কথা ভাবতে সময় পাননা নয়, কোন কথাই যেন আসেনা, দৃশ্যটা ছাড়া আর কিছুই নয়; স্বশ্নের সঙ্গে তুলনা করলে বলতে হবে এ যেন সেই অবস্থা যখন একজন বলে কথা দিয়ে বোঝাতে পারবো না স্বশ্ন, সাহিত্যের ব্যাপারে এ এক ভিজন যা দেখলমে তাই, ভালো, মন্দ, ন্যায়, অনায়; সামঞ্জস্য কিছুই বলতে পারছি না।

কিতে সেই নন্দাদেবীর মতো কাউকে হঠাৎ তেমন ক'রে দেখে ফেলা একজনের জীবনে একবারই ঘটে। তেমন নগনশাচিতা বারবার চোখে পড়ে না, নয় শ্ব্ৰ, কখন যে তা চোখে পড়েছে তাও যেন বোঝা যায় না। ফলে লোহার শিকল কথন সোনা হয়ে গেছে তা না ব্রেইে যেন অনুসম্পানটা চলতেই থাকে। কিম্তু সোনা হয়েছে তেমন, এ জেনেও তো খোঁজা শেষ ব্রা যায় না। কারণ সেই পাথরটাকে তো দ্বিতীয়বার পেতে ইচ্ছা করে। অন্য কথায় সেই অভিজ্ঞতার স্মৃতি থেকে যায়। মন যে হঠাৎ এক ছবি তুলে রেখেছিল পথে চলতে চলতে কখনও কখনও সেই ছবিকে দেখার চেণ্টা যেন। স্মৃতি নিশ্চয়ই কখনও সেই তাংক্ষণিকতা নয় যখন আবেগ যে অভিভ্ৰুতা থেকে জন্ম নয় তাকেই ভোগ করতে থাকে। স্মৃতিতে বরং সেই তাংক্ষণিকতাকে वृत्तिः विरविद्यात कान्याः भवाक निरंश मिथा **१ १३ । १३ कार्**नत রেখায় রেখায় অভিজ্ঞতাকে ট্রকরো ট্রকরো ক'রে দেখার কা**ন্ধ** ভালো হয় হংতো, অনেক বিতর্ক করা যায়, সংজ্ঞা দেয়ার চেন্টাও চলে, কিন্তু তা আর জীবন্ত ক্রিয়া**শীল** তাৎক্ষণিকতা নয়। উপরন্তু আবেগ থেকে সরতে সরতে ক্রমশঃ বৃশ্বির কাছে চলে যেতে হয়। যেন সকালে উঠে ভাবতে বসা রাচির স্বংনটা আমার দিনের জীবনে কি কাজে লাগবে ?

শেষপ্রশেন আশ্বেশিন্য যেন বা উদাসীন, আত্মসমাহিত, যেন বা স্বেশ্দ্র শ্রীকাশ্তদের আরও পরিণত ক্সে, যার ইজিচেঃ ারের সামনেই যেন সমস্ত নাটকটা ঘটে চলেছে। এমনকি সেই অস্থ, বিস্থ, আগ্ন লাগাটাগার ব্যাপারেও আশ্বেশিন্য এক নিস্তরঙ্গ অক্ষ্থতা; কিন্তু অনেক তকেও কমল কি আর অচলার পরিপ্রেণতা পার? একট্ তন্ময় হ'লেই দেখা যায় কোন কোন প্রেণ্ পরিচিত চরিত্র নতুন পোশাকে কমলের চারিদিকে আসছে। কমল নিজের বৈধব্য, ব্যক্তিগত র্ন্চির শ্রিচতার, যেন ষেখানে সে বাঁধ ভাঙ্গতে চায় তা ছাড়া অন্য বিষয়ে মাধবীর মতো, যেন অচলা যা করেছে তার জাবনে সে সব বিষয়কেই কমল যুক্তি তর্ক দিয়ে আমাদের এবং নিজের বৃশ্ধি বিবেচনার কাছে গ্রহণযোগ্য করতে চায়, আমাদের এথিক্যাল মনোভঙ্গির সঙ্গেতার ওকালতি; কিন্তু অচলা—শ্বর্পা একবার যেমন শ্বপ্রকাশ হয়েছিলো তা আর হয় না। উপলন্ধিতে যা ধরা পড়ে তাকে তর্ক দিয়ে ধরা যায় না। বরং যেন তর্কের গরমে ঘ্ম ভেঙে যায়। অন্যদিকে তুলনা দিলে বলতে হবে একটি কবিতার ইমেজকে যেমন স্টেটমেন্টে অন্বাদ করার চেন্টা ব্যথা হয়, তর্ক বিতর্কাও তেমন একটা ভিজনকে অন্দিত করতে পারে না।

শেষ প্রশন যদি অচলা-স্বর্পো রমণীরত্বের বিবেকীকরণের চেণ্টা হ'থে থাকে, শেষের পরিচয় তবে সে প্রচেণ্টার স্মৃতিকে / সিন্ধান্তগৃলিকে বলা হবে কি ? ) নজুন অভিজ্ঞতার সারিতে ফেলে অনুভব করার চেণ্টা। ইমেজটা, বলা বাহ্লা, বিজ্ঞান গবেষণা থেকে নেয়। এটা ভালোই হয়েছে শেষের পরিচয় লেখা স্বর্হ হয়েছিলো এবং শেষ করা হয় নি। যেট্কু লেখা হয়েছে তাতে সবিতা—অচলাকে ব্রুতে সাহায্য করে। এমনিক এট্কু লেখা না হ'লে রমণীরত্ব অনুসন্ধানের এই প্যাটার্নিটি এতটা স্পণ্ট হ'যে উঠতো না। কিন্তু এমন আশুক্রার কারণ ছিলো শেষট্কু লেখা হ'লে হয়তো তা আবার এক উত্তেজিত সমাজ-পরিক্রমার রিপোর্টাজ হ'তো; অন্তত্ব একটা ভিজন্ হ'তো না। স্বন্ধের ।

এখানে একটা কথা তাড়াতাড়ি বলে নেয়া দরকার। আমরা একের অধিকবার অচলাম্বরপাে রমণীরত্নের কথা বলল্ম। তা থেকে কিল্তু এ অথিকরে চাইছি না, অচলাই তার ম্বর্প। আদৌ তা নয়। বিশেষ এক সমথে তাকে অচলার মতাে দেখায় কিল্তু তার উপলব্ধি করতে পারলে সন্ধানই তাে ফ্রিয়ে যায়। শরংচন্দ্র যতদ্রে দেখেছিলেন তার মধ্যে মহন্তম ইক্ষণ অচঙ্গা। এই মহমন্ত ইক্ষণ গ্রাডেণ্ট কিল্তু নােবলেণ্ট নয়। সাহিত্যে গ্রান্ডেণ্ট হলেই নােবলেণ্ট হতে হবে তা নয়। আর দেখাও কি শেষ হয়েছিলো?

আমি অবহিত আছি যে এখানে নানা প্রশন উঠবে। এমন প্রশন উঠবে আমি জেগে ওঠার চাইতে ঘ্যকে, ফেটমেন্টের চাইতে ইমেজকে, বিতকের তুলনার ভিজনকে পছন্দ করছি কেন। স্বশেনর ব্যাপারে ঘ্যকে ম্লা দেওরাই স্যাভাবিক কেন না ঘ্যকে নির্দিবণন করার জনাই তো স্বণন। যা কিছ্ ঘ্যের ব্যাঘাত ঘটার সেই বাদ প্রতিবাদ, সেই ভালো মন্দের দদ্দের, যা শ্বংনকে গড়ে তোলার চাইতে প্রবল, তাকে কুদ্বংন বলি। দ্বঃশ্বংনও ঘ্যাকে গাড় করে, কিল্টু কুদ্বংন সে রকম দ্বংন যা অনেক সমরেই ঘ্যাকে চিটিরে দের। আমরা লক্ষ্য ক'রে থাকবো প্রকৃত দ্বংনগ্রেলা যেন বরং আঁকা, কথার বলা কিছ্ নর। সেখানে কাথোপকথনও জাগ্রত অবস্থায় যেমন হয় তেমন নয়। বরং গলে-গলে যেন ছবির সঙ্গে মিশে মিশে যায়। অনুরূপ কারণে ইমেজ শেউটমেণ্ট-এর চাইতে সাহিত্যকে সার্থকতর করে। ঘ্যা যেমন নৈশ দ্বংনর, মনের প্রস্থাপ্তি তেমন অর্থবহ দ্বংন দেখার, যাকে সচেন্ট দিবা শ্বংন দেখার সঙ্গে তুলনা করা যায়, যার অন্য নাম সাহিত্য তার উদ্দেশ্য। মনের এই প্রস্থাপ্তিকে যাকে এসথেটিক ভিলাইট বলা যায় তাকে বৈদান্তিকের যোগিক উপায়ে পাওয়া মানসিক প্রশান্তির সঙ্গে এক করে দেখা হবে কি না তা অন্যত্র বিচার্য। যা আমাকে উপন্যাসের উদ্দেশ্য থেকে শ্বংন দেখা থেকে, ভিজন্ দেখা থেকে, ফ্যাণ্টাজি গড়া থেকে অন্যত্র নিয়ে যায় সে সব তর্ক বিতর্ক স্তুলনায় অসার্থক মনে হতে পারে।

এখানে আর একটি প্রশ্ন উঠতে পারে এবং সেটা অত্যশ্ত ম্লাবান।
সত্যি কি তেমন কেউ ছিলেন আমাদের বাংলাদেশে বাঁকে প্রদক্ষিণ
করেছিলো শরংচণ্ডের অশ্তরতর সত্তা? আমি শর্নেছি কেউ কেউ অন্প্রশ্বান
করেছেন এবং এখনও করছেন রাজলক্ষ্মী কে ছিলো, বড়াদিদি মাধবী কে
ছিলো, কেউ ছিলো কিনা ইত্যাদি। আমাকে শ্বীকার করতেই হবে শরংবাব্রর
ভারেরি, চিঠিপর, শেকচব্ক, কিছ্ম আমার হাতের কাছে নেই। এই
স্কলভবর্ষণ দেশে সব কিছ্মই প্রাকৃতিক ও মানসিক ভ্যাম্প লেগে নন্ট হতে
হতে এক সময়ে বিল্পুত হয়ে যায়। স্কেরাং আমার পক্ষে অশতত আদো বলা
সম্ভব নয় শ্রিদশ্রা, নন্দাদেবীর মতোই অপাপবিদ্ধা কোন মানবীর
অন্বেষণই শরংবাব্র রমনীরত্বের সম্বান নামা অর্থ বহ শ্বশ্নের প্রয়াসের ম্লে
ছিলো কি না। বাদি তেমন কেউ থেকে থাকে তবে আমরা সেই বাঙালিনীর
কাছে নিশ্চয়ই ক্তজ্ঞ; যেমন আমরা কৃতজ্ঞতা বোধ করতে পারি, বিয়ারিচের
কাছে, লিসার কাছে, কিংবা কোন এক ডার্ক লেডির কাছে। কিশ্চু যে লিসা
ভাভিণ্ডির সামনে বসেছিল, হয়তো, ছবিটা আঁকার সময়ে সে আর মোনালিসা
কি এক? যে বিয়ারিচে স্বর্গের পথেরও দিশারী সে নিশ্চয় কথনও ইটালির

কোন সহরের পথে বেড়ায় নি। ডার্ক লেডিকে যে এখনও খ<sup>\*</sup>ুজে পেলমে না তাতে কি সনেটগলোকে পড়তে অসুবিধা হয়? সাহিত্যিকের আত্মন্ধাবনী থেকে পাওয়াকোন কোন ঘটনা হয়তো কাব্যের কোন কোন বেদনাকে Paignant করে তোলে, কিল্ড্র সেখানেও আত্ম-জীবনীটা আসল ব্যাপার নয়। শরংবাব,র রমণীরত্বের সন্ধান নিশ্চয়ই অটোবায়োগ্রাফিক্যাল কোন ব্যাপার নয়। বরং অনা রকম। অটোবায়োগ্রাফিক্যাল উপন্যাসে লেখক প্রেমের অপর পক্ষের ভালোবাসার, উপেক্ষার, এবং এই দুই-এর মধ্যন্তিত অন্যান্য নানা আবেগের কথা বলে থাকে। এক্ষেত্রে যদি কেউ তেমন কোন বাঙ্গালিনী থেকেও থাকে তবে তার দুরে সরে যাওয়ার সব রকমের চেন্টার ফলে, অন,ভ্রতিকে, প্রতিকে, আকর্ষণকে শাসন ক'রে সংযত ক'রে রাখার ফলেই এই সাহিত্য-সৃষ্টি এমন তত্তাই বরং সত্য হয়। কাউকে যেন পেলেম না, একজনই সে, এ বোধ ছিলো। কিম্তু কে সে ? তা যদি মনের আয়নায় দেখা কোন বন্ধললনার নিখ'ৃত ছবি হ'তো তবে আর অনুসন্ধান কেন? কিংবা মনের এই আয়নাটা এমন অভ্তত যে এখানে কোন ব্যক্তির ছবি যথন পড়ে তখন সে নতন সূতি। যেমন পূত্পস্তাক, জ্যোগনা, হয়তো বা নদীর বাঁক কোন মনের আয়নায় পড়ে উর্বশীকে সুন্টি করেছিল। কে সে **এ** প্রশেনর উত্তরে বলা যায়—তিনি যদি নিদি'টে এক মানবীই হ'য়ে থাকেন তবে তাঁর পক্ষে শরংবাবরে পরিণীতা হতেই বা বাধা কোথায় ? কেন না আমরা কি বিবাহিতা দ্বীর দ্বর্পকেই ব্রুকতে পেরে থাকি ? বিশ-ত্রিশ বছর একত সংসার করার সংযোগেই চিনেছি এরকম বলা সহজ নয়। সাধারণ পরেষ যার অনুভূতি ভোঁতা তারও সংশয় থাকে। একজন অসাধারণভাবে অনুভূতি-সম্পন্ন পরে,ষের কাছে নারী পরিণীতা হলেও আরও বেশী করে আবিষ্কারের বিষয় হতে পারে। কোন বাঙালিনী যার ঠিকানা খু-জৈ বার করা যাবে এমন কেউ ছিলেন কি না এই রমণীরত্বের মলে হিসাবে তাতে আমাদের বিশ্বাস বা অবিশ্বাস করার কিছু, নেই; আমরা শুধু, লক্ষ্য করি উপন্যাস-গুলোতে একটা প্যাটার্ণ থেকে গেছে যা তম্ময় দুন্টির সামনে এক রমণীরত্নের সম্ধান, যে প্যাটার্লের মধ্যে থাকার জন্যই নায়ক এবং নয়িকাগ্রালি একে অনোর চরিত্রের কাছে ঋণ নিতে আগ্রহী।

## বাংলা উপন্যাসের ভাষা তঃ নির্মল দাশ শরৎচক্ত ও উত্তরকাল

উপন্যাদে ভাষাব্যবহারের উপলক্ষ প্রধানতঃ দর্টি ঃ ১ বর্ণনা, ২ সংলাপ । বর্ণনা-অংশে লেখকের ভূমিকা প্রত্যক্ষ। তিনি সেখানে সমস্ত ব্যাপারটা নিজের অভিজ্ঞতার জবানবন্দী হিসেবে বর্ণনা করে যান। এই জায়গায় লেখকের মানস-প্রবণতা অনুসারে বর্ণনার ভাষার তারতম্য ঘটে। লেখক যদি নিতাশ্ত বস্তৃধর্মী ও প্রতিবেদনশীল হন তবে তাঁর গদ্যে এক ধরনের বর্ণহীন অনাসন্তির ছাপ পড়ে, আর লেখক যদি বর্ণনীয় সম্পর্কে কিছুটা পক্ষপাতী হয়ে পড়েন, তবে তাতে তাঁর পক্ষপাতের প্রকৃতি অনুসারে কোথায়ও বর্ণাঢ্যতা, কোথাও বা কোতৃক-বক্রতা দেখা দেয়। বাংলা কথা-সাহিত্যের বর্ণনার ভাষায় সাধারণতঃ এই পক্ষপাতের লক্ষণই বেশি করে ধরা পড়েছে, কারণ বর্ণহীন অনাসন্তি খুব কঠিন ব্যাপার এবং তা মাত্র দু-একজন লেখকের লেখাতেই পাওয়া যায় (যথা, মানিক বন্দ্যোপাধ্যায়)। িবতীয়তঃ, সংলাপ-অংশে লেখকের ভূমিকা নিষ্ক্রিয় তথা পরোক্ষ। তিনি তার পাত্র-পাত্রীর মূথের কথাগুলোকে অবিকল লিপিবন্ধ করে যান মাত্র। এখানে তাদের কথার মধ্যে তিনি যদি নিজেকে ঢোকাবার চেণ্টা করেন তবে সেটা হবে তাঁর অন্ধিকার-প্রবেশ । কারণ পারপারীর শ্রেণীগত চরিরুরৈশিন্টা সংলাপের ভাষাপ্রকৃতিকে গভীর ও ব্যাপকভাবে নিয়ন্ত্রিত করে। উপভাষিক কাঠামো, শব্দাবলীর সমাবেশ, অর্থ গত (semantic) বৈশিষ্টা — সমুন্তই সংলাপভাষকের শ্রেণীবৈশিণ্টোর উপর নিভারশীল। সেইজনা লেখক যে ভাষায় বর্ণনা দেন, তাঁর পাত্র-পাত্রী যদি তাঁর শ্রেণীভক্ত না হয়, তবে ঠিক তাঁর ভাষাতেই পাত-পাত্রীর কথোপকথন রচনা করলে সংলাপের তথা পাত্র-পাত্রীর নিজম্ব পরিপ্রেক্ষিত বিচলিত হয়। এই কারণে বর্ণনার ভাষা ও সংলাপের ভাষা বহুক্ষেত্রেই এক ও অভিন্ন হতে পারে না। এমনকি, পার-পাত্রী ও লেখক শ্রেণীবিচারে সমপ্যায়ভুক্ত হলেও ( যথা, লেখকও মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণীভুক্ত, আবার পাত্র বা পাত্রীও মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণীভুক্ত )

সংলাপের ভাষা ও বর্ণনার ভাষার মধ্যে কিছু পার্থকা থাকাটা অনিবার্য । কারণ, বর্ণনার লেখক সরল-জটিল-যৌগিক কিংবা ইতিবাচক-নেতিবাচক-প্রশনবাচক-বিক্ষারবাচক ইত্যাদি যে ধরনের বাকাই ব্যবহার করনে না কেন. সবটাই তাঁর নিজের উদ্ভি। এই উদ্ভি অনগ'ল ধারায় তাঁর মন থেকে লেখার মধ্যে চলে আসছে । এইজন্য বর্ণনার ভাষায় বাকোর গঠন ও অর্থগত বৈচিত্রা বদি থেকেও থাকে, তব্ সমগ্র বর্ণ না-অংশে একটা সার্বভৌম একমুখীনতা ও অবাধ প্রবহমানতা বিরাজ করে। পক্ষাশ্তরে সংলাপ সাধারণতঃ একেতর ব্যক্তিবর্গের উদ্ভিসংকলন, সূতরাং তার মধ্যে সার্বভোম একমুখনিতা আশা করা যায় না। অন্য দিকে, সংলাপ যেহেতু পাত্র-পাত্রীর মনোভাবের স্বচ্ছতম প্রতিধর্নন, সেইজন্য সংলাপের ভাষায় ভাষাত্তরের বিচিত্র উত্থানপতন সহজেই ফুটে ওঠে। মনোভাবের বৈশিশ্টোরই জন্যই সংলাপবাক্য কোথাও দীর্ঘ কোথাও হুম্ব, কোথাও অসমাপ্ত বা এলোমেলো (anacoluthon)। সংলাপ-বাক্যের এইসব বৈশিষ্ট্য ব্যাকরণের সরল-যৌগিক-জটিল বা ইতিবাচক নেতিবাচক প্রভৃতি মামনিল মাপকাঠিতে মাপা যায় না। অথচ এইসব বৈশিণ্টাই সংলাপকে জীবন্ত করে তোলে এবং এইসব বৈশিণ্টা আছে বলেই সংলাপের ভাষায় বর্ণনার ভাষার অবাধ প্রবহমানতা লক্ষ্য করা যায় না। কাজেই দেখা যাচ্ছে, বর্ণনা ও সংলাপের কাজ ও স্বভাব এক নয়, এবং এক নয় বলেই এই দুইয়ের ভাষাভঙ্গীর কিছু, না কিছু, তফাত অবশ্যন্ভাবী।

কিশ্তু বাংলা কথাসাহিত্যের গোড়ার দিকে বর্ণনা ও সংলাপের ভাষাভঙ্গীতে কোন স্পণ্ট ব্যবধান রক্ষা করা হয় নি । গড়-উইলিয়ম কলেজের
লেখকেরা প্রচলিত অথে উপন্যাস না লিখলেও গদ্যচচর্র অবলন্দন হিসাবে
কিছু কিছু উপাখ্যান রচনা করেছিলেন । কিশ্তু তারা প্রায় সহস্রাম্পপ্রাচীন
পদ্যভাষার বিকলপ হিসাবেই গদ্যভাষায় নির্মাণকর্মে ব্যাপ্ত হয়েছিলেন ।
ফলে তাদের প্রয়াস গদ্যের প্রাথমিক কাঠামো তৈরির মধ্যেই সীমাঝ্য ছিল,
আলাদা করে আখ্যানের উপযোগী ভাষা-নির্মাণের দিকে এরা নজর দিতে
পারেননি । বিদ্যাসাগরের মধ্যে সংবেদনশীল শিল্পী-ম্বভাব ছিল, এবং কিছু
কিছু গদ্য উপাখ্যানও তিনি রচনা করেছেন, কিশ্তু তার লক্ষ্য ছিল টানা
গদ্যে কীভাবে নাটক বা কাব্যের কাহিনীকে প্রকাশ করা যায় । এইজন্য তার
আখ্যানেও বর্ণনা ও সংলাপের ভাষা স্বাতন্ত্র্য লাভ করে নি । প্রচলিত অথে
উপন্যানের প্রথম সফল রচরিত্র বাংকাফেন্দ্র । তার রচনাতেই বাংলা গদ্য

আখ্যান সর্বপ্রথম ঔপন্যাসিক শিল্পম্রতি লাভ করেছে এবং আখ্যানের ভাষাকে তিনিই সামগ্রিকভাবে সমৃণিধ দান করেছেন। কিশ্ত বর্ণনার ভাষা ও সংলাপের ভাষায় সক্ষে। ব্যবধান তিনি সর্বাচ রক্ষা করেন নি । তবে তাঁর রচনার বর্ণনা ও সংলাপের ভাষায় একটা অভিনব বৈচিত্র্য দেখা গেল। লেখক হিসাবে বিষ্কম ছিলেন গদ্যভাষার বিষয়ানুসারিতার প্রচারক ও অনুশীলক, সেইজন্য বর্ণনার বিষয় অনুসোরে বর্ণনার ভাষারও ইতর বিশেষ ঘটেছে ( উদাহরণধ্বরূপ বিষব্রক উপন্যাসের ৩৪তম পরিচ্ছেদের প্রথম অনুচ্ছেদের সঙ্গে ৩৭তম পরিচ্ছেদের প্রথম অনুচ্ছেদ তলনা করুন)। আবার চরিত্র অনুসারেও সংলাপের ভাষার উচ্চাবচতা ঘটেছে। অভিজ্ঞাত চরিত্রগ্রনির মুখে তিনি সর্বাই তংসমপ্রধান সাধুভাষা দিয়েছেন, কিন্তু অনভিজাত কিংবা লম্বভাবাপন্ন অভিজ্ঞাত চরিত্রের মূখে অনেকক্ষেত্রে মোটামূটি কথ্য ভাষার অন্যাত ভাষা দেবার চেণ্টা করেছেন। শুখ্য তাই নয়, বহুক্ষেত্রে পরিবেশ ও চরিত্রের সঙ্গে সামঞ্জস্য রাখার জন্য চরিত্রের মুখে লোকিক বাংলা ছাড়াও ওড়িয়া, হিন্দী ও হিন্দু স্থানী সংলাপ দিয়েছেন। এইসব অ-বাংলা সংলাপের ভাষা ব্যাকরণের দিক থেকে নিখ'্ত হয়েছে কিনা সে প্রশন ধ্বতন্ত্র, কিল্ডু চরি**ত্রে**র ভাষাসাম্প্রদায়িক শ্রেণীবৈশিশ্টোর কথা যে তিনি মনে রেখেছেন এটা বিশেষ গ্রেম্থের সঙ্গে লক্ষণীয়। বিংকমের উপন্যাসে বর্ণনা ও সংলাপের ভাষা সর্বাঙ্গীণ আত্মশ্বাতন্ত্র পায় নি ২টে, কিন্তু তিনি যে বর্ণনা ও সংলাপের ভাষার বিষয়ানুসারী তারতম্য ঘটাবার কথা চিশ্তা করেছেন, অসম্পূর্ণতা সত্ত্বেও সেখানেই আধুনিক ঔপন্যাসিক ভাষার সফল স্ত্রেপাত। 'সাধ্ব' ও সংলাপে 'চলিতে'র ব্যবহার তার উল্লেখযোগ্য প্রমাণ। 'গোরা' উপন্যাস এ প্র**সঙ্গে** বিশেষভাবে ক্ষরণীয়। 'গোরা'র পর 'চতুর**ঙ্গে**' পুরোপর্নর সাধুভাষা ও অন্যান্য বইতে পুরোপুরি চলিত ভাষা ব্যবহৃত হয়েছে। কিল্ড তাতে আখ্যানের দুই অঙ্গের আত্মন্বাতষ্ট্র ক্ষার হবার কোন কারণ ঘটেনি। তবে তার গদ্য যেহেতু মহাকবির হাতের গদ্য, সেইজন্য সেই গদ্য অনতি-वि**मार**-वरे वाक्षामीत कथन छक्षीत माधातम मौमारक मध्यन करत पक अ-रमोकिक মহত্তের মাত্রাকে স্পর্শ করল পোঠককে 'শেষের কবিতা'র গদ্যকেই স্মরণ করতে বলি )। গদ্যের ব্যাংপত্তিগত অর্থ যদি মুখে বলার 'ভাষা' হয়, তবে রবীন্দ্রগদ্য ক্রমণই তা থেকে সরে গিয়েছে। যে বিপ্রাসংখ্যক অক্ষরজ্ঞান-

সম্পন্ন জনসমণি জনপ্রিয়তার ভোটদাতা তারা রবীন্দ্রগদ্যে কোন অভ্যস্ত প্রত্যাশার পরিতৃপ্তি পায় নি । এইজন্য রবীন্দ্রগদ্য তথা রবীন্দ্র-উপন্যাস ঐ জনসমণ্টির কাছে স্থেপাঠ্য বলে বিবেচিত হয় নি । তাঁর আম্তঙ্গাতিক কবি-খ্যাতি তাঁর শ্রম্থার আসনকে অবিচল রেখেছে বটে, কিম্তু প্রীতির অর্ঘ্য পেরেছেন আর একজন, যিনি গদ্যভঙ্গীতে অনেকটাই তাদের কথ্য অভ্যাসের অত্যম্ত নিকটবর্তা। ইনি শরংচম্দ্র চট্টোপাধ্যায়।

উপন্যাদের ভাষায় শরংচন্দ্র আকস্মিকভাবে কোন নতুন রীতির প্রয়োগ বা উদ্ভাবনের চেণ্টা করেন নি। পর্বেগামী প্রথা অন্মারে বর্ণনার ক্ষেত্রে সাধ্য ভাষা ও সংলাপের ক্ষেত্রে চলিত ভাষা ব্যবহার করেছেন (চক্ষ্মান পাঠকের কাছে উন্ধৃতি নিন্প্রয়েজন)। বর্ণনার ভাষা অনেকক্ষেত্রে অবশ্য বিষয়ের গ্রুত্ব অন্মারে কখনো কখনো কথ্য ভাষার বিপরীত মের্কে স্পর্শ করেছে (যেমন 'শ্রীকান্ত' উপন্যাসে শ্রীকান্ত কত্ক আধারের রূপ বর্ণনা; এক্ষেত্রে ঐ অংশ নায়কের বিমন্ত্র্য চেতনার আবিষ্ট প্রতিক্রিয়া, বাস্তবের সঙ্গেতার যোগ শিথিল, কল্পনাভাবাতুর বিষয়ের বর্ণনা হিসাবে ঐ অংশ অমন-মেদ্রর, মহুর ও অন্তর্মানুখী হওয়াই ন্বাভাবিক)। কিন্তু যে বিষয়ের সঙ্গে বাস্তবের সাক্ষাণ্ড যোগ আছে, তার বর্ণনা কেমন সহজ, ক্ষিপ্র ও মৌথক ভঙ্গীর অন্থামী ('শ্রীকান্ত' ২য় পর্বের সেই সাইক্রোন-কর্বলিত জাহাজটির বর্ণনা স্মরণ কর্নন)।

সমগ্র শরংসাহিত্যে অনুভূতিগাঢ় অশ্তর্ম বুখী বর্ণনা অপেক্ষা প্রতিবেদনধর্মী বহিম বুখী বর্ণনাই সংখ্যাগরিষ্ঠ । হয়ত উপন্যাসের শ্বাভাবিক বশ্তুনিষ্ঠতা
কিংবা লেখকের বহিম বুখী প্রবণতাই এর মুখ্য কারণ । আর এইজনাই তাঁর
সমগ্র রচনায় 'আঁধারের রুপে' বর্ণনাজাতীয় অশ্তর্ম বুখী গদ্যের নিদর্শন খুবই
কম । এই সঙ্গে এ কথাও বলা দরকার যে এই ধরনের গদ্যরচনাতে তাঁর
নিজম্বতার ভাগ খুবই অম্পন্ট ও ক্ষীণ ঃ 'এ ব্রহ্মাণ্ডে যাহা যত গভীর, যত
অচিশ্ত্য, যত সীমাহীন—তাহা ত ততই অশ্যকার ৷ ইত্যাদি পঙ্রিতে
যে অশ্তর্গততার আভাস আছে তাতে তো রবীন্দ্রগদ্যেরই অনুচিকীর্ষা
প্রতিবিদ্বিত হতে দেখা যায় । 'শ্রীকাশ্ত' তার অশ্তর্জীবনের সঙ্গে সঙ্গতিশীল
বলে এই গ্রন্থ থেকেই তাঁর অশ্তর্ম বুখী গদ্যের রবীন্দ্রানুক্যারিতার আরও কিছ্ব

১ঃ বায় লেশহীন, নিক্ষপ, নিশুখ, নিঃসঙ্গ নিশাথিনীর সে ষেন এক

বিরাট কালীম্তি । নিবিড় কালো চ্লে দ্যুলোক ও ভূলোক আছম হইয়া গেছে এবং সেই স্তিভেদ্য অংধকার বিদীণ করিয়া করাল দ্রংভারেখার ন্যায় দিগাতিবিস্তৃত এই তীব্র জলধারা হইতে কি এক প্রকারের অপর্পে স্তিমিত দ্যুতি নিষ্ঠার চাপা হাসির মত বিচ্ছ্বিরত হইতেছে। [১ম পর্ব ঃ ২য় অধ্যায়]

২ঃ অশ্তগামী স্থের তির্যক্রিশ্মছটা ধীরে ধীরে নামিয়া আসিয়া দীনির কালো জলে সোনা মাখাইয়া দিল, আমি চাহিয়া বসিয়া রহিলাম। ১ম পর্ব ঃ ৯ম অধ্যায়।

৩ঃ আজ সারাদিনটা কেমন একটা মেঘলাটে গোছের করিয়াছিল। অপরাহুস্
র্থ অসময়েই একখণ্ড কালো মেঘের আড়ালে ঢাকা পড়ায় আমাদের সামনের আকাশটা রাঙ্গা হইয়া উঠিয়াছিল। তাহারই গোলাপী ছায়া সন্ম্থের কঠিন ধ্সের মাঠে ও ইহারই একান্তবতী একঝাড় বাঁশ ও গোটা-দ্বই তেত্ল গাছে যেন সোনা মাখাইয়া দিয়াছিল। হয়ত এ কেবল আকাশের রঙই নয়, হয়ত যে আলো আর এক নারীর কাছ হইতে এইমার আমি আহরণ করিয়া আনিয়াছিলাম, তাহারই অপর্প দীপ্তি ইহারও অন্তরে খেলিয়া বেড়াইতেছিল। [৩য় পবর্ণঃ ৮ম অধ্যায়

তাহলে দেখা যাছে, শ্রীকাশ্তের মুখ দিয়ে শরংচন্দ্র যে দন্ভোক্তি করেছেন [ 'ভগবান আমার মধ্যে কলপনা-কবিছের বাংপট্কুণ্ড দেন নাই। এই দুটো পোড়া চোখ দিয়া আমি যা কিছু দেখি ঠিক তাহাই দেখি। গাছকে ঠিক গাছই দেখি—পাহাড়-পর্বতকে পাহাড়-পর্বতই দেখি। জলের দিকে চাহিয়া জলকে জল ছাড়া আর কিছুই মনে হয় না। আকাশে মেঘের পানে চোখ তুলিয়া রাখিয়া, ঘাড়ে বাথা করিয়া ফেলিয়াছি, কিন্তু যে মেঘ সেই মেঘ। কাহারো নিবিড় এলোকেশের রাশি চুলোয় যাক—একগাছি চুলের সন্ধানও কোনদিন তাহার মধ্যে খ্রিজয়া পাই নাই। চাদের পানে চাহিয়া চাহিয়া চোখ ঠিকরাইয়া গিয়াছে, কিন্তু কাহারো মুখ-ট্মুখ তো কখনো নজরে পড়ে নাই। এমন করিয়া ভগবান যাহাকে বিড়ম্বিত করিয়াছেন, তাহার শ্বারা কবিছ সুন্টি করা তো চলে না। চলে শুধু সত্য কথা সোজা করিয়া বলা। অতএব আমি তাহাই করিব।'। তা আসলে রবীন্দ্রপ্রমুখ রোমাণ্টিক লেখকদের অন্তর্ম খ্রী বন্তুবর্ণনার বিরুদ্ধে লোকদেখানো 'বন্তুবাদ'। এই বন্তুবাদের কোন প্রকৃত চেহারা নেই, এটা যতথানি বিজ্ঞাপিত ততখানি

রুপায়িত নর । নচেং বে পর্ম্বাতকে তিনি মুখে বিদ্রুপ করলেন, কাজের বেলায় আবার তাকেই অবলম্বন করলেন কেন ? এই শ্ববিরোধ কি শরংচন্দ্রের গোটা শিল্পী-মানসের ভিতরেই আমুল প্রোথিত ? পাঠকদের ভেবে দেখতে বিল । আমার তো মনে হয়, শিল্পী হিসাবে তিনি রোমাণ্টিকদের অতরীক্ষ ও রিয়্যালিস্টদের ভূতল খন্ডের মাঝখানে হিশুংকুর মত বিরাজ করেছেন । সেইজন্য অত্তর্ম্বুখী বর্ণনার গদ্যে তিনি রিয়্যালিস্টদের মতো পর্রোপর্টার নীরক্ত হতে পারেন নি, আবার রোমাণ্টিকদের মতো কল্পনাশক্তির অসাধারণম্বও দেখাতে পারেন নি । এইজনাই তাঁর অত্তর্ম্বুখীন গদ্যে যে অনুভূতির রঙ দেখা যায় তা মনোহর হলেও অসাধারণ নয়, এবং এই কারণেই ঐ গদ্য কথ্য ভাষার বিপরীত মের্কে স্পর্শ করলেও তা পাঠকদের অপরিচিত ঠেকে নি, তাদের অভ্যন্ত প্রত্যাশাও প্রতিহত হয় নি । এইজন্য তিনি অত্তর্মবুখীন গদ্যাংশেও সমান সম্প্রাট্য ।

তবে আগেই বলেছি, তাঁর বর্ণনায় অনুভূতিরঞ্জিত অল্তর্মান্থী গদ্যের চেয়ে প্রতিবেদনধর্মী বহিমান্থী গদ্যই বেশি বাবহৃত হয়েছে। এই গদ্য বাদ দিলে তাঁর রচনায় অবশিশ্ট থাকে সংলাপের গদ্য। বর্ণনার বহিমান্থী গদ্য ও সংলাপের গদ্যের মধ্যে সাধ্রচলিত ঘটিত একটা বাহ্য তফাত অবশাই আছে, কিল্তু ওই তফাত নিতাশ্তই রুপগত, উভয় শ্রেণীর গদ্যের ক্লিয়াপদ ও সর্বনামের উপর সামান্য কিছ্ম ব্যাকরণসমত অন্যোপচার করলেই একে অপরের রুপ ধারণ করতে পারে—এই অন্যোপচারে বর্ণনার রস বা সংলাপের প্রাণ বিন্দুমান্ত ক্ষতিগ্রস্ত, হয় না। প্রমাণ-ব্যাকুল পাঠকদের জন্য এখানে একটা দুন্টাশ্ত দিই ঃ

১ঃ "রমেশ ফিরিয়া আসিয়া বাড়ি ঢ্বকিতেই এক ভদ্রলোক শশব্যস্তে ঘরের হ<sup>\*</sup>্কাটা একপাশে রাখিয়া দিয়া একেবারে পায়ের কাছে আসিয়া তাহাকে প্রণাম করিল। উঠিয়া কাঁহল, আমি বনমালী পাড়্বই—আপনাদের ইম্কুলের হেডমাস্টার, দ্বিদন এসে সাক্ষাং পাইনি; তাই বলি—

"রমেশ সমাদর করিয়া পাড়্ই মহাশয়কে চেয়ারে বসাইতে গেল ; কিম্তু সে সসম্প্রমে দাঁড়াইয়া রহিল । কহিল, আজে, আমি যে আপনার ভৃত্য ।

"লোকটা বয়সে প্রাচীন এবং আর যাই হোক একটা বিদ্যালয়ের শিক্ষক। তাহার এই অতি বিন<sup>1</sup>ত কুশ্ঠিত ব্যবহারে রমেশের মনের মধ্যে একটা অশ্রশার ভাব জাগিয়া উঠিল। সে কিছুতেই আসন গ্রহণে স্বীকৃত হইল না, খাড়া দাঁড়াইরা নিজের বন্ধব্য কহিতে লাগিল । এদিকের মধ্যে এই একটা অতি ছোট রকমের ইম্পুল, মুখুব্যে ও বোষালদের বন্ধে প্রতিষ্ঠিত হইরাছিল । প্রায় বিশ-চল্লিশ জন ছাত্র পড়ে। দুই-তিন ক্রোশ দুর হইতেও কেহ কেহ আসে । বংকিণ্ডিং গভর্নমেণ্ট সাহাষ্য আছে, তথাপি ইন্পুল আর চলিতে চাহিতেছে না; ছেলেবরসে এই বিদ্যালয়ে রমেশ্ও কিছুদিন পড়িয়াছিল তাহার স্মরণ হইল । পাড়্ইমহাশয় জানাইল যে, চাল ছাওয়া না হইলে আগামী বর্ষায় বিদ্যালয়ের ভিতর আর কেহ বসিতে পারিবে না। কিন্তু সে না হয় পরে চিন্তা করিলে চলিবে, উপস্থিত প্রধান দুভবিনা হইতেছে যে তিন মাস হইতে শিক্ষকেরা কেহ মাহিনা পায় নাই—স্ত্রাং ঘরের খাইয়া বন্য মহিষ তাড়াইয়া বেডাইতে আর কেহ পারিতেছে না।

২ঃ "[বনমালী পাড়্ই ধীরে ধীরে প্রবেশ করিয়া রমেশের পারের কাছে ভূমিষ্ঠ প্রণাম করিয়া উঠিয়া দাঁড়াইলেন।]

রমেশ। আপনি কে?

বনমালী। আপনাদের ভৃত্য, বনমালী পাড়্ই। গ্রামের মাইনার ইম্কুলের প্রধান শিক্ষক।

রমেশ। (সসন্দ্রমে উঠিয়া দাঁড়াইয়া) আপনি ইম্ফুলের হেডমাণ্টার?

বনমালী। আপনার ভৃত্য। দ্ব'দিন আপনাকে প্রণাম জানাতে গিয়েও দেখা হয় নি।

রমেশ। আপনার ইম্কুলের ছাত্রসংখ্যা কত?

বনমালী। বিয়াল্লিশ জন। গড়ে দ্ব'জন পাস হয়। একবার নারায়ণ বাঁড,জ্যের সেজছেলে জলপানি পেয়েছিল।

রমেশ। বটে?

বনমালী। আন্তের ছাঁ। কিম্তু এ-বছর চাল ছাওয়া না হলে বর্ষার জল আর বাইরে পড়বে না।

রমেশ। সমশুই আপনাদের মাথায় পড়বে?

বনমালী। আজ্ঞে হাঁ। কিন্তু সে এখনো দেরি আছে। কিন্তু সম্প্রতি আমরা কেউ তিন মাসের মাইনে পাই নি। মান্টাররা বলচেন ঘরের খেরে বনের মোষ আর বেশিদিন তাড়ানো যাবে না।"

পাঠকদের অবশ্যই বলে দিতে হবে না যে প্রথম উন্থাতিটি 'পল্পীসমান্ড' (৫ম অধ্যায়) ও ন্বিতীয় উন্ধাতিটি 'রমা' (১০ অব্দ । ৪৪' দৃশ্য) নাটক

থেকে নেয়া হয়েছে, তবে তাঁদের দূলি আকর্ষণ করছি উন্ধৃতাংশ দুটির বিষয়-বস্তুর দিকে। বিষয়বস্তু উভয়ক্ষেত্রেই এক, তবে উভয়ের উপস্থাপনা-পর্ণধিত ভিন্ন। প্রথম উন্ধৃতিতে প্রত্যক্ষ উদ্ভিও পরোক্ষ উদ্ভি অর্থাৎ সংলাপ ও বর্ণনার মধ্য দিয়ে যা ব্যক্ত করা হয়েছে দ্বিতীয় উণ্ধিত্তিতে তা-ই সম্পর্ণে-ভাবে প্রত্যক্ষ উত্তি অর্থাৎ সংলাপের মধ্য দিয়ে উপস্থাপিত হয়েছে ( নাট্যাংশে যে ঈষং তফাত দেখা যায় তা নাটকের দুশাপরিকল্পনাগত, মূল বিষয়ের উপর এর কোন নিয়ন্ত্রণ নেই )। তাহলে দেখা যাচ্ছে, শরংচন্দ্র অনায়াসেই বর্ণনাকে সংলাপের ভাষায় এবং সংলাপকে বর্ণনার ভাষায় রুপাশ্তরিত করতে পারেন। তাঁর এই দক্ষতা দ্ব-একটি ক্ষেত্রেই সীমাবংধ নয়, সমগ্র রচনাতেই তা পরিব্যাপ্ত। প্রথার মাখ চেয়ে বর্ণনার সময় তিনি হংতো ক্রিয়া ও সর্বনামের চেহারাটা দীর্ঘাতর করে দিয়েছেন, কিশ্ত সংলাপের হুম্বতর গদ্যের সঙ্গে তার কোন সত্যিকারের বিভেদ নেই। তাহলে তাঁর বর্ণনার গদ্যরূপ ও সংলাপের গদ্যরপে বাহ্যতঃ বিভিন্ন হলেও আসলে কোনো অন্তল্যন অভিন মৌল কাঠামোর উপর দাঁড়িয়ে আছে। এই অন্তলনি অভিন্ন মৌল কাঠামো হচ্ছে তদানীতন পশ্চিমংক্ষের আলোকপ্রাপ্ত বাঙালীর মথের গদ্য। এই গদ্যের চেহারা কেমন তা শরংচন্দ্রের লেখা চিঠিপত্র পডলেই বেশ জানা যায়। তাঁর চিঠিপত্তেও দেখা যাচেছ, তিনি কখনো তথাকথিত 'সাধ-্' কখনো তথাকথিত 'চলতি' রূপের গদ্য ব্যবহার করেছেন, কিন্তু উভয়েরই ধরনটা মৌখিক। চিঠিপত্র বান্তিগত ভাববিনিময়ের ব্যাপার, তাছাডা কৈফিয়ত দেবার কোন উপ**লক্ষও সেখানে থাকে** না। সেইজন্য চিঠি, বিশেষতঃ ব্যক্তিগত চিঠি মানুষ স্বাধীন ও অসতক হয়েও লিখতে পারে। সেই স্বাধীনতা ও অসতক তা নিয়ে চিঠি লিখতে গিয়ে শরংচন্দ্র যখন একই সময়ে একই ব্যক্তির কাছে কোথাও সাধ্য, কোথাও চলিত ভাষা ব্যবহার করেন এবং কচিং একাধারে উভয় রীতির মিশ্রণ ঘটিয়ে থাকেন, তখন ব্রুখতে হবে আসলে তিনি ব্যক্তিগত-ভাবে উভয় রীতির চড়োন্ত স্বাভয়্যে আস্থাবান ছিলেন না। অবশ্য সাহিত্যের পোশাকী ক্ষেত্রে তাঁকে সতর্ক হতে হয়েছে। এই সতর্কতার নমনো হিসাবে, তিনি সাবেক প্রথার অন্সারে বর্ণনার ভাষাকে সংলাপের প্রত্যক্ষতা থেকে আলাদা করার জন্য ঐ গদ্যের ক্রিয়া ও সর্বনামের রূপগ্লিল দীর্ঘতির করেছেন এবং সংলাপের গদ্যে কথ্যরীতির মোলিক রুপটি অক্ষন্ত অবশ্য এই পার্থক্য নিতাশ্তই নামমার, আসলে ভিতরের রেখেছেন।

কাঠামোটা এক ও অভিন্ন । এই কাঠামোটির ভাষাতাত্ত্বিক নাম রাঢ়ী উপভাষা । শরৎচন্দ্র একটি আণ্ডলিক উপভাষাকে অবলন্দ্রন করলেও এমন একটি উপভাষাকে অবলম্বন করেছেন নানা দিক থেকে যার ভাষাতাত্তিক প্রতিশ্রতি এই উপভাষা অঞ্চলবিশেষে সীমাবন্ধ হলেও রাজনৈতিক-সাংস্কৃতি প্রভৃতি নানা কারণে সমগ্র বাংলার সমস্ত উপভাষী সম্প্রদায়ের কাছেই এটি সম্পরিচিত ও অন্যকরণযোগ্য। শরৎচন্দ্র ব্যাকরণের বিচারে সাধ্য বা চলিত যে রীতিতেই লিখনেনা কেন, আসলে তিনি আজীবন রাটী উপভাষার কাঠামোর উপরই অবিরম্ভভাবে তাঁর ঔপন্যাসিক সোধ নির্মাণ করেছেন। এইজন্য তাঁর ভাষা বাঙালী পাঠকের সর্বাপেক্ষা পরিচিত ভাষা । রবীন্দনাথসহ আরও কেউ কেউ চলিত গদ্যে লিখতে শুরু করেছিলেন, কিল্ত ঐ চলিত গদ্য ভিয়া ও সর্বানামের চেহারার দিক থেকে 'চলিত', কিল্ড বাকারন্থের ধরন বা শব্দচংনের ভঙ্গীতে সর্বাংশে বাঙালীর কথনভঙ্গীর নিকটবতা নয়। আসলে, রবীন্দ্রনাথ-প্রমাখ লেখকেরা সাহিত্যে বাবস্তুত চলিত ভাষার মাধ্যমে পশ্চিমবঙ্গীয় কথ্যভাষাকে উপভাষার সংকীর্ণ সীমার উধের্ব উন্নীত করেছেন। এই জন্য এই গদ্য চলিত হয়েও গড়পড়তা উপন্যাসপাঠকের কাছে স্পরিচিত ঠেকেনি। কিন্তু শরং-চন্দ্র সংলাপের গদ্যে তো বটেই, বর্ণনার গদ্যেও বাঙালীর সাধারণ বাচন-ভঙ্গিমাকে রপোল্ডরে রক্ষা করেছেন। এইজনা মনে হয় শরংচন্দ্র যেন বাঙালীর মাথের ভাষাতেই উপন্যাস রচনা করেছেন। তাঁর রচনায় বৈদশেধার দ্মার আভিজাত্য বা অলংকারের নিবিড় প্রলেপ নেই; এই কারণেই তিনি স্বাপেক্ষা পরিচিত, স্বাপেক্ষা সংখপাঠ্য, স্বাপেক্ষা জনপ্রিয় ।

পরিশেষে একটা প্রশ্ন থেকে যায়ঃ উত্তরকালের বাণ্ডালি উপন্যাসিকদের কাছে শরংচন্দ্রের ভাষারীতি কতথানি গ্রহণযোগ্য হয়েছে ? এ প্রশেনর উত্তরস্পান করতে গেলে দেখা যায় শরংচন্দ্রের সমসময়েই বাংলা উপন্যাসে দ্ব-রকম ভাষারীতি বাবহাত হয়েছেঃ একটি কিছুটা শিল্পিত এবং সেই কারণেই খানিকটা কৃষ্মি; প্রমথ চৌধুরী-রবীন্দ্রনাথ থেকেই তার ব্যাপক আত্মপ্রকাশ। অন্য ধারাটি অনেক পরিমাণে শ্বচ্ছ ও শ্বচ্ছন্দ এবং দৈনন্দিন জীবনের বাগ্ভিঙ্গমার সঙ্গেই তার ঘনিষ্ঠ সংযোগ, শরংচন্দ্র এই ধারায় প্রবোবতী। প্রথম ধারাটি অন্স্ত হয়েছে যাঁরা বিদক্ষ বলে পরিচিত, যেমন, অল্লদাশকের রায়, বৃশ্বদেব বস্ব প্রমুখ লেখকেরা, যাঁরা লেখার বিষয় ছাড়াও লেখার ভাষার কার্কার্থের কথাও বিশেষ করে ভেবেছেন ও ভাবেন।

বলা বাহ্ল্য এ রা সংখ্যায় বেশি নন। সংখ্যায় তারাই বেশি বারা লেখার ভাষায় বৈদশ্যের চেয়ে প্রত্যক্ষতাকেই বেশি ম্ল্যে দেন। এই আড়ণ্টতাবির্জ্বত প্রত্যক্ষতাই উপন্যাসিক ভাষার ইতিহাসে শরংচন্দ্রের শ্বায়ী দান। শরংচন্দ্রের পর বাঙালি জীংনের পরিপ্রেক্ষিত নানাভাবে বদলে গিয়েছে, ফলে বাংলা উপন্যাসেরও নানারকম পালাবদল হয়েছে। কিল্টু যতরকম পালাবদল হোক না কেন বাংলা উপন্যাসে জীবনকে আরো কাছে খেকে পর্য বেক্ষণ করার প্রবণতা আরো শপণ্ট হয়ে উঠেছে। ফলে উপন্যাসের ভাষাকেও য়মে মেমে আরো শপণ্ট ও শ্বচ্ছ হয়ে উঠতে হয়েছে। ভাষার পক্ষে এই শপণ্ট ও শ্বচ্ছ হয়ে ওঠা বড় সহজ্ব ব্যাপার নয়, কেননা এতে বর্ণনা-প্রসঙ্গে ব্যবহাত প্রথাসিম্ম শম্দাবলী, বাক্যবম্ম ও 'রিশে' ব্যবহার করা চলে না, নতুন নতুন পরিছিতি ও অন্ভ্রেতির জন্য নতুন নতুন শব্দবম্ম ও প্রকাশভঙ্গী আয়ত্ত করতে হয়। এক কথায়, ভাষাকে জীবনের খ্রুব কাছাকাছি আসতে হয়। শরংচন্দ্রের ভাষায় উয়ত শিলপগোরব হয়ত নেই, কিল্টু বিশ্বাসযোগ্য জীবনহানিষ্ঠতা আছে। এই জীবনহানিষ্ঠতার স্তেই শরংচন্দ্রের ভাষাভঙ্গী উত্তরকালের লেখকদের কাছে আদর্শস্থানীয়।৷

## শরৎচন্দ্র ও লোক সংস্কৃতি তঃ সুভাষ বন্দ্যোপাধ্যায়

মান্বের গল্পের প্রতি অনুরাগের মধ্যে নিহিত আছে উপন্যাসের মূল সূত্র। গম্প বা কাহিনী শনেবার প্রবৃত্তি মানুষের চিরায়ত। তাই আদি যুগের পূথিবীর সমস্ত দেশের সাহিত্যই কাহিনী বা আখ্যানমূলক, আমাদের দেশের রামায়ণ-মহাভারত থেকে শরুর করে ওদেশের ইলিয়াড-ওডিসি প্রভৃতি প্রিথবীর শ্রেষ্ঠ মহাকাব্যগর্বল মলেতঃ অ্যাখ্যানমলেক। এসব মহাকাব্যগর্বলর মধ্যে যেমন আখ্যানের চমংকারিত্ব আছে তেমনি অসংখ্য চরিত্তের সমাবেশ---যা বারা কাহিনীগর্নল একটি সম্পূর্ণতা লাভ করেছে। ঘটনার দুরুত প্রবাহের পটভূমিকায় চরিত্রগঞ্জি সজীব ও স্বতন্ত্রতায় ভূষিত হয়ে মহাকাব্যস্ত্রলির আখ্যানভাগ চিরকালের মান্যবের কাছে জাতি-ধর্ম-নিবিশৈবে সীমানা অতিক্রম করে আক্ষি'ত দেশ ও কালের মহাকাব্যের মধ্যে চরিত্র ও কাহিনী একস্ত্রে গ্রথিত হয়ে এক অপ্রে ব্যঞ্জনার মধ্যে পরিপূর্ণ তা লাভ করেছে। কিন্তু আর এক প্রকার গল্প আছে যা মূলতঃ উদ্দেশ্যমূলক বা চনক-প্রদ ঘটনাবলীর সমাবেশ । কাহিনীর মধ্যে চরিত্রের চেয়ে সমাজচিত্র, বাস্তব অভিজ্ঞতা, প্রাত্যহিক জীবনের নানা ইঙ্গিতময় উপাদান প্রধান । পরিপর্ণ বিকশিত স্বাতন্ত্য-তীক্ষ্ম মানব চরিত্র এখানে অনুপস্থিত - ঘটনার ঘনঘটা, কাহিনীর চমৎকারিত্ব বাস্তব জীংনের ক্ষাদ্র ক্ষাদ্র ইঙ্গিতময় চিত্রাঞ্কন, রোমান্সের মাধ্যর্য এখানে গলেপর মলে রসটি জমিয়ে তোলে এবং শ্রোতাদের কাছে আকর্ষণীয় করে তোলে। হিতোপদেশ, পণ্ডতন্ত্র, বৌন্ধজাতক, কথা সরিৎসাগর, আরব্য য়ুরোপের ডেকামেরণ, বাংলার রুপকথা—উপকথা—ব্রতকথা এবং ইতিকথা পুরোকথা—এ জাতীয় গল্পের উদাহরণ। এসবের মধ্যে কতকগ*্নি*তে পশ্বপক্ষীর রূপকচ্ছলে মানবজীবনের নানা তত্ত্বতথা ও মানবপ্রকৃতির নানা বৈশিষ্ট্য সংক্ষিপ্তাকারে উপস্থিত করা হয়েছে, কতকগন্নিতে নিরঞ্কুশ রঙীন কল্পনার সাহায্যে অবান্তব অসমভব আজগন্বি ঘটনাপরম্পরার মাধ্যমে জীবনের বহস্যময়, আকৃষ্মিক কুয়াশাব্ত দিকটাকে সম্পেত্রের সাহায্যে উপস্থিত করা হয়েছে। এইসব গলেপর কাহিনীগৃলি যেমন অপপণ্ট ছায়ায়য় ও রহস্যাবৃত ঠিক তেমনি কাহিনীর নায়ক-নায়িকার ও চরিত্রগুলির কার্যবিলী; আচরণও অপপণ্ট ছায়াবৃত, কুহেলিকায় ঢাকা, আবার ঘটনা—চমংকারিছের অশতরাল থেকে অর্থ স্ফর্ট এই সব গলপকাহিনীতে ক্রমশঃ জড়িয়ে পড়ে, ঘটনার প্রবাহ তাদের গলেপর গভীরে টেনে নিয়ে যায়, গলেপর মাধ্য্য ও মায়ায়য় রসে তাদের আবিণ্ট করে ফেলে। ফলে, পাঠকের আর নিজস্বতা থাকে না। ক্রমশঃ সেগলেপর যে যাদ্যকরী মোহময়তা আছে তাতে একাকার হয়ে যায়।

শরংচন্দ্রের উপন্যাসগ্রালির মধ্যে লোকিক উপাদানের প্রভাব প্রসঙ্গে উপরোক্ত বক্তব্যটি প্রথমেই স্মরণ আসে। শরংচন্দ্রের সমগ্র উপন্যাস রচনার মলে কথাই হোল 'গলপরস' বা গলেপর আকর্ষণ। একজন নিপাণ কথকের মতো শরংচন্দ্র তাঁর উপন্যাসগুলিতে গলেপর পর গলপ সাজিয়ে কাহিনীর পর কাহিনী রচনা করে, ঘটনার পর ঘটনার মালা গে'থে উপন্যাসের মধ্যে যে আশ্চর্য গল্পের সম্ভাব্য রচনা করেছেন তা অতি বিস্ময়কর । শরংচন্দ্রকে পরবর্তাকালে যে অপরাজেয় কথাশিল্পী রূপে আখ্যাত করা হয়েছে তারও মলেসূত্র ব্রুকি নিহিত আছে কথার পর কথা দিয়ে, ঘটনার পর ঘটনা সাজিয়ে 'গল্পরস' কে এক মোহময় পটভূমিকায় স্থাপিত করার মধ্যে। লোকগ্রুতিবিদ লোককথার শিংপর্প ( Art of Folktale ) প্রসঙ্গে বলেছেন ঃ লোককথা मक्तीव निन्न देशांक वला दरेशा थाक । देश विलवात मध्य स्म तममृन्धि थाक, শানিবার মধ্যেও তেমনই একটি আনন্দের স্ভিট হয়। ইহার মধ্যে নীরস গুদোর আবৃত্তি মাত্র শুনা যায় না, বরং একটি অপুর্বে গ্রুতি সুখকর রুসের ব্যঞ্জনা অনুভত্ত হয়। (বাংলার লোকসাহিত্য ৪র্থ খণ্ড, ২, ৪৬০, ডঃ আশুতোষ ভটাচার্য ) রবীন্দ্রনাথও 'গল্পরসের' এই মাধুর্য ও মোহময় আকর্ষণিটিকে তাঁর অপরে ভাষায় প্রকাশ করে বলেছেন ঃ

'এক যে ছিল রাজা ।'

তথন ইহার বেশী কিছ্ জানিবার আবশ্যক ছিল না। কোথাকার রাজা, রাজার নাম কি, এ সকল প্রশন জিজ্ঞাসা করিয়া গলেপর প্রবাহ রোধ করিতাম না। রাজার নাম শিলাদিত্য কি শালিবাহন, কাশী কাণ্ডী কনৌজ কোশল অঙ্গবঙ্গ কলিঙ্গের মধ্যে ঠিক কোনখানটিতে তাঁহার রাজত্ব এসকল ইতিহাস-ভূগোলের তর্ক আমাদের কাছে নিতাশ্তই তুচ্ছ ছিল। আসল যে কথাটি শ্বনিলে অন্তর প্রলকিত হইয়া উঠিত এবং সমস্ত হলয় এক ম্হর্তের মধ্যে বিদ্যাৎবেগে চর্ব্বকের মতো আকৃষ্ট হইত, সেটি হইতেছে—এক যে ছিল রাজা.....

গলপ যখন ফর্রাইয়া যায়, আরামে গ্রান্ত দ্বিট চক্ষ্ব আপনি ম্বিদয়া আসে, তখনো তো শিশ্র ক্ষ্দ্র প্রাণটিকে একটি দিনশ্ব নিস্তথ্য নিন্তরঙ্গ স্রোতের মধ্যে স্ব্রিপ্তর ভেলায় করিয়া ভাসাইয়া দেওয়া হয়, তারপরে ভোরের বেলায় কে দ্বিট মায়াময় পড়িয়া তাহাকে এই জগতের মধ্যে জাগ্রত করিয়া তোলে।

ছেলেবেলায় সাতসমন্দ্র পার হইয়া মৃত্যুকেও লংঘন করিয়া গলেপর যেখানে বথার্থে বিরাম, সেখানে স্নেহয়য় স্ক্রিমট স্বরে শ্রিনতাম—

আমার কথাটি ফ্রালো নটে গাছটি ম্ড়ালো ।

—উপরোক্ত দ্বটি উম্প্তির মধ্যে আমাদের চিরায়ত লোককথা বিশেষ করে রূপকথার আঙ্গিকের (Form) যে বৈশিষ্ট্যগুলি ফুটে উঠেছে তা হচ্ছে:

প্রশ্মতঃ লোককথার একটি কাহিনী থাকবে, শ্বিতীয়তঃ কাহিনীটি ঘটনার শ্রুখলে আবন্ধ থাকবে, তৃতীয়তঃ ক্ষুদ্র ক্ষুদ্র নানা গণেপর সমাবেশ থাকবে, চতুর্থ তঃ ক্ষুদ্র গলপগ্নলি একটি মলে কাহিনীর সূত্রে গ্রথিত থাকবে। পণ্ডমতঃ ঘটনাগ্নলি চমকপ্রদ, উত্থান-পতনময়, বেগসণ্ডারী হবে। ষষ্ঠতঃ ঘটনা ও গলপগ্নলি একটি সূত্রে ছন্দ, স্থাপনের ন্বারা একস্তে গ্রথিত হয়ে একটি সূত্রের মায়াময় জগৎ তৈরী করবে। সপ্তমতঃ চরিত্রগ্রলি ঘটনা-স্থোতের প্রবাহে প্রবাহিত হবে। অন্টমতঃ লোককথার রচয়িতা বা কথকের বলার ভঙ্গিতে একটি সূত্রেলা ভাব, মাদকতার মাধ্যে, কলপলোকের কল্পনাবিলাস থাকবে। ফলে রুপকথার শ্রোতা এক মায়াময় ন্বংনরাজ্যে যেমন বিচরণ করবে তেমনি তার চারধারে একটি শ্রুতিসূত্রকর ব্যঞ্জনার স্ভিট করবে। নবমতঃ গলেপর মধ্যে এমন আকর্ষণীয় বন্তু থাকবে যার ফলে সমস্ত স্থান্ন এক মাহাত্রের মধ্যে বিদ্যুৎবেগে চ্যুবকের মতো আকৃণ্ট হবে। আর দশমতঃ 'শিশার ক্ষুদ্র প্রাণটিকে একটি দিনংধ নিঃভ্রব নিভরঙ্গ' গলপ স্থোতের মধ্যে' সূত্রপ্তি ভেলায়' ভাসিয়ে ভোরের বেলায় দ্বটি 'মায়ামত্ত্রে' তাকে জাগ্রত করে তুলবে।

শরংচন্দ্রের অধিকাংশ উপন্যাসগঢ়লির কথনভঙ্গির শিলেপ' (Art of Story

telling )-র মধ্যে আছে লোককথার র পকথা উপকথা ব্রতকথার কথনভক্সির উপরোক্ত বৈশিষ্ট্য। তিনি বে উপন্যাসের মধ্যে কাহিনী বর্ণনায় গলপ বলার ভক্সিই গ্রহণ করে ছিলেন, 'শ্রীকাশ্ড' উপন্যাসের স্কেনাতেই আছে তার সাথাক পরিচয়। সেথানে প্রথম পর্বের স্কেনাতেই লেখক র পকথার কথকের মতো শ্রহ করেছেন ঃ

"আমার এই 'ভবঘুরে' জীবনের অপরাহ্ন বেলায় দাঁড়াইরা ইহারই একটা অধ্যায় বলিতে বসিয়া আজ কত কথাই না মনে পড়িতেছে। লেখক এখানে 'কতকথার' কথকতা শুরু করেছেন—গল্পের কথকতা রচনা করেছেন উপন্যাসে। আবার তিনি একট্র পরেই বলেছেন : "কিন্তু, কি করিয়া 'ভবঘুরে' হইয়া পড়িলাম, সেকথা বলিতে গেলে, প্রভাত-জীবনে এ নেশায় কে মাতাইয়া দিয়াছিল, তাহার একটা পরিচয় দেওয়া আবশ্যক। তাহার নাম ইন্দ্রনাথ।" এরপরই শ্বর হয়েছে ইন্দ্রনাথের গম্প —ফাটবল ম্যাচ সিম্পিভক্ষ, ইম্কুল পলায়নের কাহিনী। তারপরেই লেখক আবার শারু করেছেনঃ 'সে দিনটা আমার খাব মনে পড়ে। অবিশ্রান্ত বৃণ্টিপাত হইয়াও শেষ হয় না।' আরল্ভ হয়েছে নতুন গল্পের— মেজদার তত্ত্বাবধানে বালকগণের অধ্যয়ন, বহুরপৌ রূপ বাঘের আবিভাব, পিসেমশাই-এর ক্রোধ, ভোজপ:রি দারোয়ানের ভীতি এবং পরিশেষে ইন্দ্রনাথের সাহসিকতায় হাস্যপরিহাসে এই গলেপর পরিসমাপ্তি, তারপরে ইন্দ্রনাথের দঃসাহসিক জীবনের আর একটি নতুন গলেপর স্কানা করেছেন শরংচন্দ্র । সমগ্র 'শ্রীকান্ত' উপন্যাসটিতে এভাবে ঘটনার মালা গে°থে গে'থে রুপকথার মতো একটানা একটি গলেপর যাদ্য রচনার চেন্টা হয়েছে। সবচেয়ে বড় কথা রপেকথার ঘটনাবলীতে যেমন চমংকারিত্ব থাকে, অভিনবত্ত থাকে কিংবা একটি ঘটনার কোতহল ফ্রাতে না ফ্রাতে আর একটি গল্প বা ঘটনাকে সমভাবে কোতহলোদীপক করে তোলার প্রচেণ্টা থাকে শরংচন্দ্র কেবল শ্রীকাশ্ত উপন্যাসেই নয়, তার সমগ্র উপন্যাস রচনার মধ্যেই রূপকথার এই গুল্প বলার ভঙ্গিটিকে গ্রহণ করেছেন। শরং**চ**ন্দ্রের আর একটি ক্ষ<u>ন্</u>দ্র উপন্যাস-এর উদাহরণ দিলে ব্যাপারটা আমাদের কাছে আরও স্পন্ট হয়ে উঠবে। রপেকথার অনেক ক্ষেত্রে সংলাপের মধ্যে দিয়ে গলপ বা কাহিনীর সক্রনা হয়ে থাকে। পরে আন্তে আন্তে কথক গল্পের গভীরে **ষায়। 'শ**ুভদা' উপন্যাসটি শরংচশ্দের একটি অকিণ্ডিংকর উপন্যাস। কিম্তু এই উপন্যাসের মধ্যেও লোককথার কথনভঙ্গির পরিচয় ফুটে উঠেছে। প্রথম অধ্যায় ১ম পরিচ্ছেনেই দেখা যায় 'গঙ্গায় আগ্রীব নিমন্জিতা কৃষ্ণপ্রিয়া ঠাকুরানী চোখ কান রুষ্ধ করিয়া তিনটি জুব দিয়া পিত্তল-কলসীতে জল পূর্ণ করিতে করিতে বলিলেন, কপাল যখন পোড়ে তখন এমনি করেই পোড়ে। ঘাটে আরও তিন-চারজন দ্বীলোক দ্নান করিতেছিল, তাহারা সকলেই অবাক হইয়া ঠাকুরানীর মুখপানে চাহিয়া রহিল। পাড়াকু দুলি কৃষ্ণঠাকর্মকে সাহস করিয়া কোন একটা কথা জিজ্ঞাসা করা, কিংবা কোনরূপে প্রতিবাদ করা, যাহার তাহার সাহসে কুলাইত না। বিশেষতঃ যাহারা ঘাটে ছিল তাহারা সকলেই তাহা অপেক্ষা বয়ঃকনিষ্ঠা। তাই বলচি বিশ্দু, মানুষের কপাল যখন পোড়ে তখন এমনি করে পোড়ে।

যে ভাগ্যবতীকে উদ্দেশ করিয়া বলা হইল তাহার নাম বিন্দ্বাসিনী। বিন্দ্ব বড়লোকের মেয়ে, বড় লোকের বউ, সম্প্রতি বাপের বাটী আসিয়াছিল।

বিন্দ্র দেখিল কথাটা তাহাকে বলা হইয়াছে, তাই সাহসে ভর করিয়া জিজ্ঞাসা করিল, কেন পিসিমা ?

এই হারাণ মৃখ্বুজ্যের কথাটা মনে পড়ল। ভগবান যেন ওদের মাথায় পা দিয়া ডুবুচ্চেন।

বিন্দুবাসিনী ব্রুক্ত হারাণ মুখ্যজ্যদের দ্রুদ্রুটের কথা হইতেছে।

এরপরই শ্রু হয়েছে হারাণ মুখ্নেজ্যদের দ্রদ্ভ অভিপ্রায় এর কাহিনী। গলপকার প্রথম পরিচ্ছেদে ট্রকরো ট্রকরো সংলাপের মধ্য দিয়ে কাহিনীর প্রতি কোতুহল সৃভিট করে দ্বিতীয় পরিচ্ছেদ থেকে গলেপর স্কান্য করেছেন। 'এ স্থানটির নাম হল্মপর্র।…শ্রনিয়াছি এ গ্রামে পর্বে অনেক ধনবান ব্যক্তির নিবাস ছিল এবং তাহা সভ্বও কারণ একে ত ইহা গঙ্গার উপরে স্থাপিত তাহার উপর বহুকালের দ্ই-চারিটা জীণ ভান শিবমান্দির, বেতবন ও শ্যাকুল ঝোপের মধ্যে মধ্-ল্রকায়িতভাবে মৌনরতধারী যোগী মুর্তির মত বিসয়া আছে দেখিতে পাওয়া যায়।' এরপর রতকথার মতই গলপটি তরতরে ভঙ্গিতে স্করেলা ছন্দে ভাগ্য বিপর্যয়ের কাহিনী রচনা করে এগিয়ে গেছে। শরংচন্দের প্রথম উপন্যাস 'বড়াদিদি' থেকেই—এই বাঙলা দেশের প্রচলিত লোককথার কথনভঙ্গি বা গলপ বলার রীতিটি অন্স্ত হয়েছে। রুপকথা-উপকথার এই ঐতিহ্যান্সারী গলপকথনের ভঙ্গি (Traditional Story telling Pattern) শরংচন্দ্র উপন্যাস লেখার স্ক্রনা

থেকে যে অন্সরণ করেছেন 'বড়দিদি' উপন্যাস-এ তার প্রমাণ আছে। গলপ বলার ভঙ্গিতে তিনি আরুভ করেছেনঃ 'এ পৃথিবীতে এক সম্প্রদায়ের লোক আছে, তাহারা যেন খড়ের আগনে। দপ করিয়া জনিলয়া উঠিতেও পারে, আবার খপ্ করিয়া নিবিয়া যাইতেও পারে। তাহাদিগের পিছনে সদা সর্বদা একজন লোক প্রয়োজন—সে যেন আবশ্যক অন্সারে থড় যোগাইয়া দেয়।… স্বেশ্রনাথের প্রকৃতিও কতকটা এইর্প।'… তারপরই শন্র্ করেছেন আসল গলপঃ "স্বেশ্রর পিতা স্দরে পশ্চমাণ্ডলে ওকালতি করিতেন। এই বাঙলা দেশের সহিত তাহার বেশি কিছ্ সম্বম্ধ ছিল না।'…এইভাবেই যারে ধারে পাঠককে গলেপর গভারে টেনে নিয়ে গিয়েছেন, গল্পরসের মাধ্যে ও মোহময়তায় আকৃষ্ট করে ফেলেছেন। গলপ বলার এই চাত্য্র'ট্কু তিনি বাঙলা দেশের র্পকথা-ব্রতকথা-ইতিকথা-প্রাকথার রীতি থেকেই যে গ্রহণ করেছেন তার আরও উদাহরণ উপস্থিত করা যেতে পারে।

শরংচন্দ্রও তাঁর বহু উপন্যাসে ইতিকথা কিংবদন্তীর আশ্রয় নিয়েছেন গল্পের মধ্যে একটি জমাট ভাব আনার জন্যে। কিংবদতী জনগ্রতিম্লক কাহিনীর একটি মোহমঃ ধতা বা আকর্ষণীয় মাদকতা আছে যা পাঠককে মন্ত্রম্বের মত কাহিনীর মধ্যে আকর্ষণ করে নিয়ে যায়। শরংচন্দ্রও বহ উপন্যাসের প্রারম্ভে এবং ভিতরকার অনেক পরিচ্ছেদের সচেনায় গল্পকে আকর্ষ ণীয় করে তোলার জন্যে কিংবদশ্তীমলেক কাহিনীর আশ্রয় নিয়েছেন। ষেমন 'দেনাপাওনা' উপন্যাসের সচেনাঃ 'চণ্ডীগড়ে চণ্ডী বহু প্রাচীন দেৰতা। কিংবদম্ভী আছে রাজা বীরবাহার কোন এক পর্বেপার্য কি একটা যুম্ব জয় করিয়া বাব ই নদীর উপকুলে এই মন্দির স্থাপিত করেন, এবং পরবর্তীকালে কেবল ইহাকেই আশ্রয় করিয়া এই চন্ডীগড গ্রামখানি ধীরে ধীরে প্রতিষ্ঠিত হইয়া উঠিয়াছিল। হয়ত একদিন যথার্থ ই সমস্ত চণ্ডীগড় গ্রাম দেবতার সম্পত্তি ছিল; কিন্তু আজ মন্দির সংলগন মাত্র কয়েক বিদ্যা ভূমি ভিন্ন সমস্তই মানুষে ছিনাইয়া লইয়াছে। গ্রামখানি এখন বীঞ্চগাঁর জমিদারের ভুক্ত।' তারপরই আসল গল্প শ্রের হয়েছে এইভাবে ঃ 'সেই জীবানন্দ চৌধুরী সম্প্রতি রাজ্য পরিদর্শনস্থলে চ'ডীগড়ে আসিয়া উপস্থিত হই:।ছেন।' সতেরাং স্টেনায় কিংবদশ্তীটিকে শরংচন্দ্র উপন্যাসের প্রারুভ রচনায় উপযুক্তভাবেই বাবহার করেছেন।

শ্রংচন্দ্র ছিলেন ম্লেডঃ পল্লীর গ্রাম্যমান্য। তাঁর জন্ম গ্রামে, শিক্ষা

গ্রামে, পরবর্তী জীবনের অনেকটাই কেটেছে গ্রামীণ পরিবেশের মধ্যে। তাই তার সাহিত্যের তিনভাগ অংশই বাংলাদেশের গ্রাম-জীবন ও পরিবেশ তার নিজস্ব স্থানটি দখল করে নিয়েছে। শরংচন্দ্রের সাহিত্য তাই এককথায় গ্রামীণ জীবন ও লোকায়ত মান্ধের জীবনবেদ। তার কায়ণ হিসাবে বলা চলে একটি মান্ধের জশ্ম-কর্ম-ধর্মের প্রেক্ষাপটই তার নিজস্ব মানসিকতাটিকে গড়ে তুলতে সাহাষ্য করে। শরংচন্দ্রের জন্ম হ্গলী জেলায় দেবানন্দপ্র গ্রামে। ইতিহাসপ্রসিম্ধ সপ্তগ্রামের সাতটি গ্রাম বাস্দেবপর্র, বংশবাটী, খামারপাড়া, কৃষ্ণপ্রে, শিবপর্র, তিশবিঘা, এবং দেবানন্দপ্র । ভারতচন্দ্র এই গ্রামটির প্রসঙ্গে বলেছেন ঃ

দেবের আনন্দধাম, দেবানন্দপর্র গ্রাম
তাহে অধিকারী রাম রামচন্দ্র মুন্সী
ভারতে নরেন্দ্র রায়, দেশ যার যশ গায়
হয়ে মোর রুপায় দায় পডাইল পারসী

প্রচলিত কিংবদন্তী আছে যে উত্ত সপ্তগ্রামে সপ্তথায়ি তপস্যা করে সিদ্ধলাভ করেছিলেন বলে এর নাম হয় সপ্তগ্রাম। শরংচন্দ্রের পিতৃত্মি বা আদি নিবাস ছিল ভাগীরথীর প্রেপারে কাঁচড়াপাড়ার অন্তর্গত মাম্দপ্রের গ্রামে। এই দেবানন্দপ্রে ও মাম্দপ্রের সেদিনের হিসাবে দ্রেম্ব খ্রই কম, মাঝখানে শ্র্ম ভাগীরথী। দেবানন্দপ্রের সেদিনের হিসাবে দ্রেম্ব খ্রই কম, মাঝখানে শ্র্ম ভাগীরথী। দেবানন্দপ্রের স্বালীন বন্দর এবং গ্রিবেণী সঙ্গম তীর্থের অন্তর্গত সপ্তগ্রামের মধ্যে অবস্থিত। অপরপক্ষে মাম্দেগ্রের ভাটপাড়ার অন্তর্গত বৈদিক ব্রাহ্মণ, সংস্কৃতির ঐতিহ্যে প্রতিপালিত। নিকটবর্তী হালিশহরের শক্তি-ভাব্লিক ভাবধারা এবং খড়দহের বৈষ্ণব ভাবধারার এক মিশ্রত সাংস্কৃতিক চেতনা শরংচন্দ্রের পিতা মাতলালের রক্তে সণ্টারিত হয়েছিল এবং অপরদিকে শান্ত আবহাওয়া-পরিবর্ধিত মাতা ভ্রনমোহিনী। এ দ্রের সংমিশ্রণে শরংচন্দ্র এক উচ্চতর সংস্কৃতির অধিকারী হয়েছিলেন রক্তের স্ত্রে। তাই পরবর্তী জীবনে গ্রাম্য সংস্কৃতির পরিবেশে সন্পৃত্ত হয়ে এই উচ্চতর সংস্কৃতির অধিকারী শরংচন্দ্র নিজেকে আরো বলিষ্ঠ ও বর্ধিত করতে পেরেছিলেন। গ্রামীণ ও লোকায়ত সংস্কৃতির প্রান্রমিটকৈ ধথার্থভাবে আত্মন্থ করতে পেরেছিলেন।

শরংচন্দ্র নিজেই বহু জারগার আত্মকথনের ভঙ্গিতে নিজের ছেলেবেলার কথা বলতে গিয়ে বার বার পক্ষীগ্রামের কথাই বলেছেন ঃ 'ছেলেবেলার কথা

